The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengal Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	,,
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	,,
Postage	1	0	0	,,
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. BAKER.

Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটের মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্ন-লিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাসুল	,,	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	,,	৪৲
ডাকমাসুল	,,	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	,,	।০
ডাকমাসুল		⁄০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		⁄০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাসুল		⁄০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাসুল লাগিবে না।

ই, এন, বেকার।

বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government office or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt. of Bengal.

12th December 1882

Note.—*Rates of advertisements in the* Calcutta Gazette.

		Rs.
Full page, per issue	... ...	20
Half ,, ,,	... ...	10

Casual advertisements— 4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এবং গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই২।—

	টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি	।০

For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ।৴০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার ষ্ট্র্যানেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

নং ৩।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ... ... অর্থী
শ্রীকালিকান্ত রায় ... ... প্রত্যর্থী

৩০৩৬ নং জমিদারির ১৮৯৪। মার্চ্চের ছেহ—

দাবী ২০৬৷৷৬

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্টের প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ১৪ আগষ্ট মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ৩০ শ্রাবণ মঙ্গলবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ২১ জুন।

তফসীল।

তৌজীর নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগণা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।

৩০৩৬ পং আরঙ্গযেবের জমিদারির মৌজে আগবাই ও আমলনি ষ্টেশন বাখরগঞ্জ সদর জমা ৭৪৮১।/৬৷৷ পাই।

[Illegible]
Collector.
(26—1)

নং ১৭।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ... ... অর্থী
দুর্গানারায়ণ রায় সাং রায়েরকাটী ... . প্রত্যর্থী

৩৮৪৫ নং মহালের ১৮৯৪। মার্চ্চের ছেহ গং—

দাবী ১১০৷৷/৯

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্টের প্রাপ্য উক্ত দাবির টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৫৯৪ সালের ১৪ আগষ্ট মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ৩০ শ্রাবণ মঙ্গলবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ২১ জুন।

তফসীল।

তৌজীর নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগণা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।
৩৮৪৫ নং এই মহালে দয়ীকের যে স্বত্ব আছে তাহা নিলাম হইবেক ইতি।	০	পং সিলেমাবাদ (১৩ গণ্ডা জমিদারী ৩৮৪৫ নং মহাল মৌজে অনন্তকাটী।	১৬৮৭৭/১১৷৷ পাই।

[Illegible]
Collector
(26—1)

নং ২০।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরী সাহেব ... ... অর্থী
মনমোহিনী ও বসন্তকুমারি পক্ষে সুরেন্দ্র নাথ, মণীন্দ্র নাথ ক্ষেতীন্দ্র নাথ ও দেবেন্দ্র নাথ ... ... প্রত্যর্থী

৩৮৪৬ নং মহাল হি ।৩ ।২০ তিন অংশের কিং মার্চ্চের ছেচ—

দাবী ৬৩।/৩

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্টের প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ১৪ আগষ্ট মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ৩০ শ্রাবণ মঙ্গলবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারিতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ২১ জুন।

তফসীল।

তৌজীর নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগণা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।

১। ৩৮৪৬ নং পং সিলেমাবাদ জমিদারির হি ।৩ ।২০ তিন মৌজে আদোকাটী ষ্টেশন ঝালকাটী সদর জমা মং ৯২০॥১০। পাই এহাতে দাইকের যে স্বত্ব লভ্য আছে তাহা।

[Illegible]
Collector.
(27—1)

নং ২১।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ... ... অর্থী
দুর্গানারাণ রায় ... ... প্রত্যর্থী

৩৮৪৯ নং মহালের ১৮৯৪। মার্চ্চের—

দাবী ৯২।৵৭

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্টের প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ১৪ আগষ্ট মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ৩০ শ্রাবণ মঙ্গলবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ২১ জুন।

তফসীল।

তৌজীর নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগণা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।
৩৮৪৯	০	পং সিমলাবাজ জমিদারি হিঃ ।৵১০ আনা মৌং অস্তকাটী ষ্টেশন ঝালকাটী।	১৩৭৩৴১০

[Illegible]
Collector.
(28—1)

নং ২২।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরী সাহেব ... ... অর্থী
অতুল নারায়ণ রায় ... ... প্রত্যর্থী

৩৮৪৯ নং পং সিলেমাবাদ ৯। গণ্ডার কিং মার্চ্চের ছেচ—

দাবী ১০৫॥/৬

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্ট প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ১৪ আগষ্ট মোতাবেক বাঙ্গলা ১৩০১ সালের ৩০ শ্রাবণ মঙ্গলবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ২৫ জুন।

তফসীল।

তৌজীর নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগণা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।

১। ৩৮৪৯ নং পং সিলেমাবাদ ৯। গণ্ডা জমিদারি হিঃ ৵১০ আনী মৌজে অনন্তকাটী ষ্টেশন ঝালকাটী সদর জমা মং ১৫৫৬৵২ পাই এহাতে দাইকের যে স্বত্ব লভ্য আছে তাহা।)

[Illegible]
Collector.
(29—1)

নং ৪০।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ... ... অর্থী
আলকেমেছা ... ... প্রত্যর্থী

৫১৯৪ নং চর গাজিপুরার ১৮৯৪। কিস্তী মার্চ্চের ছেহ গং—

দাবী মং ১০৭॥০

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্টের প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ১৪ আগষ্ট মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ৩০ শ্রাবণ মঙ্গলবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ২১ জুন।

তফসীল।

তৌজীর নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগণা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।
৫১৯৪ নং এই মহালে দায়ীকের যে স্বত্ব থাকে তাহা নিলাম হইবেক।	•	পং জজিরা ৫১৯৪ নং চর গাজিপুর মৌজে গাজিপুরা ষ্টেঃ ভোলা।	৪৫৩৫,

[Illegible]
Collector.
(30—1)

নং ১৪।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরী সাহেব ... ... অর্থী

১ নং সুরেন্দ্র নাথ চক্রবর্ত্তী, ২ নং চন্দ্রবিনোদ পাল, ৩ নং মুকুন্দলাল পাল, ৪ নং ব্রজেন্দ্র কুমার দাস, ৫ নং কামিনী সুন্দরী, ৬ নং কৈলাস চন্দ্র দাস ... প্রত্যর্থী

পং সিলেমাবাদ ৩৮৩৪ নং ১৬৷ গণ্ডার কিং মার্চ্চের ছেচ—

দাবী ১৫৮৶৬

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্টের প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ১৪ আগষ্ট মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ৩০ শ্রাবণ মঙ্গলবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ২৬ জুন।

তফসীল।

তৌজীব নম্বব।	সাধাবণ বেজিষ্টবীব নম্বব।	নাম পবগনা ও মহাল।	সদব জমা কোম্পানী তক্সা।

১। ৩৮৩৪ নং জমিদারি ১৬৷ গণ্ডা সদর জমা মং ১৮৩৪ ১১৷৷ পাই কিং বরমগাতি গং ষ্টেশন ঝালকাটী এহাতে দাইকের যে স্বত্ব লভ্য আছে তাহা।

[Illegible]
Collector.
(31—1)

নং ১৬।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরী সাহেব ... ... অর্থী
চণ্ডীচরণ রায় ... ... প্রত্যর্থী

৩৮৪৪ নং পং সিলেমাবাদ ১৩ গণ্ডার কিং মার্চ্চের ছেছ—

দাবী ৩২৫৸৶৯

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্টের প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ২৮ আগষ্ট মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ১৩ ভাদ্র মঙ্গলবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক, যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারিতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ২৮ জুন।

তফসীল।

তৌজিব নম্বব।	সাধাবণ বেজিষ্টবিব নম্বর।	নাম পবগনা ও মহাল।	সদব জমা কেম্পানী তক্সা।

১। পং সিলেমাবাদ ৩৮৪৪ নং ১৩ গণ্ডা জমিদারি মহাল সদর জমা মঃ ৩৬০১৴১৷৷ পাই কিং অনন্তকাটী ষ্টেশন ঝালকাটী ইহাতে দাইকের যে স্বত্ব লভ্য আছে তাহা।

[Illegible]
Collector.
(32—1)

নং ৪৮।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরী সাহেব ... ... অর্থী।

১ নং কুমুদিনীকান্ত ব্যাড়য্যা চৌধুরী ২নং ভবসুন্দরী দেব্যা আসন্নবন্ধু জাং প্রমদাকান্ত ও কেদারকান্ত বাড়য্যা চৌং ৩ নং শরৎকুমারী দেব্যা চৌং আং জাং মনীন্দ্রনাথ বাড়য্যা চৌং নাবালগ .. . . প্রত্যর্থী

৩১৯৪ নং মহালের ।৴১৫।।৬ কিং মার্চ্চের ছেছ—

দাবী ৮০৴

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্ট প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ১৪ আগষ্ট মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ৩০ শ্রাবণ মঙ্গলবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক ; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ২৬ জুন।

তফসীল।

তৌজীর নম্বর।	সাধারণ রেজিষ্টরীর নম্বর।	নাম পরগণা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।

১। পং রামনগর ৩১৯৪ নং ।৴১৫।।৬ মহাল সদর জমা মং ১৩২২৻২ = ক্রান্তী কিং শোহালিয়া গং এলাকে ষ্টেশন বাউফল এহাতে দাইকানের যে স্বত্ব লভ্য আছে তাহা।

[Illegible]
Collector

(33 1)

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে বালেশ্বর নিবাসী ৺ রাজা শ্যামানন্দ দে বাহাদুরের পুত্র রাজা বৈকুণ্ঠনাথ দে বাহাদুর এবং বাবু সত্যেন্দ্রনাথ দে মেদিনীপুর জিলান্তর্গত কালেক্টরির নং ৯০ তৌজী ভুক্ত কাশীযোড়া পরগনার থানা পাঁষকুড়া এবং রেজিষ্ট্রেশন ডিষ্ট্রিক্ট পাঁষকুড়া এলাকাধীন চিরস্থায়ী বন্দোবস্ত মাহাল খসরবন যাহার সদর জমা ২০৪৭৫৷৴৭ এবং যাহার অর্দ্ধাংশের হারাহারি সদর জমা ১০২৩৸৶৯২ এবং অর্দ্ধাংশের বার্ষিক উৎপন্ন ১৫৩৫ টাকা হইতেছে উক্ত অর্দ্ধাংশ মাহালের স্বত্ব বালেশ্বর জিলা স্থিত সোরো থানা এলাকার ইলিঅট চ্যারিটেবল ডিস্‌পেনসরির জলেশ্বর থানা এলাকার এলবার্ট ভিক্টর চ্যারিটেবল ডিস্‌পেনসরির ৺ রাজা শ্যামানন্দ দের ডিস্‌পেন-সরির সংলগ্ন ৺ রাণী শ্রীমতীর চ্যারিটেবল ফিমেল ডিস্‌পেনসরির ব্যয় নির্ব্বাহার্থ এবং উদবৃত্ত টাকা উক্ত রাজা শ্যামানন্দ দে ডিস্‌পেনসরির ব্যয় নির্ব্বাহার্থ উৎসর্গ করাতে সন ১৮৯০ সালের চ্যারিটেবল এণ্ডাউমেণ্ট আইনের ৪ এবং ৫ ধারানুযাই সন ১৮৯৩ সাল ১২ই ডিসেম্বর তারিখের বেঙ্গল গবর্ণমেণ্টের নং ৩৯২৬ মেডিকল নোটিফিকেশনের দ্বারা বেঙ্গল গবর্ণমেণ্টের অধীন চ্যারিটেবল এণ্ডাউমেণ্টের ট্রেজেরের হস্তে ন্যস্ত হইয়াছে। উক্ত অর্দ্ধাংশ মাহালের সরকারের প্রাপ্য রাজস্ব ও শেষাদি ব্যতিত অন্যুন ১১৫০৴ টাকায় যাহারা পত্তি পাট্টা আমলি সন ১৩০২ সাল হইতে লইবার জন্য ইচ্ছা করেন তাঁহাদের আবেদন বালেশ্বরস্থ এণ্ডাউমেণ্ট কমেটি আগামি আগষ্ট মাহার ১ তাং পর্য্যন্ত গ্রহণ করিবেন।

S. L. MADDOX, C. S.,
Offg. Magistrate, Balasore.

(18—3)

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত জেমস্ পেটি সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।
B 39a—6-7-94—917—160

Numb. 2868 [২৮৬৮]

REGISTERED No. 30.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 17, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ১৭ জুলাই।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের, নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

JUDICIAL DEPARTMENT.

No. 3468A.

No. 2586*J.—The* 3*rd July* 1894.—Babu Ganendra Nath Sanial is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Kushtia, in the district of Nadia, and is vested with the powers of a Magistrate of the third class.

No. 2634*J.—The* 3*rd July* 1894.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Patuakhali, in the district of Backergunge, and are vested with the powers of a Magistrate of the third class:—

Babu Degendra Sanker Das Gupta.
Babu Ramendra Nath Chakravarty.
Maulvi Aktaruddin Ahmed.

No. 2658*J.—The* 6*th July* 1894.—Babu Trailokya Nath Maitra and Maulvi Syed Abul Hossain are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Kurigaon and the Sadar Independent Bench in the district of Rangpur, respectively, and are vested with the powers of a Magistrate of the third class.

No. 2660*J.—The* 6*th July* 1894.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Indepeudent Bench at Lalbagh in the district of Murshidabad, and are vested with the powers of a Magistrate of the third class:—

Babu Anooroop Chunder Mookerji.
Babu Ambica Churn Sarkar.

No. 2714*J.—The* 9*th July* 1894.—Mr. Robert Mitchel is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Raniganj in the district of Burdwan, and is vested with the powers of a Magistrate of the third class.

No. 2720*J.—The* 10*th July* 1894.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Barisal in the district of Backergunge, and are vested with the powers of a Magistrate of the third class:—

(1) Babu Kali Dayal Bose.
(2) „ Rajani Kanta Das.
(3) „ Purna Chandra Chakravarti.
(4) „ Kali Prasanna Guha.
(5) Babu Nibaran Chandra Das.
(6) „ Jogesh Chandra Sen.
(7) „ Amrita Lal Ganguli.
(8) „ Anukul Chandra Roy.
(9) Babu Kali Prasanna Banerji.

No. 2721*J.—The* 10*th July* 1894.—The undermentioned Munsifs in the district of Chittagong, who now exercise Small Cause Court powers up to Rs. 50, are vested with such powers up to Rs. 100 within the local limits of their respective munsifis:—

Babu Gopal Chunder Chatterjee, Munsif of Sitakund.
„ Bankim Chunder Mitter, Munsif of Phatikchari.
„ Lal Behary Bhadury, Munsif of Hathhazari.
„ Ashutosh Banerjee, Munsif of South Raojan.
„ Banwari Lal Banerjee, Munsif of Satkania.

No. 2723*J.—The* 10*th July* 1894.—Babu Trailokya Nath Shome, Additional Munsif of Dacca and Manikganj in the district of Dacca, is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Dacca Munsifi.

No. 2724*J.—The* 10*th July* 1894.—Babu Rajani Kant Chatterjee, Munsif of Munshiganj, who is now on deputation to Kaliganj in the district of Dacca, is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Kaliganj Munsifi.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৪৬৮ A, নম্বর।

২৫৯৬ জে, নং।—১৮৯৪ সাল ৩ জুলাই।—শ্রীযুত বাবু জ্ঞানেন্দ্রনাথ সান্যাল নদীয়া জিলার অন্তর্গত কুষ্ট্যাস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

২৬৩৪ জে, নং।—১৮৯৪ সাল ৩ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা বাখরগঞ্জ জিলার অন্তর্গত পটুয়াখালীস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু দ্বিগেন্দ্র শঙ্কর দাস গুপ্ত। | শ্রীযুত বাবু রামেন্দ্র নাথ চক্রবর্ত্তী।
শ্রীযুত মৌলবী এগুার উদ্দিন আহম্মদ।

২৬৫৮ জে, নং।—১৮৯৪ সাল ৬ জুলাই।—শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ মৈত্র ও শ্রীযুত মৌলবী সৈয়দ আবুল হুসেন রঙ্গপুর জিলার অন্তর্গত ক্রমান্বয়ে কুড়িগ্রামস্থ স্বাধীন বেঞ্চে ও উক্ত জিলার সদর স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

২৬৬০ জে, নং।—১৮৯৪ সাল ৬ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা মুরশিদাবাদ জিলার অন্তর্গত লালবাগস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু অনুরূপচন্দ্র মুখোপাধ্যায়। | শ্রীযুত বাবু অম্বিকাচরণ সরকার।

২৭১৪ জে, নং।—১৮৯৪ সাল ৯ জুলাই।—শ্রীযুত রবর্ট মিচেল সাহেব বর্দ্ধমান জিলার অন্তর্গত রাণীগঞ্জস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

২৭২০ জে, নং।—১৮৯৪ সাল ১০ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা বাখরগঞ্জ জিলার অন্তর্গত বরিশালস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

(১) শ্রীযুত বাবু কালীদয়াল বসু। | (৫) শ্রীযুত বাবু নিবারণচন্দ্র দাস।
(২) ,, বাবু রজনীকান্ত দাস। | (৬) ,, বাবু যোগেশ চন্দ্র সেন।
(৩) ,, বাবু পূর্ণচন্দ্র চক্রবর্ত্তী। | (৭) ,, বাবু অমৃতলাল গঙ্গোপাধ্যায়।
(৪) ,, বাবু কালীপ্রসন্ন গুহ। | (৮) ,, বাবু অনুকূলচন্দ্র রায়।
(৯) শ্রীযুত বাবু কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়।

২৭২১ জে, নং।—১৮৯৪ সাল ১০ জুলাই।—চট্টগ্রাম জিলার অন্তর্গত নিম্নলিখিত যে মুনসেফেরা এইক্ষণে ৫০৲ টাকা পর্য্যন্ত মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের ক্ষমতা পরিচালন করিতেছেন তাঁহারা স্ব২ মুন্সেফীর স্থান সীমার মধ্যে ১০০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করিবার নিমিত্ত উক্ত ক্ষমতা পাইলেন।

সীতাকুণ্ডের মুনসেফ শ্রীযুত বাবু গোপাল চন্দ্র চট্টোপাধ্যায়।
ফটিকচেরির মুনসেফ শ্রীযুত বাবু বঙ্কিম চন্দ্র মিত্র।
হাটহাজারীর মুনসেফ শ্রীযুত বাবু লাল বিহারী ভাদুড়ী।
দক্ষিণ রাওজানের মুনসেফ শ্রীযুত বাবু আশুতোষ বন্দ্যোপাধ্যায়।
সাতকন্যার মুনসেফ শ্রীযুত বাবু বনওয়ারীলাল বন্দ্যোপাধ্যায়।

২৭২৩ জে, নং।—১৮৯৪ সালে ১০ জুলাই।—ঢাকা জিলার অন্তর্গত ঢাকা ও মানিকগঞ্জের আডিশনল মুনসেফ শ্রীযুত বাবু ত্রৈলোক্যনাথ সোম ঢাকা মুনসেফীর স্থানসীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

২৭২৪ জে, নং।—১৮৯৪ সাল ১০ জুলাই।—ঢাকা জিলার অন্তর্গত কালীগঞ্জে এইক্ষণে রাজকার্য্যান্তরে প্রেরিত মুনশীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রজনীকান্ত চট্টোপাধ্যায়, কালীগঞ্জ মুনসেফীর স্থানসীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

No. 2725*J.*—*The* 10*th July* 1894.—Babu Paresh Chandra Banerjee, Munsif of Munshiganj in the district of Dacca, is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Munshiganj Munsifi.

No. 2728*J.*—*The* 10*th July* 1894.—Babu Kamikhya Persad Ganguli is appointed to be an Honorary Magistrate of the Independent Bench at Berhampur in the district of Murshidabad, and is vested with the powers of a Magistrate of the third class.

No. 2730*J.*—*The* 10*th July* 1894.—It is hereby notified for general information that under an order of the Lieutenant-Governor, dated the 30th September 1893, the undermentioned Honorary Magistrates of the Independent Bench at Berhampore in the district of Murshidabad are authorized to sit singly for the trial of such cases as may be made over to them by the Magistrate of the district:—

Babu Nilmony Ganguli.
„ Hari Kristo Mozumdar.
„ Radhica Churn Sen.
Rai Srinath Pal Bahadur.
Rai Setab Chand Nahar Bahadur.
Raja Runjit Sing.
Babu Juggessur Sarkar.
Nawab Zainulabdeen Khan Bahadur.

No. 2733*J.*—*The* 10*th July* 1894.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Kurigaon in the district of Rangpur, and are vested with the powers of a Magistrate of the third class:—

Maulvi Syed Abdul Masud.
Babu Janaki Nath Dutt.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 2697J.

The 10*th July* 1894.—It is hereby notified that the Subordinate Judge of Hazaribagh, Lohardaga and Palamau in Chota Nagpur will hold his sittings at Hazaribagh from the 6th August to the 27th September 1894.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 2713J.

The 10*th July* 1894.—It is hereby notified for general information that His Honour the Lieutenant-Governor, in exercise of the powers conferred on him by section 14, sub-section 1 of the Bengal, North-Western Provinces and Assam Civil Courts Act, XII of 1887, is pleased to direct that, with effect from the 16th July 1894, the Court of the Munsif at Shazadpur, in the district of Pabna, shall be removed to Sirajganj.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 2716J.

The 10*th July* 1894.—Under section 3, Act I (B.C.) of 1876 (an Act to provide for the voluntary registration of Muhammadan marriages and divorces), the Lieutenant-Governor has been pleased to grant a license to Hafiz Abdus Salam authorizing him to register Muhammadan marriages and divorces, and to exercise the other functions of a Muhammadan Registrar within thanas Jalpaiguri, Raiganj, Pathgram, Maynaguri and Dam Dim in the district of Jalpaiguri.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

২৭২৫ জে, নং।—১৮৯৪ সাল ১০ জুলাই।—ঢাকা জিলার অন্তর্গত মুনশীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু পরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, মুনশীগঞ্জ মুনসেফীর স্থানসীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০, টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

২৭২৮ জে, নং।—১৮৯৪ সাল ১০ জুলাই।—শ্রীযুত বাবু কামাখ্যা প্রসাদ গঙ্গোপাধ্যায় মুরশিদাবাদ জিলার অন্তর্গত বহরমপুরস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

২৭৩০ জে, নং।—১৮৯৪ সাল ১০ জুলাই।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৯৩ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের আজ্ঞামতে মুরশিদাবাদ জিলার অন্তর্গত বহরমপুরস্থ স্বাধীন বেঞ্চের নিম্নলিখিত অবৈতনিক মাজিষ্ট্রেটেরা জিলার মাজিষ্ট্রেট কর্ত্তৃক সমর্পিত মোকদ্দমার বিচার করণার্থে একক বৈঠক করিবার ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু নীমমণি গঙ্গোপাধ্যায়।
,, বাবু হরিকৃষ্ণ মজুমদার।
,, বাবু রাধিকাচরণ সেন।
,, রায় শ্রীনাথ পাল বাহাদুর।

শ্রীযুত রায় সেতাব চাঁদ মহর বাহাদুর।
,, রাজা রণজিৎ সিংহ।
,, বাবু যজ্ঞেশ্বর সরকার।
,, নবাব জৈনুল্লাবদীন খাঁ বাহাদুর।

২৭৩৩ জে নং। ১৮৯৪ সাল ১০ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা রঙ্গপুর জিলার অন্তর্গত কুড়িগ্রামস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটে পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত মৌলবী সৈয়দ আবদুল মহুদ। | শ্রীযুত বাবু জানকীনাথ দত্ত।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

২৬৯৭ জে, নং—বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ১০ জুলাই।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ছোট নাগপুরের অন্তর্গত হাজারীবাগ, লোহারডগা ও পালামৌয়ের সবর্ডিনেট জজ ১৮৯৪ সালের ৬ আগষ্ট অবধি ২৭ সেপ্টেম্বর পর্য্যন্ত হাজারীবাগে বৈঠক করিবেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

২৭১৩ জে, নং—বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ১০ জুলাই।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশীয়, উত্তর—পশ্চিম প্রদেশীয় এবং আসামস্থিত দেওয়ানী আদালত বিষয়ক ১৮৮৭ সালের ১২ আইনের ১৪ ধারার ১ প্রকরণমতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি পাবনা জিলার অন্তর্গত সাজাদপুরস্থ মুনসেফের আদালত ১৮৯৪ সালের ১৬ জুলাই হইতে শেরাজগঞ্জে উঠিয়া যাইবার আদেশ করিলেন।

এচ্, জে, এস্, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

২৭১৬ জে, নং—বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ১০ জুলাই। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত হাফিজ আবদুস্ সালামকে লাইসেন্স দিয়া জলপাইগুড়ি জিলার অন্তর্গত জলপাইগুড়ি, রাইগঞ্জ, পাথগ্রাম, ময়নাগুড়ি ও দাম দিম থানার এলাকার মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্টারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

NOTIFICATION—No. 2717J.

The 10th July 1894.—Under section 2, Act XII of 1880 (an Act for the appointment of persons to the office of Kazi), the Lieutenant-Governor has been pleased to grant a sanad (license) to Hafiz Abdus Salam appointing him Kazi of thanas Jalpaiguri, Raiganj, Pathgram, Maynaguri, and Dam Dim in the district of Jalpaiguri for the celebration of marriages and the performance of other rites and ceremonies when application is made to him to perform any such functions.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

REGISTRATION DEPARTMENT.

No. 1733*P.—The* 10*th July* 1894.—Babu Atul Krishna Mukerji is appointed to be Rural Sub-Registrar of Lodhasuli in the district of Midnapore.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 1732P.

The 10th July 1894.—Under the provisions of section 5 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor sanctions, as an experimental measure for one year, the establishment of a new Sub-Registry Office with head-quarters at Lodhasuli having jurisdiction over thanas Jhargaon, Binpur and Gopibullabhpur, in the sadar subdivision of the district of Midnapore. The registration sub-district of Midnapore will henceforth be restricted to thanas Midnapore and Salbani only.

This notification will take effect on and from the 1st August 1894.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt of Bengal.

NOTIFICATION—No. 1734P.

The 10th July 1894.—It is hereby notified for general information that the Foranbari Sub-Registry Office, in the district of Rangpur, being located at Tushbhandar in that district, the Sub-Registry Office will henceforth be designated the Tushbhandar Sub-Registry Office instead of the Foranbari Sub-Registry Office.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

২৭১৭ জে, নং—বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ১০ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কাজীর পদে লোক নিয়োগ করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে শ্রীযুত হাফিজ আবদুস্ সালামকে জলপাইগুড়ি জিলার অন্তর্গত জলপাইগুড়ি. রাইগঞ্জ, পাথগ্রাম, ময়নাগুড়ি ও দামদিম থানায় কাজীর পদে নিযুক্ত করিয়া তাঁহাকে সনদ (লাইসেন্স) দিলেন। তাঁহার নিকট বিবাহ ও অন্যান্য ক্রিয়াকাণ্ড সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তিনি উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

রেজিষ্টরীকরণ সম্পর্কীয় কার্য্যবিভাগ।

১৭৩৩ পি, নং।—১৮৯৪ সাল ১০ জুলাই।—শ্রীযুত বাবু অতুল কৃষ্ণ মুখোপাধ্যায়, মেদিনীপুর জিলার অন্তর্গত লোধমুলীর গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

১৭৩২ পি, নং।—বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ১০ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারার বিধানমতে পরীক্ষার্থ এক বৎসরের জন্যে মেদিনীপুর জিলার সদর মহকুমায় এক নূতন সব-রেজিষ্টরী আফিস স্থাপন করিবার অনুমতি দিলেন, তাহার সদর স্থান লোধমুলিতে হইবে। এবং ঝারগা, বিনপুর ও গোপীবল্লভপুর থানার উপর তাহার এলাকা থাকিবে। রেজিষ্টরীকরণ কার্য্যের মেদিনীপুর সব-ডিষ্ট্রিক্টের মধ্যে এই অবধি কেবল মেদিনীপুর ও সালবনি থানা থাকিবে।

এই বিজ্ঞাপন ১৮৯৪ সালের ১ আগষ্টহইতে ফলবৎ হইবে।

এচ্, জে, এস্, কটন্
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

১৭৩৪ পি, নং।—বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ১০ জুলাই।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, রঙ্গপুর জিলার অন্তর্গত কোরাণবাড়ীর সব-রেজিষ্টরী আফিস, উক্ত জিলার অন্তর্গত ভুষভাণ্ডারে থাকাতে উক্ত সব-রেজিষ্টরী আফিস, কোরাণবাড়ীর সব-রেজিষ্টরী আফিসের পরিবর্ত্তে এই অবধি ভুষভাণ্ডারের সব-রেজিষ্টরী আফিস বলিয়া খ্যাত হইবে।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

২৫৬০ এল, আর নং বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ১২ই মে।—১৮৮৫ সালের ৮ আইনের বিধানানুযায়ী প্রস্তাবিত যে সকল বিধি ১৮৮৫ সালের ২১ ডিসেম্বর তারিখের বিজ্ঞাপনক্রমে ১৮৮৬ সালের ৫ জানুয়ারি তারিখের বাঙ্গালা গেজেটের ২ খণ্ডের ৬ পৃষ্ঠায় প্রকাশিত বিধি সমূহের ৬ অধ্যায়ের পরিবর্ত্তে সন্নিবেশিত করিতে হইবে তাহার নিম্নলিখিত পাণ্ডুলেখ্য উক্ত আইনের ১৯০ ধারামতে সাধারণের অবগতির নিমিত্ত প্রকাশ করা গেল। এবং এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বাঙ্গালা গবর্ণমেন্ট ১৮৯৪ সালের ২০ জুন তারিখে ঐ পাণ্ডুলেখ্য সম্বন্ধে বিবেচনা করিয়া দেখিবেন। কোন ব্যক্তি উক্ত পাণ্ডুলেখ্য সম্বন্ধে কোন আপত্তি করিতে বা পরামর্শ দিতে ইচ্ছা করিলে সেই আপত্তি বা পরামর্শ পূর্ব্ব নির্দ্দিষ্ট তারিখের পূর্ব্বে কলিকাতায় বঙ্গদেশের গবর্ণমেন্টের রাজস্ব সংক্রান্ত কার্য্যবিভাগের সেক্রেটরি সাহেবের নিকট প্রেরণ করিবেন।

সি, ই, বকলাণ্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

---

৬ অধ্যায়।

রিকার্ড অফ্ রাইট্ ও খাজানার বন্দোবস্ত সম্বন্ধে রাজস্ব কর্ম্মচারিগণকে যে কার্য্যপ্রণালী অনুসরণ করিতে হইবে তৎসম্বন্ধে বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১৮৯ ধারানুসারে প্রণীত বিধি।

১। যে সকল রাজস্ব কর্ম্মচারী প্রজাস্বত্ব বিষয়ক আইনমতে জরীপ, রিকার্ড অফ্ রাইট্ খাজানার বন্দোবস্ত, ভূস্বামির নিজ জমি নির্ণয় ও ঐরূপ কার্য্যানুষ্ঠান কিম্বা উহার মধ্যে এক বা অধিক কার্য্য করিবার নিমিত্ত নিযুক্ত হন তাঁহাদিগকে এতদ্দ্বারা প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ১৮৯ ধারার (১) প্রকরণের (ক), (খ) ও (গ) দফার উল্লিখিত ক্ষমতা প্রদান করা গেল।

২। এই সকল বিধিমত কার্য্যে নিযুক্ত জরীপের ডেপুটী ও আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টেরা এই সকল বিধিক্রমে বা রেবিনিউ বোর্ডের প্রচারিত এই সকল বিধিসম্মত আদেশক্রমে যে সকল কার্য্যের ভারপ্রাপ্ত হন তাহা নির্ব্বাহ করণার্থে এতদ্দ্বারা রাজস্ব কর্ম্মচারী বলিয়া নির্দ্দিষ্ট হইলেন। তাঁহারা এতদ্দ্বারা ১৮৯ ধারার (১) (খ) প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতা প্রাপ্ত হইলেন। কিন্তু বঙ্গদেশের জরীপ বিষয়ক আইনক্রমে সুপরিন্টেণ্ডেন্টের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে, কোন আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট সেই ক্ষমতা পরিচালন করিবেন না।

ক্ষেত্রবাঁট জরীপ ও রিকার্ড অফ্ রাইটের কার্য্যপ্রণালীর কথা।

৩। নিম্নলিখিত কএকটী প্রক্রিয়া সচরাচর ক্ষেত্রবাঁট জরীপ, রিকার্ড অফ্ রাইট্ ও খাজানার বন্দোবস্তের অন্তর্গত হইবে।

১ম।—সীমা চিহ্নিত করণ।

২য়।—মাপ করণ।

৩য়।—খানাপুরি অর্থাৎ রিকার্ডের প্রথম প্রস্তুত করণ।

৪র্থ।—রিকার্ডের তজদিক্ করণ।

৫ম।—রিকার্ড অফ্ রাইটের খসড়া প্রচার করণ।

৬ষ্ঠ।—ন্যায্য খাজানা নিরূপণ, আপত্তির মীমাংসা এবং প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০৪, ১০৫, ১০৬ ধারানুসারে বিবাদের বিচার।

৭ম।—চূড়ান্তরূপে প্রচার করণ।

১।—সীমা চিহ্নিত করণের কথা।

৪। (ক) গ্রামের সীমা চিহ্নিত করণের সময় রেবিনিউ জরীপ উপলক্ষে প্রস্তুত গ্রামের মানচিত্রের বহিঃ সীমার অন্তর্গত ভূমি জরীপ ও স্বত্বের ইউনিটের নিমিত্ত যতদূর সম্ভব বজায় রাখিবার চেষ্টা করিতে হইবে।

(খ) যে খানে কোন বিবাদ না থাকে সেখানে দখলমত গ্রামের সীমা ধরিতে হইবে এবং যে খানে ঐ সীমায় ও রেবিনিউ জরীপের সীমায় বিশেষ কোন প্রভেদ না থাকে সে খানে মানচিত্রে শেষোক্ত সীমা পৃথক্ করিয়া দেখাইবার আবশ্যক নাই।

(গ) রেবিনিউ জরীপের মানচিত্রানুযায়ী সীমা ও গ্রামের বর্ত্তমান পরিজ্ঞাত সীমার মধ্যে বিশেষ প্রভেদ থাকিলে মানচিত্র ও রিকার্ড প্রস্তুত করণের জন্য শেষোক্ত সীমা গ্রহণ করিতে হইবে, কিন্তু রেবিনিউ জরীপের মানচিত্রের সীমাও গ্রামের নূতন মানচিত্রে চিহ্নিত করিতে হইবে।

(ঘ) যে খানে গ্রামের সীমা সম্বন্ধে বিবাদ থাকে সেখানে জরীপের ও রিকার্ডের ইউনিট কি হইবে তাহা রাজস্ব কর্ম্মচারী স্থির করিবেন।

৫। যে যে স্থানে তিন বা তদধিক গ্রামের সীমা মিলিত হয় সেই সেই স্থানে স্থায়ী রকমের সীমাস্তম্ভ প্রস্তুত করিতে হইবে এবং যেং স্থলে রাজস্ব কর্ম্মচারী মহালের বা মধ্যস্বত্ত্বের বা যেং ভূমির সীমা লইয়া বিবাদ হইয়াছে সেইং ভূমির সীমা স্তম্ভ দ্বারা নির্দ্দেশ করা আবশ্যক বিবেচনা করেন সেইং স্থলে, ঐরূপ স্তম্ভ প্রস্তুত করা যাইতে পারিবে।

মাপকরণের কথা।

৬। প্রত্যেক গ্রামের ক্ষেত্রের মানচিত্র প্রস্তুত করিতে হইবে। যে প্রত্যেক ক্ষেত্রের স্বতন্ত্র খাজানা ধার্য্য করা গিয়াছে, অথবা রেবিনিউ বোর্ড এই সকল বিধি অনুসারে কার্য্য করণার্থ আদেশক্রমে যে প্রত্যেক ভূমিখণ্ড নির্দ্দেশ করেন, তাহার সীমা ক্ষেত্রের মানচিত্রে দেখাইতে হইবে।

৩।—খানাপুরি অর্থাৎ রিকার্ডের লিখনের প্রথম প্রস্তুত করণের কথা।

৭। (ক) প্রজাস্বত্ত্ব বিষয়ক আইনের ১০ অধ্যায়ানুসারে বন্দোবস্তের যে সকল রিকার্ড প্রস্তুত হয় তাহা বোর্ডের নির্দ্দিষ্ট প্রকারে প্রস্তুত করিতে হইবে এবং তাহার মধ্যে নিম্নলিখিত কাগজগুলি থাকিবে:—

গ্রামের মানচিত্র। | খেওয়াত।
খসড়া। | খতিয়ান।
তিরিজ্।

এবং রেবিনিউ বোর্ড এতদ্ভিন্ন অপর যে কাগজপত্রের নির্দ্দেশ করেন সেই কাগজপত্রও থাকিবে।

(খ) যখন খসড়া লেখা চলিতে থাকে তখন উহার যে উদ্ধৃতাংশকে পার্চা বলে সেই সকল উদ্ধৃতাংশ বোর্ডের নির্দ্দিষ্ট ফারমে প্রস্তুত করিতে হইবে এবং যাহাতে খসড়াভুক্ত জমির দখিলকারগণ রিকার্ডে কি লেখা হইতেছে তাহা প্রথম হইতেই জানিতে পারেন তজ্জন্য তাঁহাদিগকে ঐ পার্চা দিতে হইবে।

৮। প্রজাস্বত্ত্ব বিষয়ক আইনের ১০৫ ধারামতে যে রিকার্ড অফ্ রাইট্ প্রকাশিত হইবে তাহা খেওয়াত ও খতিয়ানের অন্তর্গত হইবে।

৯। (ক) খেওয়াতে ভূস্বামির স্বার্থের প্রকার ও পরিমাণ এবং রাজস্ব কর্ম্মচারির মতে যে সকল বড় ২ মধ্য-স্বত্ত্বাধিকারির স্বার্থের প্রকার ও পরিমাণ খতিয়ানে লিপিবদ্ধ হওয়া ছাড়া এই প্রকারেও লিপিবদ্ধ হওয়া আবশ্যক সেই সকল মধ্য-স্বত্ত্বাধিকারিদের স্বার্থের প্রকার ও পরিমাণ প্রদর্শিত হইবে।

(খ) ভূমি রেজিষ্টরী বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের বিধানানুসারে কালেক্টর যে সকল রেজিষ্টরি রাখেন ভূস্বামির স্বার্থের খেওয়াত প্রথমতঃ তদনুসারে প্রস্তুত করিতে হইবে। রিকার্ড লিখন চলিবার সময় দখলের নিদর্শনানুসারে ভূস্বত্ব বিষয়ক খেওয়াত সংশোধন করিতে হইবে।

১০। (ক) খতিয়ানে গ্রামের সমস্ত ভূমি সম্বন্ধে, প্রত্যেক মহাল, প্রত্যেক ভূম্যধিকারী ও প্রত্যেক দখিলকার ধরিয়া খাজানার বিশেষ বিবরণ ও প্রত্যেক প্রজাস্বত্তের আনুষঙ্গিক বৃত্তান্তের সহিত প্রত্যেক মহালের অন্তর্গত, প্রত্যেক ভূম্যধিকারীর অধিকৃত, ও প্রত্যেক প্রজার দখলভুক্ত ভূমি সবিস্তরে প্রদর্শিত হইবে।

(খ) যে সকল ভূমি ভূস্বামী চাষ করেন বা প্রকারান্তরে খাসে দখল করেন তাহা সবিস্তরে খতিয়ানে দেখাইতে হইবে ও ভূস্বামির নিজ জমি বলিয়া কিম্বা প্রজাস্বত্ত্ব বিষয়ক আইনের ১১ অধ্যায়ানুসারে ভূস্বামির অধিকৃত অথচ নিজ জমি নহে এরূপ জমি বলিয়া লিখিত হইবে।

৪।—রিকার্ডের তজদিকের কথা।

১১। (ক) বোর্ডের নির্দ্দিষ্ট প্রকারে কোন গ্রামের মানচিত্র, খসড়া, খেওয়াত ও খতিয়ান প্রস্তুত হইবার পর রাজস্ব কর্ম্মচারী রেবিনিউ বোর্ডের অনুমোদিত ফারমে একটী বিজ্ঞাপন প্রকাশ করিয়া তিনি যে দিনে রিকার্ড অফ্ রাইট্ তজদিক্ ও সমাপ্ত করণের অভিপ্রায়ে গ্রামের মধ্যে বা গ্রামের নিকটবর্ত্তী নির্দ্দিষ্ট স্থানে উপস্থিত হইবেন সেই দিন নির্দ্ধারণ করিবেন। ঐ দিন বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে এক সপ্তাহের পূর্ব্বে হইবে না।

(খ) ঐ বিজ্ঞাপনে আরও লেখা থাকিবে যে উক্ত নির্দ্ধারিত দিনে অথবা অন্য যে দিনে কার্য্যানুষ্ঠান হইবে বলিয়া স্থগিত থাকে সেই দিনে রাজস্ব কর্ম্মচারী ১০৪ (১) ধারার নির্দ্দিষ্ট অবস্থা বর্ত্তমান থাকিলে খাজানা লিপিবদ্ধ করিতে এবং ন্যায্য খাজানা নির্দ্ধারণার্থ দরখাস্ত গ্রহণ করিতে প্রবৃত্ত হইবেন। ঐ বিজ্ঞাপনে তদন্তাধীন বিষয়ে স্বার্থযুক্ত সকল ব্যক্তির প্রতি এইরূপ আদেশ থাকিবে যে,

তাঁহারা কার্য্যানুষ্ঠান সম্বন্ধে যে প্রমাণ দিতে চাহেন তৎসমেত নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে উপস্থিত হন। এই নুটিস ঘোষণা ও ঢ্যাঁটরা দ্বারা প্রচার করিতে হইবে এবং ঐ নুটিস যে গ্রামের সম্পর্কে উহা সেই গ্রামের কোন প্রকাশ্য স্থানে, অন্যুন দুইজন লোকের সম্মুখে লাগাইয়া দিতে হইবে।

১২। পূর্ব্ববিধিমতে যে নুটিস দিতে হইবে সেই নুটিসের নির্দ্দিষ্ট স্থানে কোর্ফা রায়ত, রায়ত, মধ্যস্বত্বাধিকারী ও ভূস্বামিদিগকে কিম্বা তাঁহাদের ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকদিগকে উপস্থিত করাইতে যে অতিরিক্ত উপায় অবলম্বন বাঞ্ছনীয় হয়, রাজস্ব কর্ম্মচারী উচিত বোধ করিলে এই অধ্যায়ের ১ বিধিমতে তাহাও অবলম্বন করিতে পারিবেন।

১৩। প্রত্যেক প্রজার খতিয়ানে যেং কথা লিখা হইয়াছে তাহা ১১ বিধিমতে যে নুটিস দিতে হইবে তন্নির্দ্দিষ্ট তারিখে, অথবা অন্য যে তারিখে কার্য্যানুষ্ঠান হইবে বলিয়া স্থগিত থাকে সেই তারিখে উপস্থিত স্বার্থযুক্ত ব্যক্তিবর্গের সম্মুখে পঠিত হইবে। যেং কথা লিখা হইয়াছে তাহা ঠিক কি না ইহা লইয়া বিবাদ হইলে রাজস্ব কর্ম্মচারী স্থানীয় তদন্ত লইয়া ঐ বিবাদের সরাসরীমতে নিষ্পত্তি করিবেন। কিন্তু যদি মাপ ঠিক হয় নাই বলিয়া আপত্তি করা যায় ও আবার মাপ হইবার প্রার্থনা করা যায়, তাহা হইলে রাজস্ব কর্ম্মচারী পুনর্ব্বার মাপ করিবার খরচ আমানত করিবার আদেশ করিতে পারিবেন। পুনর্ব্বার মাপ করিয়া প্রথম বারের মাপ ঠিক হয় নাই দেখা গেলে, আমানতী টাকা আপত্তিকারিকে ফিরাইয়া দেওয়া যাইবে।

১৪। যতদুর প্রয়োজন হয় ততদুর বাঁধা হার (সরা মুয়জ্জন) ও বাঁধা খাজানা (মোকররি জমা) ও স্থিতিমান ও দখলিস্বত্ববিশিষ্ট (কায়েমী) রায়ত সম্বন্ধে এই আইনের বিধান বুঝাইয়া দিয়া রাজস্ব কর্ম্মচারী কোন্‌ং রায়ত সরা মুয়জ্জনে বা মোকররি জমায় ভূমি ভোগ করিবার স্বত্ব দাওয়া করেন কিম্বা স্থিতিমান বা দখলিস্বত্ববিশিষ্ট (কায়েমী) রায়ত বলিয়া দাওয়া করেন তাহা স্থির করিবেন। যে স্বত্বের দাওয়া করা যায় ভূম্যধিকারী তৎসম্বন্ধে আপত্তি করিলে, উক্ত স্বত্বের প্রমাণ দিবার জন্য রাজস্ব কর্ম্মচারী দাওয়াকারীদের প্রতি আদেশ দিবেন।

১৫। কোন রায়ত সরা মুয়জ্জন কিম্বা মোকররি জমায় ভূমি ভোগ করে বলিয়া দাওয়া করিলে অন্ততঃ তিন পুরুষ ধরিয়া ঐ রায়ত ও তাঁহার পূর্ব্বপুরুষগণ যে ঐ গ্রামে বাস ও চাষ করিতে-ছেন, নগদ টাকায় খাজানা দিয়া আসিতেছেন এবং ২০ বৎসর খাজানা বা খাজানার হার পরিবর্ত্তিত হয় নাই এই সকল বিষয়ের প্রমাণ উপস্থিত করিবার জন্য রাজস্ব কর্ম্মচারী ঐ রায়তের প্রতি আদেশ করিবেন। রায়ত যদি এ সম্বন্ধে সন্তোষজনক প্রমাণ উপস্থিত করেন তাহা হইলে তাঁহার দাওয়া মিথ্যা সাব্যস্ত করিবার ভার ভূম্যধিকারির উপর পড়িবে।

১৬। দখলীস্বত্বশূন্য রায়তের স্থলে রাজস্ব কর্ম্মচারী ভূম্যধিকারী বা তাঁহার কর্ম্মকারককে তদীয় কথিতমত দখলীস্বত্বশূন্য রায়তদের নামের একখানি বর্ণনাপত্র উপস্থিত করিতে আদেশ করিতে পারিবেন। ঐ বর্ণনাপত্র উপস্থিত করা গেলে ঐ বর্ণনাপত্রে যে যে রায়তের নাম লেখা থাকে তিনি তাহাদিগকে ২০ ধারার (৭) প্রকরণের অনুমানের ভাব বুঝাইয়া দিবেন। ঐরূপ বুঝাইয়া দিবার পর কোন রায়ত আপনাকে দখলীস্বত্বশূন্য রায়ত বলিয়া স্বীকার করিলে তাহাকে তদ্রূপ রায়ত বলিয়া লেখা যাইবে। কোন রায়ত দখলীস্বত্বশূন্য রায়ত বলিয়া স্বীকার না করিলে, ঐ রায়ত সম্বন্ধে ভূম্যধিকারী যে কথা বলেন তাহার প্রমাণ দিবার জন্য তাঁহার প্রতি রাজস্ব কর্ম্ম-চারী আদেশ করিবেন।

১৭। আবওয়াব বর্ত্তমান খাজানার সহিত লিপিবদ্ধ করিতে হইবে না ও উহা ঐ খাজানার অংশ বলিয়া লিখিতে হইবে না। যে সকল শেস্ আইন সম্মত তাহা খতিয়ানে খাজানা হইতে পৃথক করিয়া লিখিতে হইবে।

১৮। রায়তের নিকট হইতে বাস্তবিক যে খাজানা প্রাপ্য তাহার পরিমাণ সম্বন্ধে বিবাদ না থাকিলে রাজস্ব কর্ম্মচারী তৎকালে দেয় খাজানা সম্বন্ধে খতিয়ানে যাহা লেখা থাকে তাহা পাকা করিয়া লিখিবেন কিম্বা বিবাদ থাকিলে প্রজার বর্ত্তমান খাজানা সরাসরীমতে স্থির করিয়া তাহা খতিয়ানে লিপিবদ্ধ করিবেন।

৫।—রিকার্ড অফ্ রাইটের খসড়া প্রচার করণের কথা।

১৯। (ক) ১১ হইতে ১৮ পর্য্যন্ত বিধির নির্দ্দিষ্ট প্রকারে স্বত্বের ও বর্ত্তমান খাজানার রিকার্ড প্রস্তুত ও তজদিক্ করা গেলে পর রাজস্ব কর্ম্মচারী গ্রামের সমবেত অধিবাসিগণকে মুখেং এই নুটিস দিবেন যে তৎকালে তিনি যে তারিখ নির্দ্দিষ্ট করিবেন সেই তারিখে খেওয়াত ও খতিয়ান গ্রামে প্রচার করা যাইবে। তিনি একটী কার্য্য বিবরণীতে গ্রাম সম্বন্ধীয় রিকার্ডের তজদিক্ কার্য্য সমাপ্ত হইবার ও এই নুটিস দিবার কথা লিখিবেন। ভূম্যধিকারির গ্রামস্থ আপিসে কিম্বা অন্যূনে দুইজন লোকের সম্মুখে গ্রামের কোন প্রকাশ্য স্থানে একখানি নুটিস লাগাইয়া দিতে হইবে। ঐ নুটিসে

এই কথা লেখা থাকিবে যে নুটিসের তারিখ হইতে এক সপ্তাহের পুর্ব্বে না হয় এমন একটী নির্দ্দিষ্ট দিনে রিকার্ডের খসড়া গ্রামে প্রচার করা যাইবে ও স্বার্থযুক্ত সকল ব্যক্তিকে ঐরূপ নির্দ্দিষ্ট দিনে হাজির হইতে হইবে।

(খ) খসড়া প্রচারের জন্য নির্দ্দিষ্ট তারিখে রাজস্ব কর্ম্মচারী হয় স্বয়ং গ্রামে যাইয়া উপস্থিত পক্ষগণের সম্মুখে রিকার্ডে যাহা থাকে তাহা পাঠ করিবেন না হয় কানুনগোর নিম্নপদস্থ না হন এমন কোন কর্ম্মচারিকে পাঠাইবেন ও সেই কর্ম্মচারী পক্ষগণের মধ্যে যত জন হাজির হন ততজনের সম্মুখে ঐ রিকার্ডে যাহা লেখা থাকে তাহা পাঠ করিবেন এবং সেই সময়ে রাজস্ব কর্ম্মচারী বা স্থলভেদে তৎকর্ত্তৃক প্রেরিত কর্ম্মচারী উপস্থিত পক্ষগণকে জানাইবেন যে রিকার্ডের খসড়া রাজস্ব কর্ম্মচারির আপিসে বা রাজস্ব কর্ম্মচারী অপর যে সুবিধামত স্থান নির্দ্ধারণ করেন সেই স্থানে তিন মাস কাল দেখিতে পাওয়া যাইবে। উক্ত কালের মধ্যে কোন লেখা সম্বন্ধে কোন আপত্তি করা গেলে রাজস্ব কর্ম্মচারী তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিয়া দেখিবেন।

৬।—ন্যায্য খাজানা নিরূপণ, আপত্তির মীমাংসা করণ এবং প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০৪, ১০৫ এবং ১০৬ ধারানুসারে বিবাদের বিচারের কথা।

২০। বর্ত্তমান স্বত্ব ও খাজানার রিকার্ডের খসড়া প্রচারিত হইবার পর রাজস্ব কর্ম্মচারী খাজনা নির্দ্ধারণের জন্য ভূম্যধিকারী ও প্রজার দরখাস্ত সম্বন্ধে নিষ্পত্তি করিতে প্রবৃত্ত হইবেন কিম্বা যে সকল স্থলে ১০১ (২) (দ) ধারামতে ভূমির রাজস্বের বন্দোবস্ত হইতেছে সেই সকল স্থলে প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০৪ (২) ধারামতে সমস্ত প্রজার জন্য যুক্তি ও ন্যায়সঙ্গত খাজানা নির্দ্ধারণ করিবেন।

২১। খসড়ার প্রচার হইতে দুই মাস কাল পর্য্যন্ত যে কোন সময়ে ন্যায্য খাজানা নির্দ্ধারণের জন্য দরখাস্ত করা যাইতে পারিবে। কিন্তু বিশেষ স্থলে রাজস্ব কর্ম্মচারী ঐ মিয়াদের বহির্ভূত তারিখেও দরখাস্ত গ্রহণ না গ্রহণ সম্বন্ধে স্বীয় বিবেচনানুসারে কার্য্য করিতে পারিবেন। ভূম্যধিকারী যদি ন্যায্য খাজানা নির্দ্ধারণের জন্য দরখাস্ত করেন তাহা হইলে তিনি বাদী ও প্রজা প্রতিবাদী বলিয়া বিবেচিত হইবেন এবং ঐ অনুষ্ঠান এই আইনানুযায়ী মোকদ্দমা বলিয়া গণ্য হইবে। যদি প্রজা ন্যায্য খাজানা নির্দ্ধারণের জন্য দরখাস্ত করেন তাহা হইলে তিনি বাদী ও ভূম্যধিকারী প্রতিবাদী বলিয়া বিবেচিত হইবেন এবং ঐ অনুষ্ঠান এই আইনানুযায়ী মোকদ্দমা বলিয়া গণ্য হইবে।

২২। আইনসম্মত প্রমাণে যদি প্রকাশ পায় যে কোন প্রজা যে ভূমির জন্য খাজানা দিতেছে তাহার অপেক্ষা অধিক কি কম ভূমি ভোগ করিতেছে তাহা হইলে রাজস্ব কর্ম্মচারী ১০৪ (২) ও (৩) ধারানুসারে ঐ যোতের জন্য যুক্তি ও ন্যায়সঙ্গত খাজানা নির্দ্ধারণ করিবেন।

২৩। মহাল বা মধ্যস্বত্ব গবর্ণমেণ্টের বা কোর্ট অব ওয়ার্ডের হইলে কিম্বা তাঁহাদের অধ্যক্ষতাধীন হইলে পূর্ব্ববর্ত্তী বিধিতে খাজানা লিপিবদ্ধ বা ধার্য্য করণ সম্বন্ধে যে কার্য্য প্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে সেই কার্য্যপ্রণালী অনুসৃত হইবে এবং গবর্ণমেণ্ট কিম্বা স্থলভেদে মহাল বা মধ্যস্বত্বের কার্য্যাধ্যক্ষ ভূম্যধিকারী বলিয়া পরিগণিত হইবেন।

২৪। (ক) কোন ভূমি সম্বন্ধে প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০১ (২) (দ) ধারার সহিত পঠিত ১০৪ (২) ধারানুসারে ভূমি রাজস্বের বন্দোবস্ত করিবার সময়ে রাজস্ব কর্ম্মচারীকে প্রত্যেক গ্রামের কার্য্যানুষ্ঠান পত্র লিখিতে হইবে। ঐ পত্র নিম্ননির্দ্দিষ্ট ফারমে কিম্বা অপর যে ফারম রেবিনিউ বোর্ড কর্ত্তৃক অনুমোদিত হয় সেই ফারমে লিখিত হইতে পারিবে এবং তাহাতে এই কথা লিখিতে হইবে যে উহাতে নির্দ্দিষ্ট দিন ও তারিখে রাজস্ব কর্ম্মচারী ঐ গ্রামের অন্তর্গত সমস্ত মহাল, মধ্যস্বত্ব ও যোত সম্বন্ধে এবং সমস্ত বেবন্দোবস্তি জমির জন্য ন্যায্য খাজানা ধার্য্য করিবেন।

ভূমি রাজস্বের বন্দোবস্তসূত্রে ন্যায্য খাজানা নির্দ্ধারণ সম্বন্ধে কার্য্যানুষ্ঠানের কথা।

যেহেতু গ্রামের বা মহালের বা তালুকের বা যোত প্রভৃতির যে সকল ভূমি সম্বন্ধে অমুক থানার অন্তর্গত অমুক গ্রামে এক্ষণে ভূমি রাজস্বের বন্দোবস্ত করা হইতেছে সেই সকল ভূমি সম্বন্ধে যুক্তি ও ন্যায় সঙ্গত খাজানা ধার্য্য করা উক্ত আইনের ১০১ (২) (ঘ) ধারার সহিত পঠিত ১০৪ ধারানুসারে রাজস্ব কর্ম্মচারী স্বরূপ আমার কর্ত্তব্য অতএব এই আদেশ করা যাইতেছে যে এই কার্য্যানুষ্ঠানের শব্দক্রমে এই নুটিস দেওয়া যায় যে আমি অমুক তারিখে অমুক স্থানে উক্ত গ্রাম বা মহাল প্রভৃতির অন্তর্গত সমস্ত ভূমি সম্বন্ধে যুক্তি ও ন্যায় সঙ্গত খাজানা ধার্য্য করিতে প্রবৃত্ত হইব।

রাজস্ব কর্ম্মচারী।

(খ) এই কার্য্যানুষ্ঠান পত্রে গবর্ণমেণ্টকে রাজস্ব বা খাজানাদায়ী সমস্ত মহাল, মধ্যস্বত্ব ও যোতের নাম ও নম্বর ও যে সকল বেবন্দোবস্তী ভূমির জন্য রাজস্ব ধার্য্য করা হইবে সেই সকল ভূমির বিশেষ বিবরণ প্রদর্শক একটী তফসীল সংযোজিত করিয়া দিতে পারা যাইবে।

(গ) এই কার্য্যানুষ্ঠানপত্রই ঐরূপ মহাল, মধ্যস্বত্ব ও যোতের মধ্যে সকল খাজানার বন্দোবস্ত করণ পক্ষে উপযুক্ত অনুমতি হইবে এবং গবর্ণমেণ্ট কিম্বা ষ্টেট সেক্রেটরী যে বাদী এই কথা বলার কিম্বা সহবাদী বলিয়া কোন ভূম্যধিকারিকে যোগ করার কিম্বা কোন আবেদনপত্র বা দরখাস্ত লিখিবার প্রয়োজন হইবে না।

(ঘ) এই কার্য্যানুষ্ঠান পত্রকে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ৫৮ ধারামত আবেদনপত্র বলিয়া রেজিষ্টরী করিতে হইবে না কিন্তু ন্যায্য খাজানা ধার্য্য হওনের জন্য ভূম্যধিকারী বা প্রজারা যে দরখাস্ত করেন তাহা ঐ বলিয়া রেজিষ্টরী করিতে হইবে।

২৫। যদি (১) ভূম্যধিকারী বা প্রজা উপযুক্ত খাজানা নির্দ্ধারণের জন্য দরখাস্ত করেন কিম্বা (২) যে স্থলে ভূমি রাজস্বের বন্দোবস্ত করণে নিযুক্ত কোন রাজস্ব কর্ম্মচারী কোন বর্ত্তমান খাজানা পরিবর্ত্তন করিবার প্রস্তাব করেন সেই স্থলে স্বার্থযুক্ত ব্যক্তিগণকে নিম্নলিখিত প্রকারে নুটিস দিতে হইবে।

(১) ভূম্যধিকারী বা প্রজা কর্ত্তৃক দরখাস্তের স্থলে যে যে ব্যক্তির দরখাস্তে স্বার্থ আছে তাহাদের প্রত্যেকের উপর নুটিস জারি করিতে হইবে।

(২) ভূমি রাজস্ব বন্দোবস্তের স্থলে ২৪ বিধির নির্দ্দিষ্ট কার্য্যানুষ্ঠান পত্রের একখানি নকল ঘোষণা ও চ্যাটরা দ্বারা এবং অন্যূন দুইজন লোকের সম্মুখে যাহার মধ্যে বন্দোবস্তাধীন ভূমি আছে গ্রামের এমন কোন প্রকাশ্য স্থানে লাগাইয়া দেওন দ্বারা জারি করিতে হইবে। ঐ নুটিস জারি হওয়ার কথা ন্যায্য খাজানার বন্দোবস্ত করিবার নিমিত্ত নির্দ্দিষ্ট তারিখের অন্ততঃ এক সপ্তাহ পূর্ব্বে প্রমাণ করা গেলে সেই প্রমাণই সম্পর্কযুক্ত সকল ব্যক্তির প্রতি উপযুক্ত নুটিস হইবে।

২৬। রাজস্ব কর্ম্মচারির সম্মতিক্রমে ভূম্যধিকারির অধীনে একই গ্রামে বা মহালে ভূমি দখলকারী যে কোন সংখ্যক প্রজা খাজানার বন্দোবস্তের জন্য একত্রে দরখাস্ত করিতে পারিবেন কিম্বা ভূম্যধিকারির ঐ প্রকারের দরখাস্তক্রমে তাঁহাদিগের সকলকে একই কার্য্যানুষ্ঠানে একত্রে প্রতিবাদী করা যাইতে পারিবে। কিম্বা যখন ১০১ (২) (ঘ) ধারানুসারে ভূমি রাজস্বের বন্দোবস্ত করা হয় তখন, রাজস্ব কর্ম্মচারী স্বতঃপ্রবৃত্ত হইয়া কোন মহালের বা গ্রামের সমস্ত ভূম্যধিকারী ও প্রজাকে একই কার্য্যানুষ্ঠানে জড়াইতে পারিবেন। কিন্তু যদি রাজস্ব কর্ম্মচারির কোন সময়ে বোধ হয় যে পক্ষগণের মধ্যে যে দুই জনের এক জন অন্যের সহিত ঐরূপে জড়িত তাঁহাদের মধ্যে মোকদ্দমার সুবিধামতে একত্রে বিচার হইতে পারে না তাহা হইলে তিনি ঐ মোকদ্দমা সম্বন্ধে পৃথক্ বিচার হইবার আদেশ করিতে পারিবেন কিম্বা ঐ দরখাস্তের একত্রে বা পৃথক নিষ্পত্তির জন্য যেরূপ আদেশ করা উচিত বোধ করেন দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনানুসারে সেইরূপ আদেশ করিতে পারিবেন।

২৭। ভূমি রাজস্বের বন্দোবস্ত সূত্রে ন্যায্য খাজানা নির্দ্ধারণের যে তারিখ ধার্য্য হয় সেই তারিখে কিম্বা যে কোন পরবর্ত্তী তারিখে কার্য্যানুষ্ঠান হইবে বলিয়া স্থগিত থাকে সেই তারিখে রাজস্ব কর্ম্মচারী প্রত্যেক প্রজার নাম ও তাঁহার জমির পরিমাণ বর্ত্তমান খাজানা, যে খাজানা দাওয়া করা যাইতেছে কিম্বা ভূমি রাজস্ব বন্দোবস্তের স্থলে বন্দোবস্তকারী কর্ম্মচারী যে খাজানার প্রস্তাব করিয়াছেন তাহা উচ্চৈঃস্বরে পাঠ করিতে কি পাঠ করাইতে প্রবৃত্ত হইবেন এবং ভূম্যধিকারী ও প্রজা উপস্থিত থাকিলে তাঁহারা প্রস্তাবিত খাজানা দিতে স্বীকৃত কি না জিজ্ঞাসা করিবেন। ভূম্যধিকারী ও প্রজা যদি উপস্থিত থাকেন ও তাঁহাদের উভয়েই যদি প্রস্তাবিত খাজানা দিতে স্বীকৃত হন তাহা হইলে রাজস্ব কর্ম্মচারী তাহাদের স্বীকৃত হইবার কথা লিপিবদ্ধ করিবেন ও প্রস্তাবিত খাজানা যদি তাঁহার মতে যুক্তি ও ন্যায়সঙ্গত হয় তাহা হইলে তদনুসারে সেই খাজানার বন্দোবস্ত করিবেন।

যে সকল স্থলে ভূম্যধিকারী বা প্রজা যথারীতি নুটিস জারির প্রমাণের পর হাজির না হন সে স্থলে কার্য্যানুষ্ঠান এক তরফা হইবে।

যে সকল স্থলে ভূম্যধিকারী বা প্রজা হাজির হইয়া প্রস্তাবিত খাজানা দিতে স্বীকৃত না হন সেই সকল স্থলে রাজস্ব কর্ম্মচারী বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১৪৮ ধারার (ঙ) ও (চ) দফায় খাজানার মোকদ্দমার বিচারের যে প্রকার নির্দ্দিষ্ট হইয়াছে সেই প্রকারে ঐ মোকদ্দমা সম্বন্ধে কার্য্য করিবেন।

২৮। যে উপযুক্ত খাজানা ধার্য্য করা হয় তৎসম্বন্ধে রাজস্ব কর্ম্মচারির স্বতন্ত্র ডিক্রী লেখার প্রয়োজন হইবে না। কিন্তু তাঁহার নিষ্পত্তিপত্রে বা তৎসংযুক্ত তফসালে এই নির্দ্ধারিত ন্যায্য খাজানা সম্বন্ধে যাহা লেখা হয় তাহাই ডিক্রী বলিয়া গণ্য হইবে।

২৯। পূর্ব্বের বিধি অনুসারে যুক্তি ও ন্যায়সঙ্গত খাজানা ধার্য্য হইলে উহা যোতের জন্য দেয় খাজানা বলিয়া খতিয়ানে লিখিতে হইবে।

৩০। খতিয়ান চূড়ান্তরূপে প্রকাশ করিবার পূর্ব্বে (১০ অধ্যায়ানুসারে নির্দ্ধারিত খাজানা সম্বন্ধীয় লিখন ভিন্ন) অন্য কোন লিখন ঠিক হয় নাই বলিয়া কিম্বা কোন ছাড় উচিত হয় নাই বলিয়া আপত্তি করা গেলে রাজস্ব কর্ম্মচারির মতে ঐ আপত্তির নুটিসে যাহাদিগের স্বার্থের ক্ষতিবৃদ্ধি হইতে পারে সেই নুটিস তাহাদিগের সকলের উপর জারি করিতে হইবে এবং ঐ আপত্তির নিষ্পত্তির জন্য রাজস্ব কর্ম্মচারী যে স্থানের ও সময়ের নির্দ্দেশ করেন তাহাদিগকে সেই স্থানে ও সময়ে হাজির হইতে আজ্ঞা করা হইবে। আপত্তির প্রতিবাদ করিবার জন্য কোন ব্যক্তি হাজির না হইলে আপত্তি অনুসারে রিকার্ড পরিবর্ত্তন করা যাইতে পারিবে কিম্বা রাজস্ব কর্ম্মচারী উচিত বোধ করিলে যে ব্যক্তি আপত্তি করেন তাঁহাকে তাঁহার আপত্তির সমর্থনার্থ প্রমাণ উপস্থিত করিতে আদেশ করা যাইতে পারিবে। তাহা হইলে আপত্তিকারী আপত্তির দরখাস্তে তাঁহার আপত্তির দেওয়ানী মোকদ্দমার ন্যায় বিচারের জন্য স্পষ্ট প্রার্থনা না করিয়া থাকিলে তাঁহার আপত্তির সরাসরী মতে বিচার হইবে। শেষোক্ত স্থলে স্বার্থযুক্ত ব্যক্তিগণের উপর যথারীতি নুটিস জারি হইবার পরও তাঁহারা হাজির না হইলে ঐ আপত্তি প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০৬ ধারানুযায়ী একতরফা মোকদ্দমার ন্যায় শ্রুত ও মীমাংসিত হইবে। যদি কোন ব্যক্তি উপস্থিত হয় এবং আপত্তির প্রতিবাদ করে তাহা হইলে কার্য্যানুষ্ঠান প্রজাস্বত্ব আইনের ১০৬ ধারানুযায়ী মোকদ্দমার স্বরূপ গণ্য হইবে। ঐ মোকদ্দমায় আপত্তিকারী বাদী ও অন্যান্য ব্যক্তিরা প্রতিবাদী হইবেন।

৩১। (ক) কোন রাজস্ব কর্ম্মচারী বন্দোবস্তকারী কর্ম্মচারী নামে বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ১০ অধ্যায়ানুসারে জরাপ, রিকার্ড অফ্ রাইট ও খাজানার বন্দোবস্ত করিবার নিমিত্ত নিযুক্ত হইলে তিনি ন্যায্য খাজানা নির্দ্ধারণের জন্য ১০৪ ধারামতে কৃত দরখাস্ত কিম্বা আইনের ১০৫ ধারামতে কৃত আপত্তি কিম্বা আইনের ১০৬ ধারামতে রুজু করা বিবাদী মোকদ্দমা তাঁহার অধীনস্থ যে সকল কর্ম্মচারী সহকারী বন্দোবস্তকারী কর্ম্মচারী নামে ঐ আইনের ঐ অধ্যায়ের বিধানানুসারে রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী স্বরূপ কার্য্য করিবার জন্য যথারীতি ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তাঁহাদিগকে অর্পণ করিতে পারিবেন।

(খ) বন্দোবস্তকারী কর্ম্মচারী নামে ঐরূপে নিযুক্ত রাজস্ব কর্ম্মচারী দুই পক্ষের মধ্যে যে কোন পক্ষ দরখাস্ত করিলে স্বার্থযুক্ত অপর পক্ষকে নুটিস দিয়া ও আপত্তি উপস্থিত করা গেলে তাহা শুনিয়া অথবা স্বতঃ প্রবৃত্ত হইয়া বিনা নুটিসে (সহকারী বন্দোবস্তকারী কর্ম্মচারী নামধারী) তাঁহার অধীনস্থ কোন রাজস্ব কর্ম্মচারীর ফাইল হইতে প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০৪ ধারামতে কৃত ঐরূপ দরখাস্ত কিম্বা ১০৫ ধারামতে কৃত ঐরূপ আপত্তি কিম্বা ১০৬ ধারামতে রুজু করা ঐরূপ মোকদ্দমা তুলিয়া লইয়া নিজে ঐরূপ দরখাস্ত, আপত্তি বা বিবাদী মোকদ্দমার নিষ্পত্তি করিতে পারিবেন কিম্বা নিষ্পত্তির জন্য তদ্রূপে তাঁহার অধীনস্থ অপর যে কর্ম্মচারী যথারীতি রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারী স্বরূপ কার্য্য করিতে ক্ষমতাপ্রাপ্ত তাঁহার নিকট অর্পণ করিতে পারিবেন।

৭।—চূড়ান্তরূপে প্রচার করণের কথা।

৩২। রাজস্ব কর্ম্মচারী কর্ত্তৃক ন্যায্য খাজানা নির্দ্ধারণের নিমিত্ত সকল দরখাস্তের এবং ৩০ বিধির উল্লিখিত প্রকারের সকল আপত্তি ও বিবাদের নিষ্পত্তি হইলে তিনি ঐ সকল দরখাস্ত, আপত্তি ও বিবাদ সম্বন্ধে যে আদেশ করেন তাহা কার্য্যে পরিণত করিবার জন্য যেরূপ সংশোধন করা আবশ্যক খেওয়াতের বা খতিয়ানের উপযুক্ত ঘরে সেইরূপ সংশোধন করিবেন। তদনন্তর তিনি রিকার্ড চূড়ান্তরূপে প্রস্তুত করিবেন এবং নুটিসের তারিখ হইতে এক সপ্তাহের পূর্ব্বে না হয় এমন এক তারিখ স্থির করিয়া সেই তারিখে গ্রামে উহার লিখিত কথা পঠিত হইবে এই মর্ম্মের নুটিস প্রদান দ্বারা এবং সেই নির্দ্দিষ্ট তারিখে পক্ষগণের সম্মুখে বা তাঁহাদের যতজন হাজির হন তাঁহাদের সম্মুখে ১৯ ধারার নির্দ্দিষ্ট প্রকারে তাহা গ্রামে নিজে পাঠ করণ দ্বারা বা পাঠ করাণ দ্বারা উহা প্রচার করাইবেন।

স্বার্থযুক্ত পক্ষগণকে রিকার্ড অফ্ রাইটের নকল দিবার কথা।

৩৩ (ক)। রাজস্ব কর্ম্মচারী রিকার্ড সমাপ্ত করিয়া উহার নকল প্রস্তুত করাইবেন ও সেই নকলের এক খণ্ড বা তাহার উদ্ধৃতাংশ সম্পর্কযুক্ত ভূম্যধিকারিকে প্রদত্ত হইবে কিম্বা একাধিক ভূম্যধিকারী থাকিলে তাঁহারা সকলে মিলিয়া যে এজেণ্ট বা কার্য্যাধ্যক্ষকে নিযুক্ত করেন তাঁহাকে প্রদত্ত হইবে ও এক খণ্ড জিলার কালেক্টরকে প্রদত্ত হইবে।

(খ) প্রত্যেক প্রজাকে তাহার প্রজাস্বত্ব সম্বন্ধে খতিয়ানে যাহা থাকে খতিয়ানের সেই উদ্ধৃত অংশ রাজস্ব সংক্রান্ত কর্ম্মচারির মোহরাঙ্কিত করিয়া এবং যে কর্ম্মচারী নকল দিবার জন্য রাজস্ব কর্ম্মচারির নিকট হইতে যথারীতি ক্ষমতাপ্রাপ্ত হন সেই কর্ম্মচারির স্বাক্ষরযুক্ত করিয়া প্রদত্ত হইবে।

(গ) প্রত্যেক স্থান সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট যেরূপ আদেশ করেন তদনুসারে এই বিধিমতে ভূম্যধিকারী ও প্রজাগণকে প্রদত্ত রিকার্ডের নকল বিনা মূল্যে বা মূল্য লইয়া প্রদত্ত হইবে। যখন

মূল্য চাওয়া হয় তখন সেই সূত্রে যে টাকা উঠিবে তাহা জরীপ ও বন্দোবস্তের খরচের হিসাবে জমার দিকে ফেলিতে হইবে।

চূড়ান্ত রিপোর্টের কথা।

৩৪। স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বোধ করিলে এইরূপ আজ্ঞা করিতে পারিবেন যে জরীপ কার্য্যাধীন প্রত্যেক গ্রামের ও স্থানের জন্য চূড়ান্ত একখানি রিপোর্ট ইংরাজীতে লেখা যাইবে। গ্রামের রিপোর্টে নিম্নলিখিত বিষয় প্রদর্শিত হইবে।—

(ক) প্রত্যেক শ্রেণীর প্রজাদের সংখ্যা।

(খ) গ্রামের অন্তর্গত ভূমির (ক) জরীপ ও বন্দোবস্ত অনুসারে ও (খ) জানা থাকিলে ভূম্যধিকারীর জমাবন্দী অনুসারে পরিমাণ ও শ্রেণী বিভাগ।

(গ) বন্দোবস্ত অনুসারে ও ভূম্যধিকারীর জমাবন্দী অনুসারে হস্তবুদ। ইহার সঙ্গে হ্রাস বা বৃদ্ধির কৈফিয়ৎ, গবর্ণমেণ্টের রাজস্বের পরিমাণ ও খাজানার সহিত রাজস্বের তুলনা।

(ঘ) পূর্ব্বকার খাজানা বৃদ্ধির বিবরণ সমেত প্রচলিত খাজানার হার।

(ঙ) বাজারের কত নিকট।

(চ) জল সেচনের সুবিধা।

(ছ) গ্রামের প্রথা, গ্রাম্য কর্ম্মচারীদের বেতন দিবার কথা সমেত।

(জ) কাগজপত্র রক্ষার নিমিত্ত ব্যবস্থা।

(ঝ) উল্লেখ যোগ্য অন্যান্য যেং বিষয় রিকার্ড অফ্ রাইটে গৃহীত না হইয়া থাকে।

জরীপ কার্য্যাধীন সমগ্র স্থানের নিমিত্ত রিপোর্টে নিম্নলিখিত কথা থাকিবে।—

১। ঐ স্থানের সাধারণ বর্ণনা।

২। উহার রাজস্ব সংক্রান্ত ইতিবৃত্ত।

৩। সংখ্যাদি সম্বলিত ফল।

৪। জরীপ হইবার পূর্ব্বে ও পরে হস্তবুদ সম্পর্কে ঐ স্থানের অবস্থার তুলনা।

৫। নিম্নলিখিত দফা অনুসারে মোটামুটী খরচের ভাগ ও রাজস্ব সংক্রান্ত ফল।—

(ক) জরীপ।

(খ) রিকার্ড অফ্ রাইট্।

(গ) রিকার্ড প্রস্তুত ও বিলিকরণ।

এই রিপোর্টগুলি রিকার্ড অফ্ রাইটের অংশস্বরূপ হইবে না।

জরীপ ও রিকার্ড অফ্ রাইটের নিমিত্ত ভূস্বামীদের দরখাস্তের কথা।

৩৫। ১০৩ ধারা।—এই ধারামত দরখাস্ত জিলার কালেক্টর সাহেবের নিকট করিতে হইবে।

৩৬। দরখাস্তে নিম্নলিখিত বিশেষ কথা লিখিতে হইবে।—

(ক) দরখাস্তকারীর পদ, অর্থাৎ তিনি ভূস্বামী কি মধ্য-স্বত্বাধিকারী, এবং যে যে বিশেষ কথা সম্বন্ধে দরখাস্ত করা যায়।

(খ) যে মহাল বা মধ্যস্বত্ব কিম্বা মহালের বা মধ্যস্বত্বের অংশ সম্বন্ধে দরখাস্ত করা হয় তাহা যত জন প্রজার দখলে থাকে ইহা দরখাস্তকারী যতদূর নির্দ্দেশ করিতে পারেন ও তৎকালে তাহাদের যে খাজানা দিতে হয় এবং যে ভূমি সম্বন্ধে দরখাস্ত করা হয় তাহার আনুমানিক পরিমাণ।

৩৭। কোন ভূস্বামী দরখাস্ত করিলে যদি দরখাস্তকারীর নাম ও তাঁহার স্বার্থের পরিমাণ ১৮৭৬ সালের বঙ্গীয় আইনমতে রেজিষ্টরী করা না হইয়া থাকে, তবে ঐ দরখাস্ত গ্রহণ করা যাইবে না।

৩৮। দরখাস্ত পাইলে কালেক্টর সাহেব যে কোন মন্তব্য আবশ্যক বিবেচনা করেন, তৎসমেত ঐ দরখাস্ত কমিশনর সাহেবের নিকট পাঠাইবেন।

৩৯। কমিশনর সাহেব আরও সংবাদ চাহিতে পারিবেন অথবা দরখাস্ত সংশোধন করিবার আদেশ করিতে পারিবেন।

৪০। কমিশনর সাহেব যদি এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে ঐ দরখাস্ত দ্বারা যে সকল প্রজার ক্ষতিবৃদ্ধি হইবে তাহাদের সংখ্যা এক সহস্রের অধিক নহে এবং দরখাস্ত যে সময়ে দেওয়া যায় সেই সময়ে তাহাদের দেয় খাজানা ২৫০০০্ টাকার অধিক নহে, তাহা হইলে তিনি দরখাস্ত গ্রাহ্য বা অগ্রাহ্য করিবার আজ্ঞা দিবেন, নতুবা আপনার মত ব্যক্ত করিয়া রেবিনিউ বোর্ডের আজ্ঞা পাইবার নিমিত্ত উক্ত দরখাস্ত পাঠাইয়া দিবেন।

৪১। কোন কমিশনর সাহেব কোন দরখাস্ত অগ্রাহ্য করিলে তাহা অগ্রাহ্য করিবার তাঁহার যে যে হেতু থাকে সেই সেই হেতু লিপিবদ্ধ করিবেন, এবং দরখাস্তকারী ঐ আজ্ঞা সম্বন্ধে অসন্তুষ্ট হইলে, এক মাসের মধ্যে রেবিনিউ বোর্ডে আপীল করিতে পারিবেন।

৪২। কোন দরখাস্ত ৪০ বিধি অনুসারে অথবা ৪১ বিধিমত আপীল হওয়াতে বোর্ডের নিকট অর্পণ করা গেলে, বোর্ড যেরূপ উচিত বোধ করেন দরখাস্ত গ্রাহ্য বা অগ্রাহ্য করিবার সেই-রূপ আজ্ঞা করিবেন।

৪৩। কমিশনর সাহেব বা স্থল ভেদে বোর্ড যখন কোন দরখাস্ত গ্রাহ্য করেন, তখন যে বা যে যে রাজস্ব কর্ম্মচারীর দ্বারা রিকার্ড প্রস্তুত করিতে হইবে তাহা নির্দ্দেশ করিবেন।

৪৪। কোন দরখাস্ত গ্রাহ্য করা গেলেই আনুমানিক যে পরিমাণ ভূমি সম্বন্ধে দরখাস্ত গ্রাহ্য করা গেল, তাহার একর প্রতি আট আনা হারে খরচ আমানত করিবার নিমিত্ত কালেক্টর সাহেব দরখাস্ত-কারির প্রতি আদেশ করিবেন। কালেক্টর সাহেব ভূমির পরিমাণ অনুমান করিতে না পারিলে, তিনি প্রত্যাপ্রতি ২ টাকা হারে খরচের হিসাব ধরিবেন। ৫০০৲ টাকার অধিক না হইলে দরখাস্তকারী আগাম সমুদয় টাকা আমানত করিবেন। ৫০০৲ টাকার অধিক হইলে, দরখাস্তকারী ৫০০৲ টাকা আমানত করিবেন ও অবশিষ্ট টাকার নিমিত্ত কালেক্টর সাহেব যেরূপ জামিন দিবার আদেশ করেন সেইরূপ জামিন দিবেন। কার্য্য চালাইবার জন্য আর যত টাকা আবশ্যক হয়, দরখাস্তকারী সময়ে ২ আদেশ পাইলে তাহা আমানত করিবেন। আনুষ্ঠানিক কার্য্য শেষ হইলে, অব্যয়িত বাকী টাকা দরখাস্তকারীকে ফিরাইয়া দেওয়া যাইবে।

৪৫। ১০১ ধারামত আজ্ঞাক্রমে যে সকল কর্ম্মচারী কার্য্য করেন, তাঁহাদের কার্য্যপদ্ধতি প্রদর্শ-নার্থ যে কোন বিধি থাকে রাজস্ব কর্ম্মচারী কার্য্য চালাইবার সময়ে তদনুসারে চলিবেন।

বঙ্গমহিলাগণের রচনার নিমিত্ত বাবু ব্রজমোহন দত্ত স্থাপিত পারিতোষিক।

ইহা স্থিরীকৃত হইয়াছে যে ১৮৯৩-৯৪ অব্দের পারিতোষিক দান কালে ১টি ৮০৲ টাকা ও আর একটি ৪০৲ টাকা করিয়া দুইটি পারিতোষিক প্রদত্ত হইবে, "মনুষ্য ও পশুর প্রতি দয়া" বা "শিশুদিগের নীতিশিক্ষা" এই দুইটি বিষয়ের অন্যতরটি অবলম্বন করিয়া প্রবন্ধ রচনা করিতে হইবে।

পারিতোষিক দানের নিয়ম—

(১) বঙ্গমহিলা মাত্রেই পারিতোষিকপ্রার্থিনী হইতে পারিবেন; এতৎসম্বন্ধে বয়সের কোন নিয়ম নাই।

(২) পারিতোষিকপ্রার্থিনীগণকে বঙ্গভাষাতেই হউক বা সংস্কৃত ভাষাতেই হউক কোন একটি নির্দ্দিষ্ট প্রবন্ধ রচনা করিতে হইবে।

(৩) এই বিজ্ঞাপন প্রচারের তারিখ হইতে ছয় মাসের মধ্যে প্রবন্ধগুলি বিচারের জন্য সেণ্ট্রাল টেক্স্টবুক কমিটির নিকট পাঠাইতে হইবে।

(৪) প্রত্যেক প্রবন্ধের সহিত পারিতোষিকপ্রার্থিনীর স্বামী, পিতা বা অভিভাবককে এই মর্ম্মে পত্র লিখিয়া পাঠাইতে হইবে, যে, তাঁহার বিশ্বাসমতে, রচয়িত্রী, ঐ প্রবন্ধ রচনা কালে, প্রকাশ্য বা অপ্রকাশ্য ভাবে কোন প্রকার সাহায্যই গ্রহণ করেন নাই।

১৮৯৪ অব্দের ৩১শে ডিসেম্বর তারিখের মধ্যে কলিকাতায়, প্রেসিডেন্সি সার্কেলের স্কুল সমূহের ইন্স্পেক্টরের আফিসে, সেণ্ট্রাল টেক্স্টবুক কমিটির সম্পাদক মহাশয়ের নামে এই প্রবন্ধ পাঠাইতে হইবে। এই প্রবন্ধের মোড়কের (কভারের) উপর 'ব্রজমোহন দত্ত পারিতোষিকের রচনা" এইরূপ লিখিত থাকিবে। যাঁহার রচনা সর্ব্বোৎকৃষ্ট হইবে কলিকাতা গেজেটে তাঁহার নাম প্রকাশিত হইবে।

যিনি একবার পারিতোষিক প্রাপ্ত হইয়াছেন, তিনি ইচ্ছা করিলে অন্য বৎসর পুনর্ব্বার প্রবন্ধ রচনা করিতে পারেন। যদি তাঁহার রচনা সে বারেও সর্ব্বোৎকৃষ্ট হয়, তাহা হইলে তাঁহার নাম কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে, কিন্তু পারিতোষিক, রচনার গুণানুসারে, তাঁহার পরবর্ত্তিনী মহিলাকে প্রদত্ত হইবে।

যদি বিচারকগণ সর্ব্বোৎকৃষ্ট রচনাটিকেও পারিতোষিকের উপযোগী বলিয়া বিবেচনা না করেন, তাহা হইলে পারিতোষিক প্রদত্ত হইবে না।

কলিকাতা
১১ জুলাই ১৮৯৪

এ, ক্রফট,
বাঙ্গালা দেশের শিক্ষাবিভাগের ডিরেক্টর।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 17, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ১৭ জুলাই।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

জেলা মেদিনীপুর।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৫ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্নলিখিত বাকী, আগামী রাজস্ব দাখিলের শেষ দিবসে অথবা তৎপূর্ব্বে, অর্থাৎ সন ১৮৯৪ সালের ২৮শে জুন তারিখে অথবা তৎপূর্ব্বে, দাখিল না করিলে মেদিনীপুর জেলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জেলার কালেক্টর সাহেবের আফিসে আগামী ২০শে জুলাই শুক্রবার তারিখে উক্ত বাকীর জন্য নিলামে বিক্রয় করা যাইবে ইতি। সন ১৮৯৪ সাল তাং ৪ জুন।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।	যে দাবির জন্য বিক্রয় হইবে তাহার প্রকার ও সংখ্যা।
৪৯৪	মহাল গুমুকপোত পং কাশীযোড়া থানা পাঁষকুড়া ও দাসপুর।	মায় পুলীস ৩১৮৩,	...	এজমালী অংশ— মহালের রকম ।।০ আনা ...	মণিমোহন রায় ...	মায় পুলীস ১৫৯২।।০	...	৭১৫৶৯	মেদিনীপুরের দ্বিতীয় সব-জজ বাবুর ১৮৯১ সালের ৩ডিসেম্বর তারিখের রোবকারির দ্বারা অত্র সম্পূর্ণ মহাল ১৮৯১ সালের ১২ নং জারির মোকদ্দমায় ক্রোক হওয়ার সংবাদ সাপত হইয়াছে।
ঐ	ঐ	ঐ	...	১ নং পৃথক্ হিসাব— মহালের রকম ।।০ আনা ...	ফকির চন্দ্র রায় ...	মায়পুলীস ১৫৯২।।০	...	মায় পুলীস ৭৪৬।০	

D. B. ALLEN, *Collector*.

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জিলা চট্টগ্রাম।

ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকের ১৮৯৪ ইং ২৫ মে, সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া খাজানা ও ছেচ আদায়ের নিমিত্ত ১৮৯৪ ইং ২১এ আগষ্ট মোতাবেক ১৩০১ বাং ৬ই ভাদ্র রোজ মঙ্গলবার জিলা চট্টগ্রাম কালেক্টরী কাছারীতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে, সন ১৮৯৪ ইং তারিখ ৩ জুলাই।—

তালুকের নং।	তালুকের নাম।	মালিকের নাম।	বার্ষিক জমা।		বাকীর পরিমাণ।			মন্তব্য।
			খাজানা	ছেচ।	খাজানা।	ছেচ।	মোট।	
৩/৪০২	থানা বাঁশখালি মৌজা পুইছড়ি মহল নয়াবাদ। তালুক কৃষ্ণরঞ্জিত …	নিলকমল বহদ্দার …	৫০০৸৶৬	৭৮৷৷৶৬	১৮৮৸৶৬	২৯।০	২১৮৶৬	[illegible]

Iswar Chander Nandi, *Tahsildar.*

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতায় বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২৷৷০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এইং হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধানং ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ৷৷০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸০
৷ আধ „ „ ৮৲ বা ডাক মাসুল বিনা ৮৷৷০
। শিকি „ „ ৪৲ বা ডাক মাসুল বিনা ৪৷৷০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	,,
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	,,
Postage	1	0	0	,,
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. Baker

Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	,,	২৷৷০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	,,	৪৲
ডাকমাশুল	,,	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	,,	।০
ডাকমাশুল		৵০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		৵০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		৵০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government office or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Bolton,
Under-Secretary to the Govt. of Bengal.

12th December 1882.

Note.—*Rates of advertisements in the* Calcutta Gazette.

	Rs.
Full page, per issue	20
Half „ „	10

Casual advertisements—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এই২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এক মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপ-রোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই২।—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একবার প্রকাশ করণের .. .	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে এক২ পংক্তি . ..	।০

For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

নং ৩৫২০।

নং ৫৯ সার্টিফেকেট।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট	অর্থী
শখানাথ মিত্র সাং রায়েরকাটী	প্রত্যর্থী

দাবী

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্ট প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ২৮ আগষ্ট মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ১৩ ভাদ্র মঙ্গলবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখই নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবেক ইতি সন ১৮৯৪ সাল তারিখ ২৮ জুন।

তফসীল।

তৌজীর নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগণা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।
৩৮৪৬ নং	০	পং সিলিমাবাদ ৩৮৪৬ নং ৷৹ আনা জমিদারি।	১৫৫৯৸৶১১

[Illegible]
Collector.

(34—1)

নং ৩৮।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরী সাহেব ... ... অর্থী
শ্রী দীনবন্ধু সেন ও রাহাতন নেছা ... ... প্রত্যর্থী

দাবী ১৩২৸৵৩

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্টের প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ২৮ আগষ্ট মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ১৩ ভাদ্র মঙ্গলবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক, যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ৯ জুলাই।

তফসীল।

তৌজির নম্বর।	সাধারণ রেজিষ্টরীর নম্বর।	নাম পরগনা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।

পং দক্ষিণ সাহাবাজপুর ৫৩০৭ নং মির আবদাল তাং ।৵১০৸৪ তিন হিস্যে মালিকান সদর জমা ৩২৪৮৻৫ কিং অন্তর্গত ছৈয়দ বাদসীপুর ষ্টেঃ বরহানদী ইহাতে দাইকের যে স্বত্ব লভ্য আছে।

[Illegible]
Collector
(36—1)

---

৪ নং ১৮৯৪। ৯৫

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরী সাহেব . ... .. অর্থী
দ্বারিকানাথ সেন ... . প্রত্যর্থী

১৯১৬ নং মহাল নাম রেজিষ্টরি না করায় জরিমানা।

দাবী ২৮৲

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্টের প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ২৬ জুলাই মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ১১ শ্রাবণ বৃহস্পতিবার দিবস অত্র কালেক্টারী কাছারাতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারিতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ৮ জুন।

তফসীল।

তৌজির নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগনা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।

১। ১৯১৬ নং হাবেলি সিলেমাবাদ তপ্পা হিং ৷১০ আনি মহালের সদর জমা মং ১০৪৫।৴৯॥ পাই কিং আতাকাটী গং ষ্টেঃ ঝালকাটী এহাতে দায়িকের যে স্বত্ব লভ্য আছে তাহা।

[Illegible]
Collector.
(36—1)

নং ৩১৩৪।

নং ৫৩ সার্টিফেকেট।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেন্ট . ... অর্থী
সৈয়দ আমির আলি খান হুসনি, কুলছুমন্নেসা, রসীক চন্দ্র দাস ... প্রত্যর্থী

দাবী নং ২০০৶০

এবং নীলাম।

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেন্ট প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ১৪ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গলা ১৩০১ সালের ৩০ ভাদ্র শুক্রবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবেক ইতি সন ১৮৯৪ সাল তারিখ ২ জুলাই।

তফসীল।

তৌজীর নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগণা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।
৩৫৫৮	০	তং সুলতানাবাদ ৩৫৫৮ নং জমিদারি ৵১৷১৮৸= ১০ তিল কিং আম্দল আকন বামনকান্দিষ্টেঃ অন্দল।	২৯৮৭৷১০

[Illegible]
Collector.
(37—1)

নং ৩২৯।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেন্ট ষ্টেট সেক্রেটরি সাহেব ... অর্থী
নবিনচন্দ্র সরকার পিং।মৃত রামহরি সরকার ... . প্রত্যর্থী

১৭৪৪ নং তাং কৃষ্ণরাম সেন মহাল।
নাম রেজেষ্টরী না করায় জরিমানা;
দাবী ২২৷৷০

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেন্টের প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ২৬ জুলাই মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ১১ শ্রাবণ বৃহস্পতিবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারিতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ৮ জুন।

তফসীল।

তৌজির নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগনা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।

১। ১৭৪৪ নং কৃষ্ণরাম সেন তাং সদর জমা মঃ ৮৯৬৷৵৮৷৷ পাই কিং আটাখালি গং ষ্টেশন গলাচিপা এহাতে দাইকের যে স্বত্ব লভ্য আছে তাহা।

[Illegible]
Collector.
(38-1)

৫০ নং।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরী সাহেব ... ... অর্থী

১। করিমন্নেছা ২। হায়াতন্নেছা বিবি ৩। আমিরজান বিবি ৫। মৌলবী নুরন্নবী ... ... প্রত্যর্থী

দাবী ১৩০॥৹

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্টের প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ২৮ আগষ্ট মোতাবেক বাঙ্গলা ১৩০১ সালের ১৩ভাদ্র মঙ্গলবার দিবস অত্র কালেক্টারী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারিতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৮৯৪ সাল তারিখ ৯ জুলাই।

তফসীল।

তৌজির নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগনা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।

তং সুলতানাবাদ ৩৫৬৪ নং মালদার খা তালুক দায়ীকান গং সদর জমা মং ১০৫৩৴ টাকা কিং নতমালা বেতাগী ষ্টেঃ বাউকল ইহাতে দাইকের যে সত্ব সত্য আছে।

[Illegible]
Collector.
(39—1)

নং ৩৩৩৫/১৪৭

নং ১১০৪ সার্টিফেকেট।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ... ... অর্থী

কাশীমনি পাল, দুর্গাচরণ ঘটক ... ... প্রত্যর্থী

দাবী মং ৮৷৶৬

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্ট প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ২৮ আগষ্ট মোতাবেক বাঙ্গলা ১৩০১ সালের ১৩ ভাদ্র মঙ্গলবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবেক ইতি সন ১৮৯৪ সাল তারিখ ১১ জুলাই।

তফসীল।

তৌজীর নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগনা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।
১৫০৯	০	পং বোজরগোমেদপুর কালিদাস ঘটক তালুক কিঃ কলাময় ষ্টেঃ বাউফল।	১৯৫২৷৶১

[Illegible]
Collector.
(40—1)

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত জেমস্ পেটি সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।
B 40a—12-7-94—940—180

Numb. 2869 [২৮৬৯]

REGISTERED No. 30.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 24, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ২৪ জুলাই ।

CONTENTS.

নির্ঘণ্ট ।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড ।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের, নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE DEPARTMENT,—(FORESTS).

NOTIFICATION.—No. 3586For.

The 17th July 1894.—In supersession of the Notification, No. 3375For., dated the 5th September 1892, published at page 830, Part I of the *Calcutta Gazette* of the 7th idem, the Lieutenant-Governor is pleased, under section 28 of the Indian Forest Act (Act VII of 1878 as amended by Act V of 1890), to declare "Protected Forests," in the meaning of the said Act, and from the date of this notification, all waste lands the property of Government (situated in the Khalsa villages), or over which the Government has proprietary rights, or to the whole or any part of the forest produce of which the Government is entitled, in the Chota Nagpur Division, excepting such lands as are used by the villagers for cultivation or habitation, provided that lands which are cultivated in the manner known as jhum are not included in this exception.

The nature and extent of the rights of Government and of private persons in or over the forest produce or waste land comprised in this notification have not yet been enquired into and recorded as prescribed by section 28 of the Act, but as the rights of Government will be endangered by delay, and as the enquiry and record of rights will hereafter be made, this notification is issued in anticipation and subject to all existing rights of individuals or communities.

C. E. BUCKLAND,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.—No. 3589For

The 17th July 1894.—In supersession of the Notification, No. 3376For., dated the 5th September, 1892, published at page 830, Part I of the *Calcutta Gazette* of the 7th idem, the Lieutenant-Governor is pleased, under section 29 of the Indian Forest Act (Act VII of 1878 as amended by Act V of 1890), and in reference to the "Protected Forests" of the districts of Singhbhum, Lohardaga, Palamau, Hazaribagh, and Manbhum in the Chota Nagpur Division—

(i) to declare the following species of trees to be reserved from the date of this notification, namely—

1. Sál (Shorea Robusta).
2. Asan (Terminalia tomentosa).
3. Kusum (Schleichera trijuga).
4. Kohua (Terminalia arjuna).
5. Hara (Terminalia chebula).
6. Paisar (Pterocarpus marsupium).
7. Nim (Melia indica).
8. Tamarind (Tamarindus indica).
9. Mango (Mangefera indica).
10. Mahua (Bassia latifolia).
11. Khair (Acacia arabica).
12. Karam (Adina cordifolia).
13. Karanj (Pongomia glabra).

(ii) to prohibit in the said forests, from the date of this notification and subject to the rules to be made under section 31 of the Act—

(1) the quarrying of stone,
(2) the burning of lime and charcoal,
(3) the collection or subjection to any manufacturing process or removal of any forest produce,
(4) the breaking up, or clearing for cultivation, for building, for herding cattle, or for any other purpose, any land.

C. E. BUCKLAND,
Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশ।

রাজস্ব সম্পর্কীয় কার্য্যবিভাগ—(বন বিষয়ক)।

বনবিষয়ক ৩৫৮৬ নং—বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ১৭ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৯২ সালের ১৩ সেপ্টেম্বর তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ২৯১ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ৫ তারিখের বনবিষয়ক ৩৩৭৫ নং বিজ্ঞাপন রহিত করিয়া এই বিজ্ঞাপনের তারিখ অবধি গ্রামের অধিবাসিগণ যে সকল ভূমি আবাদ করেন কিম্বা যেং ভূমিতে বাস করেন তদ্ভিন্ন ছোটনাগপুর খণ্ডের অন্তর্গত যে সকল পতিত ভূমি (খালসা গ্রামে স্থিত) গবর্ণমেন্টের সম্পত্তি কিম্বা যাহার উপর গবর্ণমেন্টের মালিকীস্বত্ব আছে কি যাহার বনোৎপন্ন সমুদয় কি কোন অংশে গবর্ণমেন্টের স্বত্ব থাকে তাহা ভারতবর্ষীয় বনবিষয়ক ১৮৯০ সালের ৫ আইন দ্বারা সংশোধিত ১৮৭৮ সালের ৭ আইনের ২৮ ধারামতে উক্ত আইনের অর্থমত "রক্ষিত বন" বলিয়া প্রকাশ করিলেন, কিন্তু ঝুম নামে খ্যাত প্রণালীতে যে সকল ভূমি আবাদ করা যায়, তাহা বর্জিত হইল না।

এই বিজ্ঞাপনে বনোৎপন্ন যেং দ্রব্য বা পতিত ভূমি ধরা গেল তদুপরি বা তাহাতে গবর্ণমেন্টের ও ব্যক্তি বিশেষের স্বত্বের ভাব ও সেই স্বত্ব যতদূর আছে তাহা উক্ত আইনের ২৮ ধারার নির্দ্দিষ্টমতে অদ্যাপি অনুসন্ধান করিয়া লিপিবদ্ধ করা যায় নাই, কিন্তু বিলম্ব হওয়া প্রযুক্ত গবর্ণমেন্টের স্বত্বের হানি হইবে ও স্বত্বের অনুসন্ধান ও তাহা লিপিবদ্ধ ইহার পর করা যাইবে বলিয়া ব্যক্তিবিশেষের বা সম্প্রদায়ের বর্ত্তমান স্বত্বাধীন এই বিজ্ঞাপন অগ্রেই প্রকাশ করা গেল।

সি, ই, বক্‌লাণ্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বনবিষয়ক ৩৫৮৯ নং—বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ১৭ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৯২ সালের ১৩ সেপ্টেম্বর তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ২৯১ পৃষ্ঠায় প্রকাশিত ঐ মাসের ৫ তারিখের বন বিষয়ক ৩৩৭৬ নং বিজ্ঞাপন রহিত করিয়া ভারতবর্ষীয় বন বিষয়ক ১৮৯০ সালের ৫ আইন দ্বারা সংশোধিত ১৮৭৮ সালের ৭ আইনের ২৯ ধারামতে এবং ছোট নাগপুর খণ্ডের অন্তর্গত সিংহভূম, লোহারডগা, পালামৌ, হাজারীবাগ, ও মানভূম জিলার "রক্ষিত বন" সম্পর্কে।

(ক) নিম্নলিখিত জাতীয় সকল গাছ এই বিজ্ঞাপনের তারিখ অবধি রক্ষিত হইবে, যথা ;—

১।	শাল।	৭।	নিম।
২।	আসান।	৮।	তেঁতুল।
৩।	কুসুম।	৯।	আম।
৪।	কোল্গুযা।	১০।	মহুয়া।
৫।	হড়া।	১১।	খয়র।
৬।	পৈসর।	১২।	করম।

১৩। করঞ্জ।

(খ) এই বিজ্ঞাপনের তারিখ হইতে ও উক্ত আইনের ৩১ ধারামতে যে সকল বিধি প্রণয়ন করা যাইবে তাহার নিয়মাধীনে উক্ত বনের মধ্যে—

(১) পাতর খনন করিয়া তোলা।

(২) চূণ ও কয়লা পোড়ান।

(৩) বনোৎপন্ন কোন দ্রব্য সংগ্রহ কিম্বা কোন শিল্প প্রক্রিয়ায় লাগান বা স্থানান্তর করা।

(৪) কোন ভূমি লাঙ্গল দেওয়া বা চাষ করা কি বাড়ী নির্ম্মাণ করা বা বাগান করা কিম্বা অন্য কোন উদ্দেশ্যে পরিষ্কার করা নিষেধ করা গেল।

সি, ই, বক্‌লাণ্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

JUDICIAL DEPARTMENT.

No. 3589A.

No. 2802*J.—The* 17*th July* 1894.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Nasirabad in the district of Mymensingh, and are vested with the powers of a Magistrate of the third class:—

Babu Chandra Kishore De. | Babu Revati Mohan Datta.
Babu Krishna Sunder Bhomik.

No. 2806*J.—The* 17*th July* 1894.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Magura in the district of Jessore, and are vested with the powers of a Magistrate of the third class:—

Babu Basanta Kumar Bose. | Babu Jogendra Chandra Das.
Babu Kamini Mohan Das Gupta.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

No. 2773*J.—The* 16*th July* 1894.—It is hereby notified under section 15, Act V of 1861, that as the conduct of the inhabitants of village Shamnagar of Nawada thana, in the Sadar sub-division of the Murshidabad district, has rendered it expedient to quarter additional police therein, the Lieutenant-Governor sanctions the entertainment, for a further period of six months, with effect from 19th June 1894, of the following special police force to be quartered in that village for the purpose of keeping the peace there.

The total cost of the police which is shown below will be assessed on, and levied from, the villagers in proportion to their respective means:—

	Rs.	A.	P.
1 Head constable at Rs. 20 per month for six months ...	120	0	0
1 ,, ,, at Rs. 15 ditto ..	90	0	0
2			
4 Constables, 1st grade, at Rs. 9 each per month for six months	216	0	0
4 Constables, 2nd grade, at Rs. 8 each per month for six months	192	0	0
4 Constables, 3rd grade, at Rs. 7 each per month for six months	168	0	0
On account of kits for 14 men at Rs. 11-2-9 each per annum for six months	78	3	3
Pensionary charges at two annas per rupee per head ...	98	4	0
Contingencies at 10 per cent.	78	9	7
Total ...	1,041	0	10

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৫৮৯ A, নম্বর।

২৮০২ জে, নং।—১৮৯৪ সাল ১৭ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা ময়মনসিংহ জিলার অন্তর্গত নসিরাবাদস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু চন্দ্রকিশোর দে। | শ্রীযুত বাবু রেবতীমোহন দত্ত।

শ্রীযুত বাবু কৃষ্ণসুন্দর ভুমিক।

২৮০৬ জে, নং।—১৮৯৪ সাল ১৭ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা যশোহর জিলার অন্তর্গত মাগুরাস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু বসন্তকুমার বসু। | শ্রীযুত বাবু যোগেন্দ্র চন্দ্র দাস।

শ্রীযুত বাবু কামিনীমোহন দাস গুপ্ত।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বিজ্ঞাপন।

২৭৭৩ জে, নং।—১৮৯৪ সাল ১৬ জুলাই।—১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, মুরশিদাবাদ জিলার সদর মহকুমার অন্তর্গত নওয়াদা থানার শ্যামনগর গ্রামের অধিবাসীদের অত্যাচার হেতু তথায় অতিরিক্ত পোলীস রাখা বিহিত হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৯৪ সালের ১৯ জুন হইতে আর ছয় মাসের জন্য উক্ত গ্রামের শান্তি রক্ষার্থ তথায় নিম্নলিখিত বিশেষ পোলীস দল রাখিবার অনুমতি দিলেন।

নিম্ন প্রদর্শিত উক্ত পোলীস দলের মোট খরচ উক্ত গ্রামবাসিদের স্ব স্ব অবস্থানুসারে হারহারীমতে ধার্য্য হইয়া তাহাদের স্থানে আদায় করা যাইবে।

	টাকা।
১। মাসে ২০) টাকা করিয়া ছয় মাসের নিমিত্ত একজন হেড-কনষ্টাবল ...	১২০)
২/২ ,, ১৫) ,, ঐ একজন ঐ	৯০)
প্রত্যেকে ৯) টাকা করিয়া ছয় মাসের নিমিত্ত প্রথম শ্রেণীর চারিজন কনষ্টাবল ...	২১৬)
প্রত্যেকে ৮) ,, ঐ দ্বিতীয় শ্রেণীর চারিজন ঐ ...	১৯২)
প্রত্যেকে ৭) টাকা করিয়া ঐ তৃতীয় শ্রেণীর চারিজন কনষ্টাবল ..	১৬৮)
প্রত্যেক জনের বৎসর ১১/৯ হিসাবে চৌদ্দজন লোকের ছয় মাসের ঝোলার নিমিত্ত	৭৮৶৩
পেনশ্যনের উপলক্ষে টাকায় দুই আনার হিসাবে	৯৮৷০
শত করা ১০) টাকার হিসাবে নৈমিত্তিক খরচ	৭৮৷৵৭
মোট ...	১০৪১(১০

এচ্, জে, এস, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বঙ্গমহিলাগণের রচনার নিমিত্ত বাবু ব্রজমোহন দত্ত স্থাপিত পারিতোষিক।

ইহা স্থিরীকৃত হইয়াছে যে ১৮৯৩-৯৪ অব্দের পারিতোষিক দান কালে ১টি ৮০, টাকা ও আর একটি ৪০, টাকা করিয়া দুইটি পারিতোষিক প্রদত্ত হইবে, "মনুষ্য ও পশুর প্রতি দয়া" বা "শিশুদিগের নীতিশিক্ষা" এই দুইটি বিষয়ের অন্যতরটি অবলম্বন করিয়া প্রবন্ধ রচনা করিতে হইবে।

পারিতোষিক দানের নিয়ম—

(১) বঙ্গমহিলা মাত্রেই পারিতোষিকপ্রার্থিনী হইতে পারিবেন; এতৎসম্বন্ধে বয়সের কোন নিয়ম নাই।

(২) পারিতোষিকপ্রার্থিনীগণকে বঙ্গভাষাতেই হউক বা সংস্কৃত ভাষাতেই হউক কোন একটি নির্দ্দিষ্ট প্রবন্ধ রচনা করিতে হইবে।

(৩) এই বিজ্ঞাপন প্রচারের তারিখ হইতে ছয় মাসের মধ্যে প্রবন্ধগুলি বিচারের জন্য সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির নিকট পাঠাইতে হইবে।

(৪) প্রত্যেক প্রবন্ধের সহিত পারিতোষিকপ্রার্থিনীর স্বামী, পিতা বা অভিভাবককে এই মর্ম্মে পত্র লিখিয়া পাঠাইতে হইবে, যে, তাঁহার বিশ্বাসমতে, রচয়িত্রী, ঐ প্রবন্ধ রচনা কালে, প্রকাশ্য বা অপ্রকাশ্য ভাবে কোন প্রকার সাহায্যই গ্রহণ করেন নাই।

১৮৯৪ অব্দের ৩১শে ডিসেম্বর তারিখের মধ্যে কলিকাতায়, প্রেসিডেন্সি সার্কেলের স্কুল সমূহের ইন্‌স্পেক্টরের আফিসে, সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির সম্পাদক মহাশয়ের নামে এই প্রবন্ধ পাঠাইতে হইবে। এই প্রবন্ধের মোড়কের (কভারের) উপর "ব্রজমোহন দত্ত পারিতোষিকের রচনা" এইরূপ লিখিত থাকিবে। যাঁহার রচনা সর্ব্বোৎকৃষ্ট হইবে কলিকাতা গেজেটে তাঁহার নাম প্রকাশিত হইবে।

যিনি একবার পারিতোষিক প্রাপ্ত হইয়াছেন, তিনি ইচ্ছা করিলে অন্য বৎসর পুনর্ব্বার প্রবন্ধ রচনা করিতে পারেন। যদি তাঁহার রচনা সে বারেও সর্ব্বোৎকৃষ্ট হয়, তাহা হইলে তাঁহার নাম কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে, কিন্তু পারিতোষিক, রচনার গুণানুসারে, তাঁহার পরবর্ত্তিনী মহিলাকে প্রদত্ত হইবে।

যদি বিচারকগণ সর্ব্বোৎকৃষ্ট রচনাটিকেও পারিতোষিকের উপযোগী বলিয়া বিবেচনা না করেন, তাহা হইলে পারিতোষিক প্রদত্ত হইবে না।

কলিকাতা
১১ জুলাই ১৮৯৪

এ, ক্রফট,
বাঙ্গালা দেশের শিক্ষাবিভাগের ডিরেক্টর।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 24, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ২৪ জুলাই।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জিলা চট্টগ্রাম।

ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকের ১৮৯৪ ইং ২৫ যে, সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া খাজানা ও ছেচ আদায়ের নিমিত্ত ১৮৯৪ ইং ২১এ আগষ্ট মোতাবেক ১৩০১ বাং ৬ই ভাদ্র রোজ মঙ্গলবার জিলা চট্টগ্রামের কালেক্টরী কাছারীতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে, সন ১৮৯৪ ইং তারিখ ৩ জুলাই।—

তালুকের নম্বর।	তালুকের নাম।	মালিকের নাম।	বার্ষিক জমা।		বাকীর পরিমাণ।			মন্তব্য।
			খাজানা।	ছেচ।	খাজানা।	ছেচ।	মোট।	
৩/৪০২	থানা বাঁশখালি মৌজা পুইছড়ি মহল নয়াবাদ। তালুক কৃষ্ণরঞ্জিত ...	নিলকমল বহদ্দার ...	৫০০৸৶৬	৭৮৷৷৶৬	১৮৮৸৶৬	২৯।০	২১৮৶৬	সম্পূর্ণ তালুক বিক্রি হইবে।

ISWAR CHANDER NANDI, *Tahsildar.*

জিলা চট্টগ্রাম।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা চট্টগ্রাম।

ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকা সমস্ত ১৮৯৪ ইংরেজির ২৫ মেই সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকীপড়া রাজস্ব ও রোডসেস আদায়ের নিমিত্ত ১৮৯৪ ইংরেজি ২৮ আগষ্ট মোতাবেক ১৩০১ বাঙ্গলা ১৩ ভাদ্র রোজ মঙ্গলবার জিলা চট্টগ্রাম কালেক্টরী কাছারীতে বিনা ওজরে প্রকাশ্যে নিলাম ধরা যাইবেক ইতি সন ১৮৯৪ ইং ১১ জুলাই।

তালুকার নম্বর।	তালুকের নাম ও পরগণা।	মালিকের নাম।	সদর জমা।		বাকীর পরিমাণ।			মন্তব্য।
			খাজানা।	ছেচ।	খাজানা।	ছেচ।	মোট।	
২৬১/২৩৫/৩২৪	মৌজে লক্ষারচর থানে চকরিয়া। তাং মহনলাল স্বকুল হাল তাং ঈশান চন্দ্র-বক্সী।	শ্রীঈশান চন্দ্র বক্সী ...	১৪৭৪.	৬৮৷৷/০	১০৭৪	৪৫৷৷৴৪	১১১৯ ৷৷৴৪	......
৩০৮/১৯৫/৩৯৩	মৌজে হার্ব্বাঙ্গ থানে চকরিয়া। তাং লাল মাহাম্মদ দা-রোগা জামালহোছন চৌং।	শ্রীমতী জামালহোছন চৌধুরিয়া ও আবদুল জব্বর গং।	৯৪১৸৴৬	১৬১।০	১৭৬	২৭৶৯	২০৩৶৯	......

CHITTAGONG COLLECTORATE, The 17th July 1894. [Illegible] *Collector.*

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২॥০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এইং হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধানং ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ॥০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাসুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸০

॥ আধ „ „ ৮৲ বা ডাক মাসুল বিনা ৮৷০

। শিকি „ „ ৪৲ বা ডাক মাসুল বিনা ৪॥০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. Baker,

Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাসুল	,,	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	,,	৪৲
ডাকমাসুল	,,	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	,,	।০
ডাকমাসুল		⁄০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		⁄০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক২ আনা।
ডাকমাসুল		⁄০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাসুল লাগিবে না।

ই, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

IN continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officr or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

12th December 1882.

NOTE.—*Rates of advertisements in the* CALCUTTA GAZETTE.

		Rs.
Full page, per issue	...	20
Half ,, ,, ...	...	10

Casual advertisements— 4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই২।—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা	১০৲
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat

N.B.—Copies are still available

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিস্টার-আট-ল ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম্, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিস্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্লেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

নং ১২৮১ । ১৮৯৩ । ৯৪

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরী সাহেব ... ... অর্থী

১। বিমলা সুন্দরী ২। বিনদা দেব্যা ৩। হরেন্দ্র নাথ রায় ৪। কালীনাথ বন্দ্যোপাধ্যায় ৫। পার্ব্বতি দেব্যা ৬। অম্বিকাচরণ গুহ ৭। গোবিন্দ চন্দ্র পোদ্দার ৮। রাজেন্দ্র কুমার পোদ্দার ৯। ব্রজেন্দ্র লাল রায় ১০। রাধিকালাল রায় ... ... প্রত্যর্থী

২০৪৭ নং মহাল হিং ৵১২ গণ্ডা কৃষ্ণদেবপুর ১৮৯৩ জানুয়ারির ছেহু গং—

দাবী ২১।৵৯

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্ট প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ১৪ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ৩০ ভাদ্র শুক্রবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবেক ইতি সন ১৮৯৪ সাল তারিখ ১৭ জুলাই।

তফসীল।

তৌজীর নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগণা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।

তং কৃষ্ণদেবপুর ২০৪৭ নং জমিদারী হিস্যে ৵১২ গণ্ডা কিং ছাগলা কাচিরচর ষ্টেঃ বরহানদ্দী সদর জমা মঃ ৭০৪/১১ পাই ইহাতে দাইকানের যে স্বত্ব লভ্য আছে তাহা।

[Illegible]
Collector.

(41—1)

INSOLVENCY NOTICE.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of WILLIAM GEORGE HEINS (C. GOULD & Co.), an Insolvent.

NOTICE is hereby given that Saturday, the 4th day of August next, is appointed for the further hearing in this matter for the purpose of declaring a dividend, and that an account in detail of the receipts and disbursements of the Official Assignee, from the 8th day of April 1891 until the 30th day of June 1894, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

The like Notice.—In the matter of HADJEE HADIATOLLAH AND OTHERS, Insolvents. Wherein the account of the Official Assignee, from 31st July 1892 to 30th June 1894, has been filed in the Chief Clerk's Office.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,
Calcutta, 23*rd July* 1894.

A. B. MILLER,
Official Assignee.

(42—1)

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত জেম্‌স পেটি সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।
B 14a—19-7-94—961—180

Numb. 2870 [২৮৭০]

REGISTERED No. 30.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 31, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ৩১ জুলাই।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের, নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

JUDICIAL DEPARTMENT.

No. 3741A.

No. 3632*A.—The* 20*th July* 1894.—Babu Bepin Behari De, Munsif of Kurigaon in the district of Rangpur, is vested temporarily with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50, and with the functions of a District Court under section 26, sub-section 1 of Act VII of 1889 within the local limits of the Kurigaon Munsifi, during the absence, on leave, of Babu Hem Chunder Mitter, or until further orders.

No. 3667*A.—The* 23*rd July* 1894.—Maulvi Abdul Jubbar, Officiating Additional Munsif of Bolpur and Rampur Hát in the district of Birbhum, is appointed to be a Munsif in the district of Faridpur, to be ordinarily stationed at Bhanga, and is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Bhanga Munsifi.

No. 3671*A.—The* 23*rd July* 1894.—Babu Mohendra Lal Goswami, Munsif of Bhanga in the district of Faridpur, is appointed to be a Munsif in the district of Dacca, to be ordinarily stationed at the Sadar station, and is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 100, and with the functions of a District Court under section 26, sub-section 1 of Act VII of 1889, and also with the powers conferred on District Judges by sections 344 to 359 (both inclusive) of the Code of Civil Procedure in cases where the amount of the debts due does not exceed Rs. 1,000 within the local limits of the Dacca Munsifi.

No. 3673*A.—The* 23*rd July* 1894.—Babu Jogendra Nath Ghose, Munsif of Dacca, is appointed to be a Munsif in the district of Murshidabad, to be ordinarily stationed at Azimganj, and is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 100, and also with the functions of a District Court under section 26, sub-section 1 of Act VII of 1889, within the local limits of the Azimganj Munsifi.

No. 3675*A.—The* 23*rd July* 1894.—Babu Ananda Kisor Dutta Roy, Officiating Munsif of Rangpur, is appointed to be a Munsif in the district of Dinajpur, to be ordinarily stationed at Balughat, and is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Balughat Munsifi.

No. 3679*A.—The* 23*rd July* 1894.—Babu Krishna Nath Roy, Munsif of Rangpur, who is now officiating as Subordinate Judge of Khulna in the district of Jessore, is appointed to be a Munsif in the district of Midnapore, to be ordinarily stationed at Contai, and is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 100, and also with the functions of a District Court under section 26, sub-section 1 of Act VII of 1889 within the local limits of the Contai Munsifi. Babu Krishna Nath Roy will continue to act in his present appointment as Subordinate Judge of Khulna until further orders.

No. 3699*A.—The* 23*rd July* 1894.—Babu Chandi Charan Sen, Munsif of Munshiganj in the district of Dacca, is appointed to be a Munsif in the district of the 24-Parganas, to be ordinarily stationed at Alipur, and is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 100 within the local limits of the Alipur Munsifi.

No. 3700*A.—The* 23*rd July* 1894.—Babu Mati Lal Haldar, Munsif of Alipur in the district of the 24-Parganas, is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 100, and also with the powers conferred on District Judges under sections 344 to 359 (both inclusive) of the Code

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৭৪১ A, নম্বর।

৩৬৩২ এ, নং।—১৮৯৪ সাল ২০ জুলাই।—শ্রীযুত বাবু হেমচন্দ্র মিত্রের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, রঙ্গপুর জিলার অন্তর্গত কুড়িগ্রামের মুনসেফ শ্রীযুত বাবু বিপিনবিহারী দে, কুড়িগ্রাম মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে কিয়ৎকালের জন্যে ছোট আদালতের জজের ক্ষমতা এবং ১৮৮৯ সালের ৭ আইনের ২৬ ধারার ১ প্রকরণমতে ডিষ্ট্রিক্ট কোর্টের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে সেই ক্ষমতা পাইলেন।

৩৬৬৭ এ নং।—১৮৯৪ সাল ২৩ জুলাই।—বীরভূম জিলার অন্তর্গত বোলপুর ও রামপুর হাটের একটিং আডিশ্যনল মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জব্বার ফরীদপুর জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ ভাঙ্গায় অবস্থাপিত হইবেন, তিনি ভাঙ্গা মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

X. If during the period a vessel is at the quarantine anchorage aforesaid, any case or cases of plague should occur on board, the said vessel shall remain in quarantine for a period of fifteen days from the date of the last case occurring, and be subject to all the prohibitions provided for in Rule IX.

XI. When any vessel has been placed in quarantine as aforesaid, the Health Officer may direct the removal of so many of the passengers and crew as may not be suffering from illness, and whose services may not be required on board the vessel, to such particular spots as may from time to time be selected by the Port Officer as places of quarantine, there to remain for a period of eight days if under Rule VIII, or if the vessel has been placed in quarantine for fifteen days, for a period of fifteen days. If a case of plague occurs among such passengers and crew during any such period, they shall remain in a place of quarantine for a period of fifteen days from the date of the occurrence of the last case of such illness.

XII. It will be the duty of the Port Officer to facilitate the conveyance to all vessels in quarantine of such supplies of provisions, stores and other articles as may be required by those on board. Such supplies will be placed on the boats of the vessels in quarantine, to be subsequently removed by members of their crews.

C. W. ODLING,
Secy. to the Govt. of Bengal.

REGISTRATION DEPARTMENT.

No. 1986*P.—The* 31*st July* 1894.—Under the provisions of section 7 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor sanctions the opening, as an experimental measure for one year, of an office of Joint Sub-Registrar at Purarchar, having concurrent jurisdiction with the Rural Sub-Registrar of Ulipur, in the sub-division of Kurigram, in the district of Rangpur.

This notification will take effect on and from the 15th August 1894.

No. 1987*P.—The* 31*st July* 1894.—Maulvi Manzoor Ahmed is appointed to be Joint Sub-Registrar of Ulipur at Purarchar, in the district of Rangpur.

No. 1990*P.—The* 31*st July* 1894.—Under section 5 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor sanctions the abolition of the office of the Sub-Registrar of Bikrampur, in the Sadar sub-division of Krishnagar, in the district of Nadia. The two thanas of Kaliganj and Nakasipara, comprised in its jurisdiction, will henceforth be attached to the Sadar sub-district of Krishnagar.

This notification will take effect on and from the 15th August 1894.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

রাজস্ব সম্পর্কীয় কার্য্যবিভাগ—ভূমির রাজস্ব।

৩৭৭৮ এল, আর নং—বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ২৭ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশের প্রজাস্বত্ববিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ১০১ ধারার ২ প্রকরণের (গ) দফামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি এই আজ্ঞা করিলেন যে, বাখরগঞ্জ জিলার অন্তর্গত দক্ষিণ সাহবাজপুর পরগনার ৫২৩১ নং চর নলগোরা মহালের সীমাভুক্ত সমস্ত ভূমি সম্বন্ধে জরীপ করিয়া স্বত্বের লিখন প্রস্তুত করা যায়।

জরীপ ও স্বত্বের লিখনে এইং বিশেষ বৃত্তান্ত লিখিতে হইবে।—

(ক) প্রত্যেক ভূস্বামির নাম ও তাঁহার স্বত্বের ভাব ও পরিমাণ।

(খ) আইনের ১১ অধ্যায়ের নির্দ্দিষ্ট ভূস্বামির নিজ জমির অবস্থান, পরিমাণ ও সীমা।

(গ) প্রত্যেক জন প্রজার নাম।

(ঘ) তিনি যে শ্রেণীর অর্থাৎ তিনি মধ্যস্বত্বাধিকারী কি মোকররী হারে ভূমি ভোগকারি রায়ত কি দখলীস্বত্ববিশিষ্ট কি দখলীস্বত্বশূন্য রায়ত কি কোর্ফা রায়ত এবং তিনি মধ্যস্বত্বাধিকারী হইলে কায়েমী মধ্যস্বত্বাধিকারী কি না ও গবর্ণমেণ্ট তাঁহার মধ্যস্বত্ব গ্রাহ্য করিতে বাধ্য কি না ও তাঁহার মধ্যস্বত্ব থাকন কালে তাঁহার খাজানা বৃদ্ধি হইতে পারে কি না।

(ঙ) তিনি যে ভূমি ভোগ করেন তাহার অবস্থান পরিমাণ ও চৌহদ্দী।

(চ) তাঁহার ভূম্যধিকারীর নাম।

(ছ) দেয় খাজানা।

(জ) যেরূপে ঐ খাজনা ধার্য্য হইয়াছে অর্থাৎ চুক্তিক্রমে বা আদালতের আজ্ঞাক্রমে বা অন্য প্রকারে।

(ঝ) খাজানা ক্রমশঃ বৃদ্ধি হইবার হইলে যে সময়ে ও যে ক্রমে বৃদ্ধি হয়।

(ঞ) প্রজাস্বত্বের বিশেষ কোন নিয়ম ও অনুসঙ্গ থাকিলে তাহা।

সি, ই, বক্‌লাণ্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

৩৮২৬ এল, আর, নং—বিজ্ঞাপন।

নিম্নলিখিত বর্ণনাপত্র সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল :—

সি, ই, বক্‌লাণ্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ৩৯ ধারামতে প্রস্তুত বঙ্গদেশের নানা স্থানের প্রধান উৎপাদ্যখাদ্য শস্যের (খুজরা) দর প্রকাশক ১৮৯৩ সালের বর্ণনাপত্র।

ভাগলপুর খণ্ড।

১	২	৩	৪	৫		৬
জিলা।	স্থান।	যেং বাজারে দর লওয়া গিয়াছে।	প্রধান উৎপাদ্য খাদ্য শস্য।	কোম্পানির ওজনের ৮০ তোলা সেরের টাকায় যত পাওয়া যায়।		মন্তব্য।
				সের।	ছটাক।	
পুরনিয়া ...	সদর মহকুমা ...	কঁশবা ...	গম উচ্চ ভূমি ...	।৪	৫/৬	
			চাউল নিম্নভূমি ...	।৩	๖৵ ১/৩	
	অররিয়া ঐ ...	অররিয়া...	গম উচ্চ ভূমি ...	।৭	০	
			চাউল নিম্নভূমি ..	।৬	๖০	
	কৃষ্ণগঞ্জ ঐ ...	কৃষ্ণগঞ্জ ...	গম উচ্চ ভূমি ...	/৯	๖৶ ১/৬	
			চাউল নিম্নভূমি ...	।৩	๖৶ ১/৩	
মালদহ ...	মালদহ জিলা ...	রহনপুর ...	চাউল ...	।৩	॥৶ ৭/১২	

চট্টগ্রাম খণ্ড।

১	২	৩	৪	৫		৬
জিলা।	স্থান।	যেং বাজারে দর লওয়া গিয়াছে।	প্রধান উৎপাদ্য খাদ্য শস্য।	কোম্পানির ওজনের ৮০ তোলা সেরের টাকায় যত পাওয়া যায়।		মন্তব্য।
				সের	ছটাক।	
চট্টগ্রাম ...	সদর মহকুমা ...	চট্টগ্রাম ...	চাউল ...	১১	৸৵৫	
	কক্সবাজার ঐ ...	কক্সবাজার ...	ঐ ...	১২	।৵	
নওয়াখালী	সদর মহকুমা .	কালীতারাহাট	চাউল ...	১০	৶$\frac{৫}{১২}$	
	ফেনী ঐ ...	ফেনী ...	ঐ ...	১১	॥৶৫	
ত্রিপুরা .	সদর মহকুমা ...	কমিল্লা	চাউল ...	১০	।$\frac{৫}{৬}$	
	ব্রাহ্মণবেড়িয়াঐ ...	ব্রাহ্মণবেড়িয়া	ঐ ...	১০	৵৫	
	চাঁদপুর ঐ ...	চাঁদপুর ...	ঐ ...	১১	৶$\frac{১}{৩}$	

বৰ্দ্ধমান খণ্ড।

জিলা	স্থান	বাজার	শস্য	সের।	ছটাক।	মন্তব্য
বৰ্দ্ধমান ...	সদর মহকুমা ...	বৰ্দ্ধমান	চাউল ...	১২	।$\frac{১১}{১০}$	
	রাণীগঞ্জ ঐ ...	রাণীগঞ্জ ...	ঐ ...	১৩	৵$\frac{৭}{১২}$	
	কাটওয়া ঐ ...	কাটওয়া ...	ঐ ...	১২	।৵$\frac{১}{৬}$	
	কালনা ঐ .	কালনা .	ঐ .	১১	৶$\frac{৫}{৬}$	
মেদিনীপুর	সদর মহকুমা .	মেদিনীপুর ..	চাউল ..	১২	॥৵$\frac{২}{৩}$	
	ঘাটাল ঐ ...	ঘাটাল ...	ঐ .	১২	৸$\frac{১}{৬}$	
	তমলুক ঐ ...	তমলুক ...	ঐ ..	১১	।৶$\frac{১}{৩}$	
	কাঁথি ঐ ...	কাঁথি ...	ঐ ...	১৪	৵$\frac{২}{৩}$	
বীরভূম ...	সদর মহকুমা ...	শিউড়ি ...	চাউল ...	১৩	৸$\frac{১}{৩}$	
	রামপুরহাট ঐ ...	রামপুরহাট ...	ঐ ...	১৩	।১০	
হুগলী ...	সদর মহকুমা ...	হুগলী ...	চাউল ...	১০	।$\frac{১}{৬}$	
	শ্রীরামপুর ঐ ...	ভদ্রেশ্বর ..	ঐ ...	১০	৸$\frac{১১}{১২}$	
	জাহানাবাদ ঐ ...	জাহানাবাদ	ঐ ...	১১	৸৶$\frac{১}{১২}$	
	হাবড়া ঐ .	মহিয়াড়ি ...	ঐ ...	১০	৸(১৫	
	উলুবেড়িয়া ঐ ..	উলুবেড়িয়া	ঐ ...	১০	৸$\frac{১}{৬}$	
বাঁকুড়া ..	সদর মহকুমা ...	বাঁকুড়া ..	চাউল ...	১২	৸৫	
	বিষ্ণুপুর ...	বিষ্ণুপুর ..	ঐ ...	১৩	০$\frac{৫}{৬}$	

রাজশাহী খণ্ড।

১	২	৩	৪	৫		৬
জিলা।	স্থান।	যেং বাজারে দর লওয়া গিয়াছে।	প্রধান উৎপাদ্য খাদ্য শস্য।	কোম্পানির ওজনের ৮০ তোলা সেরের টাকায় যত পাওয়া যায়।		মন্তব্য।
				সের।	ছটাক।	
রাজশাহী	সদর মহকুমা ...	বোয়ালিয়া ...	চাউল ...	।১	।৶০	
	নৌগাঁ ঐ ...	নৌগা ...	ঐ ...	।১	৸৴ $\frac{২}{৩}$	
	নাটোর ঐ ...	নাটোর ...	ঐ ...	।২	৵০	
পাবনা ...	সদর মহকুমা ...	পাবনা ...	চাউল ...	।১	৸৫	
রঙ্গপুর ...	সদর মহকুমা ...	রঙ্গপুর ...	চাউল ..	।১	।৴ $\frac{১১}{১২}$	
	নেলফামারি ঐ ...	নেলফামারি	ঐ ...	।১	৸৵০	
	কুড়িগাঁ ঐ ...	কুড়িগাঁ ...	ঐ ...	।০	।৵ $\frac{৭}{১২}$	
	গাইবান্ধা ঐ ..	গাইবান্ধা ...	ঐ ...	।১	।৴ $\frac{১}{৩}$	
দিনাজপুর .	দিনাজপুর জিলা ...	রেলওয়ে বাজারহাট।	চাউল ...	।৩	৴ $\frac{৭}{১২}$	
বগুড়া ...	বগুড়া জিলা ...	বগুড়া ...	চাউল ...	।২	॥৴ $\frac{৫}{৬}$	

ঢাকা খণ্ড।

১	২	৩	৪	৫		৬
				সের।	ছটাক।	
ঢাকা ...	সদর মহকুমা ...	ঢাকা ...	চাউল ...	।০	॥৴ $\frac{৫}{১২}$	
	নারায়ণগঞ্জ ...	মদনগঞ্জ ...	ঐ ...	।০	৵ $\frac{১}{৬}$	
	মানিকগঞ্জ ...	মানিকগঞ্জ ..	ঐ ...	।০	।৶৫	
	মুন্সীগঞ্জ ঐ ...	মুন্সীরহাট ...	ঐ ...	।০	৶ $\frac{২}{৩}$	
		মীরকাদীম ...	ঐ ...	।০	৵ $\frac{১}{১২}$	
ফরীদপুর ..	সদর মহকুমা ...	ফরীদপুর ...	চাউল ...	।১	০ $\frac{৫}{৬}$	
	গোয়ালন্দ ঐ ...	গোয়ালন্দ ...	ঐ ...	।১	॥৵ $\frac{১}{১২}$	
	মাদারীপুর ঐ ...	মাদারীপুর ...	ঐ ...	।১	৵ $\frac{১}{৩}$	
ময়মনসিংহ	সদর মহকুমা ...	নসিরাবাদ ...	চাউল ...	৴৯	৸৴৫	
	তাজৈল ঐ ...	কাগমারি ...	ঐ ...	।০	। $\frac{৫}{৬}$	
	জামালপুর ঐ ...	জামালপুর ...	ঐ ...	৴৯	॥ $\frac{?}{৬}$	

ঢাকা খণ্ড—শেষ হইল।

১	২	৩	৪	৫		৬
জিলা।	স্থান।	যেং বাজারে দর লওয়া গিয়াছে।	প্রধান উৎপাদ্য খাদ্য শস্য।	কোম্পানির ওজনের ৮০ তোলা সেরের টাকায় যত পাওয়া যায়।		মন্তব্য।
				সের।	ছটাক।	
ময়মনসিংহ	কিশোরগঞ্জ মহকুমা	কিশোরগঞ্জ ..	চাউল ...	।০	৵১/৬	
	নেত্রকোণা ঐ ...	নেত্রকোণা ...	ঐ ...	।১	॥১/৬	
বাখরগঞ্জ	সদর মহকুমা ...	বরিশাল ...	চাউল ..	।০	০৫/৬	
	পটুয়াখালি ঐ ...	পটুয়াখালি ..	ঐ ...	।০	।২/৩	
	পিরোজপুর ঐ ...	পিরোজপুর ...	ঐ ...	।০	৶৫	
	দক্ষিণ সাহাবাজপুর মহকুমা	ভোলা .	ঐ ...	।০	॥২/৩	

রাজধানী খণ্ড।

১	২	৩	৪		৫		৬
					সের।	ছটাক।	
মুরশিদাবাদ	সদর মহকুমা ...	বহরমপুর ..	চাউল ..		।২	॥৴১১/১২	
	কান্দি ঐ .	কান্দি ...	ঐ ...		।৩	৸২/৩	
	জঙ্গিপুর ঐ .	জঙ্গিপুর ..	ঐ ..		।৩	৶১৫	
নদীয়া ..	সদর মহকুমা ...	গোয়াড়ি ...	চাউল ..		।১	॥৴১/১২	
	রাণাঘাট ঐ ...	রাণাঘাট	ঐ ..		।২	।৴১/১২	
	মেহেরপুর ঐ ..	কালিয়াবাজার	ঐ	আমন ..	।১	॥২/৩	
				আশু ...	।১	॥৶২/৩	
	চুয়াডাঙ্গা ঐ ...	চুয়াডাঙ্গা ..	ঐ	আমন ..	।১	॥০	
				আশু ...	।১	॥৴১/৩	
	কুষ্ট্যা ঐ ...	বাহাদুরখালি	ঐ	আমন ...	।১	।০	
				আশু ...	।২	॥০	দুই ত্রৈমসিক গড়।

রাজধানীখণ্ড।—(শেষ হইল)।

১	২	৩	৪	৫		৬
জিলা।	স্থান।	যেং বাজারে দর লওয়া গিয়াছে।	প্রধান উৎপাদ্য খাদ্য শস্য।	কোম্পানির ওজনের ৮০ তোলা সেরের টাকায় যত পাওয়া যায়।		মন্তব্য।
				সের।	ছটাক।	
যশোহর ...	সদর মহকুমা ...	যশোহর ...	চাউল আমন	৷১	৶ ১/৩	
			চাউল আশু	৷১	৵ ১/৬	প্রথম দুই ত্রৈমাসিক গড়।
	নড়াইল ঐ ...	নড়াইল ...	ঐ ...	৷১	৸৫	
	মাগুরা ঐ ...	মাগুরা ...	ঐ আমন ...	৷১	৷৶ ৫/১২	
			ঐ আশু ...	৷০	৷৶ ১/৩	তৃতীয় ত্রৈমাসিক গড়।
	ঝেনিদহ ঐ	ঝেনিদহ ...	ঐ আমন	৷০	৸৶ ১/৩	
			ঐ আশু ...	৷৩	৵ ১/৩	প্রথম ত্রৈমাসিক গড় দর।
	বনগাঁ ঐ ...	বনগাঁ ...	ঐ আমন ..	৴৯	৸৫	
			ঐ আশু ...	৷২	৶ ১/৬	
২৪ পরগনা	সদরমহকুমা ...	চেতলাহাট...	চাউল ...	৷০	৷৷৶ ১/৩	
	বারাসত, দমদমা, ও বারাকপুর মহকুমা	বারাসত ...	ঐ ...	৷০	৶০	
	কলাগাছী মহকুমা	মগ্রাহাট ...	ঐ ...	৷১	৸৶ ৫/১২	
	বশীরহাট মহকুমা	বাদুড়িয়া বরাওন	ঐ ...	৷১	৵৫	
খুলনা ...	সদর মহকুমা	খুলনা ...	ঐ ...	৷১	৷৶ ৫/১২	
	সাতক্ষীরা ঐ ...	সাতক্ষীরা ...	ঐ ..	৷০	৸৫	
	বাগিরহাট ঐ ...	বাগিরহাট...	ঐ ...	৷২	৷ ১১/১২	

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৮৮৭ A, নম্বর।

৩৮১৩ এ, নং।—১৮৯৪ সাল ২৭ জুলাই।—শ্রীযুত বাবু অমৃতলাল পালের ছুটীপ্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ত্রিহুত জিলার অন্তর্গত মধুবনির মুনসেফ শ্রীযুত বাবু কালীকুমার বসু ছোট নাগপুরের অন্তর্গত হাজারিবাগ, লোহারডগা ও পালামৌয়ের সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু কালীকুমার বসু হাজারিবাগ ও রাঞ্চি মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে কিয়ৎকালের জন্যে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

৩০৪০ জে, নং।—১৮৯৪ সাল ২৭ জুলাই।—শ্রীযুত বাবু রায়সত্য মুখোপাধ্যায় মেদিনীপুর জিলার অন্তর্গত তমলুকস্থ স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

অশুদ্ধশোধন।—৩১৪০ জে, নং।—১৮৯৪ সাল ৩১ জুলাই।—১৮৯৪ সালের ১৭ জুলাই তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ২৮৩ পৃষ্ঠায় প্রকাশিত নিম্নপ্রদত্ত নম্বর ও তারিখের বিজ্ঞাপনের পরিবর্ত্তে নিম্নলিখিত বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

২৭৩০ জে, নং।—১৮৯৪ সাল ১০ জুলাই।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের ১৮৯৩ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের আজ্ঞা মতে মুরশিদাবাদ জিলার অন্তর্গত বহরমপুর ও লালবাগস্থ স্বাধীন বেঞ্চের নিম্নলিখিত অবৈতনিক মাজিষ্ট্রেটেরা জিলার মাজিষ্ট্রেট কর্ত্তৃক সমর্পিত মোকদ্দমার বিচার করণার্থে একক বৈঠক করিবার ক্ষমতা পাইলেন।

বরহমপুর স্বাধীন বেঞ্চ।

শ্রীযুত বাবু নীলমণি গঙ্গোপাধ্যায়।
শ্রীযুত বাবু হরিকৃষ্ণ মজুমদার।
শ্রীযুত বাবু রাধিকাচরণ সেন।
শ্রীযুত রায় শ্রীনাথ পাল বাহাদুর।

লালবাগ স্বাধীন বেঞ্চ।

শ্রীযুত রায় সেতাব চাঁদ মহর বাহাদুর।
শ্রীযুত রাজা রণজিৎ সিংহ।
শ্রীযুত বাবু যজ্ঞেশ্বর সরকার।
শ্রীযুত নবাব জৈনুলাবদীন খাঁ বাহাদুর।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

৩১১৫ জে, নং বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ৩০ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মৌলবী মহম্মদ ফজলর রহমানকে লাইসেন্স দিয়া রঙ্গপুর জিলার অন্তর্গত ডিমলা থানার এলাকার মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

৩১১৬ জে, নং—বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ৩০ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কাজীর পদে লোক নিয়োগ করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে শ্রীযুত মৌলবী মহম্মদ ফজলর রহমানকে রঙ্গপুর জিলার

অন্তর্গত ডিমলা থানায় কাজীর পদে নিযুক্ত করিয়া তাঁহাকে সনদ (লাইসেন্স দিলেন। তাঁহার নিকট বিবাহ ও অন্যান্য ক্রিয়াকাণ্ড সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তিনি উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

৩১৩১ জে নং বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ৩০ জুলাই। —শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মৌলবী নসির দ্দীনকে লাইসেন্স দিয়া মেদিনীপুর জিলার অন্তর্গত ভগবানপুর ও খাজরি থানার এলাকার মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

৩১৩২ জে, নং—বিজ্ঞাপন।

১৮৯২ সাল ৩০ জুলাই। —শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কাজীর পদে লোক নিয়োগ করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে শ্রীযুত মৌলবী নসিরুদ্দীনকে মেদিনীপুর জিলার অন্তর্গত ভগবানপুর ও খাজরি থানায় কাজীর পদে নিযুক্ত করিয়া তাঁহাকে সনদ (লাইসেন্স) দিলেন। তাঁহার নিকট বিবাহ ও অন্যান্য ক্রিয়াকাণ্ড সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তিনি উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

এচ্ জে এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী

বঙ্গদেশের গবর্ণমেণ্ট—মেরিন্ ডিপার্টমেণ্ট।

১৮৯৪ সাল ২৭ জুলাই।

মেরিন ৬০ নং বিজ্ঞাপন। —বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭০ সালের ১ আইনের ৩ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিগ্রহণ পূর্ব্বক মড়ক সম্বন্ধে নিম্নলিখিত সংশোধিত কারাণ্টাইন বিধি প্রণয়ন করিলেন।

উক্ত বিধি ১৮৯৪ সালের ১ আগষ্টহইতে কিয়ৎকালের জন্যে কলিকাতা বন্দরে ফলবৎ হইবে।

১। হংকং বা কাণ্টনহইতে আগত বগালো ও অন্যান্য দেশীয় জাহাজ সমেত প্রত্যেক জাহাজের কাপ্তান গঙ্গাসাগরে পঁহুছিলে হল্‌দে নিশান তুলিবেন ও জাহাজ যে বন্দরহইতে আসিয়াছে সিগনাল দ্বারা তাহা জানাইবেন। পশ্চাল্লিখিতমত তাহা নামাইবার অনুমতি না হইলে উক্ত নিশান ও সিগনাল উড্ডীয়মান রাখিবেন। আড়কাটী সাহেব হংকং বা কাণ্টনহইতে আগত জাহাজে গিয়া উপরের নির্দ্দিষ্ট নিশান তোলা না দেখিলে নিশান তুলিবার আদেশ করিবেন।

২। উক্ত কাপ্তান প্রথমে পশ্চাল্লিখিত বিধানক্রমে অনুমতি না পাইয়া তীরের সহিত কিম্বা আড়কাটীর জাহাজহইতে আড়কাটী * যোগাইয়া দেওয়া বোট ছাড়া অন্য কোন জাহাজের বা বোটের সহিত কোনরূপ সংস্রব করিতে দিবেন না উক্ত স্থলে জাহাজে আড়কাটী তাঁহার সুকানি, চাকর ও বস্তাগ্রহণ পর্য্যন্ত সংস্রব করা যাইবে।

* মন্তব্য। কলিকাতা বন্দরে ১০০ টনের অধিক সকল জাহাজের আড়কাটী লইতেই হইবার কথা।

৩। জাহাজে কোন ব্যক্তি পীড়িত থাকিলে সেই পীড়া মড়ক বলিয়া যদি আড়কাটীর বিশ্বাস করিবার কারণ থাকে তাহা হইলে তিনি সাগরহইতে বন্দরের কর্ত্তৃপক্ষের নিকট টেলিগ্রাফ করিবেন ও বন্দরের কর্ত্তৃপক্ষের অনুমতি বিনা কলাগাছীর ওদিকে যাইবেন না।

৪। জাহাজে কোন ব্যক্তি মড়কাক্রান্ত হইয়াছে বলিয়া আড়কাটীর বিশ্বাস করিবার কারণ না থাকিলে তিনি মেটিয়াব্রুজ পর্য্যন্ত নদীর উজান জাহাজ আনিবেন ও স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষ না দেখা পর্য্যন্ত তথায় লঙ্গর করিয়া থাকিবেন।

৫। স্বাস্থ্য সংক্রান্ত কর্ত্তৃপক্ষ মেটিয়াব্রুজে জাহাজ পঁহুছিবার সংবাদ পাইবামাত্র তথায় গিয়া জাহাজ দেখিবেন, এবং জাহাজে কোন ব্যক্তি মড়কাক্রান্ত আছে কি না ও হইয়াছিল কি না জাহাজের কাপ্তানের কিম্বা চিকিৎসকের নিকট অনুসন্ধান করিয়া অথবা অন্য সূত্রে জানিয়া তাহা নির্ণয় করিবেন।

৬। স্বাস্থ্য সংক্রান্ত কর্ত্তৃপক্ষের যদি এমত প্রতীতি হয় যে, হংকং অথবা কাণ্টন বন্দর হইতে জাহাজ ছাড়া অবধি কোন ব্যক্তি মড়কাক্রান্ত নাই কিম্বা মড়কাক্রান্ত হয় নাই ও সিঙ্গাপুরে অন্যান্য জাহাজের ও কূলের সহিত সংস্রব রাখিবার অনুমতি পাইয়া ছিল তাহা হইলে তিনি আরোহিদিগকে নামাইয়া দিতে অনুমতি দিবেন, কিন্তু ডাকের, মালের ও খোলের রোগ বিস্তার শক্তি নিবারণার্থে তিনি যে সকল সাবধানতা অবলম্বন করা আবশ্যক বোধ করেন তাহা না করা পর্য্যন্ত মেটিয়াব্রুজে জাহাজ আটক করিয়া রাখিবেন।

৭। ডাকের, মালের ও খোলের রোগ বিস্তার শক্তি নিবারণার্থে যে সকল সাবধানতা অবলম্বন করা আবশ্যক তাহা করা গিয়াছে তাঁহার এরূপ প্রতীতি জন্মিলে তিনি ডাক ও মাল নামাইয়া দিবার আদেশ করিবেন এবং জাহাজের হলদে নিশান নামাইয়া বন্দরে যাইতে ও কূলের সহিত ও বন্দরস্থ জাহাজের ও বোটের সহিত অবাধে সংস্রব করিতে স্বহস্তে অনুমতি লিখিয়া কাপ্তানকে দেওয়াইবেন।

৮। সিঙ্গাপুরে এই জাহাজের সহিত যদি অন্যান্য জাহাজাদির সংস্রব রাখিবার অনুমতি না হইয়া থাকে কিম্বা যদি তাহাতে উপযুক্ত চিকিৎসক না লওয়া কিম্বা অন্য কোন কারণ প্রযুক্ত স্বাস্থ্য-সংক্রান্ত কর্ত্তৃপক্ষের এ প্রতীতি না হয় যে জাহাজস্থ কোন ব্যক্তি মড়কাক্রান্ত নাই বা যাত্রার মধ্যে মড়কাক্রান্ত হয় নাই তাহা হইলে তিনি কাপ্তানকে বন্দরের কর্ত্তৃপক্ষকর্ত্তৃক উপযুক্তমতে লঙ্গর করিয়া থাকিবার নিমিত্ত মেটিয়াব্রুজে কিম্বা অন্যত্র যে স্থান নির্দ্দিষ্ট হয় সেই স্থানে জাহাজ লইয়া যাইবার আদেশ করিবেন, বন্দরে আগমনের তারিখ অবধি আটদিন কাল সেই স্থানে থাকিবে। ঐ জাহাজ যতকাল পূর্ব্বোক্ত ক্বারাণ্টাইন সূত্রে লঙ্গর করিবার স্থানে থাকে ততকাল নিম্নলিখিত বিধানমতে ভিন্ন ঐ জাহাজ এবং কূল বা বন্দরস্থ অন্যান্য জাহাজ ও বোটের মধ্যে সর্ব্বপ্রকার সংস্রব নিষেধ করিবার নিমিত্ত স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষ কাপ্তানকে আদেশ করিবেন।

৯। বন্দরে জাহাজ উপনীত হইবার সময়ে পূর্ব্বোক্ত ৫ দফামতে কৃত অনুসন্ধানের ফল স্বরূপ স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষের যদি এরূপ বিশ্বাস করিবার কারণ থাকে যে, জাহাজস্থ কোন ব্যক্তি তখন মড়কাক্রান্ত আছে বা যাত্রার মধ্যে মড়কাক্রান্ত হইয়াছে কিম্বা জাহাজ ক্বারাণ্টাইন সূত্রে ৮ ধারামতে মেটিয়াব্রুজে লঙ্গর করিয়া থাকিবার সময়ে যদি কেহ মড়কাক্রান্ত হয় তাহাহইলে তিনি, কলাগাছীতে বা অন্যত্র ক্বারাণ্টাইন সূত্রে লঙ্গর করিয়া থাকিবার কোন স্থানে গিয়া জাহাজ বন্দরে পঁহুছিবার তারিখ অবধি পনের দিন কাল থাকিবার জন্য কাপ্তানকে আদেশ করিবেন, এবং ইহাও আদেশ করিবেন যে, উক্ত পনের দিন কাল এই ধারা বা ৩ ধারামতে আটক রাখা জাহাজের এবং কূলের কিম্বা বন্দরস্থ অপরাপর জাহাজের ও নৌকার মধ্যে সংস্রব বা ২ ধারার বিধানমতে নিষিদ্ধ হইবে।

১০। ক্বারাণ্টাইন সূত্রে লঙ্গর করিয়া থাকিবার পূর্ব্বোক্ত স্থানে কোন জাহাজ থাকিবার সময়ে ঐ জাহাজে কোন ব্যক্তির মড়ক হইলে শেষ ব্যক্তির পীড়ার তারিখ অবধি পনের দিন কাল উক্ত জাহাজের ক্বারাণ্টাইনের নিয়মাধীনে থাকিতে হইবে এবং ৯ ধারার নির্দ্দিষ্ট সমুদয় নিষেধ মান্য করিতে হইবে।

১১। পূর্ব্বোক্তরূপে কোন জাহাজ ক্বারাণ্টাইনের নিয়মাধীনে স্থাপিত হইলে যত জন আরোহী ও মাল্লা পীড়িত হয় নাই ও যাহাদিগকে কর্ম্ম করণার্থে জাহাজে রাখিবার প্রয়োজন নাই, তাহাদিগকে বন্দরের কর্ত্তৃপক্ষ ক্বারাণ্টাইনের স্থান বলিয়া সময়ে২ যে২ বিশেষ স্থান নির্ব্বাচন করেন সেই২ স্থানে লইয়া যাইতে স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষ আদেশ করিতে পারিবেন, জাহাজ সম্বন্ধে ৮ ধারার বিধান খাটান গিয়া থাকিলে তথায় তাহাদের আট দিন কাল থাকিতে হইবে। জাহাজ যদি পনের দিন কাল ক্বারাণ্টাই-নের নিয়মাধীনে স্থাপিত হইয়া থাকে তাহা হইলে পনের দিন কাল থাকিতে হইবে, উক্ত কালের মধ্যে উক্ত আরোহী ও মাল্লাদের মধ্যে কেহ মড়কাক্রান্ত হইলে, শেষ ঐরূপ পীড়া হইবার তারিখ অবধি পনের দিন তাহাদের ক্বারাণ্টাইন করিবার কোন স্থানে থাকিতে হইবে।

১২। যে সকল জাহাজ ক্বারাণ্টাইনের নিয়মাধীনে থাকে সেই সকল জাহাজস্থ ব্যক্তিদের প্রয়ো-জনমত খাদ্য ও অন্যান্য দ্রব্য উক্ত সকল জাহাজে লইয়া যাইবার সুবিধা করিয়া দেওয়া বন্দরের কর্ত্তৃপক্ষের কর্ত্তব্য। ক্বারাণ্টাইনের অধীন জাহাজের বোটে ঐ দ্রব্য রক্ষিত হইবে ও পরে মাল্লারা তাহা উঠাইয়া লইয়া যাইবে।

সি, ডবলিউ, অডলিং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সক্রেটরী।

১৮৯৪ সাল ২৭ জুলাই।

মেরিন ৬১ নং বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭০ সালের ১ আইনের ১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিগ্রহণ পূর্ব্বক মড়ক সম্বন্ধে নিম্নলিখিত সংশোধিত কারান্টাইন বিধি প্রণয়ন করিলেন।

উক্ত বিধি ১৮৯৪ সালের ১ আগষ্টহইতে কিয়ৎকালের জন্যে চট্টগ্রাম বন্দরে ফলবৎ হইবে।

১। হংকং বা কান্টন হইতে আগত বগালো ও অন্যান্য দেশীয় জাহাজ সমেত প্রত্যেক জাহাজের কাপ্তান নর্ম্মান্‌স পয়ন্টে পঁহুছিলে হল্‌দে নিশান তুলিবেন ও জাহাজ যে বন্দর হইতে আসিয়াছে সিগনাল দ্বারা তাহা জানাইবেন। পশ্চাল্লিখিতমত তাহা নামাইবার অনুমতি না হইলে উক্ত নিশান ও সিগনাল উড্ডীয়মান রাখিবেন। আড়কাটী সাহেব হংকং বা কান্টনহইতে আগত জাহাজে গিয়া উপরের নির্দ্দিষ্ট নিশান তোলা না দেখিলে নিশান তুলিবার আদেশ করিবেন।

২। উক্ত কাপ্তান প্রথমে পশ্চাল্লিখিত বিধানক্রমে অনুমতি না পাইয়া তীরের সহিত কিম্বা আড়কাটী যোগাইয়া দেওয়া বোট ছাড়া অন্য কোন জাহাজের বা বোটের সহিত কোনরূপ সংস্রব করিতে দিবেন না। উক্ত স্থলে জাহাজে আড়কাটী গ্রহণের সংস্রব থাকিবে।

৩। জাহাজে কোন ব্যক্তি পীড়িত থাকিলে, সেই পীড়া মড়ক বলিয়া যদি আড়কাটীর বিশ্বাস করিবার কারণ থাকে তাহা হইলে তিনি বন্দরের কর্ত্তৃপক্ষের নিকট সিগনাল করিবেন ও বন্দরের কর্ত্তৃপক্ষের অনুমতি বিনা ঔটার বার বয়ার ওদিকে যাইবেন না।

৪। জাহাজে কোন ব্যক্তি মড়কাক্রান্ত হইয়াছে বলিয়া আড়কাটীর বিশ্বাস করিবার কারণ না থাকিলে, তিনি জলদিয়া পর্য্যন্ত নদীর উজান জাহাজ আনিবেন, ও স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষ না দেখা পর্য্যন্ত তথায় লঙ্গর করিয়া থাকিবেন।

৫। স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষ জলদিয়ায় জাহাজ পঁহুছিবার সংবাদ পাইবামাত্র তথায় গিয়া জাহাজ দেখিবেন এবং জাহাজে কোন ব্যক্তি মড়কাক্রান্ত আছে কি না ও হইয়াছিল কি না কাপ্তানের কিম্বা চিকিৎসকের নিকট অনুসন্ধান করিয়া বা অন্য সূত্রে জানিয়া তাহা নির্ণয় করিবেন।

৬। স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষের যদি এমত প্রতীতি হয় যে, হংকং অথবা কান্টনহইতে জাহাজ ছাড়া অবধি কোন ব্যক্তি মড়কাক্রান্ত নাই, কিম্বা মড়কাক্রান্ত হয় নাই এবং সিঙ্গাপুরে অন্যান্য জাহাজের ও কূলের সহিত সংস্রব রাখিবার অনুমতি পাইয়াছিল, তাহা হইলে, তিনি আরোহিদিগকে নামাইয়া দিতে অনুমতি দিবেন, কিন্তু ডাকের, মালের ও খোলের রোগ বিস্তার শক্তি নিবারণার্থে তিনি যে সকল সাবধানতা অবলম্বন করা আবশ্যক বোধ করেন তাহা না করা পর্য্যন্ত জলদিয়ায় জাহাজ আটক করিয়া রাখিবেন।

৭। ডাকের, মালের ও খোলের রোগ বিস্তার শক্তি নিবারণার্থে যে সকল সাবধানতা অবলম্বন করা আবশ্যক তাহা করা গিয়াছে. তাঁহার এরূপ প্রতীতি জন্মিলে তিনি ডাক ও মাল নামাইয়া দিবার আদেশ করিবেন এবং জাহাজের হলদে নিশান নামাইয়া বন্দরে যাইতে ও কূলের সহিত ও বন্দরস্থ জাহাজের ও বোটের সহিত অবাধে সংস্রব করিতে তিনি স্বহস্তে অনুমতি লিখিয়া কাপ্তানকে দিবেন।

৮। সিঙ্গাপুরে এই জাহাজের সহিত যদি অন্যান্য জাহাজাদির সংস্রব করিবার অনুমতি না হইয়া থাকে, কিম্বা তাহাতে যদি উপযুক্ত চিকিৎসক না লওয়া অথবা অন্য কোন কারণ প্রযুক্ত স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষের এ প্রতীতি না হয় যে, জাহাজস্থ কোন ব্যক্তি তখন মড়কাক্রান্ত নাই বা মড়কাক্রান্ত হয় নাই তাহা হইলে বন্দরের কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক উপযুক্ত মতে লঙ্গর করিয়া থাকিবার নিমিত্ত জলদিয়ায় বা অন্যত্র যে স্থান নির্দ্দিষ্ট হয় সেই স্থানে তিনি কাপ্তানকে জাহাজ লইয়া যাইবার আদেশ করিবেন, বন্দরে আগমনের তারিখ অবধি আটদিন কাল সেই স্থানে থাকিতে হইবে। ঐ জাহাজ যতকাল পূর্ব্বোক্ত কারান্টাইন সূত্রে লঙ্গর করিবার স্থানে থাকে ততকাল নিম্নলিখিত বিধানমতে ভিন্ন ঐ জাহাজ এবং কূল বা বন্দরস্থ অন্যান্য জাহাজ ও বোটের মধ্যে সর্ব্বপ্রকার সংস্রব নিষেধ করিবার নিমিত্ত স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষ কাপ্তানকে আদেশ করিবেন।

৯। বন্দরে জাহাজ উপনীত হইবার সময়ে পূর্ব্বোক্ত ৫ দফামতে কৃত অনুসন্ধানের ফল স্বরূপ স্বাস্থ্য সংক্রান্ত কর্ত্তৃপক্ষের যদি এরূপ বিশ্বাস করিবার কারণ থাকে যে জাহাজস্থ কোন ব্যক্তি তখন মড়কাক্রান্ত আছে বা যাত্রার মধ্যে মড়কাক্রান্ত হইয়াছে কিম্বা, জাহাজ কারান্টাইন সূত্রে ৮ ধারামতে জলদিয়ায় বা অন্য কোন স্থানে লঙ্গর করিয়া থাকিবার সময়ে যদি কেহ মড়কাক্রান্ত হয় তাহা হইলে তিনি ঔটার বার বয়ার বহির্ভূত বা অন্যত্র কারান্টাইনসূত্রে লঙ্গর করিয়া থাকিবার স্থানে বন্দরে উপনীত হইবার তারিখ অবধি পনের দিন কাল থাকিবার জন্য কাপ্তানকে আদেশ করিবেন এবং ইহাও আদেশ করিবেন যে, এই ধারা বা ৩ ধারামত আটক রাখা জাহাজের এবং কূলের কিম্বা বন্দরস্থ অপরাপর জাহাজের ও নৌকার মধ্যে সংস্রব ২ ধারার বিধানমতে উক্ত পনের দিন কাল নিষিদ্ধ হইবে।

১০। কারাণ্টাইন সূত্রে লঙ্গর করিয়া থাকিবার পূর্ব্বোক্ত স্থানে কোন জাহাজ থাকিবার সময়ে ঐ জাহাজে কোন ব্যক্তির মড়ক হইলে শেষ ব্যক্তির পীড়ার তারিখ অবধি পনের দিন কাল উক্ত জাহাজের কারাণ্টাইনের নিয়মাধীনে থাকিতে হইবে এবং ৯ ধারার নির্দ্দিষ্ট সমুদায় নিষেধ মান্য করিতে হইবে।

১১। পূর্ব্বোক্তরূপে কোন জাহাজ কারাণ্টাইনের নিয়মাধীনে স্থাপিত হইলে যত জন আরোহী ও মাল্লা পীড়িত হয় নাই ও যাহাদিগকে কর্ম্ম করণার্থে জাহাজে রাখিবার প্রয়োজন নাই, তাহাদিগকে বন্দরের কর্ত্তৃপক্ষ কারাণ্টাইনের স্থান বলিয়া সময়েং যেং বিশেষ স্থান নির্ব্বাচন করেন সেইং স্থানে লইয়া যাইতে স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষ আদেশ করিতে পারিবেন, জাহাজ সম্বন্ধে ৮ ধারার বিধান খাটান গিয়া থাকিলে তথায় তাহাদের আট দিন কাল থাকিতে হইবে। জাহাজ যদি পনের দিন কাল কারাণ্টাইনের নিয়মাধীনে স্থাপিত হইয়া থাকে তাহা হইলে পনের দিন কাল থাকিতে হইবে, উক্ত কালের মধ্যে উক্ত আরোহী ও মাল্লাদের মধ্যে কেহ মড়কাক্রান্ত হইলে, শেষ ঐরূপ পীড়া হইবার তারিখ অবধি পনের দিন তাহাদের কারাণ্টাইন করিবার কোন স্থানে থাকিতে হইবে।

১২। যে সকল জাহাজ কারাণ্টাইনের নিয়মাধীনে থাকে সেই সকল জাহাজস্থ ব্যক্তিদের প্রয়োজনমত খাদ্য ও অন্যান্য দ্রব্য উক্ত সকল জাহাজে লইয়া যাইবার সুবিধা করিয়া দেওয়া বন্দরের কর্ত্তৃপক্ষের কর্ত্তব্য। কারাণ্টাইনের অধীন জাহাজের বোটে ঐ দ্রব্য রক্ষিত হইবে ও পরে মাল্লারা তাহা উঠাইয়া লইয়া যাইবে।

সি, ডবলিউ, অডলিং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টেরসেক্রেটরী।

রেজিষ্টরীকরণ সম্পর্কীয় কার্য্যবিভাগ।

১৯৮৬ পি, নং।—১৮৯৪ সাল ৩১ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৭ ধারার বিধানমতে পুরারচরে পরীক্ষার্থ এক বৎসরের নিমিত্ত জাইণ্ট সব-রেজিষ্ট্রারের এক আফিস খুলিবার অনুমতি দিলেন ; উক্ত আফিসের এলাকা রঙ্গপুর জিলার অন্তর্গত কুড়িগ্রাম মহকুমার অলিপুরের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের এলাকার সমান হইবে।

এই বিজ্ঞাপন ১৮৯৪ সালের ১৫ আগষ্ট হইতে ফলবৎ হইবে।

১৯৮৭ পি, নং।—১৮৯৪ সাল ৩১ জুলাই।—শ্রীযুত মৌলবী মনজুর আহম্মদ, রঙ্গপুর জিলার অন্তর্গত পুরারচরে অলিপুরের জাইণ্ট সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

১৯৯০ পি, নং।—১৮৯৪ সাল ৩১ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারামতে নদীয়া জিলার অন্তর্গত কৃষ্ণনগর সদর মহকুমার সামিল বিক্রমপুরের সব-রেজিষ্টরী আফিস উঠাইয়া দিবার অনুমতি দিলেন। উক্ত আফিসের এলাকাভুক্ত কালীগঞ্জ ও নাকাসিপাড়া দুই থানা এই অবধি কৃষ্ণনগর সদর সব-ডিষ্ট্রিক্টে সংযুক্ত হইবে।

এই বিজ্ঞাপন ১৮৯৪ সালের ১৫ আগষ্ট অবধি ফলবৎ হইবে।

এচ্, জে, এস্, কটন্
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৪ সাল ৭ আগষ্ট।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৯৪ সালের ১২ই জুলাই তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা হইয়াছিল।

১৮৯৪ সালের ৮ নম্বর।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের কোন কোন ধারা সংশোধন করণার্থ এবং পঞ্জাবের আইন বিষয়ক ১৮৭২ সালের আইনের কোন কোন ধারা রহিত করণার্থ আইনের পাণ্ডুলিপি।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের কোন কোন ধারা সংশোধন করা এবং পঞ্জাবের আইন বিষয়ক আইনের কোন কোন ধারা রহিত করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত মত বিধান করা গেল।—

১৮৮২ সালের ১৪ আইনের ৩৯ ধারা সংশোধন করিবার কথা।

১ ধারা। উক্ত আইনের ৩৯ ধারার তৃতীয় পারাগ্রাফে "রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত কোন হাই কোর্টের" এই শব্দগুলির পর এবং "আডবোকেটকে" এই শব্দের পূর্ব্বে "কিম্বা পঞ্জাবের চীফ কোর্টের" এই শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১৮৮২ সালের ১৪ আইনের ১৮০ ধারা সংশোধন করিবার কথা।

২ ধারা। উক্ত আইনের ১৮০ ধারার প্রথম ও দ্বিতীয় পারাগ্রাফের পরিবর্ত্তে নিম্নলিখিত পারাগ্রাফ দুইটী বসিবে অর্থাৎ :—

"অপর পক্ষ তখন মোকদ্দমার নিজ পক্ষের কথা বলিয়া কোন প্রমাণ থাকিলে তাহা উপস্থিত করিবেন এবং তাহার পর সাধারণ ভাবে সমস্ত মোকদ্দমা সম্বন্ধে আদালতকে আপন ব্যক্তব্য বলিতে পারিবেন।

"যে পক্ষ আরম্ভ করেন তিনি তাহার পর সাধারণ ভাবে সমস্ত মোকদ্দমা সম্বন্ধে প্রত্যুত্তর করিতে পারিবেন।"

১৮৮২ সালের ১৪ আইনের ২৬০ ধারায় যোগ করিবার কথা।

৩ ধারা। উক্ত আইনের ২৬০ ধারার প্রথম পারাগ্রাফের পর নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে, অর্থাৎ:—

"কিন্তু হুকুমের মধ্যে লিখিয়া নির্দ্দেশ করিতে হইবে এমন পর্য্যাপ্ত হেতুতে আদালত দাম্পত্যস্বত্ব পুনঃ প্রদানের ডিক্রী প্রতিবাদীকে কারাবদ্ধ করিয়া জারী

A Bill to amend certain sections of the Code of Civil Procedure and to repeal certain sections of the Punjab Laws Act, 1872.

করিতে আদেশ করা উপযুক্ত বিবেচনা না করিলে ঐরূপ ডিক্রী ঐরূপে জারী করা হইবে না।

১৮৮২ সালের ১৪ আইনের ৫৪৮ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৪ ধারা। উক্ত আইনের ৫৪৮ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসিবে অর্থাৎ :—

আপীলের মর্ম্মাত্মক পত্র রেজিষ্টরী করিবার কথা।

"৫৪৮ ধারা। আপীলের মর্ম্মাত্মক পত্র গ্রাহ্য হইলে যতগুলি রেস্‌পণ্ডেণ্ট থাকে আপীলাণ্ট শাদা কাগজে উহার ততগুলি নকল উপস্থিত করিবেন।

"আপীল আদালতের প্রধান আমলা বা অপর উপযুক্ত কর্ম্মচারী পরীক্ষা করিয়া ঐ আপীলের মর্ম্মাত্মকপত্র ও নকলগুলি শুদ্ধ দেখিলে ঐ গুলিতে স্বাক্ষর করিবেন এবং ঐ গুলির পৃষ্ঠে উপস্থিত করিবার তারিখ লিখিবেন এবং তাহার পর আপীল রেজিষ্টরী করিবার নিমিত্ত যে বহী রাখা হইবে তাহাতে ঐ আপীল রেজিষ্টরী করিবেন।

"ঐ বহীকে আপীলের রেজিষ্টরী বহী বলা যাইবে।"

১৮৮২ সালের ১৭ আইনের ৫৫৩ ধারায় যোগ করিবার কথা।

৫ ধারা। উক্ত আইনের ৫৫৩ ধারার শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে, অর্থাৎ :—

"কোন রেস্‌পণ্ডেণ্ট কিম্বা তাঁহার উকীলের উপর এই ধারানুসারে যে নুটিস জারী করা হয় তাহার সঙ্গে ৫৪৮ ধারার লিখিত আপীলের মর্ম্মাত্মকপত্রের নকলের একখানি দিতে হইবে।"

পঞ্জাবের আইন বিষয়ক আইনের ১৭ ও ১৮ ধারা রহিত করিবার কথা।

৬ ধারা। ১৮৭৮ সালের ১২ আইনের দ্বারা সংশোধিত পঞ্জাবের আইন বিষয়ক ১৮৭২ সালের আইনের ১৭ ও ১৮ ধারা এতদ্দ্বারা রহিত করা গেল।

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের কোন কোন ধারানুসারে কার্য্য করিতে যে কয়েকটী অসুবিধা উপস্থিত হয় বলিয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টকে সময়ে সময়ে জানান হইয়াছে তাহা দূর করাই এই পাণ্ডুলিপি খানির প্রধান উদ্দেশ্য।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২১৪ ধারার প্রতি দৃষ্টি করিলে পঞ্জাবের আইন বিষয়ক আইনের ১৭ ও ১৮ ধারা আর আবশ্যক হইতেছে না এই হেতুতে এবং কোন কোন স্থলে ঐ দুইটী ধারা কষ্টের কারণ হইতে পারে এই হেতুতে ও পঞ্জাবের চীফ কোর্ট ও লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ দুটী ধারা রহিত করিতে বলিয়াছেন।

১০ই জুলাই ১৮৯৪ সাল।

আলেক্‌জাণ্ডার এড্‌ওয়ার্ড্‌ মিলার।

এস্‌, হার্বি জেম্‌স্‌,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 7, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ৭ আগষ্ট।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইস্তাহার।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জিলা চট্টগ্রাম।

ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালেব ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকের ১৮৯৪ ইং ২৫ মে, সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া খাজানা ও ছেচ আদায়ের নিমিত্ত ১৮৯৪ ইং ২১এ আগষ্ট মোতাবেক ১৩০১ বাং ৬ই ভাদ্র রোজ মঙ্গলবার জিলা চট্টগ্রামের কালেক্টরী কাছারীতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে, সন ১৮৯৪ ইং তারিখ ৩ জুলাই।—

তালুকের নম্বর।	তালুকের নাম।	মালিকের নাম।	বার্ষিক জমা।		বাকীর পরিমাণ।			মন্তব্য।
			খাজানা।	ছেচ।	খাজানা।	ছেচ।	মোট।	
৩ ৪০২	থানা বাঁশখালি মৌজা পুইছড়ি মহল নয়াবাদ। তালুক কৃষ্ণরঞ্জিত ...	নিলকমল বহদ্দার ...	৫০০৸৵৬	৭৮৷৷৵৬	১৮৮৸৵৬	২৯৷০	২১৮৵৬	[illegible]

ISWAR CHANDER NANDI, *Tahsildar.*

জিলা চট্টগ্রাম।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা চট্টগ্রাম।

ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকা সমস্ত ১৮৯৪ ইংরেজির ২৫ মেই সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকীপড়া রাজস্ব ও রোডসেস আদায়ের নিমিত্ত ১৮৯৪ ইংরেজি ২৮ আগষ্ট মোতাবেক ১৩০১ বাঙ্গলা ১৩ ভাদ্র রোজ মঙ্গলবার জিলা চট্টগ্রাম কালেক্টরী কাছারীতে বিনা ওজরে প্রকাশ্যে নিলাম ধরা যাইবেক ইতি সন ১৮৯৪ ইং ১১ জুলাই।

তালুকার নম্বর।	তালুকের নাম ও পরগণা।	মালিকের নাম।	সদর জমা।		বাকীর পরিমাণ।			মন্তব্য।
			খাজানা।	ছেচ।	খাজানা।	ছেচ।	মোট।	
২৬১ ২৩৫ ৩২৪	মৌজে লক্ষারচর থানে চকরিয়া। তাং মহনলাল স্বরুপ হাল তাং ঈশান চন্দ্র-বক্সী।	শ্রীঈশান চন্দ্র বক্সী .	১৪৭৪	৬৮৷৷৴০	১০৭৪	৪৫৷৷৶৪	১১১৯ ৷৷৶৪	......
৩০৮ ২৯৫ ৩৯৩	মৌজে হারবাঙ্গ থানে চকরিয়া। তাং লাল মাহাম্মদ দারোগা জামালহোছন চৌং।	শ্রীমতী জামালহোছন চৌধুরিয়া ও আবদুল জব্বর গং।	৯৪১৸৶৬	১৬১৷০	১৭৬	··৵৯	২০৩৵৯	......

CHITTAGONG COLLECTORATE,
The 17th July 1894,

[Illegible]
Collector.

জেলা ত্রিপুরা।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ত্রিপুরা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৪ ইং ২১শে সেপ্টেম্বর ১৩০১ বাং ৬ আশ্বিন শুক্রবার বেলা ১২ ঘটিকার সময় নিলামে বিক্রয় করা যাইবে। যেস্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না ১৮৯৪ ইং।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা এর অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৩২ / ৩	চন্দ্রনারায়ণ ঘোষ তালুক তপে বড়িকান্দী।	১১০৪)	......	খারিজা ॥৶১৬। = ২ দস্তি।	শ্রীমতী মঞ্জুরাভানু বিবি।	৮১৫দ৫ পাই।	......	কিং লাং জ্যৈষ্ঠ ১৩০১ সন বাং ১৪৫ দ/৪ (৮ক্রান্ত।
৯১	হোমনাবাদ পরগণার ১।/৩ দস্তি।	৫১১॥৶৬	পুরা মহাল	.. ..	মাহাম্মদ গাজী চৌধুরী।	......	বাকী কিং জ্যৈষ্ঠ ১৩০১ সন বাং ৪৬দ৶০	...
১৬৭	মহিচাইল পরগণার ৵০ আনা কিং।	৮১৬।৵১০	ঐ	... ..	মুনশী গোলাম মওলা	......	বাকী লাং কিং জ্যৈষ্ঠ ১৩০১ বাং ৭৬দ১০	...
৩৩৬ / ১	রাজারাম, রামভদ্র রায় তালুক তপে বড়িকান্দী।	১২৫৪।৶	......	অবশিষ্ট দ১৮(১, ১ দস্তি।	শ্রীমতী মঞ্জুরাভানু বিবি গং।	১০১১।৵৮ (১৮	......	লাং কিং মে ১৮৯৪ ইং ১০০।৫(১৪
৪৫৫	কান্সাই গোবিন্দপুর জোয়ার পরগণা বরদাখাত।	৩৫৬০)	পুরামহাল	.....	শ্রীমতী মঞ্জুরাভানু বিবি।	......	বাকী ১৮৯৪।৯৫ ইং কিং মার্চ্চ ৬৬০দ০	......
১৯২৫	উত্তর সাহাপুর নগরের কান্দিচর ২১১ নং ১৮১৯ সালের ২কানুনের ডিক্রী।	১২৯৬॥৵৯	ঐ	.. ...	শ্রীঈশান চন্দ্র দত্ত ভৌমিক গং।	......	খাজানা বাকী কিং মার্চ্চ ১৮৯৪ ইং ১১৮৵১০ মালিকানা ৩।/৪ ১২১॥২	ইস্তক ১২৯৪ লাং ১৩০৪ সন ১১ বৎসরের ম্যাদা মালিকী স্বত্ব;

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৯৩৩	পরগনা বরদাখাত হিং ॥৶১৩।—ক্রান্ত রহিমপুর মৌজা রামহরি দাস তালুক।	১০৭৭।৶৮	পুরামহাল	... ..	গিরিশ চন্দ্র চক্রবর্ত্তী গং।	......	খাজানা লাং কিং মার্চ্চ ১৮৯৪ ইং ২০২॥/৮	ইস্তক ১২৯১ লাং ১৩০৪ সন ১... বৎসর ম্যাদী তালুক
১৯৩৩	পরগনা বরদাখাত হিং ॥৶১৩।—ক্রান্ত দৌলতপুর জোয়ার তপে কুড়িখাই।	১৪৩৬৶০	ঐ	. ...	মহেশ চন্দ্র চক্রবর্ত্তী গং।	......	খাজানা লাং কিং মার্চ্চ ১৮৯৪ ইং ১৪৫।৶০	ইস্তক ১২৬১ লাং ১...১০ সন ৫০ বৎসর ম্যাদী তালুক

[Illegible]
Dy. Collector.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs.* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপারিন্টেণ্ডেন্টের নিকট গবর্ণমেন্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২॥০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপারিন্টেণ্ডেন্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হার ছাড়া চারি ঔন্স টিনের ।০, আট ঔন্স টিনের ॥০ ও এক পৌণ্ড টিনের ৸০ ডাক মাশুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেন্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন ১৬৲ বা ডাক মাসুল বিনা ১৬৸০
॥ আধ „ „ ৮৲ বা ডাক মাসুল বিনা ৮৷৷০
। শিকি „ „ ৪৲ বা ডাক মাসুল বিনা ৪৷৷০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেন্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিন্টেণ্ডেন্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

For the Mufassal.

	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum.
Postage	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI ...	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. Baker,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটের মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে

		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাসুল	„	২৷৷০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	„	৪৲
ডাকমাসুল	„	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	„	।০
ডাকমাসুল		৴০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		৴০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাসুল		৴০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাসুল লাগিবে না।

ই, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

IN continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount

C. W. BOLTON.
Under Secretary to the Govt. of Bengal

13th December 1882.

NOTE.—*Rates of advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half „ „ . .	10

Casual advertisements—4 annas per line

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই।—

	টাকা।
পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০
আধ পৃষ্ঠা	১০
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

---

৩০ নং ১৮৯৪।৯৫।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরী সাহেব .. ... অর্থী

আজিমদ্দীন আহামদ তালুকদার .. .. প্রত্যর্থী

৪৫৪৫ নং নিসানবাড়ীয়া আবাদ ১৮৯৪ কিং মার্চ্চের খাজানা।

দাবী ২১৪৮৸৶৹ আনা।

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্ট প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ২৬ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ১১ আশ্বিন বুধবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক; যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবেক ইতি সন ১৮৯৪ সাল তারিখ ৩০ জুলাই।

তফসীল।

তৌজীর নম্বর।	সাধারণ রেজিষ্টরির নম্বর।	নাম পরগণা ও মহাল।	সদর জমা কোম্পানী তঙ্কা।

৪৫৪৫ নং নিসানবাড়ীয়া আবাদ মৌজে নিসান বাড়ীয়া ষ্টেঃ গলাচিপা সদর জমা ২৪৪৩৶৹ আনা এহাতে দাইকের যে স্বত্ব লভ্য আছে তাহা।

[Illegible]
Collector.

(16—I)

৩৯ নং ১৮৯৪। ৯৫।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরী সাহেব ... ... অর্থী

১। অন্নদাসুন্দরী ২। মধুসূদন গুপ্ত ৩। শ্যামাচরণ গুপ্ত ৪। গুরুপ্রসন্ন গুপ্ত ৫। তারাসুন্দরী জাং রামকানাই দাস ... ... প্রত্যর্থী

পং দক্ষিণ সাহাবাজপুর ২৭৪৯ নং মহাল কিং মার্চ্চের ছেহ্।

দাবী ২৯৷৷৶৩

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্টের প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ২৭ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ১২ আশ্বিন বৃহস্পতিবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক যে কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারিতে উপস্থিত হইয়া ক্রয় করিবে ইতি সন ১৮৯৪ সাল তারিখ ৩১ জুলাই।

তফসীল।

তৌজিব নম্বব।	সাধাবণ বেজিষ্টেবিব নম্বব।	নাম পবগণা ও মহাল।	সদব জমা কোম্পানী তঙ্কা।

পং উত্তর সাহাবাজপুর ২৭৪৯ নং দুর্গাগঙ্গেশ্বর তালুক হিং ৷৷৹ আনা কিঃ লক্ষ্মীপুরা গং ষ্টেঃ বরহানদ্দী সদর জমা ৫০১৮৲ টাকা ইহাতে দাইকানের যে স্বত্ব লভ্য আছে তাহা।

[Illegible]
Collector.
(46—1)

---

৫১ নং।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা বাখরগঞ্জ।

গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরী সাহেব ... ... অর্থী

মৃত খাজে আমজেদ আলির ওয়ারিস খাজে আরসেদ আলি . ... প্রত্যর্থী

৪৫৬৪ নং মহালের কিং মার্চ্চের ছেচ।

দাবী ৩৯৷৷৴৯

উক্ত প্রত্যর্থীগণের নিম্নের লিখিত জায়দাদে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলামের দ্বারা গবর্ণমেণ্ট প্রাপ্য উক্ত দাবীর টাকা আদায় কারণ ১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারামতে এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ১৮৯৪ সালের ২৭ সেপ্টেম্বর মোতাবেক বাঙ্গালা ১৩০১ সালের ১২ আশ্বিন বৃহস্পতিবার দিবস অত্র কালেক্টরী কাছারীতে নিলাম হইবেক কেহ খরিদের ইচ্ছা রাখহ নিরূপিত সময়ে উক্ত কাছারীতে উপস্থিত হইয়া ক্রয় করিবেক ইতি সন ১৮৯৪ সাল তারিখ ২৮ জুলাই।

তফসীল।

তৌজিব নম্বব।	সাধাবণ বেজিষ্টেবীব নম্বব।	নাম পবগণা। ও মহাল।	সদব জমা কোম্পানি তঙ্কা।

১। তপ্পে সুলতানাবাদ ৩৫৬৪ নং মালদার খা তাং সদর জমা ১০৫৩৲ টাকা কিং নোহালিয়া গং ষ্টেঃ বাউফল এহাতে দাইকের যে স্বত্ব লভ্য আছে তাহা

[Illegible]
Collector.
(47—1)

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত জেম্‌স পেটি সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।
B 47a—2-8-94—1099—180

Numb. 2872 [২৮৭২]

REGISTERED No. ৭০.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 14, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ১৪ আগষ্ট।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের, নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

JUDICIAL DEPARTMENT.

No. 4049A.

No. 4013*A.—The* 6*th August* 1894.—Babu Bhagabati Charan Kundu, Munsif of Bhanga, in the district of Faridpur, is vested temporarily with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50; and with the functions of a District Court under section 26 (1) of Act VII of 1889 within the local limits of the Bhanga Munsifi, during the absence, on leave, of Babu Sasi Bhusan Bose, or until further orders.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

REGISTRATION DEPARTMENT.

No. 788*P.R.T.—The* 28*th July* 1894.—Under the provisions of section 5 of the Indian Registration Act, III of 1877, the Lieutenant-Governor sanctions the formation of two new registration sub-districts—one with head-quarters at Shariakandi, having jurisdiction over thana Shariakandi, including the outpost of Madhupur, but excluding that portion of Dhunat outpost which is within thana Shariakandi, and the other at Sibganj, having jurisdiction over thanas Sibganj and Khetlal in the Sadar subdivision of the district of Bogra. The registration sub-district of Bogra will henceforth be restricted to thana Bogra and that part of Dupchachya outpost only which is subordinate to it, and the registration sub-district of Khanjanpur will be restricted to thanas Panchbibi, Nowabganj, and Adamdighi with that part of the outpost of Dupchachya which is within the boundaries of thana Adamdighi. This notification will take effect on and from the 15th August 1894.

No. 789*P.R.T.—The* 28*th July* 1894.—Maulvi Taskinuddin Ahmad is appointed to be Rural Sub-Registrar of Sibjanj, in the district of Bogra.

Maulvi Mohiuddin Ahmad is appointed to be Rural Sub-Registrar of Shariakandi, in the district of Bogra.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৪০৪৯ A, নম্বর।

৪০১৩ এ, নং।—১৮৯৪ সাল ৬ আগষ্ট।—শ্রীযুক্ত বাবু শশীভূষণ বসুর ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ফরীদপুর জিলার অন্তর্গত ভাঙ্গার মুনসেফ শ্রীযুত বাবু ভগবতী-চরণ কুণ্ডু ভাঙ্গা মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০, টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে কিয়ৎকালের জন্য ছোট আদালতের জজের ক্ষমতা এবং ১৮৮৯ সালের ৭ আইনের ২৬ (১) ধারামত ডিষ্ট্রিক্ট কোর্টের ক্ষমতা পাইলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

রেজিষ্টরীকরণ সম্পর্কীয় কার্য্যবিভাগ।

৭৮৮ পি, আর, টি, নং।—১৮৯৪ সাল ২৮ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারত-বর্ষীয় রেজিষ্টরীকরণবিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারার বিধানমতে বগুড়া জিলার সদর মহকুমায় দুই নূতন সব-ডিষ্ট্রিক্ট স্থাপন করিবার অনুমতি দিলেন,—একের সদর স্থান শরিয়াকান্দিতে হইবে, কিন্তু ধুনাট ফাঁড়ির যে অংশ শরিয়াকান্দি থানার মধ্যে আছে তদ্ভিন্ন মধুপুর ফাঁড়িসুদ্ধ শরিয়া-কান্দি থানার উপর তাহার এলাকা থাকিবে; ও অন্যের সদর স্থান শিবগঞ্জে হইবে ও শিবগঞ্জ ও ক্ষেতলাল থানার উপর তাহার এলাকা থাকিবে। রেজিষ্টরীকরণকার্য্যের বগুড়া সব-ডিষ্ট্রিক্টের মধ্যে এই অবধি কেবল বগুড়া থানা ও তদধীন ধুপচচ্যা ফাঁড়ির কতক অংশ থাকিবে এবং রেজিষ্টরীকরণ-কার্য্যের খাঞ্জনপুর সব-ডিষ্ট্রিক্টের মধ্যে পাঁচবিবি ও নবাবগঞ্জ থানা এবং ধুপচচ্যা ফাঁড়ির যে অংশ আদমদীঘী থানার সীমায় আছে সেই অংশ সুদ্ধ আদমদীঘী থানা থাকিবে। এই বিজ্ঞাপন ১৮৯৪ সালের ১৫ আগষ্ট হইতে ফলবৎ হইবে।

৭৮৯ পি, আর, টি, নং।—১৮৯৪ সাল ২৮ জুলাই।—শ্রীযুত মৌলবী তস্কিরুদ্দিন আহম্মদ বগুড়া জিলার অন্তর্গত শিবগঞ্জের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত মৌলবী মহিউদ্দিন আহম্মদ বগুড়া জিলার অন্তর্গত শরিয়াকান্দির গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 14, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ১৪ আগষ্ট।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড।

ইশ্তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জিলা চট্টগ্রাম।

ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকের ১৮৯৪ ইং ২৫ মে, সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী পড়া খাজানা ও ছেচ আদায়ের নিমিত্ত ১৮৯৪ ইং ২১এ আগষ্ট মোতাবেক ১৩০১ বাং ৬ই ভাদ্র রোজ মঙ্গলবার জিলা চট্টগ্রামের কালেক্টরী কাছারীতে বিনা ওজরে প্রকাশ্য নিলামে ধরা যাইবে, সন ১৮৯৪ ইং তারিখ ৩ জুলাই।—

তালুকের নম্বর।	তালুকের নাম।	মালিকের নাম।	বার্ষিক জমা।		বাকীর পরিমাণ।			মন্তব্য।
			খাজানা	ছেচ।	খাজানা।	ছেচ।	মোট।	
৩/৪০২	থানা বাঁশখালি মৌজা পুইছড়ি মহল নয়াবাদ। তালুক কৃষ্ণরঞ্জিত ...	নিলকমল বহদ্দার ...	৫০০৸৶৬	৭৮৷৷৶৬	১৮৮৸৶৬	২৯৷০	২১৮৶৬	সমস্ত তালুক বিক্রি হইবে।

ISWAR CHANDER NANDI, *Tahsildar.*

জিলা চট্টগ্রাম।

ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা চট্টগ্রাম।

ইহা দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকা সমস্ত ১৮৯৪ ইংরেজির ২৫ মেই সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকীপড়া রাজস্ব ও রোডসেস আদায়ের নিমিত্ত ১৮৯৪ ইংরেজি ২৮ আগষ্ট মোতাবেক ১৩০১ বাঙ্গলা ১৩ ভাদ্র রোজ মঙ্গলবার জিলা চট্টগ্রাম কালেক্টরী কাছারীতে বিনা ওজরে প্রকাশ্য নিলাম ধরা যাইবেক ইতি সন ১৮৯৪ ইং ১১ জুলাই।

তালুকার নম্বর।	তালুকের নাম ও পরগণা।	মালিকের নাম।	সদর জমা।		বাকীর পরিমাণ।			মন্তব্য।
			খাজানা।	ছেছ।	খাজানা।	ছেছ।	মোট।	
২৬১/২৩৫/৩২৪	মৌজে লক্কারচর থানে চকরিয়া। তাং মহনলাল সুকুল হাল তাং ঈশান চন্দ্র-বক্সী।	শ্রীঈশান চন্দ্র বক্সী ...	১৪৭৪	৬৮৷৷৴০	১০৭৪	৪৫৷৷৶৪	১১১৯৷৷৶৪	......
৩০৮/২৯৫/৩৯৩	মৌজে হার্ব্বাঙ্গ থানে চকরিয়া। তাং লাল মাহাম্মদ দারোগা জামালহোছন চৌং।	শ্রীমতী জামালহোছন চৌধুরিয়া ও আবদুল জব্বর গং।	৯৪১৸৶৬	১৬১৷০	১৭৬	২৭৶৯	২০৩৶৯	......

CHITTAGONG COLLECTORATE,
The 17th July 1894.

[Illegible]
Collector.

জিলা ফরিদপুর।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জিলার অন্তর্গত নিম্ন-লিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ২৪ সেপ্টেম্বর তারিখে বেলা ১১টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। ২৮৯৪। ১ আগষ্ট।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২৫০	পং কাশীম নগর মহাল পঞ্চাশ-হাজারী।	৩৮৯২৲	ষোল আনা	...	দিনেশ চন্দ্র মজুমদার ও গুরুদাস বসু মজুমদার গয়রহ।	..	৬৯৭।৬	...
৪১১০	পং তপে বির মোহন।	৫৬০৲	ঐ	...	মাধবকৃষ্ণ পাল চৌধুরি, যোগেন্দ্র কান্ত পাল চৌধুরি গয়রহ।	.	৪৩।৶০	...
৫৮২	পং রাজনগর হিঃ কেবলরাম সেন।	১৮৫৫॥৶৯॥	...	১ নং হিঃ পৃথক মালিক রাবেয়া খানম হিস্যা ॥০ আনী সদর জমা ৯২৭৮/৪৮ ও ২ নং হিস্যা পৃথক মালীক সাহাজাদী ওরফে খএরন্নেছা বেগম মৌজে চোকামখোলা গং হিঃ ॥০ আনী জমা ৫৭।০ আনা ও ৩ নং হিঃ পৃঃ মালীক রাজকুমার মজুমদার ওয়াং পরাসরদী গয়রহ হিঃ ॥০ আনী সদর জমা ২১৪॥০ আনা বাদে বক্রী অবশিষ্ট মহাল।	মৃজা মাহামুদ জোওয়াদ ও চন্দ্র কান্ত গঙ্গোপাধ্যায় গয়রহ।	৬৫৬/৪।	...	২৯।৮৮
৩৬৯	পং বিরাহীমপুর মহাল ফকিরাবাদ।	১৩২৩৲	ষোল আনা	...	রায় পার্ব্বতিশঙ্কর রায় প্রাণশঙ্কর চৌধুরী গয়রহ।	...	৩৩০৲	...
৩৮৯	পং রাজনগর চাকলে আমীরাবাদ মহাল হোশনাবাদ।	৭৯৪৲	ঐ	..	রাবেয়া খানম গয়রহ	...	১৯৮৲	.
৪৩৮	পং নাস্তী মহাল চাঁদপুর তারা-বনিয়া।	১২৪১৲	ঐ	.	রাজা সূর্য্যকান্ত আচার্য্য বাহাদুর।	...	২০০৲	...
৪৪৮	পং জালালপুর তাজ-পুর মহাল।	১১৭১৲	ঐ	... ..	এব্রাহীম গাজী ও রমজান গাজী গয়রহ।	......	২৯৩৲	.
৪৫২	পং নাস্তি ভাশান চর মহাল।	১৫৮৯৲	ঐ	. ...	পার্ব্বতীচরণ রায় গয়রহ।	......	৬১॥০	..
৫১৩	পং সুরুল্লাপুর গো-পালপুরের অতি-রিক্ত মহাল।	৮০১৲	ঐ	......	প্রসন্ন কুমার সেন...	......	২০১৲	...
৫১৮	পং হাউলী মামুদপুর শালেপুরের অতি-রিক্ত মহাল।	১০৪৭৲	ঐ	.. ...	ঐ	. ....	২৬২৲	...

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরের কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের মত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

JUGGO BANDHU KHAN,
Deputy Collector in charge.

জিলা নোয়াখালী।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

(৬) কালেক্টরের "এলাকা" বলিতে যে জেলায় ঐ কালেক্টর নিযুক্ত হন কিম্বা কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মচারী যে জেলার সমস্ত স্থানে ঐ ক্ষমতা পরিচালন করিবার অনুমতি পান সেই জেলা বুঝাইবে।

(৭) "রাজকীয় বৎসর" বলিতে এপ্রিল মাসের প্রথম দিবসে যে বৎসর আরম্ভ হয় সেই বৎসর বুঝাইবে।

(৮) 'ভূস্বামী" বলিতে যে ব্যক্তি কোন মহাল বা কোন মহালের কোন ভাগ বা অংশ ট্রষ্টস্বরূপ বা নিজের উপকারার্থ অধিকার করেন সেই ব্যক্তিকে বুঝাইবে

এবং যে ব্যক্তি কর্ত্তৃক কোন মহাল বা স্বাধীন মধ্যস্বত্ব খোদ গবর্ণমেণ্টের অধীনে অধিকৃত হয় সেই ব্যক্তিকেও বুঝাইবে।

(৯) "লিখিত ভূস্বামী" বলিতে ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৬ সালের আইন কিম্বা উপস্থিত সময়ের প্রচলিত তদনুরূপ কোন আইন অনুসারে জেলার কালেক্টর কর্ত্তৃক মালগুজারী ভূমির যে সাধারণ রেজিষ্টরী প্রস্তুত ও রক্ষিত হয় তাহাতে কোন মহালের বা কোন মহালের কোন অংশের যে ভূস্বামির নাম ও মহালস্থিত স্বার্থের ভাব ও পরিমাণ লিখিত থাকে সেই ভূস্বামী বুঝাইবে।

(১০) "রাজস্ব" বলিতে কোন মহাল বা স্বাধীন মধ্যস্বত্ব সম্বন্ধে উহার ভূস্বামী কর্ত্তৃক যে টাকা গবর্ণমেণ্টকে বার্ষিক দেয় হয় সেই টাকা বুঝাইবে।

(১১) "ধারা" বলিতে এই আইনের ধারা বুঝাইবে।

(১২) "মধ্যস্বত্ব" বলিতে (উপরের অর্থনির্দ্দেশমত যাহাকে মহাল বলা যায় তাহা হইতে ভিন্ন এমন) মালের বা লাখেরাজ ভূমিস্থিত সমস্ত স্বার্থ বুঝাইবে এবং যে সকল জলকর যে গ্রাণ্টদ্বারা উহা সৃষ্ট হয় তাহার সর্ত্তানুসারে কিম্বা দেশাচার অনুসারে হস্তান্তরিত হইতে পারে সেই সকল জলকর বুঝাইবে। ঐ সকল মধ্যস্বত্ব বাজেয়াপ্ত হইতে পারুক আর নাই পারুক এবং বাকী খাজানার নিমিত্ত ঐ সকল মধ্যস্বত্ব বিক্রয় করিবার বা নিলাম করিবার অধিকার কোন দস্তাবেজে সর্ত্ত লিখিয়া বিশেষ ভাবে রক্ষিত হইয়া থাকুক আর নাই থাকুক।

(১৩) "স্বাধীন মধ্যস্বত্ব" বলিতে যে মধ্যস্বত্বের রাজস্ব গবর্ণমেণ্টকে দেয় সেই মধ্যস্বত্ব বুঝাইবে।

কালেক্টরীর তৌজিতে যে সকল মহাল লিখিত থাকে তাহা কালেক্টরীর অন্তর্গত হইবার কথা।

৪ ধারা। যে কালেক্টরের সাধারণ রেজিষ্টরীতে কোন মহালের রাজস্ব লিখিত থাকে সেই মহালভুক্ত সমস্ত ভূমি কিম্বা সেই মহাল ভুক্ত ভূমির কোন অংশ সেই কালেক্টরের এলাকার স্থানীয় সীমার বাহিরে থাকিলেও এই আইনের প্রয়োজনার্থ সেই মহাল সেই কালেক্টরের কালেক্টরীর ভিতর আছে বলিয়া বিবেচিত হইবে। কিন্তু কোন মহাল এই ধারানুসারে অন্য কোন কালেক্টরের কালেক্টরীর মধ্যে আছে বলিয়া বিবেচিত হইলেও যে সকল ভূমি ও মধ্যস্বত্ব ঐ মহালের অংশ তাহা যে এলাকার স্থানীয় সীমার মধ্যে অবস্থিত থাকে সেই এলাকার মধ্যে আছে বলিয়া বিবেচিত হইবে।

দ্বিতীয় ভাগ।

নিলামের পূর্ব্ববর্ত্তী কার্য্য।

বাকী রাজস্ব কাহাকে বলে তাহার কথা।

৫ ধারা। যে সন ধরিয়া কোন মহালের বন্দোবস্ত ও কিস্তির নিয়ম করা হইয়াছে সেই সনের কোন মাসের সমুদয় কিস্তি বা তাহার কোন অংশ সেই সনের তাহার পরের মাসের প্রথম দিবসে যদি দেওয়া না হয় তাহা হইলে যে টাকা এই প্রকারে অদত্ত থাকে তাহাকে বাকী রাজস্ব বিবেচনা করা যাইবে।

বাকী রাজস্ব দিবার শেষ দিনের কথা।

৬ ধারা। (১) সমস্ত বাকী রাজস্ব এবং প্রচলিত ব্যবস্থা ও আইন অনুসারে যে সমস্ত প্রাপ্য টাকা বাকী রাজস্বের মত আদায় করিবার আদেশ আছে তাহা যে যে তারিখে বোর্ডের এলাকার অধীন প্রত্যেক জেলায় সূর্য্যাস্তের মধ্যে দিতে হইবে স্থানীয় গবর্ণমেণ্টের মঞ্জুরি লইয়া বোর্ড তাহা অবধারিত করিবেন। ঐ প্রকারে বাকী রাজস্ব দেওয়া না হইলে ঐ সকল জেলায় যে সকল মহালের রাজস্ব বাকী থাকে অতঃপর যে বিধান করা হইয়াছে সেই বিধানের স্থল ভিন্ন অন্যস্থলে সেই সকল মহাল প্রকাশ্য নিলামে যাঁহার সর্ব্বোচ্চ ডাক হয় তাঁহাকে বিক্রয় করা যাইবে।

(২) বোর্ড কলিকাতা গেজেটে এই প্রকারে অবধারিত তারিখের বিজ্ঞাপন দিবেন এবং এই আদেশ করিবেন যে প্রত্যেক জেলা সম্বন্ধে সেই জেলার ভাষায় কালেক্টরের আপিসে, জজ মাজিষ্ট্রেট ও মুন্সেফদিগের আদালতে এবং সেই জেলার প্রত্যেক পুলীসষ্টেশনে সেই জেলা সম্পর্কীয় তারিখ প্রকাশিত করা হয়।

(৩) এই প্রকারে অবধারিত তারিখ বোর্ড ভিন্ন অপর কাহারও দ্বারা পরিবর্ত্তিত হইবে না। বোর্ড যদি পরিবর্ত্তন করেন তাহা হইলে উপরের লিখিত মত মঞ্জুরি লইয়া এবং উপরের বর্ণিত প্রণালীতে ইস্তাহার ও বিজ্ঞাপন দিয়া পরিবর্ত্তন করিবেন। কিন্তু যে রাজকীয় বৎসরে নূতন তারিখ আমলে আসিবে তাহার পূর্ব্ববর্ত্তী রাজকীয় বৎসর শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্ব্বে ঐ ইস্তাহার ও বিজ্ঞাপন প্রচার করিতে হইবে।

স্বাধীন মধ্যস্বত্ব নিলাম করিবার ক্ষমতার কথা।

৭ ধারা। কোন স্বাধীন মধ্যস্বত্ব সম্বন্ধে গবর্ণমেণ্টকে দেয় কোন রাজস্ব ঠিক পূর্ব্ববর্ত্তী ধারাক্রমে বাকী রাজস্ব দিবার শেষদিনের পর বাকী থাকিলে ঐ রাজস্ব যে কালেক্টরকে দেয় হয় তিনি

বাকী রাজস্ব আদায়ের জন্য মহাল নিলামের নিমিত্ত অতঃপর যে প্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে সেই প্রণালীতে এবং যে বিধান করা হইয়াছে সেই বিধানের অধীনে ঐ মধ্যস্বত্ব নিলাম করাইতে পারিবেন।

কোন কোন প্রকারের বাকীর স্থলে বিজ্ঞাপন দিবার কথা।

৮ ধারা। (১) যখন কোন মহাল এবং কোন মহালের কোন অংশ এবং কোন স্বাধীন মধ্যস্বত্ব—

(ক) কোন বিচারবিভাগীয় কর্ত্তৃপক্ষের হুকুম ক্রমে এমন ক্রোকী অবস্থায় থাকে যাহার নুটিস কালেক্টর সেই বিচার বিভাগীয় কর্ত্তৃপক্ষের নিকট হইতে পাইয়াছেন কিম্বা ভূস্বামী বা ডিক্রীমত খাতক বা তাঁহার পক্ষে নিযুক্ত কোন ব্যক্তি দ্বারা ক্রোক করিবার পরওয়ানার সহি মোহর যুক্ত নকল উপস্থিত হওয়া বশতঃ পাইয়াছেন। কিম্বা

(খ) কোন বিচার বিভাগীয় কর্ত্তৃপক্ষের প্রদত্ত হুকুম অনুসারে কালেক্টরের অধ্যক্ষতাধীন থাকে—

তখন যে বাকী উপস্থিত হয় তাহা আদায় করিবার নিমিত্ত নয় ধারা ও দশ ধারাতে যে প্রণালীর ব্যবস্থা আছে সেই প্রণালীতে বাকী বা প্রাপ্যের প্রকৃতির ও পরিমাণের এবং উহা গ্রহণ করিবার শেষ তারিখের উল্লেখ সম্বলিত ঐ দুই ধারার নির্দ্দিষ্ট বিজ্ঞাপন প্রচারিত করিয়া তাহার পর নিলাম করা ভিন্ন অন্য কোন প্রকারে সেই মহাল এবং মহালের অংশ এবং স্বাধীন মধ্যস্বত্ব নিলাম করা হইবে না।

নিলামের বিজ্ঞাপন প্রচার করিবার কথা।

৯ ধারা। (১) ছয় ধারানুসারে বাকী রাজস্ব দিবার যে শেষ দিন অবধারিত হয় তাহার পর যত শীঘ্র সম্ভব কালেক্টর জেলার ভাষায় বিজ্ঞাপন প্রচার করিবেন। সেই বিজ্ঞাপন তাঁহার নিজের আপিসে লট্‌কাইয়া দেওয়া হইবে এবং যে জজ ও মুন্সেফ ও পুলীস ষ্টেশনের এলাকার মধ্যে যে মহাল বা মহালের অংশ বা যে মধ্যস্বত্ব সম্বন্ধে বিজ্ঞাপন দেওয়া হয় সেই মহাল বা মহালের অংশ বা সেই মধ্যস্বত্ব অবস্থিত থাকে সেই জজ ও মুন্সেফের আদালতে ও সেই পুলিস ষ্টেশনে লট্‌কাইয়া দেওয়া হইবে, অথবা যদি মহাল বা মহালের অংশ বা মধ্যস্বত্ব একাধিক মুন্সেফের আদালতের বা পুলিস ষ্টেশনের এলাকার মধ্যে অবস্থিত থাকে তাহা হইলে সেই সকল আদালত বা পুলিস ষ্টেশনের মধ্যে কোন এক বা একাধিক আদালতে বা পুলিস ষ্টেশনে লট্‌কাইয়া দেওয়া হইবে। এবং যে সকল মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব উপরি উক্ত মতে নিলাম করা হইবে তাহা এবং কালেক্টরের আপিসে বিজ্ঞাপন লট্‌কাইয়া দিবার তারিখ হইতে পূর্ণত্রিশ দিনের কম না হয় এমন যে দিবসে সেই সকল মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বের নিলাম আরম্ভ হইবে তাহা ঐ বিজ্ঞাপনে নির্দ্দিষ্ট হইবে।

(২) যে মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব নিলাম হইবে তাহার রাজস্ব যদি পাঁচ শত টাকার বেশী হয় তাহা হইলে সেই মহালের বা মহালের অংশের বা সেই মধ্যস্বত্বের নিলামের বিজ্ঞাপন কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে।

(৩) অতঃপর যে ব্যতিক্রমের বিধান করা গেল সেই ব্যতিক্রমের স্থল ভিন্ন অপর সকল স্থলে এইরূপে নির্দ্দিষ্ট সমস্ত মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব নিলামের নিমিত্ত বিজ্ঞাপিত দিবসে কিম্বা তাহার পরবর্ত্তী দিবসে বা দিবস সকলে কালেক্টর কর্ত্তৃক এবং কালেক্টরের সম্মুখে প্রকাশ্য নিলামে চড়ান হইবে এবং যাঁহার সর্ব্বোচ্চ ডাক হইবে তাঁহাকে বিক্রয় করা হইবে।

লিখিত ভূস্বামীর উপর কালেক্টরের নুটিস জারী করিবার কথা।

১০ ধারা। (১) কালেক্টর যে সময়ে ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার নির্দ্দিষ্ট বিজ্ঞাপন প্রচার করিবেন সেই সময়ে (ক) ঐ বিজ্ঞাপনানুসারে নিলাম হইবে এমন প্রত্যেক মহালের বা মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের ভূস্বামীর উপর নুটিস জারী করাইবেন (খ) আট ধারার ভিতর পড়ে এমন মহাল, মহালের অংশ বা মধ্যস্বত্ব হইলে অতঃপর যে প্রণালীর বিধান করা গেল সেই প্রণালীতে বিজ্ঞাপন প্রচার করাইবেন।

(২) নুটিস বা বিজ্ঞাপন যে স্থলে যাহা হয় তাহা জেলার ভাষায় লিখিত হইবে এবং তাহাতে নিম্নলিখিত বিষয়গুলি নির্দ্দিষ্ট থাকিবে—

(ক) ঐ ভূস্বামীর যে মহাল বা মহালের অংশ বা যে স্বাধীন মধ্যস্বত্ব নিলামের জন্য বিজ্ঞাপিত হয়।

(খ) যে তারিখে ঐ নিলাম আরম্ভ হইবে।

(৩) কালেক্টরের দ্বারা কিম্বা কালেক্টর হইতে তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন গেজেট করা কর্ম্মচারীর দ্বারা স্বাক্ষরিত এবং কালেক্টরের মোহরে মোহরাঙ্কিত নুটিসের একখানি নকল লিখিত ভূস্বামীকে অথবা তাহাকে দেখিতে পাওয়া না গেলে তাঁহার পরিবারের কোন বয়ঃপ্রাপ্ত ব্যক্তিকে দিয়া নুটিস জারী করা যাইবে।

ব্যাখ্যা।—এই ধারার অর্থানুসারে চাকর পরিবারস্থ ব্যক্তি নয়।

(৪) যে ব্যক্তিকে ১ (ক) দফানুযায়িক নুটিসের নকল এই প্রকারে দেওয়া হয় জারীকারক কর্ম্মচারী তাঁহাকে আসল নুটিসের পৃষ্ঠে জারীর স্বীকারপত্র সহি করিতে বলিবেন।

(৫) সেই ব্যক্তি যদি স্বীকারপত্র সহি করিতে অস্বীকার করেন তাহা হইলে যে গ্রামে ভূস্বামীর সচরাচর থাকিবার বাসস্থান কিম্বা শেষের জানা বাসস্থান থাকে জারীর সময় যদি সেই গ্রামের নিমিত্ত নিযুক্ত

পঞ্চায়েতের কোন সভ্য তথায় উপস্থিত থাকেন তবে চৌকিদার ও সেই গ্রামের জন্য নিযুক্ত পঞ্চায়েতের সেই সভ্যের সম্মুখে জারীকারক কর্ম্মচারী সেই বাসস্থানের কোন প্রকাশ্য অংশে নুটিসের নকল লট্‌কাইয়া দিয়া ঐ দুই ব্যক্তিকে পৃষ্ঠলিপি সহি করিতে বলিবেন।

(৬) এই ধারার ১ (খ) দফার উল্লিখিত বিজ্ঞাপনের একখানি নকল এই ধারার (৫) দফায় যে প্রণালীর বিধান করা হইয়াছে যতদূর সম্ভব সেই প্রণালীতে মহালের কিম্বা মহালের অংশের কিম্বা মধ্যস্বত্বের ভূস্বামীর কোন কাছারিতে কিম্বা মহালের বা মহালের অংশের বা মধ্য-স্বত্বের কোন প্রকাশ্য স্থানে লট্‌কাইয়া দিয়া ঐ বিজ্ঞাপন প্রচার করা হইবে। ভূস্বামীর যদি কাছারি না থাকে অথবা যে জারীকারক কর্ম্মচারীর উপর বিজ্ঞাপন লট্‌কাইয়া দেওয়া রূপ কর্ত্তব্য কর্ম্মের ভার থাকে তিনি যদি যে ভূমি লইয়া মহাল বা মহালের অংশ বা মধ্যস্বত্ব সেই ভূমি খুঁজিয়া না পান তাহা হইলে যে গ্রামের মধ্যে মহাল বা মহালের অংশ বা মধ্যস্বত্ব অবস্থিত তিনি সেই গ্রামের কোন প্রকাশ্য স্থানে সেই প্রণালীতে এবং সেই সকল নিয়মের অধীন হইয়া ঐ বিজ্ঞাপন আঁটিয়া দিবেন।

(৭) নুটিস জারী কিম্বা বিজ্ঞাপন লট্‌কাইয়া দেওয়া হইলে পর জারীকারক কর্ম্মচারী যে সময়ে ও প্রণালীতে নুটিস বা বিজ্ঞাপন জারী বা প্রচার করা হইয়াছিল তাহা আসল নুটিস বা বিজ্ঞাপনের পৃষ্ঠে লিখিয়া এবং সেই পৃষ্ঠলিপি সহি করিয়া আসল নুটিস বা বিজ্ঞাপন কালেক্টরকে ফিরাইয়া দিবেন।

যে সকল ব্যক্তি নাম ও ঠিকানা রেজিষ্টরী করেন তাহাদের প্রতি নুটিসের কথা।

১১ ধারা। (১) লিখিত ভূস্বামী স্বরূপই হউক বন্ধকগৃহীতা স্বরূপই হউক, ডিক্রীমত খাতক স্বরূপই হউক অথবা অন্য যে কোন রূপেই হউক যে কোন ব্যক্তি কোন মহালে, মহালের অংশে কিম্বা স্বাধীন মধ্যস্বত্বে স্বার্থযুক্ত থাকেন তিনি তাঁহার নাম ও ঠিকানা রেজিষ্টরী করিবার নিমিত্ত কালেক্টরের নিকট দরখাস্ত করিতে পারেন।

(২) যে মহাল সম্বন্ধে এইরূপ দরখাস্ত করা হয় কালেক্টরের নিকট সেই মহালের যে জমাবন্দি থাকে ঐ দরখাস্তে সেই জমাবন্দির লিখিত সেই মহালের নাম ও নম্বর দিতে হইবে অথবা যে মধ্যস্বত্ব বা স্বাধীন মধ্যস্বত্ব সম্বন্ধে দরখাস্ত করা হয় তাহা সনাক্তকরিবার পক্ষে যথেষ্ট হয় ঐ দরখাস্তে এমন বিবরণ দিতে হইবে এবং ঐ দরখাস্তের সঙ্গে এই আইন সংযুক্ত চতুর্থ তফসীলের নির্দ্দিষ্ট ফী দিতে হইবে।

কালেক্টরের দরখাস্তকারীর নাম ও ঠিকানা রেজিষ্টরী করিবার কথা।

১২ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার কথিত দরখাস্ত ও ফী প্রাপ্ত হইলে কালেক্টর দরখাস্তকারীর নাম ও ঠিকানা এমন একখানি রেজিষ্টরী বহিতে লিখিবেন যাহার ফারম রেবিনিউ বোর্ড কর্ত্তৃক নির্দ্দিষ্ট হইবে এবং যে তারিখে নয় ধারানুযায়িক বিজ্ঞাপন সকল প্রচারিত হয় সেই তারিখ হইতে এক সপ্তাহের মধ্যে যে তারিখে ঐ মহালের বা মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের নিলাম আরম্ভ হইবে রেজিষ্টরী করা চিঠি দ্বারা তাঁহাকে সেই তারিখের নুটিস দিবেন।

কিন্তু যদি এরূপ প্রমাণীকৃত হয় যে ঐ চিঠি যথারীতি রেজিষ্টরী করা ও ডাকে দেওয়া হইয়াছে তাহা হইলে যে ব্যক্তির নামে ঐ চিঠি দেওয়া হইয়াছে তিনি উহা না পাওয়ার হেতুতে এই আইনানুযায়িক কোন নিলাম বাতিল বা বাতিল হইবার যোগ্য হইবে না।

রায়তের প্রতি নুটিস দিবার কথা।

১৩ ধারা। যখন কোন মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব নয় ধারানুসারে নিলামের জন্য বিজ্ঞাপিত হয় তখন বাকী রাজস্ব দিবার যে শেষ দিবস অবধারিত হইয়াছে সেই দিবসের পর যে খাজানা দেনা হইয়াছে রায়ত ও কোর্ফা প্রজাদিগকে তাহা বাকীদার ভূস্বামীকে দিতে নিষেধ করিয়া এবং এই প্রকারে যে টাকা দেওয়া হয় তাহা ক্রেতার সহিত হিসাবে তাহারা জমা পাইবার স্বত্ববান হইবে না তাহাদিগকে এই কথা বলিয়া দিয়া কালেক্টর জেলার ভাষায় লিখিত এক বিজ্ঞাপন দশ ধারার নির্দ্দিষ্ট প্রণালীতে প্রকাশিত করাইবেন।

শেষ দিবস ও নিলামের পূর্ব্বে ষষ্ঠ দিবসের মধ্যে কোন কোন নির্দ্দিষ্ট টাকা পাইলে কালেক্টরের মহাল প্রভৃতিকে নিলাম হইতে নিষ্কৃতি দিবার কথা।

১৪ ধারা। (১) যদি কোন লিখিত ভূস্বামী বা রেজিষ্টরীভুক্ত মধ্যস্বত্বাধিকারী বাকী রাজস্ব দিবার ছয় ধারানুসারে অবধারিত শেষ দিবস ও নয় ধারানুসারে বিজ্ঞাপিত নিলামের দিবসের পূর্ব্বে ষষ্ঠ দিবসের সূর্য্যাস্তের মধ্যে কোন সময়ে কালেক্টরকে নিম্নলিখিত টাকা টেণ্ডর করেন।

(ক) দেয় বাকী রাজস্ব।

(খ) দেয় বাকী রাজস্বের উপর বার্ষিক শতকরা ছয়টাকা চারি আনা হারে সুদ।

(গ) উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনানুসারে মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব সম্বন্ধে কালেক্টরকে যে সমস্ত অনাদায়ী চার্জ্জ দেয় থাকে।

(ঘ) দেয় বাকী রাজস্বের দশম ভাগের তুল্য অতিরিক্ত টাকা।

(২) কালেক্টর ঐ টাকা লইবেন এবং তদনন্তর মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বকে নিলাম হইতে নিষ্কৃতি দিবেন, কিন্তু অন্য কোন প্রকারে দিবেন না।

কিন্তু ঐ বাকী যদি পাঁচ হাজার টাকার বেশী হয় তাহা হইলে এই ধারার (ঘ) দফার নির্দ্দিষ্ট অতিরিক্ত টাকা পাঁচ শত টাকা হইবে আর বাকী রাজস্ব পাঁচ হাজার টাকার যত বেশী হয় সেই বেশী টাকার কুড়ি ভাগের এক ভাগের তুল্য টাকা হইবে।

এবং (খ) এবং (ঘ) দফানুসারে যে টাকা আদায় করা হয় তাহা কোন স্থলেই এক টাকার কম হইবে না।

(৩) যদি নিলামের দিবসের পূর্ব্বের ষষ্ঠ দিবস রবিবার কিম্বা অন্য কোন পুরা বন্ধের দিবস হয় তাহা হইলে নিলামের পূর্ব্বের ঐ ষষ্ঠ দিবসের পর প্রথম আপিসের দিবসে টাকা টেণ্ডর করা যাইতে পারিবে।

পূর্ব্ববর্ত্তী ধারানুসারে টেণ্ডর করিবার শেষ দিবস এবং নিলামের দিবসের মধ্যে কোন কোন নির্দ্দিষ্ট টাকা প্রাপ্ত হওয়া গেলে কালেক্টরের মহাল প্রভৃতিকে নিলাম হইতে নিষ্কৃতি দিবার কথা।

১৫ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে বাকী রাজস্বের টাকা যে সময়ে টেণ্ডর করা যাইতে পারে সেই সময় এবং নিলামের দিবসের অব্যবহিত পূর্ব্বের দিবসের সূর্য্যাস্তের মধ্যে যতগুলি দিবস থাকে যদি তাহার মধ্যে কোন সময়ে কোন লিখিত ভূস্বামী বা রেজিষ্টরীভুক্ত মধ্যস্বত্বাধিকারী ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার (১) প্রকরণের (ক), (খ) ও (গ) দফার নির্দ্দিষ্ট টাকা এবং দেয় বাকী রাজস্বের পঞ্চমাংশের তুল্য অতিরিক্ত টাকা টেণ্ডর করেন তাহা হইলে কালেক্টর সেই টাকা লইবেন এবং তদনন্তর মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বকে নিলাম হইতে নিষ্কৃতি দিবেন কিন্তু অন্য কোন প্রকারে দিবেন না।

কিন্তু ঐ বাকী যদি পাঁচ হাজার টাকার বেশী হয় তাহা হইলে ঐ অতিরিক্ত টাকা এক হাজার টাকা হইবে আর বাকি রাজস্ব পাঁচ হাজার টাকার যত বেশী হয় সেই বেশী টাকার দশ ভাগের এক ভাগের তুল্য টাকা হইবে।

এবং এই ধারানুসারে এবং ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার (ক) দফানুসারে যে টাকা আদায় করা হয় তাহা কোন স্থলেই এক টাকার কম হইবে না।

তৃতীয় ভাগ।

নিলাম হইতে রক্ষা করিবার ও নিষ্কৃতি দিবার কথা।

প্রথম অধ্যায়।—আমানতের কথা।

নিলাম হইতে মহাল রক্ষা করিবার নিমিত্ত আমানত করিবার কথা।

১৬ ধারা। (১) যদি কোন মহালের বা মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের কোন লিখিত ভূস্বামী কালেক্টরের নিকট টাকা আমানত করেন কিম্বা ইণ্ডার্স করিয়া ও কালেক্টরের হুকুমে দেয় করিয়া গবর্ণমেণ্ট সিকিউরিটি আমানত করেন এবং সমস্ত মহালের বা মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের রাজস্বের প্রতিভূ স্বরূপ গবর্ণমেণ্টের নিকট উহা বন্ধক রাখিয়া এবং ঐ মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব হইতে যে বাকী রাজস্ব পাওনা হয় তাহা দিবার জন্য উক্ত টাকা বা সিকিউরিটির সমস্ত বা যে কোন অংশ আবশ্যক হয় তাহা সেই পাওনা দিবার জন্য প্রয়োগ করিতে কালেক্টরকে ক্ষমতা দিয়া এগ্রীমেণ্ট সহি করিয়া দেন তাহা হইলে উক্ত মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব হইতে প্রাপ্য কোন বাকী রাজস্ব বাকী রাজস্ব দিবার জন্য ছয় ধারানুসারে অবধারিত শেষ দিবসের সূর্য্যাস্তের পূর্ব্বে দেওয়া না হইলে কালেক্টর ঐ বাকী আদায়ের জন্য উক্ত টাকা বা সিকিউরিটি বা উহার যে অংশ অথবা উক্ত সিকিউরিটির দরুণ যে সুদ পাওনা হয় তাহার যে অংশ আবশ্যক হয় তাহা ঐ বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত প্রয়োগ করিবেন। এবং এই নিমিত্ত কালেক্টরের হাতে যে টাকা থাকে এবং ঐ সিকিউরিটির দরুণ যে সুদ পাওনা থাকে কালেক্টর তাহা অগ্রে প্রয়োগ করিবেন এবং পাওনার কিছু বাকী থাকিলে কালেক্টর তাহার পর সিকিউরিটিগুলি বিক্রয় ও হস্তান্তর করিতে পারিবেন।

(২) কোন বাকী পাওনা হইলে তাহার কম না হয় উপরোক্তমত টাকা বা সিকিউরিটির মধ্যে এমন টাকা বা সিকিউরিটি যে পর্য্যন্ত উপরোক্তমতে থাকে ও প্রয়োগ করা যাইতে পারে সে পর্য্যন্ত যে মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব রক্ষা করিবার জন্য ঐ আমানত করা হইয়াছিল তাহা বাকী রাজস্বের নিমিত্ত নিলাম হইতে নিষ্কৃতি পাইবে।

(৩) এই রূপে আমানত করা সমস্ত টাকা ও সিকিউরিটি দেওয়ানী আদালতের ডিক্রীজারীক্রমে ভিন্ন অন্য সকল কারণে ক্রোক হইতে নিষ্কৃতি পাইবে।

আমানত উঠাইয়া লইবার কথা।

কিন্তু যে ব্যক্তি এই ধারানুসারে আমানত করেন তিনি কিম্বা তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তি বা এসাইনী যে কোন সময়ে আমানত উঠাইয়া লইতে ও উহার বন্ধক রদ করিতে সক্ষম হইবেন।

যে টাকা অতিরিক্ত দেওয়া হয় সার্টিফিকেট জারী দ্বারা তাহা আদায় করিবার কথা।

১৭ ধারা। (১) কোন মহালে বা মহালের অংশে বা স্বাধীন মধ্যস্বত্বে কোন লিখিত ভূস্বামীর নিজের যে লিখিত স্বার্থ থাকে তাহার হারাইতে যত টাকা হয় তিনি সেই মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব সম্বন্ধে চৌদ্দ বা পনর ধারার নির্দ্দিষ্ট টাকা ও অতিরিক্ত টাকা সুদ্ধ তাহার অধিক টাকা দিয়া থাকিলে তিনি ঐ টাকা দেওয়া হইতে পনর দিনের মধ্যে লিখিত দরখাস্ত ক্রমে কালেক্টরের নিকট এই রূপ প্রার্থনা করিতে পারেন যে ঐ মহালে বা মহালের অংশে বা স্বাধীন মধ্যস্বত্বে অন্য কোন ভূস্বামীর যে লিখিত অংশ বা স্বার্থ আছে তাহার জন্য তিনি যে রাজস্ব, টাকা ও অতিরিক্ত টাকা দিয়াছেন তাহার নির্দ্দেশ করিয়া কালেক্টর রাজকীয় প্রাপ্য আদায় করণার্থ উপস্থিত সময়ের প্রচলিত আইনের বিধানানুসারে একখানি সার্টফিকেট প্রস্তুত করেন।

(২) আবেদনপত্র সত্যপাঠযুক্ত করিবার সম্বন্ধে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে যে বিধান আছে দরখাস্তকারী তদনুসারে এই দরখাস্ত

সত্য পাঠযুক্ত করিবেন এবং ঐ দরখাস্তের লিখিত টাকার তুল্য টাকা আদায় করণার্থ আবেদনপত্রে উপস্থিত সময়ের প্রচলিত আদালতের রসুম বিষয়ক আইনানুসারে যত টাকার কোর্ট ফী ষ্টাম্প দেয় হয় ঐ দরখাস্তে তত টাকার কোর্ট ফী ষ্টাম্প দিতে হইবে।

(৩) কালেক্টর উপযুক্ত বিবেচনা করিলে এইরূপ সার্টিফিকেট প্রস্তুত করিতে পারিবেন এবং সেই সার্টিফিকেটের সরকারী প্রাপ্য আদায় করণার্থ কৃত সার্টিফিকেটের সমান ফল হইবে এবং এই প্রকার সার্টিফিকেটের স্থলে যে সকল নুটিস দেওয়া হয় এবং তদুপরি যে সকল কার্য্য করা হয় ঠিক সেই সকল নুটিস দেওয়া হইবে ও তদুপরি ঠিক সেই সকল কার্য্য করা হইবে।

যে সকল ব্যক্তি ভূস্বামী নহেন তাঁহাদের নিকট হইতে আমানত গৃহীত হইতে পারিবার কথা।

১৮ ধারা। (১) বাকী রাজস্ব দিবার জন্য এই আইনের ছয় ধারানুসারে অবধারিত শেষ দিবসের সূর্য্যাস্তের পূর্ব্বে যদি কোন বাকী পড়া মহাল, মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বের কোন বাকীদার ভূস্বামী দেয় বাকী রাজস্বের টাকা না দিয়া থাকেন তাহা হইলে ঐ সূর্য্যাস্তের পূর্ব্বে যে কোন সময়ে কালেক্টর ঐ বাকী পড়া মহালের, মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের ভূস্বামী নহেন এমন যে কোন ব্যক্তির নিকট হইতে দেয় বাকী রাজস্বের টাকা আমানত স্বরূপ লইবেন এবং সেই টাকা উপরোক্তমত সূর্য্যাস্তের সময় ঐ বাকী রাজস্ব দেওয়ার হিসাবে জমা করা যাইবে।

(২) যে ব্যক্তি এই রূপে আমানত করেন এবং যাঁহার টাকা উপরোক্তমতে জমা করা হয় তিনি যদি যে মহাল, মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব হইতে বাকী পাওনা হয় তাহার কিম্বা তাহার কোন অংশের দখলের নিমিত্ত কোন বিচারাদালতে দায়ের আছে এমন কোন মোকদ্দমায় পক্ষ থাকেন তাহা হইলে দেওয়ানী মোকদ্দমার পক্ষগণের স্থলে জামিন লওয়া সম্বন্ধে যে সকল বিধি প্রচলিত থাকে তাহার অধীনে উক্ত আদালত উক্ত ব্যক্তিকে কিয়ৎকালের জন্য উক্ত মহাল বা মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের কিম্বা তাহার অংশের দখল দিবার হুকুম করিতে সক্ষম হইবেন।

(৩) যে ব্যক্তি এই রূপে আমানত করেন এবং যাঁহার টাকা উপরোক্তমতে জমা করা হয় তিনি যদি কোন উপযুক্ত দেওয়ানী আদালতের সমক্ষে প্রমাণ করেন যে তাঁহার এমন একটী স্বার্থ রক্ষা করিবার জন্য ঐ আমানত করা হইয়াছিল যাহা নিলাম হইলে বিপন্ন বা ক্ষতিগ্রস্ত হইত অথবা যাহা নিলাম হইলে বিপন্ন বা ক্ষতিগ্রস্ত হইত বলিয়া তিনি সরল ভাবে বিশ্বাস করিয়াছিলেন তাহা হইলে তিনি বাকীদার ভূস্বামীর নিকট হইতে আমানতি টাকা আদালতের অবধারনানুসারে সুদসহ বা সুদ ব্যতীত আদায় করিতে স্বত্ববান হইবেন।

(৪) যে ব্যক্তি এই রূপে আমানত করেন এবং যাঁহার টাকা উপরোক্তমতে জমা করা হয় তিনি যদি ঐরূপ আদালতের সমক্ষে প্রমাণ করেন যে ঐ মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বের উপর বা উহার কোন অংশের উপর তাঁহার যে দাওয়া ছিল তাহা রক্ষা করিবার নিমিত্ত আমানত করা আবশ্যক হইয়াছিল তাহা হইলে এইরূপ জমা করা টাকা আসল দাওয়ার টাকাতে যোগ করিয়া দেওয়া যাইবে।

গবর্ণমেণ্টের বিরুদ্ধে কোন বাকীদারের দাবীর দরুন নিলাম অসিদ্ধ না হইবার কথা।

১৯ ধারা। (১) কম রাজস্ব দিবার কিম্বা রাজস্ব রেহাই পাইবার দাবী গবর্ণমেণ্টের অনুমতিক্রমে মঞ্জুর করা হইয়া না থাকিলে তাহা এবং গবর্ণমেণ্টের বিরুদ্ধে কোন বাকীদারের যে কোন বেসরকারী দাবী বা মোকদ্দমার কারণ থাকে বা আছে বলিয়া অনুমান করা হয় তাহা এই আইনানুযায়িক কোন নিলামের বাধা হইবে না অথবা এই আইনানুযায়িক কোন নিলাম বাতিল বা বাতিল হইবার যোগ্য করিবে না।

(২) বাকীরাজস্ব দিবার পক্ষে যথেষ্ট হয় বাকীদারের এমন টাকা যদি কেবলমাত্র বাকীদারের নামে না থাকে এবং তাহা লইয়া কোন বিবাদ নাই এমন না হয় এবং যদি বাকীদার কর্ত্তৃক যথা সময়ে দরখাস্ত হইবার পর অথবা ষোল ধারার কথিত লিখিত এগ্রীমেণ্টের পর কালেক্টর যদি অপর্য্যাপ্ত হেতুতে ঐ টাকা দেয় বাকী রাজস্ব দিবার জন্য প্রয়োগ করিতে অবহেলা বা অস্বীকার করিয়া না থাকেন তাহা হইলে ঐ টাকা কালেক্টরের হাতে ছিল এই ওজরও এই আইনানুযায়িক কোন নিলামের বাধা হইবে না এবং এই আইনানুযায়িক কোন নিলাম বাতিল বা বাতিল হইবার যোগ্য করিবে না।

দ্বিতীয় অধ্যায়।

পৃথক হিসাবের কথা।

পৃথক হিসাব খুলিয়া অন্যের সহিত একত্রে অধিকৃত অংশ পৃথক করিবার কথা।

২০ ধারা। (১) যে ইজমালী মহাল বা স্বাধীন মধ্যস্বত্ব অন্যের সহিত একত্রে অধিকৃত হয় যদি তাহার কোন লিখিত ভূস্বামী গবর্ণমেণ্টের রাজস্বের তাঁহার নিজের অংশ পৃথক দিতে ইচ্ছা করেন তাহা হইলে তিনি কালেক্টরের নিকট সেই মর্ম্মে লিখিত দরখাস্ত করিতে পারিবেন।

(২) দরখাস্তকারী মহালে বা স্বাধীন মধ্যস্বত্বে যে অংশ রাখেন দরখাস্তে তাহা নির্দ্দেশ করিতে হইবে।

ভূমির নির্দ্দিষ্ট অংশ লইয়া যে সকল অংশ, পৃথক হিসাব খুলিয়া তাহা পৃথক করিবার কথা।

২১ ধারা। (১) যে ইজমালী মহাল বা স্বাধীন মধ্যস্বত্বের অংশ সেই মহাল বা স্বাধীন মধ্যস্বত্বের ভূমির নির্দ্দিষ্ট অংশ লইয়া হয় তাহার কোন লিখিত ভূস্বামী যদি রাজস্বের তাঁহার নিজের অংশ পৃথক দিতে ইচ্ছা করেন তাহা হইলে তিনি কালেক্টরের নিকট সেই মর্ম্মে লিখিত দরখাস্ত করিতে পারিবেন।

(২) দরখাস্তে তাঁহার অংশভুক্ত ভূমির ও তাহার চৌহদ্দী ও পরিমাণের নির্দ্দেশ থাকিবে এবং এ পর্য্যন্ত তজ্জন্য যত টাকা রাজস্ব দেওয়া হইয়াছে তাহাও লিখিত হইবে।

মহালের নির্দ্দিষ্ট অংশস্থিত স্বার্থ লইয়া যে সকল অংশ, পৃথক হিসাব খুলিয়া তাহা পৃথক করিবার কথা।

২২ ধারা। (১) কোন ইজমালী মহালের যে লিখিত ভূস্বামী ঐ মহালের ভূমির কোন নির্দ্দিষ্ট অংশস্থিত যে অবিভক্ত স্বার্থ অন্যের সহিত একত্রে অধিকৃত হয় কিন্তু সমস্ত মহালে ব্যাপ্ত থাকে না সেই অবিভক্ত স্বার্থের ভূস্বামী বলিয়া লিখিত থাকেন তিনি যদি সেই স্বার্থ সম্বন্ধে দেয় রাজস্বের অংশ পৃথক দিতে ইচ্ছা করেন তাহা হইলে কালেক্টরের নিকট ঐ মর্ম্মে লিখিত দরখাস্ত করিতে পারিবেন।

(২) দরখাস্তে স্থানীয় গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট ফারমে যে ভূমিতে তাঁহার এইরূপ অবিভক্ত স্বার্থ থাকে তাহার নির্দ্দেশ থাকিবে এবং তাহার চৌহদ্দী ও পরিমাণের নির্দ্দেশ থাকিবে এবং এ পর্য্যন্ত তজ্জন্য যত টাকা রাজস্ব দেওয়া হইয়াছে তাহাও লিখিতে হইবে।

পৃথক হিসাব খুলিবার কার্য্যপ্রণালীর কথা।

২৩ ধারা। (১) কুড়ি, একুশ ও বাইশ ধারানুসারে দরখাস্ত প্রাপ্ত হইলে কালেক্টর উহার একখানি নকল দশ ধারানুসারে বিজ্ঞাপন সম্বন্ধে নির্দ্দিষ্ট প্রণালীতে প্রকাশিত করাইবেন।

(২) দরখাস্ত প্রকাশিত হইবার তারিখ হইতে ছয় সপ্তাহের মধ্যে কোন লিখিত ভূস্বামী কর্ত্তৃক কোন আপত্তি উপস্থিত করা না হইলে কালেক্টর দরখাস্তকারীর সহিত পৃথক হিসাব খুলিবেন এবং তাঁহার অংশের জন্য তাঁহার দেওয়া সমস্ত টাক তাঁহার অংশে পৃথক ভাবে জমা দিবেন।

পৃথক দায়িত্ব আরম্ভ হইবার তারিখের কথা।

২৪ ধারা। যে তারিখে কালেক্টর ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে পৃথক হিসাব খোলা সম্বন্ধে তাঁহার মঞ্জুরি লিপিবদ্ধ করেন সেই তারিখ দরখাস্তকারীর অংশের পৃথক দায়িত্ব আরম্ভ হইবার তারিখ বলিয়া বিবেচিত হইবে।

গরমিল অংশের নিমিত্ত কিম্বা যে অংশের রাজস্ব দশ টাকার কম তাহার নিমিত্ত পৃথক হিসাব না খুলিবার কথা।

২৫ ধারা। মহালের যে স্বার্থ সম্বন্ধে কোন দরখাস্তকারী ভূস্বামী বলিয়া লিখিত থাকেন সেই স্বার্থের প্রকৃতি ও পরিমাণের সহিত যে অংশের মিল থাকে সেই অংশের নিমিত্ত ভিন্ন অন্য কোন অংশের নিমিত্ত দরখাস্তকারীর অংশ সম্বন্ধে তেইশ ধারানুসারে পৃথক হিসাব খোলা হইবে না। এবং যে অংশের রাজস্ব দশ টাকার কম সেই অংশের নিমিত্ত পৃথক হিসাব খোলা হইবে না এবং এই রূপ দরখাস্ত মঞ্জুর করা গেলে যে বাকী অংশটী গঠিত হইবে তাহার রাজস্ব যদি দশ টাকার কম হয় তাহা হইলেও পৃথক হিসাব খোলা হইবে না।

আপত্তি করা হইলে পক্ষগণকে দেওয়ানী আদালতে যাইতে বলিবার কথা।

২৬ ধারা। যদি তেইশ ধারার উল্লিখিত দরখাস্ত সকল প্রকাশিত হইলে মহালের কোন লিখিত ভূস্বামী, মহাল অন্যের সহিত একত্রে অধিকৃতই হউক আর অন্য কোন প্রকারে অধিকৃতই হউক, এইরূপ আপত্তি করেন যে—

(ক) দরখাস্তকারী যে অংশের দাবী করেন তাহাতে তাঁহার কোন স্বত্ব নাই অথবা মহালের যে স্বার্থের তিনি দাবী করেন তাঁহার মহালস্থিত স্বার্থ তদপেক্ষা কম কিম্বা তাহা হইতে ভিন্ন। কিম্বা

(খ) (যে স্থলে দরখাস্ত কোন মহালের ভূমির কোন নির্দ্দিষ্ট অংশ সম্বন্ধে কিম্বা কোন মহালের ভূমির কোন নির্দ্দিষ্ট অংশস্থিত অন্যের সহিত একত্রে অধিকৃত কোন অবিভক্ত স্বার্থ সম্বন্ধে করা হয় সে স্থলে) ভূমির সেই অংশের নিমিত্ত কিম্বা দরখাস্তকারীর সেই অংশস্থিত অবিভক্ত স্বার্থের নিমিত্ত এপর্য্যন্ত যে টাকা রাজস্ব দেওয়া হইয়াছে বলিয়া দরখাস্তকারী লিখিয়াছেন সে টাকা অপর অংশীদারদের কর্ত্তৃক উহার রাজস্ব বলিয়া স্বীকৃত হয় নাই—

তাহা হইলে কালেক্টর পক্ষগণকে দেওয়ানী আদালতে যাইতে বলিবেন এবং যে পর্য্যন্ত বিচার্য্য বিষয় বিচারকের দ্বারা স্থিরীকৃত না হয় সে পর্য্যন্ত কার্য্য স্থগিদ রাখিবেন।

পৃথক হিসাব বন্ধ করিবার দরখাস্তের কথা।

২৭ ধারা। যে অংশ সম্বন্ধে কালেক্টর কর্ত্তৃক তেইশ ধারানুসারে পৃথক হিসাব খোলা হইয়াছে সেই অংশ যখন কোন ভূস্বামী কর্ত্তৃক কিম্বা দুই বা ততোধিক ভূস্বামী কর্ত্তৃক ইজমালীতে অধিকৃত মহালস্থিত স্বার্থের প্রকৃতি ও পরিমাণের সহিত আর না মিলিবে তখন যে মহালের অংশের নিমিত্ত ঐ পৃথক হিসাব খোলা হইয়াছে সেই মহালস্থিত কোন স্বার্থের কোন লিখিত ভূস্বামী যে অবস্থায় ঐ অংশ উপরোক্ত মত অধিকৃত স্বার্থের প্রকৃতি ও পরিমাণের সহিত আর মিলেনা তাহা বিবৃত করিয়া এবং যে প্রকারে ঐ অংশ ভাঙ্গিয়া ফেলা এবং মহালের ভূস্বামীগণের মধ্যে বণ্টন করা হইয়াছে কিম্বা যে প্রকারে স্বার্থের উক্ত প্রকৃতি ও পরিমাণ পরিবর্ত্তিত হইয়াছে তাহা নির্দ্দেশ করিয়া এবং ঐ অংশ সম্বন্ধে যে পৃথক হিসাব খোলা আছে তাহা বন্ধ করা হয় এইরূপ প্রার্থনা করিয়া এবং তিনি যদি এরূপ ইচ্ছা করেন যে যে অংশ সম্বন্ধে পূর্ব্বের পৃথক হিসাব খোলা হইয়াছিল অন্য যে কোন বা যেং অংশ সম্পূর্ণ রূপে বা আংশিকভাবে তাহার অন্তর্গত ছিল তৎসম্বন্ধে আর একখানি পৃথক হিসাব খোলা হয় তবে সেই রূপ প্রার্থনা করিয়া কালেক্টরের নিকট একখানি লিখিত দরখাস্ত দিতে পারিবেন।

উদাহরণ।

কোন মহালে ২৫ ধারানুসারে ক'র ।০ আনা অংশের নিমিত্ত এবং খ'র ।৵০ আনা অংশের নিমিত্তও পৃথক হিসাব খোলা হইয়াছে। এবং অবশিষ্ট ।৶০ আনা অংশের হিসাব অবশিষ্ট ভূস্বামী গ, ঘ ও ঙ'র নামে একত্র রাখা হয়।

কালক্রমে চ ওয়ারিশ সূত্রে ক'র ।০ আনা অংশ প্রাপ্ত হইয়াছেন এবং ।৶০ আনা অংশে গ'র যে ৶০ আনা পরিমাণ স্বার্থ ছিল তাহাও প্রাপ্ত হইয়াছেন। চ খরিদসূত্রে খ'র ।৵০ আনা অংশের মধ্যে ৵০ আনাও পাইয়াছেন। অতএব মহালস্থিত স্বার্থ এখন নিম্নলিখিত মত বিভক্ত ;—

চ ... ... ।।৵০ আনা

খ ... ... ৶০ আনা

ঘ ও ঙ ... ... ।০ আনা

ক'র ।০ আনা অংশ সম্বন্ধে যে পৃথক হিসাব খোলা আছে তাহা বন্ধ করিবার নিমিত্ত এবং খ'র ।৵০ আনা অংশ সম্বন্ধে যে পৃথক হিসাব খোলা আছে তাহাও বন্ধ করিবার নিমিত্ত মহালের লিখিত ভূস্বামী হইলে চ কালেক্টরের নিকট দরখাস্ত করিতে পারিবেন। কারণ মহালস্থিত যে পরিমাণ স্বার্থ কোন এক জন ভূস্বামী কর্ত্তৃক অধিকৃত হয় কিম্বা দুই বা ততোধিক ভূস্বামী কর্ত্তৃক ইজমালিতে অধিকৃত হয় এই দুইটী অংশের মধ্যে কোনটীই তাহার সহিত মিলে না।

চ যে ।।৵০ আনা অংশ এখন অধিকার করেন তৎ-সম্বন্ধে পৃথক হিসাব খুলিবার নিমিত্তও সেই দরখাস্তে প্রার্থনা করিতে পারিবেন। অন্যান্য ভূস্বামিদের মধ্যেও যে কেহ ঐরূপ দরখাস্ত করিতে পারিবেন।

২৮ ধারা। (১) ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার উল্লিখিত দরখাস্ত প্রাপ্ত হইলে দশ ধারানুসারে বিজ্ঞাপনের নিমিত্ত নির্দ্দিষ্ট প্রণালীতে কালেক্টর উহার এক খানি নকল প্রকাশিত করাইবেন। এবং যদি সেই প্রকাশ করণের তারিখ হইতে ছয় সপ্তাহের মধ্যে মহালের অন্য কোন লিখিত ভূস্বামী কর্ত্তৃক কোন আপত্তি করা না হয় তাহা হইলে কালেক্টর যে পৃথক হিসাব তখন খোলা থাকে তাহা বন্ধ করিবেন এবং দরখাস্তকারীর ইচ্ছামত তাঁহার সহিত স্থলভেদে কুড়ি, একুশ ও বাইশ ধারানুসারে পৃথক হিসাব খুলিবেন।

পৃথক হিসাব বন্ধ করিয়া আর একটী খুলিতে পারিবার কথা।

(২) যদি কোন লিখিত ভূস্বামী আপত্তি করেন যে যে অংশ সম্বন্ধে কোন পৃথক হিসাব উপরোক্ত মত খোলা আছে তাহা ভাঙ্গিয়া ফেলা হয় নাই এবং তাহা কোন ভূস্বামীর বা ভূস্বামীদিগের অধিকৃত স্বার্থের প্রকৃতি ও পরিমাণের সহিত এখনও মিলিতেছে তাহা হইলে কালেক্টর ছাব্বিশ ধারার বিধানমতে কার্য্য করিবেন।

২৯ ধারা। (১) কালেক্টর যখন অবগত হইবেন যে যে অংশের নিমিত্ত ২৩ ধারানুসারে পৃথক হিসাব খোলা হইয়াছে তাহা যে ভূস্বামীর সহিত পৃথক হিসাব খোলা হইয়াছিল মহালস্থিত তাঁহার অধিকৃত স্বার্থের প্রকৃতি ও পরিমাণের সহিত মিলে না তখন তিনি উক্ত ভূস্বামীকে এই রূপ নুটিস দিবেন যে তিনি পৃথক হিসাব বন্ধ করিবার অভিপ্রায় করিয়াছেন এবং তাঁহার যদি তৎসম্বন্ধে কোন আপত্তি থাকে তবে তিনি তাহা এক খানি লিখিত দরখাস্তে ব্যক্ত করুন। ঐ নুটিস দশ এবং বার ধারানুসারে নুটিস জারী করিবার নিমিত্ত নির্দ্দিষ্ট প্রণালীতে জারী করা যাইবে।

আপন ইচ্ছায় কালেক্টরের অশুদ্ধ পৃথক হিসাব বন্ধ করিতে পারিবার কথা।

(২) ভূস্বামী যদি নুটিস জারী হইতে ছয় সপ্তাহের মধ্যে ঐরূপ দরখাস্ত না করেন কিম্বা যদি তাঁহার উত্থাপিত আপত্তিগুলি কালেক্টরের মতে ভাল ও যথেষ্ট না হয় তাহা হইলে কালেক্টরের পৃথক হিসাবকে অশুদ্ধ বলিয়া বিশ্বাস করিবার যে হেতু থাকে তাহার উল্লেখ করিয়া তিনি একখানি রোবকারি লিপিবদ্ধ করিবেন এবং তিনি পৃথক হিসাব বন্ধ করিবার হুকুম করিবেন এবং উহা তদনুসারে বন্ধ হইবে।

৩০ ধারা। (১) কালেক্টর একটী কিম্বা একাধিক অংশের নিমিত্ত পৃথক হিসাব রাখিবার হুকুম দিলে পর মহাল যদি বাকী রাজস্বের নিমিত্ত নিলাম হইতে পারিবার যোগ্য হয় তাহা হইলে পৃথক হিসাবানুসারে মহালের যে অংশ বা যে সকল অংশ হইতে বাকী রাজস্ব পাওনা হয় কালেক্টর প্রথমতঃ তাহাই নিলামে চড়াইবেন।

পৃথক অংশের নিলামের কথা।

(২) যে অংশ বা যে সকল অংশ হইতে বাকী রাজস্ব পাওনা না থাকে এই সকল স্থলে তাহা বাদ দিবার অভিপ্রায়ের নুটিস নয় ধারানুসারে বিজ্ঞাপিত নিলামের ইস্তাহারে দিতে হইবে।

(৩) যে অংশ বা অংশগুলি বিক্রীত হয় তাহাতে তন্নির্দ্দিষ্ট রাজস্বের পৃথক অংশের বা পৃথক পৃথক অংশের সমষ্টির দায় সংযুক্ত হওয়ায় বিক্রীত অংশ বা অংশগুলি নিলাম হইতে বাদ দেওয়া অংশ বা অংশগুলি সহ পূর্ব্বের ন্যায় একটী অখণ্ড মহালই থাকিবে।

৩১ ধারা। (১) যদি ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার বিধানানুযায়িক কোন নিলামে কোন ডাক না হয় কিম্বা যে অংশ নিলামে দেওয়া হয় তজ্জন্য নিলামের তারিখ পর্য্যন্ত যত টাকা বাকী পাওনা হয় সর্ব্বোচ্চ ডাক যদি তত টাকার তুল্য না হয় তাহা হইলে কালেক্টর নিলাম বন্ধ করিবেন এবং এই রূপ ব্যক্ত করিবেন যে অপর লিখিত অংশী বা অংশীরা কিম্বা তাঁহাদের মধ্যে এক বা একাধিক জন দশ দিনের মধ্যে পনর ধারার নির্দ্দিষ্ট দণ্ড সহ

কোন কোন অবস্থায় সমস্ত মহাল নিলাম হইতে পারিবার কথা।

বাকী পড়া অংশ হইতে প্রাপ্য সমস্ত বাকী গবর্ণমেণ্টকে দিয়া ঐ অংশ ক্রয় না করিলে কোন পরবর্ত্তী তারিখে বাকী রাজস্বের নিমিত্ত সমস্ত মহাল নিলাম করা যাইবে।

(২) ঐ ক্রয় যদি সম্পূর্ণ হয় তাহা হইলে সাতান্ন ও আটান্ন ধারায় যে রূপ সার্টিফিকেট ও দখল দেওয়ার উল্লেখ আছে কালেক্টর ক্রেতা বা ক্রেতাদিগকে সেই রূপ সার্টিফিকেট ও দখল দিবেন। অংশটী নিলামে ক্রয় করিলে ক্রেতা বা ক্রেতাদিগের যে সকল স্বত্ব হইত ক্রেতা বা ক্রেতাদিগের ঠিক সেই সকল স্বত্ব হইবে।

(৩) যদি উপরোক্তমত দশদিনের মধ্যে এরূপ কোন ক্রয় না হয় তাহা হইলে এই আইনের দশ ধারায় যে সময় ও প্রণালী বিজ্ঞাপিত হইয়াছে সেই সময়ের নিমিত্ত বিজ্ঞাপন দিবার পরও সেই প্রণালীতে প্রকাশ করণের পর সমস্ত মহাল নিলাম করা হইবে।

তৃতীয় অধ্যায়।

কোর্ট অব ওয়ার্ডসের অধীন মহালের কথা।

কোর্ট অব ওয়ার্ডসের অধীন মহাল নিলাম হইতে বাজ্জিত হইবার কথা।

৩২ ধারা। কোন মহাল বা কোন মহালের যে অংশ বা ভাগের নিমিত্ত তেইশ ধারানুসারে পৃথক হিসাব খোলা হইয়াছে মহালের সেই অংশ বা ভাগ ১৮৭৯ সালের বঙ্গীয় ৯ আইনের কিম্বা উপস্থিত সময়ের প্রচলিত তদনুরূপ কোন আইনের বিধানানুসারে কোর্ট অব ওয়ার্ডসের হস্তে থাকা কালে তৎসম্বন্ধে যে বাকী রাজস্বের উৎপত্তি হয় তজ্জন্য অতঃপর আটত্রিশ ধারায় যে বিধান করা হইয়াছে সেই বিধানের স্থল ভিন্ন অন্য স্থলে সেই মহাল এবং ত্রিশ ধারার বিধানের অধীনে মহালের সেই অংশ বা ভাগ নিলাম হইতে বর্জ্জিত হইবে।

কিন্তু ঐ রূপ বাকী রাজস্ব হইতে ভিন্ন কোন কারণে যে মহাল, অংশ বা ভাগের নিলাম হয় তাহার নিলাম লব্ধ টাকার উপর এই রূপ সমস্ত বাকী রাজস্ব প্রথম চার্জ্জ হইবে।

যে সময় মহালের কোর্ট অব ওয়ার্ডসের হাতে থাকা শেষ হয় সেই সময়ের প্রাপ্য বাকী রাজস্ব আদায় করিবার কথা।

৩৩ ধারা। যে সময় ঐ মহাল, অংশ বা ভাগের কোর্ট অব ওয়ার্ডসের হাতে থাকা শেষ হয় যদি সেই সময় তজ্জন্য বাকী রাজস্ব প্রাপ্য হয় তাহা হইলে কালেক্টর উহা ক্রোক করিতে পারিবেন এবং যত খাজানা সেস এবং অপর প্রাপ্য পাওনা থাকে তাহার সমস্ত বাকী আদায় করিতে পারিবেন এবং যে রূপ উপযুক্ত বিবেচনা করেন সেইরূপ হয় খাসে বা একজন অধ্যক্ষের হাত দিয়া ঐ মহাল, অংশ বা ভাগের অধ্যক্ষতা করিবেন নয় পাচ বৎসরের অনধিক কালের নিমিত্ত উহার ইজারা বিলি করিয়া উহার অধ্যক্ষতা করিবেন।

কিন্তু এই ধারানুসারে এই রূপ মহাল, অংশ বা ভাগ ক্রোক হইলে উৎপন্ন টাকা কালেক্টরকে দেওয়া হইবে এবং কালেক্টর রাজস্ব এবং অপর রাজকীয় প্রাপ্য বাবত গবর্ণমেণ্টের দাবী কাটিয়া লইয়া এবং সেই সঙ্গে রাজস্ব ছাড়া এরূপ রাজকীয় প্রাপ্যের উপর যে সুদ জন্মিয়াছে তাহা কাটিয়া লইয়া এবং এই রূপ কাটিয়া লইবার তারিখ পর্য্যন্ত অধ্যক্ষতার খরচ কাটিয়া লইয়া ঐ মহাল, অংশ বা ভাগ ক্রোকমুক্ত করিবেন এবং উৎপন্নের যে বাকী টাকা তখনও তাঁহার হাতে থাকে তাহা ঐ মহাল, অংশ বা ভাগের ভূস্বামীকে কিম্বা তাঁহার যথারীতি কৃত এজেণ্টকে দিবেন এবং যে সময় ঐ মহাল অংশ বা ভাগ ক্রোক ছিল সেই সময় ব্যাপিয়া যে টাকা জমা ও খরচ হইয়াছে ঐ ভূস্বামী কিম্বা তাঁহার এজেণ্টকে তাহার একটী হিসাব দিবেন।

নাবালগের মহাল বাকী রাজস্বের নিমিত্ত নিলাম না হইবার কথা।

৩৪ ধারা। যে মহাল একটী মাত্র নাবালগের কিম্বা দুই বা ততোধিক নাবালগের একমাত্র সম্পত্তি এবং যাহা নিয়মিত ওয়ারিষীক্রমে কিম্বা উহার কোন মৃত অধিকারীর উইলের বলে কিম্বা সেই অধিকারীকৃত কোন সেটেলমেণ্টের বলে তাঁহার বা তাঁহাদিগের হাতে নামিয়া আসিয়াছে তাহা সেই নাবালগ কিম্বা সেই সকল নাবালগের মধ্যে একজন একুশ বৎসর বয়স সম্পূর্ণ না করা পর্য্যন্ত তাঁহার বা তাঁহাদের উহা উত্তরাধিকার করিবার পর যে বাকী রাজস্বের উৎপত্তি হইয়াছে তজ্জন্য নিলাম হইবে না। কিন্তু ঐ মহাল যদি সেই নাবালগী কালের মধ্যে অন্য কোন কারণে নিলাম হয় তাহা হইলে সমস্ত বাকী রাজস্ব ঐ মহালের উৎপন্ন টাকার উপর প্রথম চার্জ্জ হইবে।

কালেক্টরের মহাল ক্রোক করিতে পারিবার কথা।

৩৫ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার উল্লিখিত কোন মহাল সম্বন্ধে বাকীর উৎপত্তি হইলে কালেক্টর মহাল ক্রোক করিতে পারিবেন এবং সমস্ত প্রাপ্য খাজানা ও বাকী খাজানা আদায় করিতে পারিবেন এবং হয় খাসে বা একজন অধ্যক্ষের হাত দিয়া মহালের অধ্যক্ষতা করিবেন নয় উপযুক্ত বিবেচনা করিলে দশ বৎসরের অধিক না হয় এবং যে সময় ঐ নাবালগ কিম্বা ঐ সকল নাবালগদিগের মধ্যে একজন একুশ বৎসর বয়স সম্পূর্ণ করিবেন তাহারও বাহিরে না যায় এমন একটী সময়ের নিমিত্ত উহার ইজারা বিলি করিয়া উহার অধ্যক্ষতা করিবেন।

নিলাম হইতে বর্জ্জিত হইবার বিধান খাটিবার সময়ের কথা।

৩৬ ধারা। মহাল এক বা একাধিক নাবালগের একমাত্র সম্পত্তি এবং চৌত্রিশ ধারার উল্লিখিত বাকী রাজস্বের নিমিত্ত নিলাম হইতে বর্জ্জিত হইবার স্বত্ববান যে সকল স্থলে নিলামের পূর্ব্বে কালেক্টরের উপর এই কথার লিখিত নটিস জারী করা হয় কেবল সেই সকল স্থলে ঐ বর্জ্জনের বিধান খাটিবে।

৩৭ ধারা। (১) কোন মহাল পঁয়ত্রিশ ধারানুসারে ইজারা বিলি করা গেলে ইজারার উৎপন্ন টাকা কালেক্টরকে দেওয়া হইবে এবং কালেক্টর রাজস্ব এবং অপর রাজকীয় প্রাপ্য এবং অধ্যক্ষতার খরচ বাবত গবর্ণমেণ্টের দাবীর টাকা কাটিয়া লইয়া হয় ভূস্বামী কিম্বা তাঁহার যথারীতি কৃত এজেণ্টকে উৎপন্ন টাকা দিবেন নয় ১৮৭৯ সালের বঙ্গীয় ৯ আইনের ঊনপঞ্চাশ অথবা পঞ্চাশ ধারার লিখিত কোন প্রকারে উহার বিলিব্যবস্থা করিবেন।

ইজারা দেওয়া মহালের উৎপন্ন টাকা প্রয়োগ করিবার কথা।

(২) এই রূপ মহাল ক্রোক হইতে মুক্ত করা হইলে যে সময় উহা ক্রোক ছিল সেই সময় ব্যাপিয়া যে টাকা জমা ও খরচ হইয়াছে কালেক্টর সেই ভূস্বামী কিম্বা তাঁহার যথারীতি কৃত এজেণ্টকে তাহার একটী হিসাব দিবেন।

৩৮ ধারা। যে মহাল বা মহালের যে অংশ বা ভাগ কোর্ট অব ওয়ার্ডসের হাতে থাকা কালে উহার উপর বাকী রাজস্বের উৎপত্তি হয় যদি কোর্ট অব ওয়ার্ডস এইরূপ লিখিত সার্টিফিকেট দেন যে অভিভাবকাধীন ব্যক্তির স্বার্থ বিবেচনায় সেই মহাল কিম্বা সেই মহালের অংশ বা ভাগ নিলাম হওয়া আবশ্যক এবং কোর্ট অব ওয়ার্ডস যে সকল হেতুতে এই রূপ সিদ্ধান্তে উপনীত হইয়াছেন তাহা যদি লিখিয়া প্রকাশ করেন তাহা হইলে ১৭৯৩ সালের ১ আইনের ৮ ধারার ৫ দফায় কিম্বা বত্রিশ বা তেত্রিশ ধারায় যাহা কিছু আছে তাহা সত্ত্বেও সেই মহাল কিম্বা সেই মহালের অংশ বা ভাগ যে কোন সময়ে এই আইনের বিধানানুসারে নিলাম করা যাইতে পারিবে।

কোর্টের অধীনে থাকা কালে যে বাকীর উৎপত্তি হয় যে অবস্থায় তজ্জন্য নিলাম হইতে পারিবে তাহার কথা।

চতুর্থ অধ্যায়।

ক্রোক করা মহালের কথা।

৩৯ ধারা। কোন বিচারবিভাগীয় কর্ত্তৃপক্ষের হুকুমে না হইয়া অন্য কোন প্রকারে যে মহাল বা যে মহালের অংশ বা ভাগ রাজস্ব বিষয়ক কর্ত্তৃপক্ষদিগের দ্বারা ক্রোক করা হয় তাহা এইরূপে ক্রোক থাকা কালে যে বাকীর উৎপত্তি হয় তজ্জন্য নিলাম হইতে পারিবে না।

রাজস্ব বিষয়ক ক্রোকাধীন মহাল নিলাম হইতে বর্জ্জিত হইবার কথা।

ব্যাখ্যা।—রাজকীয় প্রাপ্য আদায় করণ বিষয়ক ১৮৮০ সালের আইনের দশ ধারার বিধানানুসারে কোন মহালের কিম্বা কোন মহালের অংশ বা ভাগের ক্রোক এই ধারার অর্থানুসারে ক্রোক নয় এবং উহা সেই রূপে ক্রোক করা মহাল বা মহালের অংশ বা ভাগকে বাকী রাজস্বের নিমিত্ত নিলাম হইতে বর্জ্জিত করে না।

৪০ ধারা। যে মহাল বা মহালের যে অংশ বা ভাগ কোন বিচারবিভাগীয় কর্ত্তৃপক্ষের হুকুমানুসারে কোন রাজস্ব বিষয়ক কর্ম্মচারী কর্ত্তৃক ক্রোক রাখা বা পরিচালিত হয় তাহা সেই ক্রোক বা পরিচালনের সময়ের মধ্যে যে বাকী রাজস্বের উৎপত্তি হয় তাহা আদায় করিবার নিমিত্ত যে বৎসর সেই বাকীর উৎপত্তি হয় সেই বৎসর শেষ হইয়া না যাওয়া পর্য্যন্ত নিলাম হইতে পারিবে না।

বিচারবিভাগীয় ক্রোকাধীন মহাল বৎসরের শেষ পর্য্যন্ত নিলাম হইতে বর্জ্জিত থাকিবার কথা।

চতুর্থ ভাগ।

নিলামের কথা।

৪১ ধারা। নিলাম সাধারণতঃ জেলার সদর ষ্টেশন স্থিত কালেক্টরের আপিসে কালেক্টর কর্ত্তৃক করা হইবে।

যে স্থানে নিলাম করিতে হইবে তাহার কথা।

কিন্তু বোর্ড ঐ আপিস হইতে ভিন্ন কোন স্থানে নিলাম করা সম্পৃক্ত পক্ষগণের উপকারজনক বিবেচনা করিলে সেই রূপ স্থান নির্দ্দেশ করিতে সক্ষম হইবেন।

৪২ ধারা। কালেক্টর যদি পীড়া বশতঃ বন্ধের দিন পড়িবার দরুণ, কিম্বা অন্য কোন কারণে নিলামের উপরোক্তমত নিরূপিত দিনে নিলাম আরম্ভ করিতে অপারগ হন অথবা যদি নিলাম আরম্ভ করিয়া কোন কারণে শেষ করিতে অপারগ হন তাহা হইলে তাহার ঠিক পরবর্ত্তী দিন রবিবার কিম্বা অপর পূরা বন্ধের দিন না হইলে সেই দিন পর্য্যন্ত নিলাম স্থগিদ রাখিবার তাঁহার হেতু লিপিবদ্ধ করিয়া এবং কমিশনরের নিকট সেই লিপির নকল প্রেরণ করিয়া এবং আপন কাছারিতে লিখিত বিজ্ঞাপন লট্‌কাইয়া দিয়া স্থগিদ করণের কথা বিঘোষিত করিয়া তিনি সেই দিন পর্য্যন্ত নিলাম স্থগিদ রাখিতে সক্ষম হইবেন এবং যে পর্য্যন্ত তিনি নিলাম আরম্ভ বা শেষ করিতে পারগ না হন সে পর্য্যন্ত দিন দিন এই রূপ করিতে সক্ষম হইবেন। কিন্তু যে সকল স্থগিদকরণ এইরূপে করা হয়, লিপিবদ্ধ করা হয় এবং রিপোর্ট করা হয় তদ্ব্যতীত প্রত্যেক নিলাম নিলামের উপরোক্ত প্রকারে নিরূপিত দিনে করিতে হইবেই হইবে।

নিলাম স্থগিদ রাখিবার কথা।

৪৩ ধারা। (১) নয় ধারানুসারে বিজ্ঞাপিত নিলামের দিনে বা তাহার পূর্ব্বে ঐ ধারানুসারে কালেক্টরের আপিসে লট্‌কাইয়া দেওয়া বিজ্ঞাপন এবং জজের আদালতে নুটিস প্রকাশিত হওয়ার রিটরণ এবং এই আইনের কোন বিধানানুসারে যে সমস্ত এবং যে কোন নুটিস প্রচারিত হয় ও নির্দ্দেশপত্র প্রেরিত হয় তাহার জারীর রিটরণ জেলার

নিলামে কার্য্যপ্রণালীর কথা।

কালেক্টরের কিম্বা তাঁহা হইতে এতৎপক্ষে বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন ডিপুটী কালেক্টরের সমক্ষে উপস্থিত করা হইবে এবং তিনি আপন হৃদবোধমত বুঝিয়া দেখিবেন যে এই আইনানুসারে নিলামের পূর্ব্বে যে সকল বিজ্ঞাপন ও নুটিসের প্রয়োজন তাহা এই আইনের নির্দ্দিষ্ট সময়ের নিমিত্ত, স্থান সমূহে ও প্রণালীতে যথারীতি প্রচারিত হইয়াছে।

(২) এইরূপ হৃদবোধ হইলে কিম্বা উপরের লিখিত মত বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত ডিপুটী কালেক্টরের এইরূপ হৃদবোধ হওয়ার রিপোর্ট তাঁহার নিকট হইতে পাইলে জেলার কালেক্টর এতদসংযুক্ত দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট ফারমে এই মর্ম্মে একখানি তজদিকপত্র লিপিবদ্ধ করিবেন যে বিজ্ঞাপন ও নুটিস প্রকাশিত করা সম্বন্ধে এই আইনের সমস্ত আদেশ পালন করা হইয়াছে বলিয়া দৃষ্ট হয় এবং ঐ তজদিকপত্র নিলাম কার্য্যের নথিতে রাখা হইবে এবং উহার অংশ হইবে।

(৩) নয় ধারানুসারে নিলাম হইবে বলিয়া বিজ্ঞাপিত কোন মহাল সম্বন্ধে নির্দ্দিষ্ট বিজ্ঞাপন ও নুটিস যথারীতি প্রচারিত ও জারী হইয়াছে বলিয়া কালেক্টরের হৃদবোধ না হইলে তিনি নিলাম স্থগিদ রাখিবেন এবং এই আইনের নির্দ্দিষ্ট সময়ের নিমিত্ত, স্থান সমূহে ও প্রণালীতে নূতন বিজ্ঞাপন ও নুটিস প্রচারিত করিবেন।

নিলাম করিবার ক্রমের কথা।

৪৪ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার লিখিত তজদিককরণ কার্য্য সম্পূর্ণ হইলে নিয়মিত ক্রমে নিলাম হইতে থাকিবে। জেলার কালেক্টরের আপিসের তৌজীতে নিলাম হইবে এমন যে মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বের সর্ব্বাপেক্ষা কম নম্বর থাকে তাহা প্রথমে নিলামে চড়ান হইবে এবং ঐরূপে নিয়মমত পর পর নিলামে চড়ান হইবে। এবং ঠিক পরবর্ত্তী ধারার লিখিত মত আমানত করিতে ক্রুটি বশতঃ যে স্থলে কোন মহালের বা মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের নম্বরানুযায়িক নিয়মিত ক্রমের ব্যতিক্রম করিয়া উহা নিলামে চড়ান আবশ্যক হয় সেই স্থল ভিন্ন অন্য কোন স্থলে ঐ রূপ করা কালেক্টরের পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে না।

পণের টাকার বাবত আমানত করিবার কথা।

৪৫ ধারা। যে ব্যক্তিকে উপরোক্তমত কোন প্রকাশ্য নিলামে কোন মহালের বা কোন মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের ক্রেতা বলিয়া ব্যক্ত করা হয় তাঁহাকে তৎক্ষণাৎ কিম্বা ঐ মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বের নিলাম শেষ হইবার পর যত শীঘ্র কালেক্টর আবশ্যক বিবেচনা করেন তত শীঘ্র তাঁহার ডাকের টাকার চতুর্থাংশ টাকায় করেন্সী নোটে কিম্বা যথারীতি ইণ্ডার্স করিয়া দেওয়া এবং তখনকার বাজার দরে যাহার মূল্য অবধারিত হইবে এমন গবর্ণমেণ্ট সিকিউরিটিতে দিতে হইবে। এবং এই রূপ আমানত না করা হইলে ঐ মহাল বা মহালের অংশ তৎক্ষণাৎ পুনরায় নিলামে চড়ান হইবে ও বিক্রয় করা হইবে।

পুরা পণের টাকা দিবার কথা।

৪৬ ধারা। (১) ক্রেতা যে মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব ক্রয় করেন তাহার নিলাম যে দিবস হইয়াছে সেই দিবস হইতে ত্রিংশ দিবসের অর্থাৎ সেই দিবসকে ত্রিশ দিবসের মধ্যে এক দিবস ধরিয়া সেই দিবস হইতে ত্রিংশ দিবসের সূর্য্যাস্তের পূর্ব্বে অথবা যদি সেই ত্রিংশ দিবস রবিবার কিম্বা অন্য পূরা বন্ধের দিবস হয় তাহা হইলে ত্রিংশ দিবসের পর প্রথম আপিসের দিবসে ক্রেতাকে পণের পূরা টাকা দিতে হইবে।

(২) উপরোক্তমত নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পণের পূরা টাকা দিতে ক্রুটি হইলে আমানতের টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ঐ মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব পুনরায় নিলাম করা হইবে, এবং মহালে, মহালের অংশে বা স্বাধীন মধ্যস্বত্বে কিম্বা উহা পরে যত টাকায় নিলাম হয় তাহার কোন অংশে ক্রুটিকারী ক্রেতার কোন দাবী থাকিবে না।

(৩) পরিশেষে যে নিলাম সম্পূর্ণ হয় তাহার টাকা উপরোক্ত ক্রুটিকারী ডাককারীর ডাকা মূল্যের অপেক্ষা কম হইলে যত টাকা কম হয় কালেক্টর তাহা রাজকীয় প্রাপ্য আদায় করণ বিষয়ক ১৮৮০ সালের আইনের বিধানানুসারে ঐ ডাককারীর নিকট হইতে আদায় করিতে প্রবৃত্ত হইবেন এবং ঐ টাকার বিলি ব্যবস্থা সম্বন্ধে উহা পণের টাকার অংশ বলিয়া গণ্য ও বিবেচিত হইবে এবং ষাইট ধারানুসারে নির্দ্দিষ্ট প্রণালীতে উহার সম্বন্ধে কার্য্য করিতে হইবে।

পণের টাকা দিতে ক্রুটি হইলে পুনরায় নিলাম করিবার কথা।

৪৭ ধারা। (১) পণের টাকা দিতে ক্রুটি করা হইলে নয় ধারার নির্দ্দিষ্ট সময়ের নিমিত্ত ও প্রণালীতে অভিপ্রেত পুনর্নিলামের বিজ্ঞাপন প্রকাশিত করা হইবে। কিন্তু যে দিন ঐ ক্রুটি ঘটিয়াছে তাহার পর পূরা তিনটী দিন অতীত না হওয়া পর্য্যন্ত ঐ রূপ বিজ্ঞাপন প্রকাশিত করা হইবে না।

(২) যে বাকীর নিমিত্ত মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব প্রথম নিলাম করা হইয়াছিল তাহা এবং পরে যে বাকী পাওনা হইয়া থাকে তাহা এবং পনর ধারার নির্দ্দিষ্ট টাকা ও অতিরিক্ত টাকা যদি তৃতীয় দিবসের সূর্য্যাস্তের পূর্ব্বে মহালের বা মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের ভূস্বামী কর্ত্তৃক বা তাঁহার পক্ষে দেওয়া হয় বা দিবার জন্য টেণ্ডর করা হয় তাহা হইলে পুনর্নিলামের বিজ্ঞাপনের প্রচার বন্ধ করা হইবে।

৪৮ ধারা। (১) যদি পণের টাকা দিতে একাধিক বার ত্রুটি ঘটে তাহা হইলে সর্ব্বোচ্চ ডাক এবং পরিশেষে যে নিলাম সম্পূর্ণ হয় তাহার টাকা এই দুইয়ের মধ্যে যত টাকা তফাৎ হয় ত্রুটিকারী ডাককারীদিগের নিকট হইতে তত টাকা আদায় করিতে হইবে। আর যত টাকা আদায় হয় ত্রুটিকারী ডাককারীদিগের মধ্যে কাহারও ডাক তদপেক্ষা যত টাকা বেশী হয় ঐ টাকা সেই পরিমানে ত্রুটিকারী ডাককারীদিগের মধ্যে সেই ব্যক্তির নিকট হইতে উপরোক্ত প্রণালীতে আদায় করা যাইতে পারিবে।

একাধিক বার ত্রুটি ঘটিলে ডাককারীদিগের নিকট হইতে যে টাকা আদায় করিতে হইবে তাহা হিসাব করিবার প্রণালীর কথা।

(২) পঁয়তাল্লিশ ও ছচল্লিশ ধারায় যে সকল বিধি আছে তাহা এই রূপ প্রত্যেক পুনর্নিলাম সম্বন্ধে খাটিতে পারিবে।

৪৯ ধারা। যে মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব বাকী রাজস্বের নিমিত্ত নিলাম হইয়াছে কিম্বা ঐ রূপ নিলাম হইবার জন্য যে মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বের অনিষ্ট হইয়াছে তাহাতে স্বার্থযুক্ত কোন ব্যক্তি নিলামের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে নিলাম রদ করিবার নিমিত্ত কালেক্টরের নিকট দরখাস্ত করিতে পারিবেন। এবং কালেক্টর যদি দেখেন যে তেতাল্লিশ ধারার উল্লিখিত কোন বিজ্ঞাপন বা নুটিস জারী করিতে বিশেষ রকম অনিয়ম হইয়াছে এবং তজ্জন্য প্রকৃত অনিষ্ট হইয়াছে তাহা হইলে তিনি নিলাম রদ করিবেন কিম্বা আইনানুমোদিত এমন আদেশ দিবেন যাহা সুবিচারার্থ আবশ্যক হয়।

নিলামের বিরুদ্ধে কালেক্টরের নিকট দরখাস্তের কথা।

৫০ ধারা। (১) যদি কালেক্টর ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে প্রদত্ত আদেশ ক্রমে নিলাম রদ করিতে অস্বীকার করেন তাহা হইলে দরখাস্তকারী সেই আদেশের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে কমিশনরের নিকট আপীল করিতে পারিবেন।

নিলামের বিরুদ্ধে কমিশনরের নিকট আপীলের কথা।

(২) কমিশনর ঐ আপীল শ্রবণ করিবেন এবং তাঁহার যদি হৃদ্বোধ হয় যে ঐ নিলামের দ্বারা প্রকৃত অনিষ্ট হইয়াছে তাহা হইলে তিনি উহা রদ করিতে পারিবেন।

(৩) এই ধারানুসারে কৃত কোন আপীল সম্বন্ধে কমিশনরের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

৫১ ধারা। নিলাম চূড়ান্ত ও সিদ্ধ হওয়া সাতান্ন ধারানুসারে যে প্রকারে বিজ্ঞাপিত হওয়া আবশ্যক ঊনপঞ্চাশ ও পঞ্চাশ ধারানুসারে নিলাম রদ হওয়া ঠিক সেই প্রকারে কালেক্টর কর্ত্তৃক প্রকাশ্যভাবে বিজ্ঞাপিত হইবে। এবং পণের টাকা বার্ষিক শতকরা চারি টাকা হারে সুদ সহ তৎক্ষণাৎ ক্রেতাকে ফেরত দেওয়া যাইবে এবং ভূস্বামী যদি এই আইনের কোন ধারানুসারে এই সকল টাকার নিমিত্ত দায়ী না হইয়া থাকেন অথবা এই সকল টাকা আমানত করিয়া না দিয়া থাকেন তাহা হইলে এই সকল টাকা গবর্ণমেণ্ট কর্ত্তৃক দেওয়া হইবে।

নিলাম রদ হইবার বিজ্ঞাপনের কথা।

৫২ ধারা। (১) যে মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব বাকী রাজস্বের নিমিত্ত নিলাম হইয়াছে কিম্বা ঐ রূপ নিলাম হইবার জন্য যে মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বের অনিষ্ট হইয়াছে তাহাতে স্বার্থযুক্ত কোন ব্যক্তি নিলামের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে এই ঘটনার কথা রেবিনিউ বোর্ডকে জানাইতে পারিবেন এবং রেবিনিউ বোর্ডের যদি হৃদ্বোধ হয় যে নিলামের জন্য কষ্ট বা অবিচার হইয়াছে তাহা হইলে তাঁহারা উহা রদ করিতে পারিবেন এবং যে নিয়ম ন্যায্য ও উপযুক্ত বোধ হয় সেই নিয়মে মহাল, মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব ভূস্বামীকে ফিরিয়া দেওয়াইতে পারিবেন।

রেবিনিউ বোর্ড কর্ত্তৃক নিলাম রদের কথা।

(২) নিলাম চূড়ান্ত হওয়া ও সিদ্ধ হওয়া সাতান্ন-ধারানুসারে যে প্রকারে বিজ্ঞাপিত হওয়া আবশ্যক এই ধারানুসারে নিলাম রদ করণ ঠিক সেই প্রকারে কালেক্টর কর্ত্তৃক প্রকাশ্য ভাবে বিজ্ঞাপিত হইবে।

৫৩ ধারা। যে স্থলে ঊনপঞ্চাশ বা পঞ্চাশ ধারানুসারে নিলাম রদ হইয়াছে এবং একান্ন ধারানুসারে রদ করণ প্রকাশ্যভাবে বিজ্ঞাপিত হইয়াছে সে স্থলে কালেক্টর নয় ধারানুসারে নিলামের বিজ্ঞাপন ও দশ ধারানুসারে নিলামের নুটিস প্রচার করিবেন এবং প্রথম নিয়মিত নিলামের দিনে মহাল পুনরায় নিলাম করিতে প্রবৃত্ত হইবেন। এই রূপ পুনর্নিলাম সম্বন্ধে চৌদ্দ ও পনর ধারার বিধান যতদূর সম্ভব খাটিবে।

নিলাম রদের পর মহালের পুনঃনিলামের কথা।

৫৪ ধারা। (১) (ক) যদি কালেক্টরকে বাকী রাজস্বের নিমিত্ত কোন মহালের, মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের নিলাম রদ করিবার জন্য নিলামের দিন হইতে ত্রিশ দিনের মধ্যে ঊনপঞ্চাশ ধারানুসারে দরখাস্ত করা না হয়। কিম্বা—

লিখিত ভূস্বামীকে কোন কোন নির্দ্দিষ্ট নিয়মে মহাল প্রভৃতি উদ্ধার করিবার ক্ষমতা প্রদত্ত হইবার কথা।

(খ) যদি ঐ রূপ দরখাস্ত করা হয় এবং কালেক্টরের হুকুমের বিরুদ্ধে ঐ হুকুমের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে পঞ্চাশ ধারানুসারে কমিশনরের নিকট আপীল করা না হয়। কিম্বা

(গ) যদি আপীল ডিসমিসের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে পঞ্চাশ ধারানুসারে কমিশনরের নিকট আপীল করা হয়,

তাহা হইলে ভূস্বামী কালেক্টরের আপিসে—

(ঘ) যে বাকী রাজস্বের নিমিত্ত ঐ মহাল, মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব প্রথম নিলাম হইয়াছিল তাহা এবং পরে যে বাকী পাওনা হইয়া থাকে তাহা এবং উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনানুসারে ঐ মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব সম্বন্ধে কালেক্টরকে দেয় সমস্ত অনাদায়ী চার্জ্জ এবং পনর ধারার নির্দ্দিষ্ট অতিরিক্ত দণ্ডের টাকা এবং নিলামের দিন হইতে এই ধারানুসারে যে তারিখে আমানত করা হয় সেই তারিখ পর্য্যন্ত বার্ষিক শতকরা ছয় টাকা চারি আনা হারে হিসাব করিয়া সমস্ত টাকার সুদ।

(ঙ) পণের টাকার দশম অংশের তুল্য টাকা।

(চ) বার্ষিক শতকরা চারি টাকা হারে পণের টাকার সুদের তুল্য টাকা—

আমানত করিলে কালেক্টর নিলাম রদ করিবেন এই প্রার্থনা করিয়া ইতি পূর্ব্বে যাহা কিছু আছে তাহা সত্বেও কালেক্টরের নিকট দরখাস্ত করিতে পারিবেন।

(২) যদি দরখাস্তের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে এই রূপ আমানত করা হয় তাহা হইলে কালেক্টর নিলাম রদ করিবার হুকুম করিবেন।

(৩) যদি লিখিত ভূস্বামী ইতি পূর্ব্বে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আমানত করিতে না পারেন তাহা হইলে কালেক্টর তৎক্ষণাৎ দরখাস্ত অগ্রাহ্য করিবার হুকুম করিবেন। এবং যে দিন ঐ হুকুম করা হয় সে দিন যদি নিলামের দিন হইতে ষাইট দিনের বেশী হয় তাহা হইলে সেই দিন বেলা দ্বিপ্রহরে এবং সে দিন যদি নিলামের দিন হইতে ষাইট দিনের কম হয় তাহা হইলে উক্ত নিলামের দিনকে উক্ত ষাইট দিনের প্রথম দিন ধরিয়া নিলামের দিন হইতে ষষ্টিতম দিন বেলা দ্বিপ্রহরে যে নিলাম সম্বন্ধে দরখাস্ত করা হইয়াছিল তাহা চূড়ান্ত ও সিদ্ধ হইয়া যাইবে।

(৪) এই ধারানুসারে যে দরখাস্ত করা হয় তৎসম্বন্ধে কালেক্টরের হুকুম চূড়ান্ত হইবে।

(৫) নিলাম চূড়ান্ত হওয়া ও সিদ্ধ হওয়া সাতান্ন ধারানুসারে যে প্রকারে বিজ্ঞাপিত হওয়া আবশ্যক কালেক্টর এই ধারানুসারে নিলাম রদ করিলে নিলাম রদকরণ ঠিক সেই প্রকারে কালেক্টর কর্ত্তৃক প্রকাশ্যভাবে বিজ্ঞাপিত হইবে এবং পণের টাকা এই ধারার (১) প্রকরণের (ঙ) ও (চ) দফার বর্ণিত টাকা সহ তৎক্ষণাৎ ক্রেতাকে ফিরিয়া দেওয়া হইবে এবং এই ধারার (১) প্রকরণের (ঘ) দফার লিখিত টাকা সকল গবর্ণমেণ্টের নামে জমা করা হইবে।

বাকী রাজস্বের নিমিত্ত নিলাম রদ করিবার মোকদ্দমা গ্রহণ করিতে দেওয়ানী আদালত প্রতিষিদ্ধ হইবার কথা।

৫৫ ধারা। যে তারিখে এই আইন প্রবল হইবে সেই তারিখ হইতে এবং সেই তারিখের পর কোন দেওয়ানী আদালত বাকী রাজস্বের নিমিত্ত নিলাম হওয়া কোন মহালের, মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের নিলাম রদের মোকদ্দমা গ্রহণ করিবেন না।

নিলাম কখন চূড়ান্ত হইবে সেই কথা।

৫৬ ধারা। (১) যে সকল নিলামের পণের টাকা ছচল্লিশ ধারানুসারে দেওয়া হইয়াছে এবং উনপঞ্চাশ ধারানুসারে নিলাম রদের দরখাস্ত করিবার যে সময় সেই সময়ের মধ্যে যে সকল নিলাম সম্বন্ধে নিলাম রদের দরখাস্ত করা হয় নাই চুয়ান্ন ধারানুসারে নিলাম রদ করিবার কোন দরখাস্তের অধীনে সেই সকল নিলাম নিলামের দিন হইতে যষ্টিতম দিন অর্থাৎ উক্ত নিলামের দিনকে উক্ত ষাইট দিনের প্রথম দিন ধরিয়া নিলামের দিন হইতে ষষ্টিতম দিন বেলা দ্বিতীয় প্রহরে চূড়ান্ত ও সিদ্ধ হইবে।

(২) যে সকল নিলাম সম্বন্ধে উনপঞ্চাশ ধারানুসারে নিলাম রদের দরখাস্ত করা হইয়াছে এবং কালেক্টরের হুকুমের বিরুদ্ধে পঞ্চাশ ধারানুসারে কমিশনরের নিকট আপাল করা হয় নাই তাহা উপরোক্ত মত অধীন হইয়া উপরের বিধানমত নিলামের দিন হইতে ষাইট দিনের বেশী হইলে হুকুমের তারিখ হইতে একত্রিংশ দিন বেলা দ্বিপ্রহরে এবং কম হইলে ষষ্টিতম দিন দ্বিপ্রহরে চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে।

(৩) যে সকল নিলামের বিরুদ্ধে আপীল হইয়াছে ও কমিশনর কর্ত্তৃক ডিসমিস হইয়াছে তাহা উপরোক্ত মত অধীন হইয়া, উপরের বিধানমত, নিলামের দিন হইতে ষাইট দিনের বেশী হইলে আপাল ডিসমিস করিবার তারিখ হইতে পঞ্চদশ দিন বেলা দ্বি প্রহরে এবং কম হইলে ষষ্টিতমদিন বেলা দ্বিপ্রহরে চূড়ান্ত ও সিদ্ধ হইবে।

উদাহরণ।—যদি ১৫ই এপ্রেল নিলাম হয় এবং এই ধারার নির্দ্দিষ্ট নিয়মগুলি নিলাম সম্বন্ধে না খাটে তবে ১৩ই জুন বেলা দ্বিপ্রহরে উহা চূড়ান্ত ও সিদ্ধ হইবে।

নিলামের সার্টিফিকেটের কথা।

৫৭ ধারা। (১) কালেক্টরের নিকট দরখাস্ত করিলে এবং আইনানুসারে যে ষ্টাম্প মাশুল দেওয়া আবশ্যক তাহা দিলে কিম্বা উহা দেওয়া হইয়াছে প্রমাণ করিলে ক্রেতা নিলাম চূড়ান্ত ও সিদ্ধ হইবামাত্র এই আইন সংযুক্ত তৃতীয় তফসীলের নির্দ্দিষ্ট ফারমে একখানি স্বত্বের সার্টিফিকেট পাইবার স্বত্ববান হইবেন এবং ঐ সার্টিফিকেট ১৮৭৭ সালের ৩ আইন কিম্বা দলীল রেজিষ্টরী করণ বিষয়ক উপস্থিত সময়ের প্রচলিত অন্য কোন আইন অনুসারে রেজিষ্টরী করা হইলে পর উহাতে যে ব্যক্তি বা ব্যক্তিদিগের নাম থাকে সেই ব্যক্তিতে বা সেই সকল ব্যক্তিতে তন্মধ্যে যে

তারিখ লিখিত থাকে সেই তারিখ হইতে যে কোন বিচারালয়ে নিলাম হওয়া মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বের স্বত্ব বর্ত্তিবার পর্য্যাপ্ত সাক্ষ্যস্বরূপ বিবেচিত হইবে।

(২) এইরূপ সার্টিফিকেট দেওয়া হইলে কালেক্টর আপন আপিসে এবং যে সকল মুন্সেফী আদালতের ও পুলিস ষ্টেশনের এলাকার মধ্যে নিলাম হওয়া মহালের বা মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের কোন অংশ অবস্থিত থাকে সেই সকল মুন্সেফী আদালতে ও পুলিস ষ্টেশনে লিখিত ইস্তাহার দিয়া ঐ হস্তান্তর বিজ্ঞাপিতও করিবেন।

দখল দিবার কথা।

৫৮ ধারা। (১) ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে স্বত্বের সার্টিফিকেট দেওয়া হইলে কালেক্টর এই রূপ হুকুম করিবেন যে ক্রয় করা মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বের দখিলকারদিগের মধ্যে কোন সুবিধাজনক স্থানে বা স্থানসমূহে ঢোল বাজাইয়া কিম্বা অপর যে প্রকার রীতি থাকে সেই প্রকারে মহালের স্বামিত্ব পূর্ব্ব ভূস্বামী বা ভূস্বামীগণ হইতে ক্রেতার হস্তে আসিবার কথা ঘোষণা করিয়া এবং ক্রয় করা মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বস্থিত মাল কাছারিতে বা কোন প্রকাশ্য স্থানে সার্টিফিকেটের নকল লটকাইয়া দিয়া এবং আবশ্যক হইলে যে ব্যক্তি উহা ছাড়িয়া দিতে অস্বীকার করে তাহাকে সরাইয়া দিয়া সম্পত্তির দখল দেওয়া হয়।

(২) যে প্রকারে দখল দিবার বিধান এই ধারায় আছে তাহা হইতে ভিন্ন কোন প্রকারে দখল দিবার জন্য কালেক্টরের হুকুম করিবার আবশ্যক হইবে না।

সার্টিফিকেট কার্য্যপ্রণালী নিয়মিত হওয়ার নির্ণায়ক সাক্ষ্য হইবার কথা।

৫৯ ধারা। (১) কোন ক্রেতাকে সাতান্ন ধারানুসারে যে স্বত্বের সার্টিফিকেট দেওয়া হয় তাহার সঙ্গে তাঁহাকে তেতাল্লিশ ধারানুসারে লিখিত তজ্জদিকপত্রের একখানি সহি মোহরযুক্ত নকলও বিনা খরচায় দেওয়া হইবে এবং ঐ সার্টিফিকেট ও তজ্জদিকপত্র ঐ ক্রেতার পক্ষে এবং তাঁহা হইতে দাবী করেন এমন প্রত্যেক ব্যক্তির পক্ষে এই কথার নির্ণায়ক সাক্ষ্য হইবে যে এই আইনে বা এই আইনক্রমে যে সমস্ত বিজ্ঞাপন বা নুটিস জারী করা বা লটকাইয়া দেওয়া আবশ্যক তাহা এই আইনের আদিষ্ট সময়ের নিমিত্ত স্থান সমূহে এবং প্রণালীতে যথারীতি জারী করা ও লটকাইয়া দেওয়া হইয়াছে এবং তাহাতে যে নিলামের উল্লেখ আছে তাহা এই আইনানুযায়িক নিলাম।

(২) যে ব্যক্তি এই রূপ কোন সার্টিফিকেট ও তজ্জদিকপত্র পাইয়াছেন তিনি যে নিলামে ক্রয় করিয়াছেন সেই নিলামের কার্য্যের অন্তর্গত কোন বিজ্ঞাপন বা নুটিস জারী করা বা লটকাইয়া দেওয়া সম্বন্ধে কিছু কৃত না হইবার দরুন, কিছু বেদাঁড়া রকম হইবার দরুন বা কোন অনিয়ম হইবার দরুন তাঁহার স্বত্বে দোষারোপ করা হইবে না বা তাঁহার স্বত্বের কোন বিঘ্ন হইবে না।

পণের টাকার বিলিব্যবস্থার কথা।

৬০ ধারা। (১) কালেক্টর প্রথমতঃ বার্ষিক শত করা ছয় টাকা চারি আনা হারে হিসাব করিয়া যে সুদ হয় সেই সুদ সহ নিলাম হওয়া মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব হইতে রাজস্ব দিবার শেষ দিনে যে সমস্ত বাকী পাওনা হয় তাহা পরিশোধার্থ এবং দ্বিতীয়তঃ জেলার সরকারী হিসাবে মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বের নামে যে সমস্ত অনাদায়ী প্রাপ্য খরচ লেখা থাকে তাহা পরিশোধার্থ পণের টাকা প্রয়োগ করিবেন এবং কিছু অবশিষ্ট থাকিলে তাহা নিলাম হওয়া মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বের ভূতপূর্ব্ব লিখিত ভূস্বামী বা ভূস্বামীগণের হিসাবে কিম্বা তাহাদের ওয়ারিষ বা স্থলাভিষিক্তদিগের হিসাবে আমানত স্বরূপ রাখিবেন এবং তাহা তৎক্ষণাৎ নিম্নলিখিত প্রণালীতে তাঁহার বা তাঁহাদের রসীদে দেয় হইবে, অর্থাৎ, নিলাম হওয়া মহাল বা মহালের অংশে বা স্বাধীন মধ্যস্বত্বে তাঁহাদের যে ভিন্ন ভিন্ন স্বার্থ আছে তাহা লেখা হইয়া থাকিলে তাঁহাদের লিখিত স্বার্থের হারহারি অংশ মত দেয় হইবে, অথবা লেখা হইয়া না থাকিলে, সমস্ত ভূস্বামী বর্গ একত্রে রসীদ দিলে একটা মোট টাকা স্বরূপ তাঁহাদিগকে দেয় হইবে।

(২) পণের টাকার যাহা উদ্বৃত্ত থাকে তাহা ভূতপূর্ব্ব ভূস্বামী বা ভূস্বামীদিগকে দিবার পূর্ব্বে যদি কোন মহাজন কোন দেনার টাকা পাইবার জন্য তাহা দাবী করেন তাহা হইলে ঐ উদ্বৃত্ত টাকা ঐ দাবীকারীকে দিতে পারা যাইবে না এবং কোন দেওয়ানী আদালতের পরওয়ানা অনুসারে ভিন্ন অন্য কোন রকমে উহা ভূস্বামী বা ভূস্বামীদিগকে না দিয়া রাখিয়া দেওয়া যাইতে পারিবে না।

কিন্তু কোন স্বাধীন মধ্যস্বত্বের পণের টাকার কিছু অবশিষ্ট থাকিলে তাহা ভূতপূর্ব্ব মধ্যস্বত্বাধিকারীর হিসাবে আমানত স্বরূপ রাখা হইবে, মহালের ভূস্বামী বা ভূস্বামীদিগের হিসাবে আমানত স্বরূপ রাখা হইবে না।

ভূতপূর্ব্ব ভূস্বামী হইতে ভিন্ন ব্যক্তি কর্ত্তৃক দরখাস্ত করা হইলে কার্য্যপ্রণালীর কথা।

৬১ ধারা। ভূতপূর্ব্ব লিখিত ভূস্বামী বা ভূস্বামীগণ হইতে ভিন্ন কোন ব্যক্তি কোন মহালের, মহালের অংশের বা স্বাধীন মধ্যস্বত্বের পণের টাকার অবশিষ্ট পাইবার নিমিত্ত কালেক্টরের নিকট ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে দরখাস্ত করিলে কালেক্টর যদি উপযুক্ত বিবেচনা করেন তাহা হইলে এই রূপ আদেশ দিয়া নয় ধারার নির্দ্দিষ্ট প্রণালীতে বিজ্ঞাপন দেওয়াইতে পারিবেন যে ঐ বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে ত্রিশ দিনের কম না হয় এমন যে দিন উহাতে নির্দ্দিষ্ট হয় যে সকল ব্যক্তি দরখাস্তকারীকে উক্ত অবশিষ্ট টাকা দেওয়া সম্বন্ধে আপত্তি করেন তাঁহারা সেই দিন কালেক্টরের সমক্ষে উপস্থিত হন এবং তাঁহাদের আপত্তির একখানি লিখিত বিবরণ

দাখিল করেন এবং সেই নির্দ্দিষ্ট দিনে তিনি পক্ষগণকে দেওয়ানী আদালতে যাইবার আদেশ দিবেন।

কিন্তু যে ব্যক্তি এই ধারার নির্দ্দেশ মত কালেক্টরের নিকট আপন আপত্তি দাখিল না করিবেন তিনি পরে কোন সময়ে কালেক্টরের নিকট হইতে উক্ত অবশিষ্ট টাকা পাইবার দাবী করিতে স্বত্ববান হইবেন না।

৬২ ধারা। যে কালেক্টর এই আইনানুসারে নিলামের কার্য্য চালান তাঁহার সাক্ষাতে উপস্থিত সময়ের খোলা কাছারীতে কিম্বা আপিসে কোন অবজ্ঞাসূচক কার্য্য করা হইলে তিনি অনধিক দুই শত টাকা পর্য্যন্ত জরিমানা করিয়া সেই অবজ্ঞার দণ্ড করিতে পারিবেন এবং সেই জরিমানার টাকা না দেওয়া হইলে তৎপরিবর্ত্তে অনধিক এক মাস কালের নিমিত্ত দেওয়ানী জেলে কারাবাস হইতে পারিবে। এবং কালেক্টর যে মাজিস্ট্রেটের নিকট এই রূপ কোন অপরাধীকে পাঠাইয়া দেন তিনি তাঁহার দণ্ডাজ্ঞা তামিল করিবেন।

অবজ্ঞার দণ্ডের কথা।

কিন্তু এই ধারানুসারে যে হুকুম করা হয় তদ্বিরুদ্ধে কমিশনরের নিকট আপীল চলিবে এবং কমিশনরের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

৬৩ ধারা। এই আইনের পঁয়তাল্লিশ ধারার আদিষ্ট টাকা আমানত করিয়া ডাক বজায় করিতে ত্রুটি হইলে সেই ত্রুটি অবজ্ঞা বলিয়া বিবেচিত হইবে।

টাকা আমানত করিতে ত্রুটি হইলে তাহা অবজ্ঞা বলিয়া বিবেচিত হইবার কথা।

৬৪ ধারা। (১) কোন মহালের যে বাকী রাজস্ব পাওনা থাকে তাহা আদায় করিবার জন্য মহালকে এই আইনানুসারে নিলামে চড়ান হইলে—

নিলামে গবর্ণমেন্টের ক্রয় করিবার ক্ষমতার কথা।

(ক) যদি কোন ডাক না হয় তাহা হইলে কালেক্টর এক টাকার অনধিক টাকায় মহাল গবর্ণমেন্টের জন্য ক্রয় করিবেন। অথবা

(খ) সর্ব্বোচ্চ ডাকের টাকা যদি উক্ত বাকী এবং পরে নিলামের তারিখ পর্য্যন্ত যে বাকীর উৎপত্তি হয় সেই বাকী পরিশোধার্থ যথেষ্ট না হয় তাহা হইলে কালেক্টর সর্ব্বাপেক্ষা বেশী যে টাকা ডাক হয় সেই টাকায় মহাল গবর্ণমেন্টের জন্য লইতে বা ক্রয় করিতে পারিবেন।

(২) কালেক্টর এই ধারার (১) প্রকরণের (ক) বা (খ) দফানুসারে কোন মহাল ক্রয় করিলে যে বাকী রাজস্ব বা অপর প্রাপ্য তখনও ত্রুটিকারী ভূস্বামীর নিকট পাওনা থাকে এবং মহাল বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্বের নিমিত্ত যে টাকা দেওয়া হয় তদ্দ্বারা যাহার পরিশোধ না হয় তিনি রাজকীয় প্রাপ্য আদায় করণ বিষয়ক ১৮৮০ সালের আইনানুসারে তাহা আদায় করিতে স্বত্ববান হইবেন এবং সকল স্থলেই গবর্ণমেন্ট এই আইনের বিধানের অধীনে সম্পত্তি পাইবেন।

পঞ্চম ভাগ।

ক্রেতাদিগের স্বত্ব ও দায়িত্বের কথা।

৬৫ ধারা। যে ব্যক্তিকে পঁয়তাল্লিশ ধারানুসারে এবং পুনর্নিলাম হইলে সাতচল্লিশ বা তিপ্পান্ন ধারানুসারে কোন মহাল, মহালের অংশ বা মধ্যস্বত্বের ক্রেতা বলিয়া ব্যক্ত করা হয় তিনি রাজস্বের সমস্ত কিস্তির নিমিত্ত দায়ী হইবেন এবং যে বাকার জন্য মহাল, মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব নিলাম হইয়াছে তাহা দিবার শেষ দিনের পর যে সকল খাজনা পাওনা হয় যে সকল ব্যক্তি তাহা দিবার জন্য দায়ী তাহাদের নিকট হইতে সেই সকল খাজানা আদায় করিতে স্বত্ববান হইবেন।

ক্রেতার দায়িত্ব ও স্বত্বের কথা।

৬৬ ধারা। বঙ্গদেশ, বেহার ও উড়িষ্যার চিরস্থায়ী বন্দোবস্তী জেলাস্থিত যে পুরা মহাল তদ্বাবত প্রাপ্য বাকী আদায়ের নিমিত্ত এই আইনানুসারে নিলাম হয় তাহার ক্রেতা বন্দোবস্তের সময়ের পর তদুপরি যে সকল দায় স্থাপিত হইয়া থাকে তাহা হইতে মুক্ত আকারে সেই মহাল পাইবেন এবং নিম্নলিখিতগুলি ছাড়া সমস্ত মধ্যস্বত্ব অস্বীকার ও রদ করিতে এবং সমস্ত মধ্যস্বত্বকারীকে তৎক্ষণাৎ উচ্ছেদ করিতে স্বত্ববান হইবেন:—

যে চিরস্থায়ী বন্দোবস্তী মহালের নিজের বাকীর নিমিত্ত নিলাম হয় তাহার ক্রেতার স্বত্বের কথা।

(ক) যে সকল ইস্তমরারী বা মোকররী মধ্যস্বত্ব চিরস্থায়ী বন্দোবস্তের সময় হইতে মোকররী খাজানা দিয়া ভোগ করা হইয়াছে।

(খ) বন্দোবস্তের সময়ে ছিল এমন যে সকল মধ্যস্বত্ব মোকররী খাজানা দিয়া ভোগ করা হয় নাই।

কিন্তু এই রূপ মধ্যস্বত্বের খাজানা বৃদ্ধিকরণ সম্বন্ধে উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনানুসারে এইরূপ মধ্যস্বত্বের খাজানা বৃদ্ধি করা যাইতে পারিবে।

(গ) বন্দোবস্তের সময়ের পরে সৃষ্ট যে সকল মধ্যস্বত্ব এবং কতক বৎসরের মিয়াদের যে সকল ইজারা এই আইনের বিধানানুসারে যথারীতি রেজিষ্টরী করা হইয়াছে।

(ঘ) যে সকল জমির উপর বসত বাটী, কারখানা বা অপর কায়েমী ইমারতাদি নির্ম্মিত হইয়াছে, কিম্বা যাহার উপর বাগান, বৃক্ষ বিশেষের বাগান, পুষ্করিণী, কূপ, খাল, পূজার স্থান, অথবা শ্মশান বা গোরস্থান করা হইয়াছে, কিম্বা যাহাতে আকর খনন করা হইয়াছে তাহার পাট্টা।

স্বাধীন মধ্যস্বত্বের ক্রেতার স্বত্বের কথা।

৬৭ ধারা। এই আইনের বিধানানুসারে নিলাম হওয়া কোন স্বাধীন মধ্যস্বত্বের সৃষ্টি এবং বন্দোবস্ত এই দুইয়ের মধ্যে যেটী শেষে হইয়াছে তাহার পর উহার উপর যে সকল দায় স্থাপিত হইয়া থাকে তাহা হইতে যুক্ত আকারে উহার ক্রেতা উহা পাইবেন এবং ঐ ক্রেতা নিম্নলিখিতগুলি ছাড়া সমস্ত মধ্যস্বত্ব অস্বীকার ও রদ করিতে এবং সমস্ত মধ্যস্বত্বাধিকারীকে তৎক্ষণাৎ উচ্ছেদ করিতে স্বত্ববান হইবেন :—

(ক) ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার (ক), (খ), এবং (ঘ) দফার নির্দ্দিষ্ট শ্রেণী গুলি।

(খ) কোন চলিত স্বল্পকাল স্থায়ী বন্দোবস্তের বন্দোবস্তী কার্য্যে ঐ বন্দোবস্তের সময়ের নিমিত্ত মোকররী খাজানার মধ্যস্বত্ব বলিয়া সৃষ্ট বা অনুমোদিত মধ্যস্বত্ব।

ক্রেতার বৃদ্ধি করিবার স্বত্বের কথা।

৬৮ ধারা। উপরোক্তমত কোন ক্রেতা যদি প্রমাণ করিতে পারেন যে ছয়ষট্টি ধারার (ঘ) দফার বর্ণিত বর্জ্জিত শ্রেণীর মধ্যে পড়ে এমন কোন ভূমি প্রথমতঃ অন্যায্য ছিল এমন কোন খাজনায় ভোগ করা হইয়াছিল এবং উহা উত্তম চাষের যোগ্য জমির খাজানার তুল্য মোকররী খাজানায় বার বৎসরের অধিক কালের নিমিত্ত ভোগ করা হয় নাই তাহা হইলে তিনি ঐ রূপ জমির খাজানা বৃদ্ধি করিবার নিমিত্ত উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনের নির্দ্দিষ্ট প্রণালীতে কার্য্যে প্রবৃত্ত হইতে স্বত্ববান হইবেন। কিন্তু অন্য কোন প্রকারে নয়।

কিন্তু এই ধারায় যাহা কিছু আছে তাহার এরূপ অর্থ করা যাইবে না যে তদ্দ্বারা উপরোক্তমত কোন ক্রেতা মোকররী খাজানায় কিম্বা প্রচলিত আইনানুসারে নির্দ্ধারিত বিধিক্রমে অবধারণযোগ্য খাজানায় দখলীস্বত্ব বিশিষ্ট কোন রায়তকে উচ্ছেদ করিতে কিম্বা ঐ সকল আইনের নির্দ্দিষ্ট প্রণালী হইতে ভিন্ন কোন প্রকারে অথবা বন্দোবস্তের সময়ের পর যে সমস্ত ব্যবস্থা করা হইয়াছে তৎপ্রতি লক্ষ্য না করিয়া পূর্ব্ব ভূস্বামী যে প্রকারে এই রূপ কোন রাইয়তের খাজানা বৃদ্ধি করিতে স্বত্ববান হইতেন তাহা হইতে ভিন্ন কোন প্রকারে এইরূপ কোন রাইয়তের খাজানা বৃদ্ধি করিতে স্বত্ববান হন।

চিরস্থায়ী বন্দোবস্তী নয় এমন যে মহাল নিজের বাকীর নিমিত্ত নিলাম হয় তাহার ক্রেতার স্বত্বের কথা।

৬৯ ধারা। চিরস্থায়ী বন্দোবস্তী নয় এমন কোন জেলাস্থিত যে মহাল তদ্বাবত প্রাপ্য বাকী আদায়ের নিমিত্ত নিলাম হয় তাহার ক্রেতা বন্দোবস্তের সময়ের পর তদুপরি যে সকল দায় স্থাপিত হইয়া থাকে তাহা হইতে মুক্ত আকারে সেই মহাল পাইবেন এবং শেষ বন্দোবস্তের পর বাকীদার কিম্বা তাঁহার পূর্ব্ববর্ত্তী ব্যক্তিরা আসল বন্দোবস্তকারীর স্থলাভিষিক্ত বা এসাইনি স্বরূপ যে সকল মধ্যস্বত্বের সৃষ্টি করিয়াছিলেন তাহা এবং আসল বন্দোবস্তকারী কিম্বা তাঁহার স্থলাভিষিক্তেরা রাইয়ত কিম্বা তদ্রূপ ব্যক্তিদিগের সহিত যে সমস্ত গ্রাণ্টমেন্ট করিয়াছেন বা অনুমোদন করিয়াছেন তাহা এবং আসল বন্দোবস্তকারী আপন বন্দোবস্তের নিয়মানুসারে যে সমস্ত মধ্যস্বত্ব রহিত করিতে, পরিবর্ত্তন করিতে কিম্বা নূতন করিয়া দিতে সক্ষম হইয়া থাকিতে পারেন তাহা অস্বীকার ও রদ করিতে স্বত্ববান হইবেন। কিন্তু যে সকল জমির উপর বসতবাটী, কারখানা বা অপর কায়েমী ইমারতাদি নির্ম্মিত হইয়াছে কিম্বা যাহার উপর বাগান, বৃক্ষবিশেষের বাগান, পুষ্করিণী, কূপ, খাল, পূজার স্থান অথবা শ্মশান বা গোরস্থান করা হইয়াছে কিম্বা যাহাতে আকর খনন করা হইয়াছে তাহার পাট্টা অস্বীকার ও রদ করিতে স্বত্ববান হইবেন না। যত দিন ঐ জমি ঐ সকল প্রয়োজনে যথাযথ ভাবে নিয়োজিত থাকিবে এবং চুক্তিমত খাজানা প্রদত্ত হইবে তত দিন ঐ সকল পাট্টা বা করারপত্র প্রবল ও কার্য্যকর থাকিয়া যাইবে।

কিন্তু যে সকল ব্যক্তির মধ্যস্বত্ব বা গ্রাণ্টমেন্ট উপরোক্ত মতে রদ করা হয় তাহাদের নিকট হইতে পূর্ব্ব ভূস্বামী যে হারে খাজানা চাহিতে পারিতেন এই ধারায় যাহা কিছু আছে তাহার এরূপ অর্থ করা হইবে না যে বাকী রাজস্বের নিমিত্ত প্রকাশ্য নিলামে যে ব্যক্তি জমি ক্রয় করেন তিনি তদ্দ্বারা সেই সকল ব্যক্তির নিকট তদপেক্ষা উচ্চ খাজানার হার চাহিতে স্বত্ববান হইবেন। কিন্তু ঐ জমির নিমিত্ত ন্যায়তঃ যে খাজানার হার চাওয়া যাইতে পারিত যে সকল স্থলে ঐ সকল ব্যক্তি তদপেক্ষা নিম্ন খাজানার হারের করার যুক্ত বন্দোবস্তানুসারে ঐ জমি ভোগ করিতেছেন কিম্বা যে সকল স্থলে এরূপ প্রমাণ করিতে পারা যায় যে পরগণা মৌজা বা অপর স্থানীয় বিভাগের রীত্যনুসারে ঐ সকল ব্যক্তিকে কোন নূতন আসেসমেণ্ট বা গবর্ণমেন্টের ব্যবস্থানুসারে নিষিদ্ধ নয় এমন অপর প্রাপ্য দিতে বলা যাইতে পারে সেই সকল স্থলে তিনি স্বত্ববান হইবেন।

যে ক্রেতা কোন মহালের অংশী তাঁহার স্বত্বের কথা।

৭০ ধারা। যে সকল ভূস্বামীর সহিত কালেক্টর তেইশ ধারানুসারে পৃথক হিসাব খুলিয়াছেন তাঁহারা ছাড়া যে লিখিত বা অলিখিত ভূস্বামী বা শরীক এমন মহাল ক্রয় করেন তিনিই যাহার ভূস্বামী বা শরীক তিনি কিম্বা উক্ত মহাল বাকীর নিমিত্ত এই আইনানুসারে নিলাম হইলে পর যে ভূস্বামী বা শরীক পুনরায় ক্রয় করা সূত্রে বা অন্য কোন প্রকারে পুনরায় উহার দখল পান তিনি এবং কোন মহাল সম্বন্ধে যে বাকী বা পাওনার উৎপত্তি হয় তাহা হইতে ভিন্ন বাকী বা পাওনার জন্য সেই মহাল নিলাম হইলে যিনি উহা ক্রয় করেন সেই ক্রেতাও সেই ক্রয়সূত্রে নিলামের সময় ঐ মহালের উপর যে সমস্ত দায় থাকে সেই সমস্ত দায়যুক্ত আকারে ঐ মহাল পাইবেন এবং

উক্ত মহাল নিলামের সময় কোর্ফা প্রজা বা রাইয়ত সম্বন্ধে পূর্ব্ব ভূস্বামীর যে স্বত্ব ছিল না তাহা পাইবেন না।

মহালের অংশ ক্রেতা দিগের স্বত্বের কথা।

৭১ ধারা। ত্রিশ বা একত্রিশ ধারানুসারে কোন মহালের অংশ বা অংশ সমূহ নিলাম হইলে, নিলাম হওয়া অংশ বা অংশ সমূহ যাহার জন্য পৃথক হিসাব খোলা হইয়াছে সেই অংশ বা অংশ সমূহই হউক কিম্বা মহালের যে অবশিষ্টাংশের জন্য পৃথক হিসাব খোলা হয় নাই সেই অবশিষ্টাংশই হউক, ক্রেতা সমস্ত দায়যুক্ত আকারে ঐ অংশ বা অংশ সমূহ পাইবেন এবং পূর্ব্ব অধিকারী বা অধিকারীদিগের যে স্বত্ব ছিল না তাহা পাইবেন না।

বাকীদারদিগের প্রাপ্য বাকী আদায়ের কথা।

৭২ ধারা। যে সকল ব্যক্তি বাকী খাজানা দিবার জন্য দায়ী বাকী রাজস্ব দিবার শেষ দিনে তাহাদিগের নিকট বাকীদারের যে সমস্ত বাকী খাজানা পাওনা থাকে নিলাম হইলে উক্ত শেষ দিনে বা তাহার পূর্ব্বে ক্রোক ভিন্ন যে কোন উপায় তিনি অবলম্বন করিতে পারিতেন সেই উপায়ে তাহা উক্ত শেষ দিনের পর তাঁহা দ্বারা আদায় হইতে পারিবে।

ষষ্ঠ ভাগ।

মধ্যস্বত্ব রক্ষা করিবার কথা।

মধ্যস্বত্ব রেজিষ্টরী করিবার কথা।

৭৩ ধারা। মধ্যস্বত্ব এবং কতক বৎসরের মিয়াদী ইজারা রেজিষ্টরী করণ বিষয়ক নিম্নলিখিত বিধিগুলি পালন করিতে হইবে:—

দুই প্রস্ত রেজিষ্টর থাকিবে—একপ্রস্ত সাধারণ রেজিষ্টরীর জন্য এবং এক প্রস্ত বিশেষ রেজিষ্টরীর জন্য।

সাধারণ রেজিষ্টরী বাকী রাজস্বের নিমিত্ত নিলামে গবর্ণমেণ্ট ভিন্ন অন্য কোন নিলামে ক্রেতা হইতে মধ্যস্বত্ব ও ইজারা রক্ষা করিবে।

বিশেষ রেজিষ্টরী বাকী রাজস্বের নিমিত্ত নিলামে গবর্ণমেণ্ট সুদ্ধ সকল নিলাম ক্রেতা হইতে মধ্যস্বত্ব ও ইজারা রক্ষা করিবে।

রেজিষ্টরীর নিমিত্ত দরখাস্তের কথা।

৭৪ ধারা। (১) কোন মধ্যস্বত্বের অধিকারী উহা রেজিষ্টরী করিতে ইচ্ছুক হইলে যে জেলায় ঐ মহাল থাকে সেই জেলার কালেক্টরের নিকট আবেদন পত্র দিয়া দরখাস্ত করিবেন।

(২) কি রকম রেজিষ্টরী করিবার ইচ্ছা দরখাস্তে তাহা লিখিতে হইবে এবং নিম্নলিখিত বিবরণগুলি যতদূর জানা যাইতে পারে ততদূর দরখাস্তে থাকিবে।

(ক) যে পরগণা বা পরগণা সমূহে মধ্যস্বত্ব অবস্থিত।

(খ) মধ্যস্বত্বের প্রকৃতি এবং যে মহালে উহা অবস্থিত তাহার নাম ও রাজস্বের তৌজি নম্বর।

(গ) যে গ্রাম বা গ্রাম সমূহ লইয়া ঐ জমি বা যাহাতে উহা অবস্থিত সেই গ্রাম বা গ্রাম সমূহের নাম।

(ঘ) মধ্যস্বত্বান্তর্গত জমির পরিমাণ এবং সমস্ত বিশেষ বিবরণ সহ উহার চৌহদ্দি।

(ঙ) মধ্যস্বত্বের নিমিত্ত বার্ষিক কত টাকা খাজানা দিতে হয় এবং খাজানা মিয়াদী কি ইস্তমুরারী রূপে ধার্য্য আছে এবং উহার জন্য যদি কোন কর্ত্তব্য কর্ম্ম করিতে হয় তবে কি কি কর্ত্তব্য কর্ম্ম।

(চ) যে দলীল দ্বারা মধ্যস্বত্ব সৃষ্ট হইয়াছে তাহার তারিখ এবং সেরূপ দলীল না থাকিলে দরখাস্তকারী এবং স্বত্ব সম্বন্ধে তাঁহার পূর্ব্ব ব্যক্তি থাকিলে তাঁহারা যে দরখাস্তের তারিখের পূর্ব্বে বার বৎসর মধ্যস্বত্ব দখল করিয়াছেন ইহা প্রমাণ করিবার নিমিত্ত দরখাস্তকারী যে সাক্ষ্যের উপর নির্ভর করেন সেই সাক্ষ্যের বিবরণ।

(ছ) যে ভূস্বামী মধ্যস্বত্বের সৃষ্টি করিয়াছিলেন তাঁহার নাম।

(জ) মধ্যস্বত্বের প্রথম দখীলকারের নাম।

(ঝ) বর্ত্তমান দখীলকারের নাম এবং তিনি যদি প্রথম দখীলকার না হন তাহা হইলে যে প্রকারে তিনি মধ্যস্বত্বের দখল প্রাপ্ত হইয়াছেন, অর্থাৎ ওয়ারিষী সূত্রে দান সূত্রে ক্রয় সূত্রে বা অন্য কোন প্রকারে এবং তিনি অন্যের সহিত একত্রে কি একা দখল করেন।

(৩) এই ধারার (চ) দফায় যে সকল দলীল বা অপর সাক্ষ্যের উল্লেখ আছে তাহা কালেক্টর বিবেচনা করিয়া দেখিবেন বলিয়া দরখাস্তের সহিত দিতে হইবে।

(৪) তিয়াত্তর ধারায় যেরূপ ইজারা বর্ণিত হইয়াছে তাহা রেজিষ্টরী করিবার নিমিত্ত তাহারা দখীলকারগণ এই প্রকারে দরখাস্ত করিতে পারিবেন। উপরোক্ত বিশেষ বিবরণগুলির মধ্যে যে গুলি ইজারা সম্বন্ধে খাটে সেই গুলি ঐ দরখাস্তে থাকিবে।

সাধারণ রেজিষ্টরীর নিমিত্ত দরখাস্ত হইলে যে কার্য্য-প্রণালী অনুসরণ করিতে হইবে তাহার কথা।

৭৫ ধারা। (১) সাধারণ রেজিষ্টরীর নিমিত্ত দরখাস্ত হইলে কালেক্টর নুটিসে দরখাস্তের নকল সংযুক্ত করিয়া ঐ নুটিস যে মহালে মধ্যস্বত্ব বা ইজারা অবস্থিত সেই মহালের ভূস্বামি বা ভূস্বামীদিগের উপর অথবা সেই ভূস্বামী বা ভূস্বামীদিগের ক্ষমতাপ্রাপ্ত এজেণ্টের উপর জারী করিবেন এবং নুটিসে দরখাস্তের নকল সংযুক্ত করিয়া উহা আপন আপিসে এবং যে মহালে মধ্যস্বত্ব বা

ইজারা অবস্থিত সেই মহালের মাল কাছারীতে কিম্বা দরখাস্তের কথা সর্ব্বসাধারণকে জানাইবার পক্ষে কালেক্টরের মতে অপর যে স্থান বা স্থান সমূহ সর্ব্বাপেক্ষা বেশী উপযোগী হয় সেই অপর স্থানে বা স্থান সমূহে লটকাইয়া দেওয়াইবেন এবং তাহাতে এইরূপ আদেশ করিবেন যে মধ্যস্বত্ব বা ইজারা রেজিষ্টরী করণ সম্বন্ধে কিম্বা দরখাস্তের লিখিত কোন কথা সম্বন্ধে ভূস্বামী বা কোন স্বার্থযুক্ত ব্যক্তির যে কোন আপত্তি থাকে নুটিস প্রচার হইতে ত্রিশ দিনের মধ্যে তিনি তাহা দাখিল করেন।

(২) যদি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কোন আপত্তি করা না হয় তাহা হইলে কালেক্টর দরখাস্তকারীর উপস্থিত করা দলীল বা অপর সাক্ষ্য বিবেচনা করিয়া দেখিবেন এবং সরাসরি তদন্তে কিম্বা তিনি যে সাক্ষ্য উপস্থিত করান তাহা বিবেচনা করিয়া দেখিয়া তাঁহার যদি হৃদ্বোধ হয় যে উহা অকৃত্রিম ও প্রচুর তাহা হইলে তিনি মধ্যস্বত্ব বা ইজারা রেজিষ্টরী করিবেন।

(৩) যদি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কোন লিখিত ভূস্বামী কর্ত্তৃক কিম্বা ভূস্বামী নহেন এমন কোন স্বার্থযুক্ত ব্যক্তি কর্ত্তৃক কোন আপত্তি করা হয় তাহা হইলে যে ব্যক্তি এইরূপ আপত্তি করেন কালেক্টর তাঁহার কিম্বা তাঁহার ক্ষমতাপ্রাপ্ত এজেণ্টের জবানবন্দী লইবেন এবং যদি তিনি দেখেন যে ঐ ব্যক্তির আপত্তি করিবার সম্ভবপর হেতু আছে কিম্বা যদি দরখাস্তকারীর উপস্থিত করা দলীল বা অপর প্রমাণ অকৃত্রিম ও প্রচুর বলিয়া দৃষ্ট না হয় তাহা হইলে কালেক্টর কার্য্য স্থগিদ করিবেন এবং পক্ষগণকে দেওয়ানী আদালতে যাইতে বলিবেন। নচেৎ তিনি দরখাস্ত মঞ্জুর করিবেন।

(৪) যদি দেওয়ানী আদালতের নিষ্পিত্তি দরখাস্তকারীর অনুকূল হয় তাহা হইলে কালেক্টর চূড়ান্ত ডিক্রীর নকল উপস্থিত করা হইলে মধ্যস্বত্ব বা ইজারা রেজিষ্টরী করিবেন।

বিশেষ রেজিষ্টরীর নিমিত্ত দরখাস্ত হইলে যে কার্য্যপ্রণালী অনুসরণ করিতে হইবে তাহার কথা।

৭৬ ধারা। (১) বিশেষ রেজিষ্টরীর নিমিত্ত দরখাস্ত হইলে কালেক্টর ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার নির্দ্দিষ্ট নুটিস জারী ও প্রচার করিবেন।

(২) যদি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কোন আপত্তি করা না হয় তাহা হইলে গবর্ণমেণ্টের রাজস্ব রক্ষিত হইবার জন্য কালেক্টর যে তদন্ত আবশ্যক বিবেচনা করেন সেই তদন্ত করাইবেন এবং যদি তাঁহার হৃদ্বোধ হয় যে কথিত মধ্যস্বত্ব বা ইজারার দরুণ মূল মহালের গবর্ণমেণ্টের রাজস্বের যত দূর ক্ষতি হইতে পারে তদ্বিবেচনায় ঐ রাজস্ব প্রচুর পরিমাণে রক্ষিত আছে তাহা হইলে তিনি দরখাস্তের কথা কমিশনরের নিকট রিপোর্ট করিবেন এবং কমিশনরেরও যদি ঐ বিষয়ে হৃদ্বোধ হয় তাহা হইলে তিনি দরখাস্তানুসারে মধ্যস্বত্ব বা ইজারা রেজিষ্টরী করিবার আদেশ করিবেন। নচেৎ দরখাস্ত অগ্রাহ্য করা যাইবে।

(৩) যদি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কোন লিখিত ভূস্বামী কর্ত্তৃক কিম্বা ভূস্বামী নহেন এমন কোন স্বার্থযুক্ত ব্যক্তি কর্ত্তৃক কোন আপত্তি করা হয় তাহা হইলে যে ব্যক্তি এই রূপ আপত্তি করেন কালেক্টর তাহার কিম্বা তাঁহার ক্ষমতাপ্রাপ্ত এজেণ্টের জবানবন্দী লইবেন এবং যদি তিনি দেখেন যে ঐ ব্যক্তির আপত্তি করিবার সম্ভবপর হেতু আছে কিম্বা যদি দরখাস্তকারীর উপস্থিত করা দলীল বা অপর প্রমাণ অকৃত্রিম ও প্রচুর বলিয়া দৃষ্ট না হয় তাহা হইলে কালেক্টর কার্য্য স্থগিদ করিবেন এবং পক্ষগণকে দেওয়ানী আদালতে যাইতে বলিবেন। নচেৎ তিনি এই ভাবে কার্য্য করিয়া যাইবেন যেন কোন আপত্তি করা হয় নাই।

(৪) যদি দেওয়ানী আদালতের নিষ্পিত্তি দরখাস্তকারীর অনুকূল হয় তাহা হইলে কালেক্টর চূড়ান্ত ডিক্রীর নকল উপস্থিত করা হইলে যে সকল স্থলে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আপত্তি করা না হয় সেই সকল স্থল সম্বন্ধে উপরে যে রূপ বিধান করা হইয়াছে সেই রূপ কার্য্য করিয়া যাইবেন।

কোন কোন জমির পাট্টা রেজিষ্টরী করিবার কথা।

৭৭ ধারা। ছয়ষট্টি ধারার (ঘ) দফার লিখিত প্রকারের জমির পাট্টা দখিলকারদিগের ইচ্ছামত মধ্যস্বত্ব রেজিষ্টরী করা সম্বন্ধে ইতিপূর্ব্বে যে প্রণালী ও বিধির ব্যবস্থা করা হইয়াছে সেই প্রণালীতে এবং সেই সকল বিধি অনুসারে রেজিষ্টরী করা যাইতে পারিবে।

পুরাতন মধ্যস্বত্ব রেজিষ্টরী করিবার কথা।

৭৮ ধারা। (১) ছয়ষট্টি ধারার (ক) ও (খ) দফার বর্ণিত মধ্যস্বত্ব দখীলকার দিগের ইচ্ছামত রেজিষ্টরী করা যাইতে পারিবে এবং এই রূপে রেজিষ্টরী করা হইলে কেবল বিশেষ রেজিষ্টরীতে লিখিত হইবে।

(২) চুয়াত্তর ধারার নির্দ্দিষ্ট বৃত্তান্তগুলি যত দূর অবধারিত হইতে পারে এই রূপ রেজিষ্টরী করণের দরখাস্তে লিখিত হইবে এবং পঁচাত্তর ধারার নির্দ্দিষ্ট প্রণালীতে নুটিস জারী ও প্রচার করা হইবে।

(৩) যদি নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কোন লিখিত ভূস্বামী কর্ত্তৃক কিম্বা ভূস্বামী নহেন এমন কোন স্বার্থযুক্ত ব্যক্তি কর্ত্তৃক কোন আপত্তি করা না হয় তাহা হইলে মধ্যস্বত্বের সিদ্ধতা সম্বন্ধে কালেক্টরের হৃদ্বোধ হইবার নিমিত্ত যে তদন্ত আবশ্যক হয় তিনি তাহা করিবেন এবং এইরূপ হৃদ্বোধ হইলে তিনি দরখাস্তের কথা কমিশনরের নিকট রিপোর্ট করিবেন এবং কমিশনর ছিয়াত্তর ধারার বিধানানুসারে কার্য্য করিবেন এবং যে সকল স্থলে আপত্তি করা হইবে সেই সকল স্থল সম্বন্ধে উক্ত ধারার বিধান খাটিতে পারিবে।

কিন্তু এই ধারায় যাহা কিছু আছে তাহা এরূপ বুঝিতে হইবে না যে এই ধারায় যে প্রকার মধ্যস্বত্বের উল্লেখ আছে তাহা রক্ষা করিবার নিমিত্ত তজ্জন্য রেজিষ্টরী করণ আবশ্যক হয়।

৭৯ ধারা। বাঁটওয়ারাধীন কোন মহালে নিষ্কর মধ্যস্বত্বের সৃষ্টি করা হইয়াছে ১৮৭৬ সালের বঙ্গীয় ৮ আইনানুসারে নিযুক্ত ডিপুটী কালেক্টরের নিকট হইতে ঐ আইনের ছিয়ানব্বই ধারানুসারে এই মর্ম্মে নুটিস পাইয়া কালেক্টর ছিয়াত্তর ধারানুসারে কমিশনরকে এই কথা রিপোর্ট করিবেন এবং কমিশনরের যদি হৃদ্বোধ হয় যে মূল মহালের রাজস্ব প্রচুর পরিমাণে রক্ষিত হইয়াছে তাহা হইলে তিনি মধ্যস্বত্বকে বিশেষ ভাবে রেজিষ্টরী করিবার আদেশ দিবেন।

বাঁটওয়ারাধীন মহালস্থিত নিষ্কর মধ্যস্বত্ব রেজিষ্টরী করিবার কথা।

৮০ ধারা। ছিয়াত্তর বা আটাত্তর ধারানুসারে যে মাপ, জরীপ বা স্থানীয় তদন্ত করা হয় যে ব্যক্তি আপন মধ্যস্বত্ব বা ইজারা রেজিষ্টরী করিবার দরখাস্ত করেন তাঁহাকে তাহার প্রকৃত খরচ দিতে হইবে এবং ঐ খরচ রাজকীয় প্রাপ্য আদায় করণ বিষয়ক ১৮৮০ সালের আইনের বিধানানুসারে আদায় করা যাইতে পারিবে এবং কালেক্টর এই জন্য যত টাকা আবশ্যক বিবেচনা করেন তত টাকা দিবার জন্য ঐ ব্যক্তিকে সময়ে সময়ে আদেশ করিতে পারিবেন।

মাপ জরীপ বা স্থানীয় তদন্তের খরচের কথা।

৮১ ধারা। (১) রাজকীয় রাজস্ব আদায় করিবার নিমিত্ত মোকদ্দমার জন্য যে সময় দেওয়া আছে সেই সময়ের মধ্যে দেওয়ানী আদালতে গবর্ণমেণ্টের উপস্থিত করা মোকদ্দমায় মধ্যস্বত্ব বা ইজারার বিশেষ রেজিষ্টরী গবর্ণমেণ্টের রাজস্বের ক্ষতি করিয়া প্রতারণাক্রমে করাইয়া লওয়া হইয়াছিল বলিয়া ডিক্রী দেওয়া না হইলে বিশেষ রেজিষ্টরীর লিখন এইরূপে রেজিষ্টরী হওয়া মধ্যস্বত্ব বা ইজারাকে প্রকৃতই রক্ষা করিবে।

বিশেষ রেজিষ্টরীতে লিখনের ফলের কথা।

কিন্তু যে ব্যক্তি মূল্য দিয়া সরলভাবে ক্রয় করেন তাঁহার হাতে যে মধ্যস্বত্ব বা ইজারা থাকে তাহা এইরূপ প্রতারণার দরুণ বাতিল হইবে না।

(২) মধ্যস্বত্ব বা ইজারার বিশেষ রেজিষ্টরীর সময় উহার যত টাকা খাজানা ন্যায্য হইত মধ্যস্বত্ব বা ইজারার তত টাকা খাজানা হইতে পারিবে এবং সেই টাকা কালেক্টরের কর্ত্তৃক ধার্য্য হইবে।

৮২ ধারা। ছয়ষট্টি ধারার (গ) দফার বর্ণিত যে সকল মধ্যস্বত্বের ও ইজারার বিশেষ রেজিষ্টরী করণের নিমিত্ত নির্দ্দিষ্ট সময়ের মধ্যে দরখাস্ত করা হইবে এবং যাহার সম্বন্ধে কালেক্টর ছিয়াত্তর ধারার নির্দ্দিষ্ট তদন্ত আরম্ভ করিয়াছেন তাহা বাকী রাজস্বের নিমিত্ত মূল মহালের নিলাম হইলে ঐ তদন্ত চলিতে থাকিবার সময় রক্ষিত হইবে এবং ঐ দরখাস্ত সম্বন্ধে রাজস্ব বিষয়ক কর্ত্তৃপক্ষদিগের চূড়ান্ত রায় দাবীকারীর অনুকূল হইলে পরিশেষে রেজিষ্টরী হইয়া রক্ষিত হইবে।

বাকী রাজস্বের নিমিত্ত মূল মহাল নিলাম হইলে তদন্ত চলিতে থাকিবার সময় মধ্যস্বত্ব রক্ষিত হইবার কথা।

৮৩ ধারা। এই আইনের সহিত সংযুক্ত চতুর্থ তফসীলের নির্দ্দিষ্ট ফী দিয়া যে কোন সময়ে সাধারণ বা বিশেষ রেজিষ্টরীর কিম্বা এই ভাগানুসারে রেজিষ্টরী করণের দরখাস্ত করা যাইতে পারিবে।

যে সময়ের মধ্যে দরখাস্ত করা যাইতে পারিবে তাহার কথা।

কিন্তু যে মধ্যস্বত্বের রেজিষ্টরী বা রেজিষ্টরী করণের দরখাস্ত করা হয় যে দলীল বা যে সকল দলীল দ্বারা তাহা গঠিত বা সৃষ্ট হয় সেই দলীল বা সেই সকল দলীল রেজিষ্টরী করণ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭৭ সালের আইনের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে প্রণালীতে এবং স্থানে যথারীতি রেজিষ্টরী করা হইয়া থাকা চাই।

সপ্তম ভাগ।

বিবিধ বিধান।

৮৪ ধারা। এই আইনের ষষ্ঠ ভাগের বিধানানুসারে কোন মধ্যস্বত্বের বিশেষ রেজিষ্টরীর জন্য কমিশনরের হুকুম রেজিষ্টরীর তারিখ হইতে এক বৎসরের মধ্যে যে কোন সময়ে স্থলভেদে গবর্ণমেণ্টের রাজস্ব যথেষ্ট পরিমাণে রক্ষিত না হইয়া থাকা হেতুতে কিম্বা মধ্যস্বত্বের অসিদ্ধতার হেতুতে রেবিনিউ বোর্ড বা স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক পুনরালোচিত হইতে পারিবে।

ষষ্ঠ ভাগানুসারে কমিশনরের হুকুম একবৎসরের মধ্যে পুনরালোচিত হইতে পারিবার কথা।

৮৫ ধারা। কোন মধ্যস্বত্ব বা ইজারা রেজিষ্টরী হওয়া প্রযুক্ত যে ব্যক্তি মনে করেন যে তাঁহার প্রতি অন্যায় করা হইয়াছে তিনি মিয়াদ বিষয়ক সাধারণ আইনের অধীনে উহা রহিত করিবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

মধ্যস্বত্ব বা ইজারার রেজিষ্টরী রহিত করিবার মোকদ্দমার কথা।

৮৬ ধারা। (১) কালেক্টর আপনার অধীন কোন আসিষ্টাণ্ট কালেক্টর, ডিপুটী কালেক্টর, আসিষ্টাণ্ট কমিশনর বা একষ্ট্রা আসিষ্টাণ্ট কমিশনরের নিকট কুড়ি, একুশ, বাইশ কিম্বা সাতাশ ধারানুযায়িক কোন দরখাস্ত, ঊনত্রিশ ধারানুসারে উত্থিত কোন মোকদ্দমা, একষট্টি ধারানুযায়িক কোন দরখাস্ত এবং পঁচাত্তর ধারানুসারে সাধারণ রেজিষ্টরীর কোন দরখাস্ত সোপর্দ্দ করিতে পারিবেন এবং ঐ উপরোক্তমত কর্ম্মচারী তদনুসারে ঐ দরখাস্ত বা মোকদ্দমা শুনিয়া তাহার নিষ্পত্তি করিবেন।

কালেক্টরের কোন কোন মোকদ্দমা আপন অধস্তন কর্ম্মচারীদিগের নিকট সোপর্দ্দ করিতে পারিবার কথা।

(২) এই রূপ যে কোন কর্ম্মচারী এই রূপ দরখাস্ত ও মোকদ্দমা শুনেন বা নিষ্পত্তি করেন তাঁহার সম্বন্ধে এই আইনের বিধান খাটিবে।

(৩) কালেক্টরের অধীন কোন কর্ম্মচারী যে সকল হুকুম দেন সেই সকল হুকুম দিবার পর পনর দিনের মধ্যে তাহার বিরুদ্ধে কালেক্টরের নিকট আপীল হইতে পারিবে। কালেক্টর যে সকল হুকুম দেন এই আইনের বিধানের অধীনে সেই সকল হুকুম দিবার পর ত্রিশ দিনের মধ্যে তাহার বিরুদ্ধে কমিশনরের নিকট আপীল হইতে পারিবে। এবং কমিশনর যে সকল হুকুম দেন এই আইনের বিধানের অধীনে সেই সকল হুকুম দিবার পর ষাইট দিনের মধ্যে তাহার বিরুদ্ধে বোর্ডের নিকট আপীল হইতে পারিবে।

সাক্ষ্য লইবার ক্ষমতার কথা।

৮৭ ধারা। কমিশনর, কালেক্টর এবং যে কর্ম্মচারীকে ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে কালেক্টর কর্ত্তৃক কোন দরখাস্ত বা মোকদ্দমা সোপর্দ্দ করা হয় সেই কর্ম্মচারীকে এই আইনের বিধানানুসারে যে তদন্ত করিবার বা যে আপীল লইবার ক্ষমতা দেওয়া যায় তাহাতে তিনি সাক্ষীদিগকে উপস্থিত হইতে এবং সাক্ষ্য উপস্থিত করিতে বাধ্য করিবার জন্য এবং সাক্ষীর জবানবন্দী লইবার জন্য দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন দ্বারা দেওয়ানী আদালতকে যে ক্ষমতা প্রদান করা হইয়াছে সেই ক্ষমতা পাইবেন।

কোন কোন ধারানুসারে যে ফী আদায় করা যাইতে পারিবে তাহার কথা।

৮৮ ধারা। এই আইনের সহিত সংযুক্ত যে চতুর্থ তফসীল এই আইনের অংশ স্বরূপ গৃহীত হইবে সেই চতুর্থ তফসীলের প্রথম ঘরের লিখিত ধারানুসারে যাহারা দরখাস্ত করেন কালেক্টর গবর্ণমেণ্টের পক্ষে তাঁহাদের নিকট ঐ তফসীলের তৃতীয় ঘরের নির্দ্দিষ্ট ফী দাওয়া করিবেন এবং উক্ত ধারাগুলি অনুসারে যে সমস্ত দরখাস্ত করা হয় তাহার সহিত উক্ত ফী টেণ্ডার করা না হইলে ঐ সমস্ত দরখাস্ত গ্রহণ করা হইবে না।

কোন কোন মহালে যে সকল আইন প্রবল থাকিবে তাহার কথা।

৮৯ ধারা। যে মহালের কোন ভাগে এই আইনানুসারে মাপ, জরীপ বা স্থানীয় তদন্ত করা হয় এবং এই আইনানুসারে গবর্ণমেণ্টের জন্য যে মহাল ক্রয় করা বা লওয়া হয় ১৮২২ সালের ৭ আইনের এবং ১৮২৫ সালের ৯ আইনের বিধান সেই মহালে প্রবল থাকিবে।

প্রথম তফসীল।

(২ ধারায় উল্লিখিত।)

বঙ্গীয় কোডের আইন।

নম্বর ও সন।	বিষয়।	কি পরিমাণ রহিত হইল।
১	২	৩
১৮১২ সালের ৫ আইন	ভূমির মালগুজারী তহসীলের বিষয়ে যে সকল দাঁড়া এক্ষণে চলন আছে তাহার কোন ২ দাঁড়া শুধরিবার ও সারিবার নিমিত্ত আইন।	২৪ ও ২৫ ধারা।
১৮২২ সালের ১১ আইন	মালগুজারী বাকী আদায়ের নিমিত্তে ভূমি নিলামের বিষয়ে যেং দাঁড়া এক্ষণে চলিতেছে তাহা শুধরিবার ও স্পষ্ট করিবার ইত্যাদি।	৩৬ ধারা।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আইন।

১	২	
১৮৪১ সালের ১২ আইন	মালগুজারীর বাকী আদায়ের নিমিত্ত ভূমি নিলামের বিষয়ী বাঙ্গালা দেশের চলিত আইন শুধরিবার আইন।	২ ধারা।
১৮৫৯ সালের ১১ আইন	বাঙ্গলা রাজধানীর বাঙ্গলা প্রভৃতি দেশে বাকী মাল-গুজারীর নিমিত্তে ভূমির নিলাম করিবার আইন পূর্ব্বাপেক্ষা উত্তম করিবার আইন।	সমস্ত আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত আইন।

১	২	৩
১৮৬৮ সালের ৩ আইন	১৮৫৯ সালের ১১ আইন সংশোধন করণার্থ আইন...	সমস্ত আইন।
১৮৬৮ সালের ৭ আইন	ভূমির বাকী রাজস্ব এবং রাজকীয় যে প্রাপ্য ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে সেই প্রাপ্য আদায় করিবার অধিক বিধান করণার্থ আইন।	১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০, ১১,১২,১৩ এবং ১৪ ধারা।
১৮৭১ সালের ২ আইন	মহাল ভিন্ন ভূসম্পর্কের বাকী রাজস্ব আদায় করণের কার্য্যপ্রণালী সংশোধনার্থ আইন।	সমস্ত আইন।
১৮৭৬ সালের ৭ আইন	রাজস্ব আদায়ী ও নিষ্কর ভূমি ও ভূম্যধিকারীদের ও কার্য্যাধ্যক্ষদের নাম রেজিষ্টরী করিবার বিধান করণার্থ আইন।	৬৯,৭০,৭১,৭২,৭৩ এবং ৭৪ ধারা।
১৮৭৯ সালের ৯ আইন	কোর্ট অব ওয়ার্ডস্ বিষয়ক ১৮৭৯ সালের আইন...	২৩,২৪,২৫ এবং ২৬ ধারা।
১৮৮১ সালের ৩ আইন	কোর্ট অব ওয়ার্ডস্ বিষয়ক ১৮৭৯ সালের আইন সংশোধনার্থ আইন।	২ ও ৪ ধারা।

দ্বিতীয় তফসীল।

(৪৩ ধারায় উল্লিখিত)

তজদিক পত্রের ফারম।

আমি এতদ্দারা তজদিক করিতেছি যে বাকী রাজস্বের নিমিত্ত তৌজি নম্বর মহালের (কিম্বা তৌজি নম্বর মহালের অংশের) নিলামে ধারানুসারে যে সমস্ত বিজ্ঞাপন, নুটিস ও ইস্তাহার আবশ্যক তাহা যথারীতি প্রচারিত হইয়াছে বলিয়া কালেক্টরের সেরেস্তা রিপোর্ট করিতেছেন এবং তাহা যথারীতি লটকান ও জারী হইয়াছে বলিয়া দেখা যায়।

ক, খ,

র কালেক্টর।

তৃতীয় তফসীল।

(৫৭ ধারায় উল্লিখিত)

সার্টিফিকেট।

আমি সার্টিফিকেট দিতেছি যে ক, খ, আইনানুসারে নিম্নের নির্দ্দিষ্ট জেলার তৌজিস্থিত মহাল (বা মহালের অংশ বা স্বাধীন মধ্যস্বত্ব) ক্রয় করিয়াছেন এবং তাঁহার ক্রয় র দিবসে (অর্থাৎ বাকী রাজস্ব দিবার নিমিত্ত ধার্য্য শেষ দিনের পর দিবসে) প্রবল হইয়াছে।

(স্বাক্ষর)

কালেক্টর।

নির্দ্দেশ পত্র।

(একটী পুরা মহালের হইলে)

তৌজির নম্বর
মহালের নাম
পূর্ব্ব ভূস্বামীর নাম
রাজস্ব

(মহালের অংশের হইলে)

পুরা মহালের তৌজী নম্বর
পুরা মহালের নাম
পুরা মহালের রাজস্ব
নিলাম হওয়া অংশের বিবরণ
নিলাম হওয়া অংশের অধীন তৌজী নম্বর
নিলাম হওয়া অংশের পূর্ব্ব ভূস্বামীর নাম
নিলাম হওয়া অংশ যে রাজস্বের নিমিত্ত পৃথক ভাবে দায়ী

(স্বাধীন মধ্যস্বত্বের হইলে)

তৌজী নম্বর কিম্বা কালেক্টরের রেজিষ্টরীতে যে নম্বর থাকে সেই নম্বর
মধ্যস্বত্বের নাম
রাজস্ব
পূর্ব্ব মধ্যস্বত্বাধিকারীর নাম

চতুর্থ তফসীল।

(১১ ও ৮৩ ধারায় উল্লিখিত।

ফীব কথা।

ধাবা।	দরখাস্তের প্রকৃতি।	দেয় ফী।
১	২	৩
(১) ১৪	যে ঠিকানায় ত্রুটির নুটিস পাঠান যাইতে পারে তাহা রেজিষ্টরী করিবার নিমিত্ত।	বার্ষিক দুই টাকা।
(২) ১৫	নিলাম হইতে মহাল রক্ষা করিবার নিমিত্ত টাকা বা সিকিউরিটি আমানত করণার্থ।	আমানত করা টাকার উপর শত করা আট আনা।
(৩) ১৫	কালেক্টর এইরূপে আমানত করা সিকিউরিটির যে সুদ আদায় করেন তাহার নিমিত্ত।	আদায় করা টাকার উপর শত করা আট আনা।
(৪) ৫	এইরূপে আমানত করা টাকা উঠাইয়া লইবার নিমিত্ত।	উঠাইয়া লওয়া টাকার উপর শত করা আট আনা।
(৫) ১৭	মহাল রক্ষার্থ ভূস্বামী নহেন এমন ব্যক্তি দ্বারা টাকা আমানত করিবাব নিমিত্ত।	আমানত করা টাকার উপর শত করা আট আনা। (ন্যূন পক্ষে এক টাকা কম হইতে না পারিবার নিয়মের অধীন।)
(৬) ২০,২১ বা ২২	কোন মহালের অংশ সম্বন্ধে পৃথক হিসাব খুলিবার নিমিত্ত।	মহালে দরখাস্তকারীর অংশের রাজস্ব ১০০০৲ টাকার অধিক না হইলে - রাজস্বের উপর শত করা দশ টাকা হারে। মহালে দরখাস্তকারীর অংশের রাজস্ব ১০০০৲ টাকার অধিক হইলে—১০০০৲ টাকার উপর শত করা দশ টাকা হারে এবং ঐ টাকার অতিরিক্ত সমস্ত টাকার উপর শত করা দুই টাকা হারে।
(৭) ৬৬,৬৯ বা ৭০	মধ্যস্বত্ব রেজিষ্টরী করণার্থ ...	প্রত্যেক দরখাস্তে দুই টাকা।

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

১৮৪৫ সালের ১ আইন যেমন ১৮৪১ সালের ১২ আইনের পুনঃসংগ্রহ হইয়াছিল ১৮৫৯ সালের ১১ আইন, অর্থাৎ বাকী রাজস্বের নিমিত্ত মহালের নিলাম সম্বন্ধে প্রধান আইনও তেমনি প্রধানতঃ ১৮৪৫ সালের ১ আইনের পুনঃসংগ্রহ হইয়াছিল। উহার সূচনার লিখিত বিশেষ উদ্দেশ্যে উহা পাস করা হইয়াছিল। ১৮৫৯ সালের পর সংশোধক আইন পাস করা হইয়াছে—যথা, ১৮৬২ সালের (বঙ্গীয়) ৩ আইন ১৮৬৮ সালের (বঙ্গীয়) ৭ আইন, ১৮৭১ সালের (বঙ্গীয়) ২ আইন এবং ১৮৭৫ সালের (বঙ্গীয়) ১ আইন। এবং ১৮৮০ সালের (বঙ্গীয়) ৭ আইন গবর্ণমেণ্টের প্রাপ্য আদায় করণার্থ অতিরিক্ত ক্ষমতা দিয়াছিল।

২। ১৮৬২ সালের (বঙ্গীয়) ৩ আইন দ্বারা পৃথক হিসাব খুলিবার নিমিত্ত এবং সাধারণ ও বিশেষ রেজিষ্টরীর নিমিত্ত ফীর ইস্কেল কমান হইয়াছিল, ঐ আইন পাস হইবার পূর্ব্বে যে সব মধ্যস্বত্বের সৃষ্টি হয় তাহা রেজিষ্টরী করিবার সময় বাড়াইয়া তিন বৎসর করা হইয়াছিল এবং ঐ আইন পাস হইবার পর যে সব মধ্যস্বত্বের সৃষ্টি হয় তাহাদের রেজিষ্টরীর জন্য যে দলীলে উহাদের সৃষ্টি হয় তাহার তারিখ হইতে তিন মাস সময় ধার্য্য করা হইয়াছিল।

১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইন দ্বারা কোন কোন প্রধান শব্দের অর্থ নির্দ্দেশ করিয়া দেওয়া হইয়াছিল যে সকল বিধান করা হয় নাই তাহা যুড়িয়া দেওয়া হইয়াছিল এবং সন্দেহের স্থল সকল পরিষ্কার করিয়া দেওয়া হইয়াছিল। আপীল সংক্রান্ত আইন পরিবর্ত্তন করা হইয়াছিল এবং যে সময়ের নিমিত্ত নিলামের

নুটিস দিতে দেওয়া হইয়াছিল এবং যে সময়ে নিলাম চূড়ান্ত হইবে এই দুই সময় বাড়াইয়া দেওয়া হইয়াছিল। নুটিসজারি সম্বন্ধে ইহাতে নূতন বিধান ছিল এবং নিলামকে চূড়ান্ত করা এবং ক্রেতাদিগকে রক্ষা করা ইহার উদ্দেশ্য ছিল। যে সকল মধ্যস্বত্ব খোদ গবর্ণমেণ্টকে রাজস্ব দেয় নিলাম সম্বন্ধে ইহা তাহাদিগকে একই অবস্থায় স্থাপিত করিয়াছিল এবং আবশ্যক পরিবর্ত্তনাধীনে ইহা ক্রেতাকে চিরস্থায়ী বন্দোবস্তী মহালের বেলায় যে সকল অধিকার দেওয়া হয় সেই সকল অধিকার দিয়াছিল। ইহাতে কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র বিধানও ছিল। গবর্ণমেণ্টের নানাবিধ পাওনা ও প্রাপ্য আদায়ের নিমিত্ত ইহা সার্টিফিকেট প্রণালী বলিয়া একটী নূতন রকমের কার্য্য-প্রণালীর সৃষ্টি করিয়াছিল। আইনের এই অংশটী রহিত করা হইয়াছে এবং ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনে পৃথকভাবে ইহার সম্বন্ধে ব্যবস্থা করা হইয়াছে।

১৮৭১ সালের বঙ্গীয় ২ আইন দ্বারা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের ১১ ধারায় কয়েকটী ভ্রম সংশোধন করা হইয়াছিল।

১৮৭৫ সালের বঙ্গীয় ১ আইন দ্বারা গবর্ণমেণ্টের মহালের বাকী আদায়ের নিমিত্ত বিধান করা হইয়াছিল। এই আইনটীকে ১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইন অর্থাৎ রাজকীয় প্রাপ্য আদায় করণ বিষয়ক আইন দ্বারা রদ করা হইয়াছিল এবং ঐ ৭ আইন সম্বন্ধে এইরূপ বিধান করা হইয়াছিল যে উহার মর্ম্মের ব্যতিক্রম না করিয়া উহাকে ১৮৫৯ সালের ১১ আইনের সহিত এক বলিয়া বুঝিতে হইবে।

৩। আরও কতকগুলি আইন পাস করা হইয়াছে যাহার অংশ বিশেষে রাজস্বের নিমিত্ত নিলাম বিষয়ক আইনে পরিবর্ত্তন ঘটিয়াছে।

১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের (ভূমি রেজিষ্টরীকরণ বিষয়ক আইনের) ৬৯ হইতে ৭৪ পর্য্যন্ত ধারা দ্বারা অংশ সম্বন্ধে পৃথক হিসাব খুলিবার বিষয়ে এবং ঐ রূপ হিসাব খুলিতে ও বন্ধ করিতে হইলে যে কার্য্য-প্রণালী অনুসরণ করিতে হইবে সেই বিষয়ে নিলামের আইনে প্রয়োজনীয় রকম অতিরিক্ত বিধান করা হইয়াছিল।

১৮৭৬ সালের বঙ্গীয় ৮ আইনের (বণ্টন বিষয়ক আইনের) ৯৬ ধারা দ্বারা ১৮৫৯ সালের ১১ আইনের ৪২ ধারা অনুসারে পূর্ব্ব আইনানুসারে সৃষ্ট নিষ্কর মধ্যস্বত্ব বিশেষ ভাবে রেজিষ্টরী করিবার নিমিত্ত কালেক্টরকে ক্ষমতা দেওয়া হইয়াছিল।

১৮৮১ সালের বঙ্গীয় ৩ আইন দ্বারা সংশোধিত কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭৯ সালের (বঙ্গীয়) ৯ আইন ১৮৮৯ সালের ১১ আইনের ১৭ ধারার বেশীর ভাগ রহিত করিয়াছিল এবং ঐ কোর্টের কর্ত্তৃত্বাধীন মহালকে ও যে মহাল নাবালগের সম্পত্তি সেই মহালকে নিলাম হইতে নিষ্কৃতি দেওয়া সম্বন্ধে কতকগুলি পরিবর্ত্তন করিয়াছিল।

৪। এই সকল সংশোধনকারী আইন এবং অপর আইনের ধারা ছাড়া নিলামের আইনের কোন কোন অংশ সম্বন্ধে হাই কোর্টের নিষ্পত্তি হইয়াছে এবং যে সকল বিষয়ে আইনের ব্যাখ্যা ও উপদেশ আবশ্যক হইয়াছে শাসন বিভাগীয় কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক সেই সকল বিষয়ে অনেক সরকুলর প্রচারিত হইয়াছে।

৫। ১৮৫৯ সালের ১১ আইনকে সাধারণতঃ সূর্য্যাস্ত আইন বলা হইয়াছে। গত কয়েক বৎসরে ঐ সূর্য্যাস্ত আইনের কোন কোন ধারা ঘটিত অসুবিধা ও গোলযোগের অনেক উদাহরণ উপস্থিত হইয়াছে। প্রধানতঃ এই সকলগুলির দরুণ ১৮৫৯ সালের ১১ আইনে, ঐ আইনের সংশোধনকারী আইনে ও অপর রেগুলেশন ও আইনে রাজস্বের নিমিত্ত নিলাম বিষয়ক যে আইন আছে তাহা সংশোধন করিবার কথা রেবিনিউ বোর্ড কর্ত্তৃক এবং আরও সম্প্রতি হাই কোর্ট কর্ত্তৃক বিবেচিত হইয়াছে। নানা সময়ে যে সকল সংশোধনের প্রস্তাব করা হইয়াছিল তাহা ১৮৮৯ সালে একত্র করা হইয়াছিল এবং ব্যবস্থাপনার্থ একখানি আইনের পাণ্ডুলিপি প্রস্তুত করিবার নিমিত্ত ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতি সহ জন বীমস্ সি, এস, সাহেবকে বিশেষভাবে নিযুক্ত করা হইয়াছিল। তিনি যে পাণ্ডুলিপি প্রস্তুত করিয়াছিলেন তাহা অবগতির নিমিত্ত প্রকাশিত করা হইয়াছিল। উহার সম্বন্ধে রিপোর্ট প্রাপ্ত হওয়া গিয়াছিল এবং বিবেচিত হইয়াছিল। আরও লেখা লেখি হইয়াছে। এবং এই সুদীর্ঘ আলোচনা দ্বারা যে সিদ্ধান্তে উপনীত হওয়া গিয়াছে তদবলম্বনে একখানি সংশোধিত পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। এখন প্রস্তাব করা যাইতেছে যে সমস্ত বর্ত্তমান আইন রদ করিয়া যে সকল পরিবর্ত্তন আবশ্যক বিবেচনা হয় তাহার বিধান করিয়া একটী সংশোধনও সংগ্রহাত্মক আইন পাস করা হয়। আরও সুবিধাজনক আকারে আইন বিধিবদ্ধ করাই যে প্রস্তাবিত ব্যবস্থাপনের উদ্দেশ্য তাহা নহে। প্রণালীটীর কার্য্যকারিতা হ্রাস না করিয়া সম্পৃক্ত লোক শ্রেণী সমূহের সুবিধার জন্য যে সকল প্রকৃত উৎকর্ষ প্রবর্ত্তিত করা সম্ভব বোধ হয় সেই সকল প্রকৃত উৎকর্ষ প্রবর্ত্তিত করাও প্রস্তাবিত ব্যবস্থাপনের উদ্দেশ্য বটে। ভূমি রাজস্ব বৃদ্ধি করিবার প্রস্তাব করা যাইতেছে না। উহাকে নিরাপদ রাখাই অভিপ্রেত।

৬। রাজস্ব বাকী পড়িলে প্রকৃত পক্ষে যে ঘটনার পর যে ঘটনা ঘটিয়া থাকে তাহার সহিত মিল থাকে এমনই স্বাভাবিক ক্রমে পাণ্ডুলিপির ধারাগুলি সাজান হইয়াছে। যে সকল আইন ও আইনের ধারা দ্বারা প্রধান আইনটী অর্থাৎ ১৮৫৯ সালের ১১ আইন সংশোধন করা হইয়াছিল ও উহার পরিশিষ্ট বিধান বিধিবদ্ধ

করা হইয়াছিল তাহা এই পাণ্ডুলিপির অন্তর্ভূত করা হইয়াছে। এবং বোর্ডের প্রস্তাবমতে গবর্ণমেণ্ট যে সকল আদেশ করিয়াছেন তাহা এবং হাই কোর্টের নিষ্পত্তি এবং যে সকল বহুদর্শী কর্ম্মচারী ও অপর ব্যক্তির মত গ্রহণ করা হইয়াছে তাঁহারা যে সব প্রস্তাব করিয়াছেন তাহা অবলম্বন করিয়া বিধান করণার্থ এখন যে সকল পরিবর্ত্তন করা অভিপ্রেত তাহা যথা স্থানে সন্নিবেশিত হইয়াছে। এই সকল পরিবর্ত্তনের মধ্যে যে গুলি সর্ব্বাপেক্ষা প্রয়োজনীয় পরবর্ত্তী পারাগ্রাফগুলিতে তাহার উল্লেখ করা গেল। পাণ্ডুলিপি খানিকে কয়েকটী ভাগে বিভক্ত করা গিয়াছে।

প্রথমভাগ।—সূচনা।

৭। "বোর্ড" "কমিশনর," "দায়," "রাজকীয় বৎসর," "লিখিত ভূস্বামী," "ধারা," "অধীন মধ্যস্বত্ব" এই কয়েকটী শব্দের অর্থ নূতন নির্দ্দিষ্ট হইল। ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের কোন কোন শব্দের অর্থ সামান্য পরিবর্ত্তিত বা সম্প্রসারিত করা গিয়াছে। পাণ্ডুলিপির ৩ ধারায় সমস্ত শব্দ আদ্যক্ষরানুসারে পর পর প্রদত্ত হইয়াছে।

দ্বিতীয় ভাগ।—নিলামের পূর্ব্বের কার্য্য।

৮। বাকী রাজস্ব দিবার শেষ দিন ধার্য্য করণার্থ ৬ ধারানুসারে স্থানীয় গবর্ণমেণ্টের মঞ্জুরি আবশ্যক হইবে। এ পর্য্যন্ত এই সকল তারিখ ধার্য্য করিবার ক্ষমতা রেবিনিউ বোর্ডের হস্তে রহিয়াছে, কিন্তু কার্য্যতঃ গবর্ণমেণ্টের আদেশ সর্ব্বদাই গ্রহণ করা হইয়াছে।

৯। চারি প্রকারের বাকীর নিমিত্ত নিলাম হইতে পারিবার পূর্ব্বে এ পর্য্যন্ত ১৮৫৯ সালের ১১ আইনের ৫ ধারানুসারে (বাকী দিবার শেষ দিনের অন্যূন ১৫ দিন পূর্ব্বে প্রচারিত করিতে হয় এমন) বিশেষ বিজ্ঞাপন আবশ্যক হইয়াছে। পাণ্ডুলিপির ৮ ধারানুসারে এরূপ বিজ্ঞাপন এখন কেবল কোন কোন মহালের বাকীর সম্বন্ধে আবশ্যক হইবে, অর্থাৎ (১) কোন বিচার বিভাগীয় কর্ত্তৃপক্ষের হুকুমানুসারে যে সকল মহাল ক্রোক থাকে (২) কোন বিচার বিভাগীয় কর্ত্তৃপক্ষের হুকুমানুসারে যে সকল মহাল কালেক্টরের কর্ত্তৃত্বাধীন থাকে। অপর যে যে প্রকারের বাকী আদায়ের কথা এই ধারা হইতে এখন তুলিয়া দেওয়া গেল তাহার আদায় কার্য্য রাজকীয় প্রাপ্য আদায় করণ বিষয়ক আইনানুসারে সার্টিফিকেট প্রণালীতে সম্পন্ন করা হয়।

১০। পাণ্ডুলিপির ১০ হইতে ১২ পর্য্যন্ত ধারায় এইরূপ বিধান করা হইয়াছে যে যে স্থলে নিলামের বিজ্ঞাপন প্রচারিত করা হয় সেই সেই স্থলে কোন কোন বিশেষ বিবরণ সহ নিলামের তারিখের নুটিসও সেই সঙ্গে লিখিত ভূস্বামীদিগের উপর তাঁহাদের আপন আপন বাস স্থানে জারী করা হইবে; গ্রামের চৌকীদার ও চৌকীদারী পঞ্চায়তের একজন সভ্য জারীকারক কর্ম্মচারীর সহায়তা করিবে এবং নুটিস জারী হওয়া সম্বন্ধে সার্টিফিকেট দিবে, কোন মহালে কোন রূপে স্বার্থযুক্ত কোন ব্যক্তি কালেক্টরের আপিসে আপন নাম ও ঠিকানা রেজিষ্টরী করাইয়া রেজিষ্টরী চিঠি দ্বারা নিলামের তারিখের নুটিস পাইতে স্বত্ববান হইতে পারিবেন। চিঠি যথারীতি রেজিষ্টরী হইয়া ডাকে দেওয়া প্রমাণ হইলে উহা না পাইবার দরুন কোন নিলাম ব্যর্থ হইবে না। লিখিত ভূস্বামীদিগের মহাল নিলাম হইবার পূর্ব্বে তাঁহারা প্রকৃত পক্ষে নিলামের তারিখের নুটিস পান জমিদার-দিগের ও হাই কোর্টের এই যে ইচ্ছা এই ইচ্ছা যতদূর সম্ভব পূর্ণ করাই এই সকল বিধানের উদ্দেশ্য। ১১ এবং ১৪ ধারা রেজিষ্টরীভুক্ত মধ্যস্বত্বাধিকারীদিগকে প্রভূত পরিমাণে রক্ষা করিবে।

১১। কোন মহালের নিলাম আরম্ভ হইবার পূর্ব্বে ঐ মহালকে নিলাম হইতে নিষ্কৃতি দেওয়া সম্বন্ধে ১৮৫৯ সালের ১১ আইনের ১৮ ধারা দ্বারা কালেক্টরকে আপন বিবেচনানুসারে কার্য্য করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে। কিন্তু কালেক্টর আপন বিবেচনানুসারে কার্য্য করিতে হইলে কি প্রকারে চলিবেন উক্ত ধারায় সে বিষয়ে কোন উপদেশ নাই। বোর্ড এবং গবর্ণমেণ্ট সময়ে সময়ে যে সকল আদেশ প্রচারিত করিয়াছেন তাহাতে কড়াকড়ি না করিবার উপদেশ আছে বটে। কিন্তু ঐ বিবেচনার কার্য্যের প্রকৃতি বিবেচনায় উহা কাজে কাজেই সকল স্থলে সমান ভাবে সম্পন্ন করা হয় নাই। সুতরাং ভূস্বামীদেরও অনিশ্চিত অবস্থায় থাকিতে হইয়াছে এবং কালেক্টরদিগকেও এমন একটী দায়িত্ব বহন করিতে হইতেছে যে জন্য তাঁহাদিগকে বিব্রত হইতে হয় এবং এমন একটী অবস্থায় থাকিতে হইয়াছে যাহাতে তাঁহাদের ভ্রম প্রমাদগ্রস্ত ও তিরস্কৃত হওয়া সম্ভব। কালেক্টরদিগের হাতে আপন বিবেচনানুসারে কার্য্য করিবার ক্ষমতা রাখা বাঞ্ছনীয় বিবেচিত হইতেছে না। এবং আইন দ্বারা গবর্ণমেণ্টের স্বত্ব ও যে সকল ভূস্বামী নিলাম হইতে আপন আপন মহাল রক্ষা করিতে ইচ্ছা করেন তাঁহাদের স্বত্ব ঠিক করিয়া অবধারিত করা বাঞ্ছনীয় বিবেচিত হইতেছে। অতএব পাণ্ডুলিপির ১৪ ও ১৫ ধারাতে এইরূপ বিধান করা হইয়াছে যে বাকীদার লিখিত ভূস্বামী গবর্ণমেণ্টের সমস্ত পাওনা টাকা, বাকী রাজস্বের সুদ এবং টাকা দিতে (বাকী দিবার শেষ দিন ও নিলামের দিনের পূর্ব্বের দিনের মধ্যে) যে বিলম্ব হয় তাহার পরিমাণানুসারে বাকীর পাঁচভাগের এক ভাগ পর্য্যন্ত দণ্ডের টাকা দিলে (পাণ্ডুলিপির ৬ ধারানুসারে অবধারিত) টাকা দিবার শেষ দিনের পর নিলামের অবধারিত দিনের পূর্ব্ব দিন পর্য্যন্ত কালেক্টর বাকী লইবেন। এবং দণ্ডের টাকা সম্বন্ধে এইরূপ নিয়ম করা হইয়াছে যে খুব বড় এবং খুব ছোট মহাল সম্বন্ধে উহার একটী সীমা থাকিবে। বাকী পড়িলে এখন

যেমন সকল স্থলেই নিলাম হইয়া থাকে অতঃপর আর তেমন নাও হইতে পারে। এখন বাকী পড়িলে প্রথমতঃ কিছু অতিরিক্ত খরচ হইবে। বাকী দিবার নিমিত্ত শেষ অবধারিত দিনের পর বাকী দিবার অধিকার প্রদত্ত হওয়ায় বাকীর উপর সুদ চার্জ করা আবশ্যক হইতেছে। সুতরাং ১৮৪১ সালের ১২ আইনের যে ধারাটী এখনও প্রবল আছে তাহা রহিত করিতে হইতেছে কারণ ঐ ধারায় ভূমির বাকী রাজস্বের উপর সুদ বা দণ্ডস্বরূপ টাকা চাওয়া নিষিদ্ধ হইয়াছিল। কালেক্টরের নিলামের দিন টাকা লইবার ক্ষমতা থাকিবে না।

তৃতীয় ভাগ।—নিলাম হইতে রক্ষা ও নিষ্কৃতি।

১২। পাণ্ডুলিপির ১৭ ধারায় এইরূপ বিধান করা হইয়াছে যে কোন লিখিত ভূস্বামী আপন অংশীদিগের ত্রুটিবশতঃ কোন মহালকে নিলাম হইতে রক্ষা করিবার নিমিত্ত আপনার লিখিত স্বার্থের হারহারিতে যত টাকা হয় তাহার অধিক রাজস্ব এবং অপর টাকা দিলে তিনি সার্টিফিকেট প্রণালীতে অংশীদিগের নিকট হইতে ঐ অতিরিক্ত টাকা আদায় করিবার নিমিত্ত কালেক্টরের নিকট দরখাস্ত করিতে পারিবেন। এই ধারাটী ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইন অর্থাৎ কর বিষয়ক আইনের ৪৯ ধারা হইতে উপযোগী করিয়া লওয়া হইয়াছে এবং পূর্ব্ব বঙ্গের ভূম্যধিকারীদিগের সভার প্ররোচনায় পাণ্ডুলিপিতে গৃহীত হইয়াছে।

১৩। পাণ্ডুলিপির ২২ ধারায় ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের অর্থাৎ ভূমি রেজিষ্টরীকরণ বিষয়ক আইনের ৭০ ধারা প্রবিষ্ট করা হইয়াছে। এবং কোন মহালের কোন নির্দ্দিষ্ট অংশস্থিত ইজমালীতে অধিকৃত কোন অবিভক্ত স্বার্থের যে ভূস্বামী আপন ভূমির রাজস্ব দিবার নিমিত্ত পৃথক হিসাব খুলিতে ইচ্ছা করেন এই ধারাতে তাঁহার সম্বন্ধে ব্যবস্থা করা হইয়াছে। উদ্দেশ্য এই যে পৃথক হিসাব সম্বন্ধে সমস্ত আইন একত্রিত করিয়া একটী আইনের মধ্যে আনয়ন করা হয়। বণ্টনবিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৮ আইনের ১১ ধারার সাদৃশ্যানুসরণ করিয়া ২৫ ধারায় ইহাও বিধান করা হইয়াছে যে অর্থিক অংশের নিমিত্ত কিম্বা যে অংশের রাজস্ব ১০৲ টাকার কম সেই অংশের নিমিত্ত অথবা যে অংশের নিমিত্ত পৃথক হিসাব খুলিলে এমন একটি অবশিষ্টাংশ গঠিত হইবে যাহার রাজস্ব ১০৲ টাকার কম হইবে সেই অংশের নিমিত্ত পৃথক হিসাবে খোলা হইবে না। অত্যন্ত ক্ষুদ্র ক্ষুদ্র অংশের নিমিত্ত পৃথক হিসাব খুলিলে কার্য্যতঃ অনেক অসুবিধা উপস্থিত হইতে দেখা গিয়াছে।

১৪। যে পৃথক হিসাব ভূস্বামীর অধিকৃত স্বার্থের প্রকৃতিও পরিমাণের সহিত আর মিলিতেছে না তাহা বন্ধ করিয়া পুনরায় শুদ্ধরূপে খুলিবার নিমিত্ত বিধান করণার্থ অপর দুইটী ধারা অর্থাৎ ২৭ ও ২৮ ধারা ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক আইন হইতে গ্রহণ করা হইয়াছে। আর যে পৃথক হিসাব অশুদ্ধ হইয়াছে বলিয়া কালেক্টর জ্ঞাত হন আপন ইচ্ছায় তাহা বন্ধ করিতে তাঁহাকে সক্ষম করিবার জন্যও এখন ক্ষমতা গ্রহণ করা হইল। ভূয়োদর্শনে দেখা গিয়াছে যে কালেক্টরের এইরূপ ক্ষমতা থাকা বাঞ্ছনীয়।

১৫। কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক আইন সমূহের যে সকল ধারায় (১) কোর্ট অব ওয়ার্ডস কর্ত্তৃক মহালের অধ্যক্ষতার সময়ে যে বাকী উপস্থিত হয় তাহার নিমিত্ত নিলাম হইতে মহালকে নিষ্কৃতি দিবার কথা আছে এবং (২) কোর্ট অব ওয়ার্ডস কর্ত্তৃক মহালের অধ্যক্ষতার সময়ে যে বাকী উপস্থিত হইয়াছে তাহা আদায় করিবার কথা আছে পাণ্ডুলিপির তৃতীয় ভাগটীকে সম্পূর্ণ করিবার অভিপ্রায়ে সেই ধারাগুলিকে এবং ঐ সকল আইনের ঐ প্রকারের অপর ধারাগুলিকে তৃতীয় অধ্যায় রূপে অঙ্গীভূত করা গিয়াছে। এই রূপ বিবেচিত হয় যে আইনের এই অংশটী ওয়ার্ডস বিষয়ক আইন অপেক্ষা নিলাম বিষয়ক আইনেরই বেশী অঙ্গীভূত। কারণ ইহাতে যে কার্য্যের নির্দ্দেশ আছে তাহা কালেক্টর আপন আপিসের ওয়ার্ডস বিভাগে না করিয়া রাজস্বের নিমিত্ত নিলাম বিভাগে করিয়া থাকেন।

চতুর্থভাগ।—নিলাম।

১৬। বাকী রাজস্বের নিমিত্ত নিলাম করিবার জন্য ৪১ ধারানুসারে কালেক্টর একমাত্র ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মচারী হইবেন। ইহাই বর্ত্তমান সাধারণ রীতি।

১৭। ৪৩ ধারার বিধান এই যে বাকীর নিমিত্ত নিলাম করিবার পূর্ব্বে আইনানুসারে যে সমস্ত বিজ্ঞাপন প্রচারিত করা আবশ্যক তাহা এবং যে সমস্ত নুটিস প্রচারিত করা আবশ্যক তাহার রিটরন কালেক্টরের সম্মুখে (কিম্বা এতৎপক্ষে বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত ডিপুটী কালেক্টরের সম্মুখে) উপস্থিত করিতে হইবে। এবং কালেক্টরকে আপন হৃদ্বোধমত বুঝিতে হইবে যে ঐ গুলি যথারীতি প্রচারিত হইয়াছে এবং সেই মর্ম্মে একখানি তজদিক রোবকারী লিপিবদ্ধ করিতে হইবে এবং তাঁহার যদি এরূপ হৃদ্বোধ না হয় তাহা হইলে তাঁহাকে নিলাম স্থগিদ রাখিয়া নূতন বিজ্ঞাপন ও নুটিস প্রচার করিতে হইবে। ৫৯ ধারানুসারে নিলাম ক্রেতাকে স্বত্বের সার্টিফিকেটের সহিত এই তজদিক রোবকারীর এক খানি সহি মোহর যুক্ত নকল দিতে হইবে এবং সমস্ত নুটিস ও বিজ্ঞাপন যে যথারীতি দেওয়া হইয়াছে এই সার্টিফিকেট ও তজদিক রোবকারী তাহার নির্ণায়ক সাক্ষ্য হইবে।

এই সকল বিধানের উদ্দেশ্য এই যে কোন বিজ্ঞাপন বা নুটিস জারী করিতে বা লটকাইতে কোন ত্রুটি বেদাঁড়া বা অনিয়ম হইবার দরুণ কোন নিলাম রদ না হয়। লালা মবারক লাল বনাম সেক্রেটরী অব ষ্টেট (১১ ইণ্ডিয়ান ল রিপোর্ট, কলিকাতা, ২০০ পৃষ্ঠা), এই মোকদ্দমায় এই রূপ নিষ্পত্তি করা হইয়াছিল যে যে স্থলে

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার নির্দ্দিষ্ট নুটিস লটকাইয়া দিবার তারিখ হইতে ৩০ দিনের পূর্ব্বে নিলাম হইয়াছে সে স্থলে ঐ আইনের ৩৩ ধারার নির্দ্দিষ্ট সঙ্কোচক বিধি স্বত্বেও ঐ রূপ নিলাম রদ করা যাইতে পারে। ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের ৮ ধারার বিধান এই যে নিলাম সংক্রান্ত কোন নুটিস জারী করিতে বা লটকাইতে কোন ত্রুটি বেদাঁড়া বা অনিয়ম বশতঃ ক্রেতার স্বত্বে দোষারোপ করা যাইবে না অথবা উহার ক্ষতি হইবে না। কিন্তু উক্ত মোকদ্দমাতে এইরূপ নিষ্পত্তি করা হইয়াছিল যে অনিয়ম এ প্রকারের হয় নাই যে ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের ৮ ধারা দ্বারা উহা সংশোধন করা যাইতে পারে সুতরাং নিলাম একবারেই ১৮৫৯ সালের ১১ আইনানুযায়িক নিলাম হয় নাই এবং সেই জন্য ১৮৫৯ সালের ১১ আইনানুসারে কিম্বা উহার পরিপোষক আইন সমূহানুসারে এমন কোন ক্ষমতা ছিল না যদ্দ্বারা ঐরূপ নিলাম রদ হওয়া নিবারণ করা যাইতে পারে। অভিপ্রায় এই যে এই সকল বিধান দ্বারা নিলাম ক্রেতাদিগের স্বত্ব পাকা করিয়া দেওয়া হয়। এইরূপ ধারণা আছে যে এই প্রকারের অধিকাংশ স্থলেই যে সকল অধস্তন আমলার উপর এইরূপ নুটিস প্রচার করিবার ভার থাকে তাহাদের ভ্রম বা অনবধানবশতই ভুল হইয়া থাকে। এইরূপ প্রত্যাশা করা যায় যে তজ্জদিক কার্য্যে কালেক্টরের নিজের যে পরিদর্শন আবশ্যক তাহাতেই নুটিস ও বিজ্ঞাপন বিষয়ক আইন সাবধানে প্রতিপালিত হওয়া সুনিশ্চিত হইবে।

১৮। ৪৯ ধারায় এইরূপ বিধান করা হইয়াছে যে ব্যক্তির কোন মহালে স্বার্থ আছে এবং উহার নিলাম দ্বারা যাঁহার ক্ষতি হইয়াছে তিনি কালেক্টরের নিকট এই হেতুতে নিলাম রদ করিবার দরখাস্ত করিতে পারিবেন যে কোন বিজ্ঞাপন বা নুটিস জারী করিতে বিশেষ অনিয়ম হইয়াছে এবং সেই জন্য প্রকৃত অনিষ্ট হইয়াছে। নিলাম রদ করিবার জন্য কালেক্টরের নিকট প্রার্থনা করিবার আইনমূলক অধিকার এপর্য্যন্ত নাই।

কালেক্টর নিলাম রদ করিতে অস্বীকার করিলে ৫০ ধারানুসারে তাঁহার হুকুমের বিরুদ্ধে কমিশনরের নিকট আপীল করা যাইতে পারিবে। কমিশনর কেবল প্রকৃত ক্ষতি হইয়া থাকার হেতুতে নিলাম রদ করিতে পারিবেন। এরূপ আপিলে কমিশনরের হুকুম এখন যেমন ১৮৫৯ সালের ১১ আইনের ২৫ ধারানুসারে চূড়ান্ত হইয়া থাকে তেমনই চূড়ান্ত হইবে কিন্তু নিলামের দরুণ কষ্ট বা অবিচার হওয়ার হেতুতে বোর্ডে দরখাস্ত করিবার অধিকার ৫২ ধারানুসারে রক্ষিত হইল। নিলাম হইতে ৩০ দিনের মধ্যে এই অধিকার পরিচালন করিতে হইবে।

১৯। হাই কোর্টের প্রস্তাবমতে কোন নিলাম হওয়া মহালের কোন লিখিত ভূস্বামীকে কালেক্টরের নিকট দরখাস্ত করিয়া এবং গবর্ণমেণ্টের সমস্ত প্রাপ্য আমানত করিয়া এবং নিলামের পূর্ব্বে নিলাম হইতে নিষ্কৃতি পাইতে স্বত্ববান হওনার্থ ১৫ ধারানুসারে দণ্ডস্বরূপ যত টাকা আমানত করা আবশ্যক তদপেক্ষা বেশী টাকা আমানত করিয়া ৫৪ ধারানুসারে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আপন মহাল উদ্ধার করিবার অধিকার দেওয়া যাইবে। এই ধারার বিধানের মূলে যে তত্ত্ব বা সূত্র নিহিত আছে প্রধান ব্যবস্থাপক সভা "দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন সংশোধন করণার্থ" ১৮৯৪ সালের ৫ আইন বিধিবদ্ধ করিয়া খুব সম্প্রতি তাঁহা অনুমোদন করিয়াছেন। কারণ এই আইনানুসারে কোন ডিক্রীমত খাতক ক্রেতার ক্ষতিপূরণার্থ দণ্ডস্বরূপ টাকা দিয়া নিলামের পর আপন সম্পত্তি উদ্ধার করিতে পারেন। হাই কোর্ট বিবেচনা করেন যে ভূমির রাজস্বের নিমিত্ত নিলাম রহিত করণার্থ দেওয়ানী আদালতে মোকদ্দমা করিবার অধিকার রুদ্ধ হইবার পূর্ব্বে দুইটী নিয়ম থাকা আবশ্যক। নিয়ম দুইটী এই—মহাল উদ্ধার করিবার এই অধিকার আর নুটিস জারী করিবার উৎকৃষ্ট উপায়।

২০। হাই কোর্টের প্রস্তাবমতে ৫৫ ধারাটী এই উদ্দেশ্যে রচিত হইয়াছে যে ভূমির বাকী রাজস্বের নিমিত্ত যে নিলাম হয় তাহা রদ করিবার মোকদ্দমা দেওয়ানী আদালত গ্রহণ করিতে না পারেন। নিলামের বিরুদ্ধে আপীল করিতে যে সকল ব্যক্তি স্বত্ববান তাঁহারা যে দুই প্রকার ব্যয়সাধ্য মামলা করিতে পারিবেন, অর্থাৎ রাজস্ব বিষয়ক কর্ত্তৃপক্ষদিগের নিকট এক প্রকার মামলা এবং দেওয়ানী আদালতে আর এক প্রকার মামলা করিতে পারিবেন ইহা বাঞ্ছনীয় বিবেচিত হয় না। হাই কোর্ট এইরূপ প্রস্তাব করিয়াছেন যে যদি কয়েকটি সতর্কতা অবলম্বন করা হয় তাহা হইলে ভূমির বাকী রাজস্বের দাবীতে দেওয়ানী আদালতের আশ্রয় গ্রহণ করা একেবারেই নিষিদ্ধ হওয়া উচিত। বিস্তৃত ভাবে এই প্রস্তাবানুসারে বিধান করিবার জন্যই এই ধারাটী রচনা করা গিয়াছে।

২১। পাণ্ডুলিপির ৫৭ ধারায় এই রূপ বিধান করা গিয়াছে যে স্বত্বের সার্টিফিকেট পাইতে স্বত্ববান হইবার পূর্ব্বে নিলাম ক্রেতাকে কালেক্টরের নিকট দরখাস্ত করিতে হইবে এবং আইনে যে ষ্টাম্প মাসুলের ব্যবস্থা আছে তাহা দিতে হইবে। এবং তাঁহার স্বত্ব কায়দা করিয়া লইবার জন্য তাঁহাকে তাঁহার সার্টিফিকেট রেজিষ্টরীও করিতে হইবে। সার্টিফিকেট দেওয়া হইলে পর কালেক্টর হস্তান্তরের কথা বিজ্ঞাপিত করিবেন এবং দখল দিতে হইবে। ডিক্রীজারীক্রমে স্থাবর সম্পত্তিতে দখল দিবার জন্য দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১৬, ৩১৮ এবং ৩১৯ ধারায় যে কার্য্যপ্রণালী আছে ৫৮ ধারানুযায়িক কার্য্যপ্রণালী তাহারই সমান করা হইয়াছে। এই ধারা দুইটীর উদ্দেশ্য এই যে ষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের ১ আইনের প্রথম তফসীলের ১৬ দফানুসারে ষ্টাম্প মাসুল দেওয়া কায়দা করা হয় (কারণ ক্রেতারা স্বত্বের সার্টিফিকেট লইতে অবহেলা করায় অনেক সময়

ঐ মাসুল দেওয়া হয় নাই) এবং দখল দিবার প্রণালী সম্বন্ধে যে সকল সন্দেহ উপস্থিত হইয়াছে তাহা মিটাইয়া দেওয়া হয়। কখন কখন এই রূপ ভুল বুঝা হইয়াছে যে সীমানা সরহদ্দ করিয়া অর্থাৎ মহালের প্রকৃত চৌহদ্দি নিরূপণ করিয়া এবং ক্রেতাদিগকে প্রকৃত দখলে প্রতিষ্ঠিত করিয়া দখল দেওয়া কালেক্টরের কর্ত্তব্য কর্ম্ম। অতএব অভিপ্রায় এই যে নির্দ্দেশ করিয়া দেওয়া হয় যে এই প্রকারে দখল দেওয়া কালেক্টরের কর্ত্তব্য কর্ম্ম নয়।

২২। ৬১ ধারানুসারে কালেক্টরকে এইরূপ ক্ষমতা দেওয়া হইয়াছে যে যে পণের অবশিষ্ট টাকাকে কখন কখন নিলামের উদ্বৃত্ত টাকাও বলে যে ব্যক্তি লিখিত ভূস্বামী নহেন তিনি সে টাকার নিমিত্ত দরখাস্ত করিলে কালেক্টর একটী দিন ধার্য্য করিয়া আপত্তিকারীদিগকে সমন দিবেন এবং উহাদিগকে দেওয়ানী আদালতে যাইতে বলিয়া দিবেন। এই সকল বিবাদ দেওয়ানী রকমের বলিয়া এবং কালেক্টরের এই সকল বিবাদে কোন স্বার্থ নাই বলিয়া এই রূপ বিবেচিত হইয়াছে যে কালেক্টরের এই সকল বিবাদের সহিত কোন সংস্রব না থাকাই উচিত।

২৩। (অন্য ডাক না হইলে অথবা বাকী পরিশোধ হয় এমন উচ্চ ডাক না হইলে) গবর্ণমেণ্ট যে স্থলে নিলামে ক্রয় করেন সে স্থলে বাকীদার ভূস্বামীর নিকট তখনও যে সমস্ত বাকী পাওনা থাকে এবং মহালের নিমিত্ত প্রদত্ত টাকায় যাহা আদায় না হয় ৬৪ ধারানুসারে তাহা সার্টিফিকেট প্রণালীতে আদায় করিবার ক্ষমতা গবর্ণমেণ্টের পক্ষে গ্রহণ করা হইল। যে সকল বাকীদার ভূস্বামী আপন আপন মহালের দায় হইতে মুক্তি পাইবার অভিপ্রায়ে এবং সম্ভবত অপর অংশীদারদিগকে বিরক্ত করিবার অভিপ্রায়ে আইনের বিধানের আশ্রয় গ্রহণ করেন তাঁহারা যাহাতে বাকী রাজস্ব না দিয়া অব্যাহতি না পান তাহার বিধান করাই এই ধারার উদ্দেশ্য।

পঞ্চম ভাগ।—ক্রেতাদিগের স্বত্ব ও দায়িত্ব।

২৪। সমস্ত সন্দেহ দূর করণার্থ ৬৫ ধারায় এইরূপ বিধান করা হইয়াছে যে নিলাম ক্রেতাকে রাজস্বের সমস্ত কিস্তির নিমিত্ত দায়ী হইতে হইবে এবং যে বাকী রাজস্বের নিমিত্ত মহাল নিলাম হইয়াছে তাহা দিবার শেষ দিনের পর যে খাজানা পাওনা হয় নিলাম ক্রেতা তাহা আদায় করিতে স্বত্ববান হইবেন।

বর্ত্তমান আইনে (১৮৫৯ সালের ১১ আইনের ৩০ ধারায়) "সার্টিফিকেট দেওয়া যায়" এই যে শব্দগুলি আছে ইহা হইতে অসুবিধা ঘটিয়াছে কারণ কখন কখন সার্টিফিকেট একেবারেই লওয়া হয় নাই। গবর্ণমেণ্টের রাজস্বের নিমিত্ত ক্রেতার যে দায়িত্ব তাহা তাঁহার সার্টিফিকেট লওয়ার উপর নির্ভর করাইয়া না রাখিয়া তিনি যে সময় ক্রেতা বলিয়া ব্যক্ত হন সেই সময় হইতে আরম্ভ করানই পরামর্শসিদ্ধ বিবেচনা হয়। ইহাতে এমন একটী বিষয়ের বিধানও আছে যাহার বিধান পূর্ব্বে ছিল না। কারণ এপর্য্যন্ত বাকীদার ভূস্বামীদিগের বাকী দিবার শেষ দিন পর্য্যন্ত প্রাপ্য বাকী খাজানা আদায় করিবার বিধানই আছে (পাণ্ডুলিপির ৭২ ধারায় উদ্ধৃত ১৮৫৯ সালের ১১ আইনের ৫৫ ধারা), নিলাম ক্রেতাদিগের বাকী দিবার শেষ দিনের পর প্রাপ্য খাজানা আদায় করিবার কোন বিধানই নাই।

ষষ্ঠভাগ।—মধ্যস্বত্ব রক্ষা করা।

২৫। যে সমস্ত তালুকদারী এবং তদ্রূপ অপর মধ্যস্বত্ব বন্দোবস্তের সময়ের পর সৃষ্ট হইয়াছে এবং মহালের ভূস্বামিগণ কর্ত্তৃক খাসে অধিকৃত হয় তাহার এবং কতক বৎসরের নিমিত্ত মিয়াদি ইজারার সাধারণ ও বিশেষ রেজিষ্টরী বিষয়ক ১৮৫৯ সালের ১১ আইনের ৩৮ হইতে ৪৫ পর্য্যন্ত ধারার বিধান সকল ৭৩ হইতে ৮৩ পর্য্যন্ত ধারা দ্বারা সকল প্রকার মধ্যস্বত্ব সম্বন্ধে প্রসারিত করিতে হইবে। তাহাতে উহাদের রেজিষ্টরী নিমিত্ত দরখাস্ত করিবার নির্দ্দিষ্ট মিয়াদ থাকিবে না এবং প্রত্যেক স্থলেই ফী কমিয়া ২) টাকা হইবে। একটী নিয়ম করা হইল যে স্থলে মধ্যস্বত্ব দলীলের দ্বারা সৃষ্ট হইয়াছে সে স্থলে দলীলগুলি যথারীতি রেজিষ্টরী করা হইয়া থাকা আবশ্যক এবং যে স্থলে দলীলের দ্বারা সৃষ্ট হয় নাই অথবা দলীল হারাইয়া গিয়াছে সে স্থলে মধ্যস্বত্ব বার বৎসর কাল থাকার প্রমাণ দিতে হইবে। অনেক দিন ধরিয়া দেখা যাইতেছে যে নিলামের আইন দ্বারা বাকী রাজস্বের নিলাম ক্রেতা কর্ত্তৃক রদ হওয়া হইতে মধ্যস্বত্ব যথোপযুক্ত পরিমাণে রক্ষিত হয় নাই। এবং সেইজন্য নানাবিধ উপায় সময়ে সময়ে প্রস্তাবিত ও পরীক্ষিত হইয়াছে। ১৮৫৯ সালের পূর্ব্বে দোকর নিলাম করিবার একটী প্রণালী প্রচলিত ছিল। তদনুসারে আবশ্যক হইলেই কোন মহালকে প্রথমতঃ দায়যুক্ত ভাবেই নিলামে চড়ান যাইতে পারিত। এবং সেই নিলামে বাকী পরিশোধের পক্ষে যথেষ্ট টাকা পাওয়া না গেলে উহা দটীকৃত না হইয়া দায় রহিত করিবার ক্ষমতা সংযোজনা করিয়া দ্বিতীয়বার নিলাম হইত। এই দোকর নিলামের প্রণালী পুনঃস্থাপিত করিবার প্রস্তাব করা হইয়াছিল। কিন্তু প্রস্তাবের বিরুদ্ধে অনেক আপত্তি করা যাইতে পারে বলিয়া উহা পরিত্যক্ত হইয়াছিল। অপরাপর আপত্তির মধ্যে এই একটী আপত্তি যে জমিদারি সম্পত্তির মূল্য সাধারণতঃ কমিয়া যাইবে জমিদারেরা এই বলিয়া ইহার বিরোধী হইবেন। অতএব যদি একদিকে সন্দেহযুক্ত সিদ্ধতা লক্ষণাক্রান্ত সমস্ত দায় হইতে মুক্ত আকারে ক্রেতাদিগকে মহাল দিতে হয় এবং আর এক দিকে সকল শ্রেণীর প্রকৃত প্রজার স্বার্থ যাহাতে তাহাদের নিজের কৃত নহে এমন দোষের নিমিত্ত বিপন্ন না হয় এই জন্য তাহাদিগের যথোপযুক্ত পরিমাণে রক্ষিত হইবার বিধান করিয়া দিতে হয় তাহা হইলে রেজিষ্টরী করিবার প্রণালী প্রসারিত

করাই একমাত্র উপায় বলিয়া বোধ হয়। বণ্টনাধীন মহালে যে নিষ্কর মধ্যস্বত্ব সৃষ্ট হয় তাহার বিশেষ রেজিষ্টরীর বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ৮ আইনের (বণ্টন বিষয়ক আইনের) ৯৬ ধারা হইতে ৭৯ ধারায় একটী ধারা গ্রহণ করা হইয়াছে।

সপ্তম ভাগ।--বিবিধ বিধান।

৫২২২ এম, নং।—১৮৯৪ সাল ২ নবেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, পালামৌ জিলার অন্তর্গত দালতনগঞ্জ মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে ১৮৯৪ সালের বঙ্গীয় ৪ আইন দ্বারা সংশোধিত উক্ত আইনের ষষ্ঠ পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

সি, ডবলিউ, বোল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের এফিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

৫২৪৯ এম, নং।—১৮৯৪ সাল ৫ নবেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, মুরশিদাবাদ জিলার অন্তর্গত জঙ্গীপুর মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তি সিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে ১৮৯৪ সালের বঙ্গীয় ৪ আইন দ্বারা সংশোধিত উক্ত আইনের নবম পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীর ১, ২ ও ৩ নং পল্লীতে প্রচলিত করিবার কল্পনা করিয়াছেন।

সি ডবলিউ, বোল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের এফিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৪ সাল ১৩ নবেম্বর।

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটি ১৮৯৪ সালের ৫ই মে তারিখে মান্যবর কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় এবং ১৮৯৪ সালের ৮ই আগস্ট তারিখে মহিমবর শ্রীযুত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লাভ করায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

১৮৯৪ সালের ৪ আইন।

১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপল আইন সংশোধন করণার্থ আইন।

সূচীপত্র।

An Act to amend the Bengal Municipal Act, 1884

ধারা।

২৭। ৫৮ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

২৮। ৫৯ ধারা সংশোধিত করিবার কথা।

২৯। ৬৬ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৩০। ৬৮ ধারা সংশোধিত করিবার কথা।

৩১। ৬৯ ধারা সংশোধিত করিবার কথা।

৩২। ৭৬ ধারা সংশোধিত করিবার কথা।

৩৩। ৮২ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৩৪। ৮৫ ধারা সংশোধিত করিবার কথা।

৩৫। ৮৬ ধারা সংশোধিত করিবার কথা।

ব্যক্তিদের উপর টাক্সের কথা।

৩৬। ৮৭ ধারা সংশোধিত করিবার কথা।

৩৭। ৮৯ ধারা সংশোধিত করিবার কথা।

যোতের উপর রেটের কথা।

৩৮। ৯৭ ধারা সংশোধিত করিবার কথা।

৩৯। ৯৭ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৪০। ৯৮ ধারায় যোগ করিবার কথা।

৪১। ৯৯ ধারা সংশোধিত করিবার কথা।

৪২। ১০১ ধারা সংশোধিত করিবার কথা।

৪৩। ১১২ ধারার পূর্ব্বে নূতন ধারা বসাইবার কথা।

৪৪। ১১৩ ধারায় যোগ করিবার কথা।

৪৫। ১১৪ ধারা সংশোধিত করিবার কথা।

৪৬। ১১৬ ধারা সংশোধিত করিবার কথা।

৪৭। ১২১ ধারা সংশোধিত করিবার কথা।

৪৮। ১২৫ ধারায় যোগ করিবার কথা।

৪৯। ১২৭ ধারা সংশোধিত করিবার কথা।

৫০। ১৪১ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৫১। ১৪২ ধারা হইতে কথা উঠাইয়া দিবার কথা।

৫২। ১৪৭ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৫৩। ১৮৬ ধারা সংশোধিত করিবার কথা।

৫৪। ১৮৭ ধারা সংশোধিত করিবার কথা।

৫৫। ১৯৯ ধারা সংশোধিত করিবার কথা।

৫৬। ১৯৯ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৫৭। ২০০ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৫৮। ২০৮ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৫৯। ২১০ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৬০। ২১০ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৬১। ২১২ ধারা সংশোধিত করিবার কথা।

৬২। ২১৭ ধারা সংশোধিত করিবার কথা।

৬৩। ২১৮ ধারা সংশোধিত করিবার কথা।

৬৪। ২১৯ ধারা সংশোধিত করিবার কথা।

ধারা।

৬৫। ২২০ ধারায় নিয়মবিধি যোগ করিবার কথা।

বাঁচাইবার দফা।

৬৬। ২২৩ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৬৭। ২৩৬ ধারা সংশোধিত করিবার কথা।

৬৮। ২৩৭ হইতে ২৪১ পর্য্যন্ত ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৬৯। ২৪২ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৭০। ২৪২ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৭১। ২৪৩ ধারা সংশোধিত করিবার কথা।

৭২। ২৫৬ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৭৩। ২৬০ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৭৪। ২৬১ ধারা সংশোধিত করিবার কথা।

৭৫। ২৬২ ধারায় নিয়মবিধি যোগ করিবার কথা।

৭৬। ২৬২ ধারার পর নূতন ধারা যোগ করিবার কথা।

৭৭। ২৬৩ ধারা সংশোধিত করিবার কথা।

৭৮। ২৭০ ধারা সংশোধিত করিবার কথা।

৭৯। ২৭১ ধারা সংশোধিত করিবার কথা।

৮০। ২৭৩ ধারা সংশোধিত করিবার কথা।

৮১। ২৭৯ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৮২। ২৯০ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৮৩। ২৯৪ ধারা হইতে কথা উঠাইয়া দিবার কথা।

৮৪। ৩০৭ ধারা সংশোধিত করিবার কথা।

৮৫। ৩১৮ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

বেসরকারী পাইখানা ও মলমূত্রকুণ্ড পরিষ্কার করিবার কথা।

৮৬। ৩২০ ধারা সংশোধিত করিবার কথা।

৮৭। ৩২১ ধারা সংশোধিত করিবার কথা।

৮৮। ৩২২ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৮৯। ৩২৭ ও ৩২৮ ধারা রহিত করিবার কথা।

৯০। ৩৩৪ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৯১। ৩৩৯ ধারা সংশোধিত করিবার কথা।

৯২। ৩৪৯ ধারার পর কয়েকটি নূতন ধারা বসাইবার কথা।

৯৩। ৩৫০ ধারা সংশোধিত করিবার কথা।

৯৪। ৩৫০ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৯৫। ৩৫১ ধারা সংশোধিত করিবার কথা।

৯৬। ৩৫১ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৯৭। ৩৫৩ ধারা সংশোধিত করিবার কথা।

৯৮। ৩৬৫ ধারায় যোগ করিবার কথা।

৯৯। পঞ্চম তফসীলে যোগ করিবার কথা।

১৮৯৪ সালের ৪ আইন।

১৮৮৪ সালের বঙ্গীয় মুনিসিপল আইন সংশোধন করণার্থ আইন।

যে হেতু ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইন সংশোধিত করা বিহিত, অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল।

ব্যাখ্যা ও আরম্ভের কথা।

১ ধারা। এই আইনটিকে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের সহিত পাঠ ও উহারই অংশ স্বরূপ বিবেচনা করিতে হইবে। এবং ইহা যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি প্রাপ্ত হইয়া কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ হইতে প্রচলিত হইবে।

২ ধারা সংশোধন করিবার কথা।

২ ধারা। (১) ২ ধারায় "এই আইনমতে আরম্ভ হইয়াছে বলিয়া জ্ঞান করিতে হইবে" এই শব্দগুলির পর নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে, অর্থাৎ—

"জ্ঞাপনপত্র" শব্দের অর্থনির্দ্দেশের কথা।

"এই ধারায় ব্যবহৃত 'জ্ঞাপনপত্র' শব্দে এই ধারার উল্লিখিত কোন আইনানুসারে যে সমস্ত আদেশ, নির্দ্দেশ পত্র ও আজ্ঞা দেওয়া হইয়াছে বা করা ও প্রকাশ করা হইয়াছে তাহাও বুঝাইবে এবং সর্ব্বদাই বুঝাইয়াছে বলিয়া বিবেচনা করা যাইবে।

কিন্তু এই আইন যে তারিখে প্রচলিত হইবে তাহার পুর্ব্বে কোন উপযুক্ত আদালত কর্ত্তৃক যে নিষ্পত্তি বা আজ্ঞা করা হয় এই অর্থনির্দ্দেশে যাহা কিছু আছে তদ্দ্বারা তাহার কোন বিঘ্ন হইবে বলিয়া বিবেচনা করা যাইবে না।"

(২) ঐ ধারায় চতুর্থ পারাগ্রাফের পরিবর্ত্তে নিম্নলিখিত কথাগুলি বসাইতে হইবে :—

বাঁচাইবার ধারার কথা।

"এই আইন প্রচলিত হইবার পুর্ব্বে বিধিবদ্ধ যে কোন আইনে মফঃস্বলের নগরাদির সৌষ্ঠব করণের আইন নামক ১৮৬৪ সালের বঙ্গীয় ৩ আইনের কিম্বা এই আইনের দ্বারা রহিত করা কোন আইনের উল্লেখ থাকে তদ্রূপ প্রত্যেক আইনে ঐ উল্লেখ যতদুর সম্ভব এই আইনের কিম্বা ইহার কন্দ্র অংশ বা ধারার উল্লেখ বলিয়া বিবেচনা করিতে হইবে।"

৬ ধারায় নূতন অর্থনির্দ্দেশ যোগ করিবার কথা।

৩ ধারা। ৬ ধারায় (১৪) দফায় যে অর্থ নির্দ্দেশ করা হইয়াছে তাহার পর নিম্নলিখিত অর্থনির্দ্দেশ বসাইতে হইবে :—

"সানিটরী বোর্ড।"

"(১৪ক) স্থানীয় গবর্ণমেণ্ট কলিকাতা গেজেটে বিজ্ঞাপন দিয়া নাম ধরিয়া বা সরকারী পদের উল্লেখ করিয়া বঙ্গদেশের নিমিত্ত সানিটরী বোর্ড হইবেন বলিয়া যে ব্যক্তিদিগকে উপস্থিত সময়ের নিমিত্ত নিযুক্ত করেন 'সানিটরী বোর্ড' বলিতে সেই ব্যক্তিদিগকে বুঝাইবে।"

৯ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৪ ধারা। ৯ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাগুলি বসাইতে হইবে।—

মুনিসিপালিটীর সীমা পরিবর্ত্তন করিবার অভিপ্রায়ের বিজ্ঞাপনপত্রের কথা।

"৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কলিকাতা গেজেটে বিজ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ও অপর যে প্রকারে স্থির করেন সেই প্রকারে সভাগত কমিশনরগণের অনুরোধক্রমে—

(ক) কোন মুনিসিপালিটীকে এই আইনের অধীনতা হইতে ছাড়াইয়া লইবার, কিম্বা

(খ) কোন মুনিসিপালিটীর অন্তর্গত এবং বিজ্ঞাপন পত্রের নির্দ্দিষ্ট যে কোন স্থান ঐ মুনিসিপালিটী হইতে বাদ দিবার, কিম্বা

(গ) কোন মুনিসিপালিটীর সংলগ্ন এবং বিজ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট যে কোন স্থান ঐ মুনিসিপালিটীর অন্তর্গত করিবার, কিম্বা

(ঘ) কোন মুনিসিপালিটীকে ভাগ করিয়া দুই কি তদধিক মুনিসিপালিটী করিবার, কিম্বা

(ঙ) কোন মুনিসিপালিটীর কমিশনরের সংখ্যা পরিবর্ত্তিত করিবার—

আপন অভিপ্রায় ব্যক্ত করিতে পারিবেন।

এবং যে দুই কি যে সকল মুনিসিপালিটী লইয়া কথা সেই দুই কি সেই সকল মুনিসিপালিটীর কমিশনরগণ সভাধিষ্ঠিত হইয়া অনুরোধ করিলে স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত প্রকারে প্রকাশিত বিজ্ঞাপন দ্বারা দুই কি তদধিক মুনিসিপালিটীকে সংযুক্ত করিয়া এক মুনিসিপালিটী করিবার অভিপ্রায় ব্যক্ত করিতে পারিবেন।

কিন্তু কোন স্থানের পূর্ণবয়স্ক পুরুষ অধিবাসীদের চারিভাগের তিন ভাগ লোক কৃষিকার্য্য হইতে ভিন্ন কোন কার্য্যে প্রধানতঃ নিযুক্ত আছে স্থানীয় গবর্ণমেণ্টের এরূপ প্রতীতি না হইলে ঐ স্থানকে কোন মুনিসিপালিটীর অন্তর্গত করা যাইবে না।

এবং যখনি কোন সাধারণ আদমসুমারি হইতে কিম্বা এতদর্থে বিশেষ করিয়া যে সকল অনুসন্ধান করা যায় তাহা হইতে এরূপ দেখা যায় যে কোন মুনিসিপালিটী দশ ধারার নির্দ্দিষ্ট নিয়ম মানিয়া চলিতেছে না তখনি স্থানীয় গবর্ণমেণ্ট আপন প্রবৃত্তি মতে ঐ মুনিসিপালিটীকে এই আইনের বিধান হইতে ছাড়াইয়া লইবার কিম্বা এই ধারায় যেপ্রকারে কার্য্য করিবার কথা লিখিত আছে ঐ মুনিসিপালিটী সম্বন্ধে সেই প্রকারে কার্য্য করিবার আপন অভিপ্রায় ব্যক্ত করিতে পারিবেন।

এবং যে স্থানটিকে বাদ দিতে হইবে বা অন্তর্গত করিতে হইবে তাহা কোন কাণ্টনমেণ্ট বা কাণ্টনমেণ্টের অংশ হইলে অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি না লইয়া সেই

স্থান সম্বন্ধীয় কোন বিজ্ঞাপনপত্র এই ধারানুসারে প্রকাশ করা যাইবে না।

"৯ ক ধারা। (১) যে মুনিসিপালিটী বা স্থান সম্বন্ধে কিম্বা দুই কি তদধিক মুনিসিপালিটীকে সম্মিলিত করিতে অনুরোধ করা হইলে যে দুই কি তদধিক মুনিসিপালিটী সম্বন্ধে ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে বিজ্ঞাপনপত্র প্রকাশ করা হইয়াছে সেই মুনিসিপালিটীর কোন রেটদাতা বা সেই স্থানের কোন অধিবাসী বা সেই সকল মুনিসিপালিটীর মধ্যে কোন এক বা একাধিক মুনিসিপালিটীর কমিশনরগণ প্রস্তাবিত পরিবর্ত্তন সম্বন্ধে কোন আপত্তি করিলে, কলিকাতা গেজেটে বিজ্ঞাপনপত্র প্রকাশিত হইবার পর ছয় সপ্তাহের মধ্যে তাঁহার বা তাঁহাদের আপত্তি লিখিয়া জিলার মাজিষ্ট্রেটের হাত দিয়া স্থানীয় গবর্ণমেণ্টে পাঠাইতে পারিবেন। এবং স্থানীয় গবর্ণমেণ্ট ঐ আপত্তি বিবেচনা করিয়া দেখিবেন।

প্রস্তাবিত পরিবর্ত্তন সম্বন্ধীয় আপত্তি স্থানীয় গবর্ণমেণ্টে পাঠাইতে পারিবার কথা।

(২) বিজ্ঞাপনপত্র প্রকাশিত হইবার পর ছয় সপ্তাহ অতীত হইলে এবং এই ধারার (১) প্রকরণ অনুসারে যদি কোন আপত্তি প্রেরিত হইয়া থাকে তবে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা বিবেচনা করিয়া দেখিলে, স্থানীয় গবর্ণমেণ্ট বিজ্ঞাপন দিয়া প্রস্তাবিত পরিবর্ত্তন কার্য্যে পরিণত করিতে পারিবেন কিম্বা স্থল বিশেষে না করিতেও পারিবেন।

"৯ খ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী দুইটি ধারানুসারে যখন দুই কি তদধিক মুনিসিপালিটীকে সম্মিলিত করা হয় কিম্বা কোন মুনিসিপালিটীকে বিভক্ত করা হয় তখন মুনিসিপল ফণ্ডগুলি বা ফণ্ড এবং সম্পৃক্ত মুনিসিপালিটীগুলি বা মুনিসিপালিটীর কমিশনরগণের প্রতি অর্পিত সমস্ত সম্পত্তি স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রকারে আদেশ করেন সেই প্রকারে একত্রিত বা বণ্টন করা যাইবে।"

মুনিসিপালিটীর বিভাগ কিম্বা সম্মিলন হইলে, স্থানীয় গবর্ণমেণ্টের মুনিসিপালিটীর সম্পত্তির বণ্টন ও বিলি ব্যবস্থা করিয়া দিতে পারিবার কথা।

৫ ধারা। ১১ ও ১২ ধারা এতদ্দ্বারা রহিত করা গেল।

১১ ও ১২ ধারা রহিত করিবার কথা।

৬ ধারা। ১৪ ধারার দ্বিতীয় পারাগ্রাফে "নিযুক্ত" শব্দের পূর্ব্বে "নাম ধরিয়া বা সরকারী পদের উল্লেখ করিয়া" এই শব্দগুলি যোগ করিতে হইবে।

১৪ ধারা সংশোধিত করিবার কথা।

৭ ধারা। (১) ১৫ ধারায় প্রথম বাক্যটির শেষে "এরূপ বিধি নির্দ্দেশ করিবেন" এই শব্দগুলির পর "এবং সেই সকল বিধি অনুসারে যে কর্ত্তৃপক্ষ বিবাদের নিষ্পত্তি করিবেন সে সম্বন্ধে যে বিধি নির্দ্দেশ করা উচিত বোধ করেন এই আইনের সহিত সঙ্গতি রক্ষা করিয়া সেই বিধি নির্দ্দেশ করিবেন।" এই শব্দগুলি বসাইতে হইবে এবং নিয়মবিধির (২) দফার পর নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে—"কিম্বা

১৫ ধারায় যোগ করিবার কথা।

(৩) (ক) ইংলণ্ডীয় বা ভারতবর্ষীয় কোম্পানি বিষয়ক আইন অনুসারে রেজিষ্টরী করা যে কোম্পানি ঐ মনোনীত করণের অব্যবহিত পূর্ব্ব বৎসরে এই আইনমতে বসান কোন রেট সম্বন্ধে মোট অন্যূন একশত টাকা দিয়াছেন সেই কোম্পানির অধীনে,—কিম্বা—

(খ) যে এজমালী অবিভক্ত পরিবারের কোন ব্যক্তি পূর্ব্বোক্ত সময়ের মধ্যে পূর্ব্বোক্ত কোন রেট সম্বন্ধে মোটে অন্যূন তিন টাকা দিয়াছেন সেই পরিবারের অধীনে—

অন্যূন পঞ্চাশ টাকা মাসিক বেতনের কোন পদে বা কর্ম্মে থাকিয়া—

এমন কোন যোত দখল করেন যাহার সম্বন্ধে পূর্ব্বোক্ত সময়ের মধ্যে পূর্ব্বোক্ত কোন রেট সম্বন্ধে মোটে অন্যূন তিন টাকা দেওয়া হইয়াছে,"

(২) ঐ ধারার শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে, অর্থাৎ ঃ—

"কিন্তু এই ধারায় কিম্বা এই আইনের অনুজ্ঞানুসারে প্রণীত কোন বিধিতে যাহা কিছু আছে তদ্দ্বারা দেওয়ানী আদালতের বিচারাধিকারের কোন ব্যাঘাত হইবে বলিয়া বিবেচনা করা যাইবে না।

এই ধারায় 'রেট' শব্দে নিম্নলিখিত টাক্স প্রভৃতিও বুঝায় বলিয়া বিবেচনা করা যাইবে।—

"রেট" শব্দের অর্থনির্দ্দেশের কথা।

(ক) ৮৫ ধারানুসারে ব্যক্তিদের উপর যে টাক্স ও যোতের বার্ষিক মূল্যের উপর যে রেট আদায় করা হয়।

(খ) চতুর্থ পরিচ্ছেদ অনুসারে গাড়ি ও ঘোড়ার উপর যে টাক্স আদায় করা হয়।

(গ) সপ্তম পরিচ্ছেদ অনুসারে যোতের বার্ষিক মূল্যের উপর যে জলের রেট আদায় করা হয়।

(ঘ) অষ্টম পরিচ্ছেদ অনুসারে যোতের বার্ষিক মূল্যের উপর যে আলোর রেট আদায় করা হয়।

(ঙ) নবম পরিচ্ছেদ অনুসারে পাইখানা ও গলিজকুণ্ড পরিষ্কার করণার্থ যে ফী আদায় করা হয়।"

৮ ধারা । ১৭ ধারার প্রথম পারাগ্রাফে "তথাকার সমুদয় কমিশনর ১৪ ধারার তৃতীয় প্রকরণের উপবিধানের নিয়মাধীনে স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত হইবেন।" এই শব্দগুলির পরিবর্ত্তে "স্থানীয় গবর্ণমেণ্ট তথাকার সমুদয় কমিশনরকে নাম ধরিয়া বা সরকারী পদের উল্লেখ করিয়া ১৪ ধারার তৃতীয় প্রকরণের উপবিধানের নিয়মাধীনে নিযুক্ত করিবেন।" এই শব্দগুলি বসাইতে হইবে।

১৭ ধারা সংশোধিত করিবার কথা।

৯ ধারা। ১৮ ধারাটি এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮ ধারা রহিত করিবার কথা।

১০ ধারা। ২০ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে:—

২০ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

"২০ ধারা। (১) কোন কমিশনর —

কমিশনরগণকে অপসারিত করিবার ক্ষমতার কথা।

(ক) কার্য্য করিতে অসম্মত হইলে বা অক্ষম হইয়া পড়িলে কিম্বা দেউলিয়া বলিয়া উক্ত হইলে কিম্বা যে অপরাধের জামিন লওয়া যাইতে পারে না এরূপ অপরাধ করিয়াছেন বলিয়া সাব্যস্ত হইলে, কিম্বা

(খ) সরকারী চাকরীতে নিযুক্ত হইবার অযোগ্য বলিয়া বিজ্ঞাপনক্রমে ব্যক্ত হইলে, কিম্বা

(গ) সভাধিবিষ্ট কমিশনরগণের অনুমতি না লইয়া কমিশনরগণের একাদিক্রমিক ছয়টি অধিবেশনে অনুপস্থিত হইলে, কিম্বা

(ঘ) ডিবিসনের কমিশনর সাহেবের যে নিষ্পত্তি লিপিবদ্ধ করিতে হইবে সেই নিষ্পত্তি অনুসারে সাতান্ন ধারামতে পদে থাকিবার অযোগ্য হইলে—

ডিবিসনের কমিশনর তাঁহাকে অপসারিত করিতে পারিবেন। কিন্তু এইরূপে অপসারিত কোন কমিশনর স্থানীয় গবর্ণমেণ্ট আপীল করিতে পারিবেন।

(২) এই রূপে অপসারিত কোন কমিশনর অপসারিত হইবার পূর্ব্বে কোন কার্য্য করিয়া থাকিলে সেই সমস্ত কার্য্য সর্ব্বতোভাবে সিদ্ধ ও কার্য্যকর হইবে।"

১১ ধারা। ২২ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে:—

২২ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

"২২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক ১৯ ধারানুসারে কিম্বা ডিবিসনের কমিশনর কর্ত্তৃক ২০ ধারার (১) প্রকরণের (ক) ও (খ) দফানুসারে যে কমিশনর আপন পদ হইতে অপসারিত হইয়াছেন তাঁহাকে স্থানীয় গবর্ণমেণ্টের সম্মতি ব্যতিরেকে কমিশনর স্বরূপ মনোনীত কি পুনর্ম্মনোনীত করিতে পারা যাইবে না।"

স্থানীয় গবর্ণমেণ্টের সম্মতি ব্যতিরেকে কমিশনর মনোনীত কি পুনর্ম্মনোনীত না করিবার কথা।

১২ ধারা। ২৩ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে।—

২৩ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

"২৩ ধারা। (১) এই আইনের দ্বিতীয় তফসীলে যে সকল মুনিসিপালিটীর উল্লেখ আছে, স্থানীয় গবর্ণমেণ্ট তাহার প্রত্যেক মুনিসিপালিটীর সভাপতিকে নাম ধরিয়া বা সরকারী পদের উল্লেখ করিয়া নিযুক্ত করিবেন।

সভাপতি নিযুক্ত করিবার কথা।

(২) উক্ত তফসীলে যে সকল মুনিসিপালিটীর নাম নাই তাহার প্রত্যেক মুনিসিপালিটীর কমিশনরগণ সভাগত হইয়া আপনাদের এক জন কমিশনরকে সভাপতি মনোনীত করিবেন, কিম্বা কমিশনরের পদ খালি হইলে যে সভায় কমিশনরদের অন্যূন তিন ভাগের দুই ভাগ উপস্থিত থাকেন সেই সভায় সমাগত হইয়া সভাপতি নিযুক্ত করণার্থ স্থানীয় গবর্ণমেণ্টের নিকট প্রার্থনা করিতে পারিবেন। এবং ঐ সভাপতিকে নাম ধরিয়া নিযুক্ত করা যাইবে।

(৩) স্থানীয় গবর্ণমেণ্ট যে সভাপতিকে নিযুক্ত করেন তাঁহাকে যে কোন সময়ে অপসারিত করিতে পারিবেন।

(৪) স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন সময়ে উক্ত তফসীল হইলে কোন মুনিসিপালিটীর নাম উঠাইয়া দিতে পারিবেন।

(৫) যখনই উক্ত তফসীল হইতে কোন মুনিসিপালিটীর নাম উঠাইয়া দেওয়া হয় তখনই সভাপতির পদ শূন্য হইবে।"

১৩ ধারা। ২৪ ধারার দ্বিতীয় পারাগ্রাফে "প্রত্যেক" শব্দের গোড়ায় "এই আইনে ভিন্ন রকম বিধানের স্থল ছাড়া অপর সকল স্থলে" এই শব্দগুলি বসাইতে হইবে।

২৪ ধারা সংশোধিত করিবার কথা।

১৪ ধারা। ২৫ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে:—

২৫ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

"২৫ ক ধারা। যদি কোন সভাপতি বা কমিশনর সরকারী পদের উল্লেখক্রমে নিযুক্ত হন তাহা হইলে যে ব্যক্তি উপস্থিত সময়ে ঐ পদ ধারণ করেন তিনিই স্থলভেদে সভাপতি বা কমিশনর হইবেন।

কমিশনরদিগের কর্ম্ম কালের কথা।

১৫ ধারা। ২৬ ধারায় "(ইহার পর ধারামত নিয়োগ বা মনোনীত না হইলে)" পরবর্ত্তী নিয়োগ বা মনোনীত করণের তারিখ পর্য্যন্ত সময়ও ধরা যাইবে বলিয়া জ্ঞান হইবে" এই

২৬ ধারা সংশোধিত করিবার কথা।

শব্দগুলির পরিবর্তে " নূতন নিযুক্ত বা মনোনীত কমিশনরদলের প্রথম যে সভায় একটি কোরম উপস্থিত থাকিবে এবং তেইশ বা সাতাইশ ধারানুসারে মনোনীত কোন সভাপতি মনোনীত হইবার পর ও তাঁহার মনোনীত করণ অনুমোদন সূচক স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞার অপেক্ষায় আপন পদের কর্ম্ম করিতে উপযুক্ত হইবেন সেই সভা হইবার তারিখ পর্য্যন্ত সময়ও ধরা যাইবে বলিয়া জ্ঞান হইবে" এই শব্দগুলি বসাইতে হইবে।

২৬ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

১৬ ধারা। ২৬ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

সভাপতি ও প্রতিনিধি সভাপতির পদত্যাগের কথা।

" ২৬ ক ধারা। চব্বিশ, পঁচিশ ও সাতাইশ ক ধারায় যাহা কিছু আছে তাহা সত্ত্বেও প্রত্যেক মুনিসিপালিটীর সভাপতি ও প্রতিনিধি সভাপতি নূতন নিযুক্ত ও মনোনীত কমিশনরগণের প্রথম যে অধিবেশনে একটি কোরম উপস্থিত থাকে সেই অধিবেশনে পদ ত্যাগ করিবেন। সভা তদনন্তর—

(ক) এক জন সভাপতি মনোনীত করিতে কিম্বা এক জন সভাপতি নিযুক্ত করিবার জন্য স্থানীয় গবর্ণমেণ্টকে অনুরোধ করিতে এবং

(খ) এক জন প্রতিনিধি সভাপতি মনোনীত করিতে—

প্রবৃত্ত হইবেন।

কিন্তু যদি মুনিসিপালিটী এই আইনের দ্বিতীয় তফসীলের লিখিত মুনিসিপালিটী হয় কিম্বা যদি সভা সভাপতি নিযুক্ত করিবার জন্য স্থানীয় গবর্ণমেণ্টকে অনুরোধ করিবেন স্থির করেন তাহা হইলে নূতন সভাপতি নিযুক্ত না হওয়া পর্য্যন্ত সভাপতির পদ ত্যাগ আমলে আসিবে না।"

২৬ ক ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

১৭ ধারা। ২৬ ক ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

সভাপতি বা প্রতিনিধি সভাপতিকে ছুটি দিতে পারিবার কথা।

"২৬ খ ধারা। কমিশনরগণ সভাধিবিষ্ট হইয়া আপনাদের সভাপতি বা প্রতিনিধি সভাপতিকে কোন এক বৎসরে তিন মাসের অনধিক কাল ছুটি দিতে পারিবেন।"

২৭ ধারা সংশোধিত করিবার কথা।

১৮ ধারা। ২৭ ধারায় "কর্ম্ম করিতে না পারিলে" এই শব্দগুলির পর 'কিম্বা ছাব্বিশ খ ধারানুসারে প্রদত্ত ছুটী লইলে" এই শব্দগুলি ও অক্ষর এবং "মৃত্যু হেতুক" এই শব্দ দুইটীর পর "কিম্বা ছুটিপ্রযুক্ত অনুপস্থিতি বশতঃ" এই শব্দগুলি সন্নিবেশিত করিতে হইবে এবং 'অবশিষ্টকাল" এই শব্দদ্বয়ের পর "কিম্বা ছুটিপ্রযুক্ত তাঁহার অনুপস্থিতি কাল যেখানে যেমন হয়," এই শব্দগুলি যোগ করিয়া দিতে হইবে।

২৭ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

১৯ ধারা। ২৭ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

সভাপতি, প্রতিনিধি সভাপতি বা কমিশনরের পদত্যাগের কথা।

"২৭ ক ধারা। (১) কোন মুনিসিপালিটীর সভাপতি স্থানীয় গবর্ণমেণ্টে আপন পদত্যাগ করিবার অভিপ্রায় লিখিয়া জানাইয়া পদত্যাগ করিতে পারিবেন এবং ঐ পদত্যাগপত্র গ্রাহ্য হইলে আপন পদ শূন্য করিয়াছেন বলিয়া বিবেচনা করা যাইবে।

(২) কোন মুনিসিপালিটীর প্রতিনিধি সভাপতি বা কোন কমিশনর সভাপতিকে আপন পদত্যাগ করিবার অভিপ্রায় লিখিয়া জানাইয়া পদত্যাগ করিতে পারিবেন। সভাপতি অবিলম্বে ঐ পত্র সভাগত কমিশনরগণের নিকট উপস্থিত করিবেন এবং ঐ কমিশনরগণ ঐ পদত্যাগপত্র গ্রাহ্য করিলে, প্রতিনিধি সভাপতি বা কমিশনর আপন পদ শূন্য করিয়াছেন বলিয়া বিবেচনা করা যাইবে।"

২৮ ধারায় যোগ করিবার কথা।

২০ ধারা। ২৮ ধারার শেষে নিম্নলিখিত শব্দগুলি যোগ করিতে হইবে :—

"এবং কোন বেতনভোগী সভাপতি বা প্রতিনিধি সভাপতির বেলা, কমিশনরগণ সভাধিবিষ্ট হইয়া সময়ে সময়ে যে ছুটির বৃত্তি ধার্য্য করেন সেই বৃত্তি দিতে পারিবেন।

কিন্তু একটিং পদধারী একটিনি করিবার দরুন কোন বৃত্তি ভোগ করিয়া থাকিলে এই রূপে প্রদত্ত বৃত্তি সেই বৃত্তি সমেত ঐ পদের নির্দ্দিষ্ট বেতনের অধিক হইবে না।"

২৯ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

২১ ধারা। ২৯ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

স্থানীয় গবর্ণমেণ্টের কোন কোন ক্ষমতা ও কার্য্য অর্পণ করিবার কথা।

"২৯ ক ধারা। (১) ৩০, ২৫৫, ২৫৯ ও ৩৩১ ধারানুযায়িক স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতা ও কার্য্য স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক ডিবিসনের কমিশনরগণের প্রতি অর্পিত হইতে পারিবে।

(২) এই ধারানুসারে ডিবিসনের কমিশনরগণের প্রতি যে সকল ক্ষমতা বা কার্য্য অর্পিত হয় তৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের যে ক্ষমতা তাঁহাদিগের ও সেই ক্ষমতা থাকিবে এবং যাবৎ স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক অর্পিত ক্ষমতার প্রত্যাহার করা না হয় তাবৎ ঐ ক্ষমতা চলিতে থাকিবে।

(৩) এই ধারানুযায়িক ক্ষমতার্পণ পূর্ব্বোক্ত সমস্ত বা কোন ক্ষমতা ও কার্য্য সম্বন্ধে হইতে পারিবে এবং

কমিশনরের ডিবিসনের অন্তর্গত সমস্ত মুনিসিপালিটী সম্বন্ধে সাধারণভাবে কিম্বা কোন কোন মুনিসিপালিটী সম্বন্ধে বিশেষভাবে হইতে পারিবে।

(৪) ক্ষমতার্পণ নাম ধরিয়া বা সরকারী পদের উল্লেখ করিয়া হইতে পারিবে এবং প্রত্যেক স্থলেই কলিকাতা গেজেটে বিজ্ঞাপিত হইবে।"

৩০ ধারা সংশোধিত করিবার কথা।

২২ ধারা। ৩০ ধারায় তৃতীয় পংক্তিতে "যত" শব্দের গোড়ায় "জমীসুদ্ধ" এই শব্দ দুইটী ও "সাঁকো" শব্দের গোড়ায় "যত" এই শব্দটি বসাইতে হইবে এবং ঐ ধারার দ্বিতীয় ও তৃতীয় পারাগ্রাফে "এই আইনের বিধানের বহির্ভূত" এই শব্দগুলির পরিবর্ত্তে "এই আইনের বিধানের কি এই আইনের নির্দ্দিষ্ট কোন ধারার বিধানের বহির্ভূত" এই শব্দগুলি বসাইতে হইবে।

৩৭ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

২৩ ধারা। ৩৭ ধারার পর নিম্নলিখিত ধারাগুলি বসাইতে হইবে:—

জাইণ্ট কমিটি সংগঠনের কথা।

"৩৭ ক ধারা। কোন মুনিসিপালিটীর কমিশনরগণ অপর কোন এক বা একাধিক মুনিসিপালিটীর কমিশনরগণের সহিত কিম্বা কোন জিলা বোর্ড কিম্বা কোন কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের সহিত কিম্বা ঐরূপ একাধিক বোর্ড বা কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের সহিত যে কার্য্যে তাঁহারা সকলে সংসৃষ্টভাবে স্বার্থযুক্ত হন সেই কার্য্যের নিমিত্ত ক্রমান্বয়ে আপনাদের দল সকলের মধ্য হইতে ঐরূপ প্রত্যেক দলের দুই জনের অনধিক মেম্বর লইয়া একটী জাইণ্ট কমিটি সংগঠন করিবার জন্য এবং সম্পৃক্ত মুনিসিপালিটী, জিলা বোর্ড বা কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষ সকলের মধ্যে কোন মুনিসিপালিটী, জিলা বোর্ড বা কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষ যে ক্ষমতা পরিচালন করিতে পারিতেন ঐরূপ কোন জাইণ্ট কমিটীর প্রতি সেই ক্ষমতা অর্পণ করিবার জন্য সম্মিলিত হইতে পারিবেন। এবং ঐ জাইণ্ট কমিটী সময়ে সময়ে ঐরূপ কোন জাইণ্ট কমিটীর কার্য্য সম্বন্ধে এবং যে অভিপ্রায়ে ঐ জাইণ্ট কমিটী সংগঠিত হয় তৎসম্বন্ধীয় চিঠিপত্র লেখালেখী সম্বন্ধে বিধি প্রণয়ন করিতে পারিবেন।

ইচ্ছাপূর্ব্বক জল সরবরাহ বা জল নিকাশ করিবার প্রণালী প্রবর্ত্তিত করিবার কথা।

"৩৭ খ ধারা। যখন কোন মুনিসিপালিটীর কমিশনরগণ কিম্বা যখন কোন মুনিসিপালিটীর কমিশনরগণ অপর কোন এক বা একাধিক মুনিসিপালিটীর কমিশনরগণের সহিত কিম্বা ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার লিখিত এক বা একাধিক স্থানীয় কর্ত্তৃপক্ষের সহিত সম্মিলিত হইয়া গৃহের প্রয়োজনার্থ জল সরবরাহ করা কিম্বা জল নিকাশ করিবার প্রণালী প্রবর্ত্তিত করা বিহিত বিবেচনা করেন তখন তাঁহারা উক্ত অভিপ্রায়ে যে সকল ওয়ার্ক আবশ্যক হয় তাহার আবশ্যক নক্সা ও বিবরণপত্র সমেত একখানি কল্পনাপত্র ও খরচের অনুমানপত্র প্রস্তুত করাইয়া যে স্থানের জল সরবরাহ বা জল নিকাশ করিবার প্রস্তাব হয় সেই স্থান বা সেই স্থানের অধিকাংশ যে ডিবিসনের অন্তর্গত সেই ডিবিসনের কমিশনরের হাত দিয়া উহা স্থানীয় গবর্ণমেণ্টে পাঠাইতে পারিবেন।

একটি কমিটির সাহায্যে সানিটরী বোর্ডের কল্পনাপত্র বিবেচনা করিবার ও তৎসম্বন্ধে রিপোর্ট করিবার কথা।

"৩৭ গ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট ঐ কল্পনাপত্র, নক্সা, বিবরণপত্র ও অনুমানপত্রগুলি সানিটরী বোর্ডে প্রেরণ করিতে পারিবেন। বোর্ড একটি কমিটীর সহিত পরামর্শ করিয়া উহা বিবেচনা করিয়া দেখিবেন ও তৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট রিপোর্ট করিবেন। সম্পৃক্ত মুনিসিপালিটী বা মুনিসিপালিটীগুলি বা অপর স্থানীয় কর্ত্তৃপক্ষদের প্রত্যেকে যে একটী মেম্বর নিযুক্ত করিবেন ও যে স্থানের জল সরবরাহ বা জল নিকাশ করিবার প্রস্তাব হয় সেই স্থান কি সেই স্থানের অধিকাংশ যে ডিবিসনের অন্তর্গত সেই ডিবিসনের কমিশনর যে একটি মেম্বর নিযুক্ত করিবেন তাঁহাদিগকে লইয়া ঐ কমিটী গঠিত হইবে।

স্থানীয় গবর্ণমেণ্টের কল্পনাপত্র মঞ্জুর, বদল বা প্রেরণ করিবার কথা।

"৩৭ ঘ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট নক্সা, বিবরণপত্র ও অনুমানপত্র সমেত ঐ রিপোর্ট বিবেচনা করিয়া দেখিবেন এবং তদনন্তর—

(ক) কল্পনাপত্র মঞ্জুর করিতে পারিবেন, কিম্বা

(খ) কল্পনাপত্রে যোগ করিতে কিম্বা উহা বদল বা পরিবর্ত্তিত করিতে পারিবেন এবং ঐরূপে যোগ করা, বদল করা বা পরিবর্ত্তিত করা কল্পনাপত্র মঞ্জুর করিতে পারিবেন, কিম্বা

(গ) কল্পনাপত্রে যোগ করিতে, কিম্বা উহা বদল বা পরিবর্ত্তিত করিতে পারিবেন এবং ঐরূপে যোগ করা বা বদল করা বা পরিবর্ত্তিত করা কল্পনাপত্র, নক্সা, বিবরণপত্র ও অনুমানপত্র সমেত সানিটরী বোর্ডের নিকট পাঠাইতে পারিবেন। সানিটরী বোর্ড উক্ত কমিটীর সহিত পরামর্শ করিয়া ঐরূপ যোগ করা, বদল করা বা পরিবর্ত্তিত করা কল্পনাপত্র আরও বিবেচনা করিয়া দেখিয়া তৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টে রিপোর্ট করিবেন।

কল্পনাপত্রের খরচ বণ্টন করিয়া দিবার কথা।

"৩৭ ঙ ধারা। (১) যে কল্পনাপত্র মঞ্জুর করিবার জন্য প্রস্তাবিত হয় তাহা দুই কি তদধিক মুনিসিপালিটী কিম্বা অপর স্থান সম্বন্ধে হইলে সানিটরী বোর্ড ৩৭ গ ধারানুসারে সংগঠিত কমিটীর

সহিত পরামর্শ পূর্ব্বক কার্য্য করিয়া আপন রিপোর্টের মধ্যে কল্পনাপত্র মত কার্য্য রক্ষা করিবার ও চালাইবার খরচ সমেত উক্ত কার্য্যের খরচ উপকারপ্রাপ্ত স্থানীয় কর্ত্তৃপক্ষের মধ্যে বণ্টন করণার্থ প্রস্তাব সন্নিবেশিত করিবেন।

(২) মুনিসিপালিটীর বেলা, প্রত্যেক মুনিসিপালিটীর টাক্স হইতে যে আয় হয় সেই আয়ের হিসাবে উক্ত খরচ বণ্টন করিয়া দেওয়া যাইবে কিন্তু প্রত্যেক মুনিসিপালিটী যে উপকার প্রাপ্ত হয় তাহা পরিমাণে কম কি বেশী ইহাও বিবেচনা করিতে হইবে, যথা কোন জল সরবরাহ করিবার প্রস্তাব হইলে, যত চাপ লাগাইয়া জল সরবরাহ করা হয়, জল লইবার সুবিধা, প্রধান কলের স্থান হইতে দূরত্ব প্রভৃতি বিষয় বিবেচনা করিতে হইবে।

অনুমোদিত কল্পনাপত্র প্রকাশিত করিবার কথা।

"৩৭ চ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক কল্পনাপত্র অনুমোদিত হইলে কলিকাতা গেজেটে ও তিন শত চুয়ান্ন ধারার বিধানানুসারে ঐ স্থানে নিম্নলিখিত বিশেষ বিবরণ প্রকাশিত করিতে হইবে:—

(ক) কল্পনাপত্রের বর্ণিত কার্য্যের সাধারণ বর্ণনাপত্র।

(খ) উক্ত কার্য্য সম্পাদন করিবার আনুমানিক খরচ।

(গ) উক্ত কার্য্য রক্ষা করিবার আনুমানিক খরচ।

(ঘ) যে টাকা হইতে ঐ খরচ দেওয়া যাইবে।

(ঙ) ঋণ করা হইলে যত টাকা ঋণ করা হইবে, যত বার্ষিক কিস্তিতে ঋণ শোধ দেওয়া যাইতে পারিবে, এবং শোধ দিতে যত বৎসর লাগিবে।

এবং যে স্থলে অনেক স্থানীয় কর্ত্তৃপক্ষের সম্পর্ক থাকে সে স্থলে

(চ) যে প্রকারে ঋণ বণ্টন করিয়া দেওয়া যাইবে।

এবং

(২) যে স্থলে জল সরবরাহ করিবার বা জল সরবরাহের উৎকর্ষ বিধান করিবার প্রস্তাব হয় সে স্থলে সম্পৃক্ত প্রত্যেক মুনিসিপালিটী সম্বন্ধে নিম্নলিখিত বিশেষ বিবরণ:—

(ক) জল সরবরাহ করিবার দরুন মোট বার্ষিক যত খরচ লাগিবে ও জলের রেট হইতে দিতে হইবে।

(খ) ঐ জলের রেট যোতের বার্ষিক মূল্যের শত করা যত ভাগ।

(গ) লোক প্রতি ঐ জলের রেটের ভার গড়ে যত পড়ে।

কল্পনাপত্র মঞ্জুর করিবার কথা।

"৩৭ ছ ধারা। ঐরূপ প্রকাশিত হইবার তারিখ হইতে দুই মাস অতীত হইলে পর এবং কোন আপত্তি বা প্রস্তাব উপস্থিত করা হইয়া থাকিলে তাহা বিবেচনা করিয়া দেখিবার পর স্থানীয় গবর্ণমেণ্ট প্রকাশিত কল্পনাপত্র মঞ্জুর কিম্বা অগ্রাহ্য করিতে কিম্বা যে রূপ প্রস্তাব উপযুক্ত বিবেচনা করেন সেই রূপ প্রস্তাব সহিত উহা সানিটরী বোর্ডে প্রেরণ করিতে পারিবেন। সানিটরী বোর্ড পূর্ব্বোক্ত কমিটীর সহিত পরামর্শ করিয়া কল্পনাপত্র সংশোধন করিবার অভিপ্রায়ে উহা বিবেচনা করিয়া দেখিবেন এবং ঐরূপে বিবেচিত হইলে পর উহা স্থানীয় গবর্ণমেণ্টে প্রেরিত হইবে এবং এই ধারা ও ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার বিধান খাটান যাইবে।

মুনিসিপালিটী কর্ত্তৃক কল্পনাপত্র কার্য্যে পরিণত করিবার কথা।

"৩৭ জ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে কোন কল্পনাপত্র মঞ্জুর করা হইলে সম্পৃক্ত মুনিসিপালিটী বা মুনিসিপালিটীগুলির কমিশনরগণ বা স্থানীয় কর্ত্তৃপক্ষ, যদি জল সরবরাহ বা জল নিকাশ করিবার প্রণালীর নিমিত্ত বা তৎসম্বন্ধে যে রেট বা অপর টাকা তহশীল করিতে, লইতে বা আদায় করিতে হইবে তাহা উক্ত প্রয়োজনার্থ প্রচুর হয় তাহা হইলে, ঐ কল্পনাপত্র কার্য্যে পরিণত করিতে প্রবৃত্ত হইবেন এবং যে স্থলে দুই কি তদধিক মুনিসিপালিটী বা স্থানীয় কর্ত্তৃপক্ষ সম্পৃক্ত থাকেন সে স্থলে স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে যে সকল বিধি প্রণয়ন করিবেন সেই সকল বিধি অনুসারে উক্ত প্রয়োজনার্থ একটি জাইণ্ট কমিটী সংগঠিত হইতে পারিবে।

ওয়ার্ক সম্পাদনার্থ স্থানীয় গবর্ণমেণ্টের একজন কর্ম্মচারী নিযুক্ত করিতে পারিবার কথা।

"৩৭ ঝ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কোন কল্পনাপত্র, নক্সা, বিবরণপত্র, ও অনুমানপত্রের লিখিত ওয়ার্ক বা তাহার কোন অংশ আপনি যে কর্ম্মচারিকে নিযুক্ত করিবেন তাঁহার দ্বারা সম্পাদিত হইবার আদেশ করিতে পারিবেন এবং ঐ কর্ম্মচারির পারিশ্রমিক ধার্য্য করিয়া দিবেন (কিন্তু কল্পনাপত্রের যত খরচ মঞ্জুর করা হইয়াছে তাহা যেন ছাপাইয়া না যায়) এবং যে কালের মধ্যে ওয়ার্ক সমাপ্ত করিতে হইবে তাহা নির্দ্দেশ করিয়া দিতে এবং সময়ে সময়ে আবশ্যক মত ঐ কাল বাড়াইয়া দিতে পারিবেন।

কল্পনাপত্রের খরচ সরকারী তহবীল হইতে আগাম দিবার কথা।

"৩৭ ঞ ধারা। নক্সা, বিবরণপত্র ও অনুমানপত্র প্রস্তুত করিবার খরচ, কল্পনাপত্র বিবেচনা করিয়া দেখিবার জন্য সানিটরী বোর্ডের অধিবেশনে উপস্থিত হইবার নিমিত্ত কমিটীর মেম্বরদের যে পথ খরচ লাগে তাহা এবং কল্পনাপত্রমত কার্য্য আরম্ভ করা গেলে ঐ কার্য্য সম্পাদন করিবার খরচ সম্পৃক্ত মুনিসিপালিটীর বা মুনিসিপালিটীগুলির কিম্বা অপর স্থানীয়

কর্ত্তৃপক্ষ বা কর্ত্তৃপক্ষগণের ঋণ বা ঋণ সকল জামিন রাখিয়া সরকারী তহবীল হইতে অগ্রিম দেওয়া যাইতে পারিবে এবং ঋণ বিষয়ক ১৮৭৯ সালের আইন অনুসারে আদায় করা যাইতে পারিবে এবং ঋণ আদায় সম্বন্ধীয় ঐ আইনের এবং ঐ আইন অনুসারে প্রণীত বিধির সমস্ত বিধান ঐরূপ অগ্রিম দেওয়া টাকা সম্বন্ধে খাটিবে।

জল সরবরাহ বা জল নিকাশ করিবার প্রণালী বলপূর্ব্বক প্রবর্ত্তিত হইবার কথা।

"৩৭ ট ধারা। (১) যখন স্থানীয় গবর্ণমেন্ট এরূপ বিবেচনা করেন যে কোন মুনিসিপালিটীর কমিশনরগণের প্রতি কিম্বা অপর কোন বা কোন কোন মুনিসিপালিটীর কমিশনরগণের সহিত কিম্বা ৩৭ ক ধারার লিখিত এক বা একাধিক অপর কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের সহিত সংস্পৃষ্টভাবে কার্য্যকারী কোন মুনিসিপালিটীর কমিশনরগণের প্রতি গৃহকার্য্যের জন্য জল সরবরাহ করিবার কিম্বা জল নিকাশের প্রণালী প্রবর্ত্তিত করিবার নিমিত্ত আদেশ করা উচিত তখন ঐ কমিশনরগণের প্রতি কেন ঐরূপ আদেশ করা হইবে না নির্দ্দিস্ট সময়ের মধ্যে ইহার কারণ দেখাইবার জন্য তাঁহাদের প্রতি আদেশ করিতে পারিবেন, এবং কমিশনরগণ কোন আপত্তি উপস্থিত করিলে স্থানীয় গবর্ণমেন্ট তাহা বিবেচনা করিয়া দেখিবেন এবং যদি ঐ সকল আপত্তি যথেষ্ট নয় এরূপ বিবেচনা করেন তাহা হইলে যে সকল হেতুতে কার্য্যে প্রবৃত্ত হইতে হইয়াছে কলিকাতা গেজেটে তাহার সম্পূর্ণ বিবরণ প্রকাশিত করিয়া যে সময়ের মধ্যে কমিশনরগণ ৩৭ খ ধারার লিখিতমত কল্পনাপত্র, নক্সা, বিবরণপত্র ও অনুমানপত্র ঐ ধারার লিখিত প্রকারে উপস্থিত করিবেন লিখিত আদেশক্রমে সেই সময় ধার্য্য করিয়া দিবেন।

কিন্তু যখন একটী মুনিসিপালিটীর কমিশনরগণের প্রতি পূর্ব্বোক্তমতে কারণ দেখাইবার জন্য আদেশ করা হয় তখন কল্পনাপত্রমত কার্য্য প্রবর্ত্তিত করিবার বিরুদ্ধে তদর্থে বিশেষ করিয়া আহূত কোন সভায় পাস করা যে নির্দ্ধারণের পক্ষে সমস্ত কমিশনরের তিন ভাগের দুই ভাগের অন্যূন সংখ্যক কমিশনর ভোট দেন সেই নির্দ্ধারণ চূড়ান্ত হইবে কিম্বা যখন দুই কি তদধিক মুনিসিপালিটীর কমিশনরগণের প্রতি উক্তকার্য্যের জন্য পরস্পরের সহিত সংস্পৃষ্টভাবে কার্য্য করিবার আদেশ হয় তখন ৩৭ ক ধারানুসারে সংগঠিত জাইন্ট কমিটী কর্ত্তৃক পাস করা ঐরূপ যে নির্দ্ধারণের পক্ষে ঐ সকল মুনিসিপালিটীর জন্য নির্দ্দিষ্ট এবং তাহাদের প্রত্যেকের প্রতি আয় অনুসারে বণ্টন করিয়া দেওয়া সমস্ত ভোটের তিন ভাগের দুই ভাগের অন্যূন সংখ্যক ভোট লিপিবদ্ধ করা হয় সেই নির্দ্ধারণই চূড়ান্ত হইবে, এবং উহার কোন স্থলেই স্থানীয় গবর্ণমেন্ট এই ধারার বিধানানুসারে আর কোন কার্য্য করিবেন না।

(২) উক্ত আদেশ পালিত হইলে, ৩৭ গ হইতে ৩৭ ঞ পর্য্যন্ত ধারার বিধান খাটিবে।

(৩) উক্ত আদেশ পালনে ত্রুটি করা হইলে, ৬৪ ধারার বিধান খাটিবে। কিন্তু প্রথম তফসীলের লিখিত যে মুনিসিপালিটীর প্রতি অপর কোন মুনিসিপালিটী বা স্থানীয় কর্ত্তৃপক্ষের সহিত সংস্পৃষ্টভাবে কার্য্য করিবার আদেশ না হয় সেই মুনিসিপালিটীর বেলা, যদি ঐরূপ কোন কল্পনাপত্রের বিশেষ বিবরণ ৩৭ চ ধারানুসারে কলিকাতা গেজেটে প্রকাশিত হইবার তারিখ হইতে দুই মাসের মধ্যে, কোন মুনিসিপালিটীর রেজিস্টরী করা রেটদাতাদের তিন ভাগের দুই ভাগের অন্যূন সংখ্যক রেটদাতা ঐ মুনিসিপালিটীতে ঐ কল্পনাপত্রমত কার্য্য বলপূর্ব্বক প্রবর্ত্তিত করিবার প্রতি আপত্তি করিয়া স্থানীয় গবর্ণমেন্টের নিকট দরখাস্ত করেন তাহা হইলে ঐ মুনিসিপালিটীর কমিশনরগণকে ঐ কল্পনাপত্র কার্য্যে পরিণত করিতে বাধ্য করা যাইবে না।

জল সরবরাহ বিশিষ্ট মুনিসিপালিটীর সম্বন্ধে ৭ম পরিচ্ছেদ খাটিবার কথা।

"৩৭ ঠ ধারা। যে মুনিসিপালিটীতে জল সরবরাহের বিধান হইয়াছে সেই মুনিসিপালিটীর সম্বন্ধে ৭ম পরিচ্ছেদের বিধান খাটিবে।

সভাপতির কমিশনরগণের ক্ষমতা পরিচালন না করিবার কথা।

"৩৭ ড ধারা। ৩৭ ক হইতে ৩৭ ঠ পর্য্যন্ত ধারাক্রমে কমিশনরগণের প্রতি যে সকল ক্ষমতা প্রদত্ত হইয়াছে সভাপতি ৪৪ ধারানুসারে সেই সকল ক্ষমতা পরিচালন করিবেন না।"

৩৮ ধারায় যোগ করিবার কথা।

২৪ ধারা। ৩৮ ধারায় নিম্নলিখিত পারাগ্রাফটি যোগ করিতে হইবে :—

নুটিস জারী না করিবার দরুন সভা অসিদ্ধ না হইবার কথা।

"কোন কমিশনরকে দৈবাৎ সভাধিবেশনের নুটিস দেওয়া না হইলে তজ্জন্য কোন সভাধিবেশনের সিদ্ধতার ব্যাঘাত হইবে না।"

৪৬ ধারা সংশোধিত করিবার কথা।

২৫ ধারা। ২৬ ধারায় "স্বাস্থ্যরক্ষকের" এই শব্দের পর "ও আসেসরের" এই শব্দ দুইটি বসাইতে হইবে।

৫৭ ধারা সংশোধিত করিবার কথা।

২৬ ধারা। ৫৭ ধারায় প্রথম পারাগ্রাফে 'নিজের কি অন্যের দ্বারা" এই শব্দগুলি উঠাইয়া দিতে হইবে, এবং "কমিশনরদের সঙ্গে যে চুক্তি করা যায় তাহাতে" এই শব্দগুলির পরিবর্ত্তে "যে কোন প্রকার চুক্তিতে কমিশনরেরা এক পক্ষ থাকেন তাহাতে" এই শব্দগুলি বসাইতে হইবে এবং "থাকিবে না" এই শব্দ দুইটির পর "কিম্বা কোন কমিশনর কি পল্লীর কমিটীর অন্তর্গত কোন ব্যক্তি কমিশনরদের অধীনে লাভজনক কোন পদ ধারণ করিবেন না" এই

শব্দগুলি বসাইতে হইবে এবং "অংশ বা স্বার্থ থাকিলে" এই শব্দগুলির পর "কিম্বা কোন কমিশনর ঐরূপ কোন পদ ধারণ করিলে" এই শব্দগুলি বসাইতে হইবে, এবং "পারিবে।" এই শব্দের পর "কিন্তু" এই শব্দটি বসাইতে হইবে।

৫৮ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

২৭ ধারা। ৫৮ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে:—

কমিশনরেরা যে যে বিষয়ে ভোট দিতে অক্ষম তাহার কথা।

"৫৮ ধারা। কোন কমিশনর কিম্বা পল্লীর কমিটীর অন্তর্গত কোন ব্যক্তি নিজের আচরণ বা আর্থিক স্বার্থ সম্বন্ধীয় কোন বিষয়ে কিম্বা নিজের কত টাকা ট্যাক্স ধার্য্য করিতে হইবে কেবল এই বিষয়ে কিম্বা তিনি যে সম্পত্তির সম্বন্ধে সাক্ষাৎ বা পরোক্ষভাবে কোন প্রকারে স্বার্থযুক্ত হন কি তিনি যে সম্পত্তির কার্য্যাধ্যক্ষ বা এজেণ্ট কেবল সেই সম্পত্তির মূল্য সম্বন্ধীয় কোন বিষয়ে কিম্বা কোন ট্যাক্স দিতে তিনি দায়ী কি না কেবল এই বিষয়ে আপনার ভোট দিবেন না।"

৫৯ ধারা সংশোধিত করিবার কথা।

২৮ ধারা। ৫৯ ধারার (ক) দফায় "২৩" এই অঙ্ক দুইটির পর "বা ২৭" এই শব্দ ও অঙ্ক গুলি বসাইতে হইবে।

৬৬ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

২৯ ধারা। ৬৬ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে:—

বিবাদের কথা।

"৬৬ ক ধারা। (১)—যে বিবাদের নিষ্পত্তির জন্য এই আইনে অন্য রকমের বিধান করা হয় নাই যদি এই আইনানুসারে সংগঠিত দুই কি তদধিক মুনিসিপালিটীর কমিশনরগণের মধ্যে কিম্বা ঐ রূপ কোন মুনিসিপালিটীর কমিশনরগণের ও কোন জিলা বোর্ড বা কাণ্টনমেণ্টের কর্ত্তৃপক্ষের মধ্যে তদ্রূপ কোন বিবাদ উপস্থিত হয় তাহা হইলে—

(ক) সম্পৃক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষেরা একই জিলাস্থিত হইলে জিলার মাজিষ্ট্রেটের নিকট; কিম্বা

(খ) সম্পৃক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষেরা ভিন্ন ভিন্ন জিলাস্থিত হইলে ডিবিসনের কমিশনর বা ডিবিসন সকলের কমিশনরগণের নিকট; কিম্বা

(গ) সম্পৃক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষেরা ভিন্ন ভিন্ন ডিবিসনস্থিত হইলে ও ঐ ঐ ডিবিসনের কমিশনরেরা একমত হইতে না পারিলে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট—

ঐ বিষয়টি অর্পণ করিতে হইবে।

(২) কোন বিবাদ যে কর্ত্তৃপক্ষের নিষ্পত্তির নিমিত্ত এই ধারানুসারে অর্পণ করা যায় সেই কর্ত্তৃপক্ষের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

(৩) যদি (ক) দফার উল্লিখিত স্থলে জিলার মাজিষ্ট্রেট সম্পৃক্ত কোন একটি স্থানীয় কর্ত্তৃপক্ষের একজন হন তাহা হইলে তাঁহার এই ধারানুযায়িক কার্য্য ডিবিসনের কমিশনর কর্ত্তৃক সম্পাদিত হইবে।"

৬৮ ধারা সংশোধিত করিবার কথা।

৩০ ধারা। (১) ৬৮ ধারার দ্বাদশ পংক্তিতে "কমিশনরেরা বৎসর ২ মুনিসিপল ফণ্ড হইতে" এই শব্দগুলির গোড়ায় "এই আইনে ভিন্ন রকম বিধানের স্থল ছাড়া অপর সকল স্থলে" এই শব্দগুলি বসাইতে হইবে।

(২) ঐ ধারার (গ) দফায় "সেরেস্তার খরচ" এই শব্দদ্বয়ের পর "এবং ৮২ ধারানুসারে যে বিশেষ কর্ম্মচারী নিযুক্ত হন তাঁহার বেতন" এই শব্দগুলি বসাইতে হইবে।

(৩) ঐ ধারার (গ) দফার নিয়মবিধিতে "কিন্তু" শব্দের পর "৮২ ধারানুসারে নিযুক্ত কোন বিশেষ কর্ম্মচারির বেতন ছাড়া অন্য রকমে" এই শব্দগুলি বসাইতে হইবে।

৬৯ ধারা সংশোধিত করিবার কথা।

৩১ ধারা। ৬৯ ধারার দ্বিতীয় পারাগ্রাফে "ও স্থানীয় গবর্ণমেণ্ট" এই শব্দগুলির পূর্ব্বে "এবং এই আইনে ভিন্ন রকম বিধানের স্থল ছাড়া অপর সকল স্থলে" এই শব্দগুলি বসাইতে হইবে এবং (১) দফায় "প্রস্তুত" শব্দের পর "ও রক্ষা" এই শব্দ দুইটি বসাইতে হইবে এবং (৮) দফার পর নিম্নলিখিত দফাটি যোগ করিতে হইবে:—

"(৮ ক) এই আইন বা এই আইনমতে প্রণীত কোন উপবিধি অনুযায়িক অপরাধের বিচার করণার্থ বেঞ্চ স্থাপন ও রক্ষা করণ।"

৭৬ ধারা সংশোধিত করিবার কথা।

৩২ ধারা। ৭৬ ধারার "কিম্বা তন্মধ্যে যাহা পরিবর্ত্তন করা উচিত বোধ করেন তাহা করিয়া অনুমোদন করিতে পারিবেন" এই শব্দগুলি উঠাইয়া দিতে হইবে এবং "পাঠান যাইবে" এই শব্দ দুইটির পর ও "কিন্তু" শব্দের পূর্ব্বে নিম্নলিখিত শব্দগুলি বসাইতে হইবে:—

"কিম্বা যে সকল পরিবর্ত্তনের প্রস্তাব করা হয় যদি তাহা করা না হয় তাহা হইলে ডিবিসনের কমিশনর যে রূপ পরিবর্ত্তন উপযুক্ত বিবেচনা করেন তাহা করিতে পারিবেন।"

৮২ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৩৩ ধারা। ৮২ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে:—

রেজিষ্টরী রাখিবার ও রিটর্ণ দাখিল করিবার কথা।

"৮২ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে যে সকল রেজিষ্টরী, ফারম ও রিটর্ণের নির্দ্দেশ করেন কমিশনরগণ সেই সকল রেজিষ্টরী

রক্ষা করিবেন, সেই সকল কাগজ ব্যবহার করিবেন ও সেই সকল রিটর্ণ দাখিল করিবেন।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রকার আদেশ করেন মুনিসিপালিটীর হিসাব প্রতি বৎসর সেই প্রকারে আডিট করিতে হইবে।

হিসাব পরীক্ষা করিয়া তৎসম্বন্ধে রিপোর্ট করিবার জন্য স্থানীয় গবর্ণমেণ্টের বিশেষ কর্ম্মচারী নিযুক্ত করিতে পারিবার কথা।

কিন্তু কোন মুনিসিপালিটীর বার্ষিক আডিট কার্য্য করিবার নিমিত্ত নিযুক্ত কর্ম্মচারী যদি এরূপ রিপোর্ট করেন যে হিসাবে এমন গোলযোগ হইয়াছে যে মুনিসিপালিটীর আর্থিক অবস্থা সহজে নির্ণয় করিতে পারা যায় না, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট লিখিত হুকুমক্রমে ঐ হুকুমে যে সময় ও যে ব্যক্তির উল্লেখ থাকিবে সেই সময়ের মধ্যে ও সেই ব্যক্তির নিকট হিসাব উপযুক্ত রূপে দুরস্ত করিয়া দাখিল করিবার জন্য কমিশনরগণের প্রতি আদেশ করিতে পারিবেন এবং যদি কমিশনরগণ ঐ আদেশ পালন না করেন তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট হিসাব পরীক্ষা করিয়া তৎসম্বন্ধে রিপোর্ট করিবার জন্য কোন বিশেষ কর্ম্মচারীকে নিযুক্ত করিতে পারিবেন এবং ঐ বিশেষ কর্ম্মচারির বেতন ধার্য্য করিয়া দিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট অন্য রকম আদেশ না করিলে ঐ বেতন মুনিসিপল ফণ্ড হইতে দেওয়া যাইবে।"

৮৫ ধারা সংশোধিত করিবার কথা।

৩৪ ধারা। ৮৫ ধারায় "এক প্রকারের টাক্স বসাইতে পারিবেন, উভয় প্রকারের নয়।" এই শব্দগুলির পরিবর্ত্তে "এক বা উভয় প্রকারের টাক্স বসাইতে পারিবেন।" এই শব্দগুলি বসাইতে হইবে; (খ) দফায় "কিন্তু" শব্দের পর ও "ঢাকার" শব্দের পূর্ব্বে "হাবড়ার, পাটনার." এই শব্দ দুইটি বসাইতে হইবে; এবং নিম্নলিখিত নিয়ম বিধিটি যোগ করিতে হইবে।—

"কিন্তু একই পল্লীতে একই সময়ে উভয় টাক্স প্রচলিত হইবে না।"

৮৬ ধারা সংশোধিত করিবার কথা।

৩৫ ধারা। ৮৬ ধারার (ঘ) দফায় "ছয়" শব্দের পরিবর্ত্তে "সাড়ে সাত" এবং "পাঁচ" শব্দের পরিবর্ত্তে "ছয়". শব্দটি বসাইতে হইবে।

ব্যক্তিদের উপর টাক্সের কথা।

৮৭ ধারা সংশোধিত করিবার কথা।

৩৬ ধারা। ৮৭ ধারার শেষ পারাগ্রাফে "যে ভূমিতে চাষ হইতে পারে তাহাতে ও" এই শব্দগুলি উঠাইয়া দিতে হইবে এবং "থাকা প্রযুক্ত" এই শব্দ দুইটির পর "কিম্বা সর্ব্বসাধারণের যে কবর দিবার কি শবদাহ করিবার স্থান ২৫৪ ধারানুসারে রেজিষ্টরী করা হইয়াছে তাহাতে দখল থাকা প্রযুক্ত" এই শব্দগুলি সাইতে হইবে।

৮৯ ধারা সংশোধিত করিবার কথা।

৩৭ ধারা। ৮৯ ধারায় "গবর্ণমেণ্টের সম্পত্তি হইয়া রাজকীয় ইমারত বলিয়া যে যোতের ব্যবহার থাকে" এই শব্দগুলির পরিবর্ত্তে "যে যোত গবর্ণমেণ্টের কি কোন রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশনের কি কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের সম্পত্তি" এই শব্দগুলি বসাইতে হইবে। এবং "গবর্ণমেণ্ট" এই শব্দের পর "কি সম্পৃক্ত রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন কি স্থানীয় কর্ত্তৃপক্ষ" এই শব্দগুলি বসাইতে হইবে।

যোতের উপর রেটের কথা।

৯৭ ধারা সংশোধিত করিবার কথা।

৩৮ ধারা। ৯৭ ধারায় "তিন" শব্দের পরিবর্ত্তে "পাঁচ" শব্দটি বসাইতে হইবে।

৯৭ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৩৯ ধারা। ৯৭ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে:—

শতকরার হার পরিবর্ত্তনের ফলের কথা।

'৯৭ ক ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারায় যে কাল নির্দ্দিষ্ট হইয়াছে যদি সেই কালের মধ্যে যোতের মূল্যের উপর শতকরা যে হারে রেট আদায় করিতে হইবে, কমিশনরগণ কর্ত্তৃক ১০২ ধারার বিধানানুসারে তাহা পরিবর্ত্তিত হয় তাহা হইলে প্রত্যেক স্থলে যত টাকা রেট ও ঐ রেটের যত টাকা করিয়া ত্রৈমাসিক কিস্তি দিতে হইবে তাহা রেটের তালিকায় তদনুসারে পরিবর্ত্তিত করিতে হইবে, কিন্তু কমিশনরগণ উক্ত কার্য্য করিবার দরুন নূতন কি সংশোধিত আসেসমেণ্টের তালিকা প্রস্তুত করিয়াছেন বলিয়া বিবেচনা করা যাইবে না।"

৯৮ ধারায় যোগ করিবার কথা।

৪০ ধারা। ৯৮ ধারায় নিম্নলিখিত পারাগ্রাফটি যোগ করিতে হইবে:—

দাতব্যার্থ যোত আসেসমেণ্ট হইতে মুক্ত করিবার কথা।

"কমিশনরগণ সভাধিবিষ্ট হইয়া স্থানীয় গবর্ণমেণ্টের মঞ্জুরি লইয়া সাধারণ দাতব্য কার্য্যের নিমিত্ত ব্যবহৃত কোন যোত আসেসমেণ্ট হইতে মুক্ত করিতে পারিবেন।'

৯৯ ধারা সংশোধিত করিবার কথা।

৪১ ধারা। ৯৯ ধারায় "ক্ষমতাপ্রাপ্ত" শব্দের পরিবর্ত্তে "লিখিত অনুজ্ঞাপ্রাপ্ত" এই শব্দগুলি বসাইতে হইবে এবং নিম্নলিখিত নিয়মবিধিটি যোগ করিতে হইবে:—

"কিন্তু কোন স্থলে আসেসর নিযুক্ত হইলে ঐ আসেসর অপর কোন ব্যক্তিকে ঐরূপ কোন যোতে প্রবেশ করিয়া উহা দেখিবার ও মাপ করিবার জন্য অনুমতি দিতে সক্ষম হইবেন না।"

৪২ ধারা। ১০১ ধারার দ্বিতীয় পারাগ্রাফে "কিন্তু" শব্দের পর "দার্জ্জিলিঙ্গ মুনিসিপালিটী ছাড়া অপর কোন মুনিসিপালিটীতে" এই শব্দগুলি বসাইতে হইবে।

১০১ ধারা সংশোধিত করিবার কথা।

৪৩ ধারা। ১১২ ধারার ঠিক পূর্ব্বে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

১১২ ধারার পূর্ব্বে নূতন ধারা বসাইবার কথা।

"১১১ ক ধারা। যদি ডিবিসনের কমিশনরের রিপোর্ট দৃষ্টে স্থানীয় গবর্ণমেন্ট কোন সময়ে এরূপ বিবেচনা করেন যে কোন মুনিসিপালিটীতে যে আসেসমেন্ট হইয়াছে তাহা যথেষ্ট বা ন্যায্য হয় নাই এবং যদি কমিশনরগণ ৪৬ ধারানুসারে কোন আসেসর নিযুক্ত করিয়া না থাকেন, তাহা হইলে স্থানীয় গবর্ণমেন্ট লিখিত হুকুমক্রমে ঐ মুনিসিপালিটীর কমিশনরগণের প্রতি ঐ আসেসমেন্ট পুনর্ব্বার আলোচনা ও সংশোধন করিবার জন্য কিম্বা ঐ হুকুমের বিরুদ্ধে ঐ হুকুমে যে সময় নির্দ্দেশ করিয়া দেওয়া যাইবে সেই সময়ের মধ্যে কারণ দেখাইবার জন্য আদেশ করিতে পারিবেন। এবং যদি কমিশনরগণ ঐ হুকুম পালন না করেন কিম্বা স্থানীয় গবর্ণমেন্টের বিবেচনায় পুনরালোচিত ও সংশোধিত আসেসমেন্ট যথেষ্ট না হয় বা অন্যায্য হয় তাহা হইলে স্থানীয় গবর্ণমেন্ট লিখিত হুকুমক্রমে কমিশনরগণের প্রতি ঐ হুকুমে যে সময় ও যত কালের নির্দ্দেশ করিয়া দেওয়া যাইবে সেই সময়ের মধ্যে ও তত কালের জন্য ঐ মুনিসিপালিটীর নিমিত্ত মুনিসিপল টাক্সের একজন আসেসর নিযুক্ত করণার্থ আদেশ করিতে পারিবেন, এবং এই আইনক্রমে কমিশনরগণের প্রতি আসেসমেন্ট সম্বন্ধীয় যে সমস্ত ক্ষমতা অর্পিত হইয়াছে ঐ আসেসর ১১৩, ১১৪ ও ১১৫ ধারামত ক্ষমতা ছাড়া সেই সমস্ত ক্ষমতা পরিচালন করিবেন। ঐ হুকুমে আসেসরের বেতন ও তাঁহার সেরেস্তার খরচ ধার্য্য করিয়া দেওয়া হইবে এবং কমিশনরগণ মাসে মাসে ঐ বেতন ও খরচ দিবেন।"

মুনিসিপল টাক্সের আসেসর নিযুক্ত করিবার কথা।

৪৪ ধারা। ১১৩ ধারায় নিম্নলিখিত পারাগ্রাফটি যোগ করিতে হইবে :—

১১৩ ধারায় যোগ করিবার কথা।

"১১১ ক ধারানুসারে আসেসর নিযুক্ত করা হইয়া থাকিলে, কমিশনরগণ আসেসরকে ঐরূপ প্রত্যেক প্রার্থনাপত্রের নোটিস দিবেন।"

৪৫ ধারা। ১১৪ ধারায় "সভাপতি" শব্দের পরিবর্ত্তে 'সভাগত কমিশনরগণ" এই শব্দগুলি বসাইতে হইবে এবং "যদ্রূপ" শব্দের পর "প্রমাণ লওয়া ও" এই শব্দগুলি বসাইতে হইবে।

১১৪ ধারা সংশোধিত করিবার কথা।

৪৬ ধারা। ১১৬ ধারায় "কিম্বা কোন ব্যক্তির টাক্স কি রেট দিবার যোগ্যতা বিষয়ে কোন প্রতিবাদ থাকিলে" এই শব্দগুলি এবং 'কিম্বা অন্য কোন শক্তিক্রমে" এই শব্দগুলি উঠাইয়া দিতে হইবে।

১১৬ ধারা সংশোধিত করিবার কথা।

৪৭ ধারা। ১২১ ধারার শেষ পারাগ্রাফের পরিবর্ত্তে নিম্নলিখিত পারাগ্রাফটি বসাইতে হইবে :—

১২১ ধারা সংশোধিত করিবার কথা।

"কিন্তু যে যোত সম্বন্ধে বাকী ফেলা হয় তাহা যদি কর্ম্মের স্থান হয় এবং যদি ক্রোক করা অস্থাবর সম্পত্তি কর্ম্ম কার্য্যের সাধারণ রীতি অনুসারে মেরামত কি নির্ব্বিঘ্ন হেফাজতের জন্য ঐ স্থানে রাখা হইয়াছে বলিয়া কমিশনরগণের হৃদ্বোধমতে দেখান হয় তাহা হইলে ঐ সম্পত্তি ছাড়িয়া দেওয়া হইবে।

এবং যদি উক্ত সম্পত্তি বা উহার কোন অংশ বাকীদার ছাড়া অপর কোন ব্যক্তির সম্পত্তি হয় তাহা হইলে তদ্রূপ ক্রোককরণ দ্বারা ঐ সম্পত্তির অধিকারীর যে হানি হইয়া থাকে কিম্বা ঐ সম্পত্তি ক্রোক না হয় কি ক্রোক হইয়া বিক্রয় না হয় এই জন্য অধিকারী যে টাকা দিয়া থাকেন বাকীদার তাঁহার সেই হানি পূরণের বা সেই টাকার দায়ী হইবেন।"

৪৮ ধারা। ১২৫ ধারায় নিম্নলিখিত পারাগ্রাফটি যোগ করিতে হইবে :—

১২৫ ধারায় যোগ করিবার কথা।

"(ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২১ ধারার অর্থানুযায়িক রাজকীয় কর্ম্মকারক না হইয়া) কোন ব্যক্তি এই ধারার বিধান উল্লঙ্ঘন করিলে তাহার দুই মাস পর্য্যন্ত সামান্য কারাদণ্ড বা জরিমানা বা উভয় দণ্ডই হইবে।"

দণ্ডের কথা।

৪৯ ধারা। ১২৭ ধারায় 'আসবাব" শব্দের পরিবর্ত্তে "অস্থাবর সম্পত্তি" এই দুইটি শব্দ এবং "অন্য কোন মাজিস্ট্রেট সাহেবের" এই শব্দগুলির পূর্ব্বে "বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের শাসনাধীন দেশের মধ্যে বিচারাধিকার পরিচালন কারী" এই শব্দগুলি বসাইতে হইবে।

১২৭ ধারা সংশোধিত করিবার কথা।

৫০ ধারা। ১৪১ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

১৪১ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

"১৪১ ক ধারা। যে গাড়ি, ঘোড়া বা অপর কোন জন্তু একাধিক মুনিসিপালিটী বা কাণ্টনমেন্টের মধ্যে রাখা বা ব্যবহৃত হয় ১৩১ হইতে ১৪১ পর্য্যন্ত ধারায় যাহা কিছু আছে তদ্দ্বারা তৎসম্বন্ধে একই কালের নিমিত্ত একাধিক ফী আদায় করিবার অনুমতি হইল বলিয়া বিবেচনা করা যাইবে না।"

গাড়ির জন্য দুইবার ফী লওয়া নিষেধের কথা।

১৪২ ধারা হইতে কথা উঠাইয়া দিবার কথা।

৫১ ধারা। ১৪২ ধারার (গ) দফায় "কি কলিকাতার শাখানগরে" এই শব্দগুলি উঠাইয়া দিতে হইবে।

১৪৭ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৫২ ধারা। ১৪৭ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

গরুর গাড়ি রেজিষ্টরী করিবার জন্য দুইবার ফী লওয়া নিষেধের কথা।

"১৪৭ ক ধারা। যে গরুর গাড়ি একাধিক মুনিসিপালিটী বা কাণ্টনমেণ্টের মধ্যে নিয়ত ব্যবহৃত হয় ১৪২ হইতে ১৪৭ পর্য্যন্ত ধারায় যাহা কিছু আছে তদ্দারা তৎসম্বন্ধে একই কালের নিমিত্ত একাধিক ফী আদায় করিবার অনুমতি দেওয়া হইল বলিয়া বিবেচনা করা যাইবে না।"

১৮৬ ধারা সংশোধিত করিবার কথা।

৫৩ ধারা। ১৮৬ ধারার 'জন্যে' শব্দের পর 'কমিশনরদের' এই শব্দটি বসাইতে হইবে।

১৮৭ ধারা সংশোধিত করিবার কথা।

৫৪ ধারা। ১৮৭ ধারায় "দুর্গন্ধ দ্রব্য" এই শব্দ দুইটির পূর্ব্বে "মলও" এই দুইটি শব্দ বসাইতে হইবে।

১৯১ ধারা সংশোধিত করিবার কথা।

৫৫ ধারা। ১৯১ ধারার "সুবিধামতে" শব্দের পর 'কূপ' শব্দটি বসাইতে হইবে এবং শেষ পারাগ্রাফের পরিবর্ত্তে নিম্নলিখিত পারাগ্রাফটি বসাইতে হইবে :—

"কমিশনরগণ যে যে স্থানে উচিত বোধ করেন সেই সেই স্থানে আজ্ঞা প্রকাশ করিয়া যে কোন জলস্রোত বা জলপ্রণালী সাধারণের জল সরবরাহের অংশ স্বরূপ ব্যবহৃত হয় তাহার সাধারণের অব্যবহৃত অংশে লোকদের স্নান করিবার ও কাপড় কাচিবার ও জন্তুর গা ধুইবার কিম্বা অপর যে কার্য্য দ্বারা ঐ জলস্রোত বা জলপ্রণালীর সাধারণের ব্যবহৃত অংশের জল দূষিত হইতে পারে সেই কার্য্য করিতে নিষেধ করিতে পারিবেন।"

১৯৯ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৫৬ ধারা। ১৯৯ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

কমিশনরগণ কর্ত্তৃক অস্বাস্থ্যকর জলের ব্যবহার নিষেধের কথা।

"১৯৯ ক ধারা। যদি জিলার প্রধান সিবিল মেডিকাল অফিসর এরূপ সার্টিফিকেট দেন যে, কোন মুনিসিপালিটীর অন্তর্গত কোন কূপ, পুষ্করিণী বা অপর কোন স্থানের জল পানার্থ ব্যবহার করিলে কোন বিপজ্জনক রোগের উৎপত্তি বা ব্যাপ্তি হইতে পারে তাহা হইলে কমিশনরগণ সর্ব্ব সাধারণকে নোটিস দিয়া হুকুমে যে কালের নির্দ্দেশ করিয়া দেওয়া যাইবে সেই কালের মধ্যে সেই জল পানার্থ লইয়া যাওয়া বা ব্যবহার করা নিষেধ করিতে পারিবেন।"

২০০ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৫৭ ধারা। ২০০ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

কোন ব্যক্তির বাড়ীর মধ্যে অস্বাস্থ্যজনক পুকুর থাকিলে তাহা পরিষ্কার করাইবার ও তাহার জল বাহির করাইয়া দিবার ক্ষমতার কথা।

"২০০ ধারা। (১) কোন ভূমির মধ্যে এমত কোন কূপ কি জলপথ কি বেসরকারী পুকুর কি ডোবা কি কোন ময়লা বা বদ্ধ জল আছে যাহাতে প্রতিবাসিদের স্বাস্থ্যের হানি হয় কি অনিষ্ট জন্মে এরূপ বিবেচনা হইলে, কমিশনরগণ ঐ ভূমির মালিক বা দখীলকারের প্রতি আট দিনের মধ্যে কিম্বা কমিশনরগণ আটদিনের যত অধিক সময় দেন সেই সময়ের মধ্যে সেই কূপ জলপথ, বেসরকারী পুকুর বা ডোবা তাঁহার ইচ্ছা মতে পুনর্ব্বার খনন করাইবার কি উপযুক্ত দ্রব্যাদির দ্বারা বুজাইবার কি পরিষ্কার করাইবার এবং নালা কাটাইয়া সেই ময়লা বা বদ্ধ জল বাহির করিয়া দিবার আদেশ করিতে পারিবেন।

কিন্তু যে ব্যক্তির প্রতি জল নিকাশ করাইবার আদেশ হয় যদি এই ধারানুসারে জল নিকাশের প্রয়োজনার্থ সেই ব্যক্তির নিজ সম্পত্তি ছাড়া অন্য ভূমি লইবার কিম্বা অপর কোন ব্যক্তিকে হানিপুরণের টাকা দিবার প্রয়োজন হয় তবে কমিশনরগণ সেই ভূমি দেওয়াইবেন ও হানিপুরণের সেই টাকা দিবেন।

পুনর্ব্বার খনন প্রভৃতি করাইবার খরচ আদায় না হওয়া পর্য্যন্ত কমিশনরগণের পুকুর বা ডোবা দখলে রাখিতে পারিবার কথা।

(২) যদি কমিশনরগণ ১৮০ ধারানুসারে ঐরূপ পুনর্ব্বার খনন করাইবার বা উপযুক্ত দ্রব্যাদির দ্বারা বুজাইবার কার্য্য সম্পাদন করেন তাহা হইলে উক্ত কার্য্যের দরুন যে খরচ লাগে সেই খরচ আদায় না হওয়া পর্য্যন্ত তাঁহারা ঐ পুকুর বা ডোবা কিম্বা যে জায়গায় ঐ পুকুর বা ডোবা থাকে সেই জায়গা আপনাদের দখলে রাখিতে ও যাহাতে তাহা লাভজনক হয় এমন উপায় করিতে পারিবেন" :—

২০৮ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৫৮ ধারা। ২০৮ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

বেড়া প্রভৃতি ছাঁটিয়া দিবার জন্য ভূম্যধিকারিদের প্রতি কমিশনরগণের আদেশ করিতে পারিবার কথা।

২০৮ ধারা। কোন ভূমিস্থিত কোন বেড়া রাস্তার ধারে থাকিলে এবং কোন গাছের ডাল কোন রাস্তার উপর কি যাহার জল পানার্থ ব্যবহৃত হয় এমন কোন পুকুর কি কূপের উপর ঝুলিয়া পড়িলে কিম্বা কোন রাস্তার বাধা জন্মাইলে কিম্বা কোন রাস্তা বা কমিশনরগণের কোন সম্পত্তির হানি জন্মাইলে কি হানি জন্মাইতে পারিলে কিম্বা কোন রাস্তা

ব্যবহারকারী কোন ব্যক্তির হানি জন্মাইতে পারিলে কিম্বা কোন কূপ বা পুকুরের জল দূষিত করিলে কি দূষিত করিতে পারিলে কমিশনরগণ সেই ভূমির মালিক বা দখীলকারের প্রতি তিন দিনের মধ্যে ঐ বেড়া খুড়িয়া বা ছাটিয়া দিবার এবং ঐ গাছ কাটিয়া বা খুড়িয়া দিবার আদেশ করিতে পারিবেন।"

২১০ ধারার পরিবর্তে নূতন ধারা বসাইবার কথা।

৫৯ ধারা। ২১০ ধারার পরিবর্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

বিল্‌ডিঙ বিপজ্জনক অবস্থায় থাকিলে তাহা বেড়া দিয়া ঘেরিবার কথা।

"২১০ ধারা। যদি কমিশনরগণ এরূপ বিবেচনা করেন যে কোন বিল্‌ডিঙ, বিল্‌ডিঙের অংশ কি বিল্‌ডিঙ সংযুক্ত গাঁথনী ভগ্নাবস্থায় আছে এবং ঐ বিল্‌ডিঙ কি অপর কোন বিল্‌ডিঙের অধিবাসী থাকিলে সেই অধিবাসীদের বা পথিকগণের পক্ষে বিপজ্জনক হইয়াছে কিম্বা যদি কোন দেয়াল বা অন্য গাঁথনী কমিশনরগণের বিবেচনায় ভগ্নাবস্থায় থাকে ও পথিকগণের কি অপর কোন ব্যক্তিদেরপক্ষে বিপজ্জনক হয় তাহা হইলে তাঁহারা আবশ্যক বিবেচনা করিলে পথিকগণের বা অপর যে ব্যক্তিদের বিপদ সম্ভাবনা তাহাদের রক্ষার জন্য অবিলম্বে তক্তার কি অন্য প্রকারের উপযুক্ত বেড়া দেওয়াইবেন এবং ঐ বিল্‌ডিঙের মালিক বা দখীলকারের প্রতি কিম্বা ঐ বিল্‌ডিঙ, দেয়াল বা অপর গাঁথনী যে ভূমি সংযুক্ত সেই ভূমির মালিক বা দখীলকারের প্রতি সাত দিনের মধ্যে অবস্থা বিবেচনায় যেরূপ আবশ্যক হয় ঐ বিল্‌ডিঙ দেয়াল বা অপর গাঁথনী নামাইয়া লইবার, কায়দা করিবার কি মেরামত করিবার জন্য আদেশ করিতে পারিবেন।"

২১০ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৬০ ধারা। ২১০ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

ভগ্নাবস্থাপন্ন বিল্‌ডিঙ ভাঙ্গিয়া ফেলিবার জন্য মালিকদের প্রতি কমিশনরগণের আদেশ করিতে পারিবার কথা।

"২১০ ক ধারা। কোন বিল্‌ডিঙ কায়দা করিয়া না রাখিবার দরুন ও তাহাতে কেহ বাস না করিবার দরুন কিম্বা তাহা ভগ্নাবস্থাপন্ন হইয়াছে বলিয়া তাহাতে অনিষ্টজনক কার্য্য করিবার কিম্বা সর্প কি অপর হিংস্র জন্তুকে আশ্রয় দিবার পক্ষে সুবিধাজনক হইয়াছে, কমিশনরগণ এরূপ বিবেচনা করিলে তাঁহারা ঐ বিল্‌ডিঙের মালিক কিম্বা ঐ বিল্‌ডিঙ যে ভূমি সংযুক্ত সেই ভূমির মালিকের প্রতি উহা উপযুক্তরূপে কায়দা করিবার জন্য কিম্বা অবস্থা বিবেচনায় যেরূপ আবশ্যক বোধ হয় ঐ ভগ্নাবস্থাপন্ন বিল্‌ডিঙ সরাইয়া ফেলিবার বা সমভূমি করিয়া দিবার জন্য আদেশ করিতে পারিবেন।"

২১২ ধারা সংশোধিত করিবার কথা।

৬১ ধারা। ২১২ ধারার "২১০" এই অঙ্কগুলির পূর্ব্বে "১৭৫ ও" এই অঙ্কগুলি ও শব্দটি বসাইতে হইবে।

২১৭ ধারা সংশোধিত করিবার কথা।

৬২ ধারা। ২১৭ ধারার (৪) দফায় "১৯৯" এই অঙ্কগুলির পর "কিম্বা ১৯৯ক" এই শব্দ ও অঙ্কগুলি ও অক্ষর বসাইতে হইবে।

২১৮ ধারা সংশোধিত করিবার কথা।

৬৩ ধারা। ২১৮ ধারায় "২০৪" এই অঙ্কগুলির পর "২০৬, ২০৭," এই অঙ্কগুলি সন্নিবেশিত হইবে।

২১৯ ধারা সংশোধিত করিবার কথা।

৬৪ ধারা। ২১৯ ধারায় "২১০" এই অঙ্কগুলির পর "২১০ ক" এই অঙ্কগুলি ও অক্ষরটি বসাইতে হইবে।

২২০ ধারায় নিয়মবিধি যোগ করিবার কথা।

৬৫ ধারা। ২২০ ধারায় নিম্নলিখিত নিয়মবিধিটি যোগ করিতে হইবে :—

বাঁচাইবার দফা।

"কিন্তু এই আইনে যে স্থলে অন্য রকমের বিধান হইয়াছে সেই স্থল ছাড়া অপর সকল স্থলে যে মুনিসিপালিটীতে ১৮৭৬ সালের বঙ্গীয় মুনিসিপল আইনের সপ্তম, অষ্টম বা নবম পরিচ্ছেদের মধ্যে কোন একটী পরিচ্ছেদের বিধান প্রচলিত করা হয় এবং যাহাতে এই আইন আরম্ভ হইবার অব্যবহিত পূর্ব্বে সকল বিধান তখনও প্রবল ছিল সেই মুনিসিপালিটীর সম্বন্ধে এই আইনের কতক পরিচ্ছেদের অর্থাৎ ক্রমান্বয়ে ষষ্ঠ, একাদশ বা দশম পরিচ্ছেদের সমস্ত বিধান স্পষ্টাক্ষরে প্রচলিত করা না হইলেও ঐ মুনিসিপালিটীতে প্রচলিত আছে এবং সর্ব্বদাই প্রচলিত ছিল বলিয়া বিবেচনা করা যাইবে।"

২২৩ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৬৬ ধারা। ২২৩ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

জরীপের কথা।

মুনিসিপালিটীর জরীপের কথা।

"২২৩ ক ধারা। কমিশনরগণ সভাধিবিষ্ট হইয়া এইরূপ হুকুম করিতে পারিবেন যে মুনিসিপালিটীর অন্তর্গত ভূমির জরীপ করা যাইবে এবং তাহা হইলে কলিকাতার জরীপ বিষয়ক ১৮৮৭ সালের আইনের সমস্ত বিধান যতদূর সম্ভব ঐ মুনিসিপালিটী সম্বন্ধে খাটিবে ও তথায় প্রচলিত হইবে।"

২৩৬ ধারা সংশোধন করিবার কথা।

৬৭ ধারা। ২৩৬ ধারায় "সভাগত হইয়া" এই শব্দ দুইটির পর "৩৫৪ ধারার নির্দ্দিষ্ট প্রকারে প্রকাশিত হুকুমক্রমে" এই অঙ্ক ও শব্দগুলি বসাইতে হইবে।

২৩৭ হইতে ২৪১ পর্য্যন্ত ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৬৮ ধারা। ২৩৭ হইতে ২৪১ পর্য্যন্ত ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাগুলি বসাইতে হইবে :—

চালা ঘর নয় এমন বাড়ী নির্ম্মাণ করিবার নোটিস দিবার কথা।

"২৩৭ ধারা। (১) কোন ব্যক্তি চালা ঘর নয় এমন কোন বাড়ী নির্ম্মাণ করিতে কি পুনর্ব্বার নির্ম্মাণ করিতে ইচ্ছা করিলে কমিশনরগণকে তাঁহার অভিপ্রায়ের লিখিত নোটিস দিবেন এবং যে বিল্‌ডিঙ্গ নির্ম্মাণ করিতে অভিপ্রায় করিয়াছেন তাহার এবং জলনিকাশ ও পাইখানার বন্দোবস্ত সম্বন্ধে যে উপায় করা তাঁহার অভিপ্রায় তাহার একটি সাধারণ বিবরণ ঐ নোটিসের সঙ্গে দিবেন এবং কমিশনরগণ ঐ নোটিস পাইবার পর ছয় সপ্তাহের মধ্যে হয় উক্ত বিল্‌ডিঙ্গ মঞ্জুর করিতে অস্বীকার করিতে পারিবেন নয় একেবারেই কোন নিয়ম না করিয়া কিম্বা ২৪১ ধারানুসারে কোন বিধি প্রণীত হইয়া থাকিলে কমিশনরগণ সেই বিধি অনুসারে যে লিখিত আদেশ প্রচার করা উপযুক্ত বিবেচনা করেন সেই আদেশাধীনে উক্ত বিল্‌ডিঙ্গ মঞ্জুর করিতে পারিবেন।

কিন্তু কোন বিল্‌ডিঙ্গের মালিককে বিল্‌ডিঙ্গ পুনশ্চ নির্ম্মাণ করিতে নিষেধ করিবার দরুন কিম্বা তাঁহার অধিকৃত কোন ভূমি ষ্ট্রীটে সংযোগ করিবার জন্য কমিশনরগণের আদেশ হইবার দরুন তাঁহার যে হানি হয় [illegible]শনরগণ তন্নিমিত্ত তাঁহাকে সম্পূর্ণ হানিপূরণ দিবেন।

(২) যে ব্যক্তি এই ধারানুসারে কমিশনরগণকে নোটিস দেন যদি তিনি কোন বিধি অনুসারে এরূপ আদিষ্ট হন তাহা হইলে চালা ঘর নয় এমন যে বাড়ী নির্ম্মাণ করিতে বা পুনরায় নির্ম্মাণ করিতে মনস্থ করেন তিনি তাঁহার নোটিসের সহিত সেই বাড়ীর একখানি নক্সা ও বিবরণপত্র পাঠাইবেন ও সেই সঙ্গে বিধিতে যে ভাবের ও যেরূপ বিশেষ বিবরণ সম্বলিত ঐ ভূমির অবস্থান সম্বন্ধীয় নক্সা দিবার আদেশ থাকে তদ্রূপ একখানি নক্সাও দিবেন। যাবৎ ঐরূপ নক্সা ও বিবরণপত্র দেওয়া না হয় তাবৎ এই ধারামত কোন নোটিস সিদ্ধ হইবে না।

নোটিস ইত্যাদি না দিয়া নির্ম্মিত চালা ঘর নয় এমন কোন বাড়ী কমিশনরদের পরিবর্ত্তন করিবার বা ভাঙ্গিয়া ফেলিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

"২৩৮ ধারা। (১) যদি কোন ব্যক্তি নোটিস না দিয়া কিম্বা পূর্ব্বোক্তমত কোন নক্সা ও বিবরণপত্র দাখিল না করিয়া কিম্বা ঠিক পূর্ব্ববর্ত্তী ধারামত কোন সিদ্ধ নোটিস পাইবার পর ছয় সপ্তাহের মধ্যে কমিশনরেরা যে কোন আইন সঙ্গত আজ্ঞা প্রচার করেন সেই আজ্ঞা লঙ্ঘন করিয়া চালা ঘর নয় এমন কোন বাড়ী নির্ম্মাণ করিতে বা পুনরায় নির্ম্মাণ করিতে আরম্ভ করেন তাহা হইলে কমিশনরেরা পনর দিনের মধ্যে যে নোটিস দিতে হইবে তদ্রূপ নোটিস দিয়া যেরূপ আবশ্যক বিবেচনা করেন সেই রূপে ঐ বিল্‌ডিঙ্গ পরিবর্ত্তিত করিবার বা ভাঙ্গিয়া ফেলিবার আদেশ করিতে পারিবেন।

(২) যদি কমিশনরেরা ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুযায়িক কোন সিদ্ধ নোটিস পাইবার পর ছয় সপ্তাহ পর্য্যন্ত তৎসম্বন্ধে কোন আজ্ঞা করিতে ও যে ব্যক্তি ঐ নোটিস দিয়াছেন তাঁহাকে আজ্ঞা দিতে অবহেলা করেন কি কোন আজ্ঞা না করেন ও তাঁহাকে না দেন তাহা হইলে তাঁহারা একেবারে কোন নিয়ম না করিয়া প্রস্তাবিত বাড়ী মঞ্জুর করিয়াছেন বলিয়া বিবেচনা করা যাইবে।

কিন্তু ২৩৭ ধারামতে কমিশনরদের নিকট যে নক্সা ও বিবরণপত্র পাঠান হয় তদনুসারে কোন কার্য্য করা হইলে ও কমিশনরেরা ঐ কার্য্য সম্বন্ধে কোন আপত্তি করিয়া না থাকিলে ২৪১ ধারামত কোন বিধি ও আইন সঙ্গত কোন আজ্ঞা লঙ্ঘন করা হইয়াছে বলিয়া বিবেচনা করা যাইবে না।

মঞ্জুরি কেবল এক বৎসরের জন্য কার্য্যকর হইবার কথা।

"২৩৯ ধারা। চালা ঘর নয় এমন কোন বাড়ী নির্ম্মাণ করিবার বা পুনরায় নির্ম্মাণ করিবার নিমিত্ত কমিশনরেরা যে মঞ্জুরি দেন বা দিয়াছেন বলিয়া বিবেচনা করা যায় তাহা যে তারিখ নোটিস সিদ্ধ ও সম্পূর্ণ হয় সেই তারিখ হইতে এক বৎসরের জন্য কার্য্যকর হইবে, তাহার অধিক কালের জন্য নয়; এবং যে ব্যক্তি ঐ মঞ্জুরি পাইলেন যদি তিনি কি যে ব্যক্তি তাঁহার অধীনে আইন সঙ্গত রূপে দাওয়া করেন সেই ব্যক্তি ঐ বৎসরের মধ্যে ঐরূপে মঞ্জুর করা বাড়ী আরম্ভ না করেন তাহা হইলে আবার নূতন করিয়া মঞ্জুরি না লইয়া ঐ বাড়ী আরম্ভ করা যাইবে না। কিন্তু পূর্ব্বোক্তমত ব্যক্তি পরবর্ত্তী কোন সময়ে ইহার পূর্ব্বে নির্দ্দিষ্ট প্রকারে কমিশনরদিগকে আবার নূতন করিয়া নোটিস দিতে পারিবেন এবং তাহা হইলে ইহার পূর্ব্ববর্ত্তী বিধানগুলি ঐরূপ নোটিস সম্বন্ধে খাটিবে।

"চালা ঘর নয় এমন কোন বাড়ী নির্ম্মাণ করা বা পুনরায় নির্ম্মাণ করা" এই শব্দগুলির অর্থনির্দ্দেশের কথা।

"২৪০ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী দুইটি ধারায় ব্যবহৃত "চালা ঘর নয় এমন কোন বাড়ী নির্ম্মাণ করা বা পুনরায় নির্ম্মাণ করা" এই শব্দগুলিতে নিম্নলিখিত বিষয় সকল ও বুঝাইবে :—

(ক) কোন বিল্‌ডিঙ্গের বিশেষরূপ পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন;

(খ) যাহাতে কোন বাড়ীর নর্দ্দমা বা স্বাস্থ্য সম্বন্ধীয় বন্দোবস্তের পরিবর্ত্তন হয় কিম্বা কোন বাড়ীর স্থায়িত্বের ব্যাঘাত ঘটে উহার ভিতরকার ব্যবস্থার এরূপ পরিবর্ত্তন করণ।

"২৪১ ধারা। (১) চালাঘর নয় এমন বাড়ী মুনিসিপালিটীর মধ্যে নির্ম্মাণ করিবার বা পুনরায় নির্ম্মাণ করিবার বিধান করণার্থ কমিশনরেরা সভাধিবিষ্ট হইয়া সময়ে সময়ে নিম্নলিখিত বিষয় সকল সম্বন্ধে বা তন্মধ্যে কোন বিষয় সম্বন্ধে বিধি প্রণয়ন, রহিত বা পরিবর্ত্তিত করিতে পারিবেন :—

চালা ঘর নয় এমন বাড়ী নির্ম্মাণ করিবার প্রণালী সম্বন্ধে কমিশনরদের বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

(ক) বাহিরের দেয়াল ও ঘরের ভিতরের দেয়াল, ছাদ, মেজে, অগ্নিস্থান ও ধোঁয়া-ঘরের নিমিত্ত যে মালমশলা ও নির্ম্মাণ প্রণালী ব্যবহার হইবে তৎসম্বন্ধে ;

(খ) নর্দ্দমা, পাইখানা ও মলমূত্রকুণ্ডের ব্যবস্থা সম্বন্ধে ও তাহা যে জায়গায় থাকিবে তৎসম্বন্ধে ও তাহাতে বাতাস খেলিবার ব্যবস্থা সম্বন্ধে;

(গ) বাড়ীর সম্মুখে যত খোলা পথ থাকিবে তৎসম্বন্ধে ;

(ঘ) যাহাতে অবাধে বায়ুর চলাচল হইতে পারে ও স্থান পরিষ্কার রাখার সুবিধা হয় ও আগুন লাগিতে না পারে তজ্জন্য বাড়ীর চারিদিকে যত স্থান রাখিতে হইবে তৎসম্বন্ধে ;

(ঙ) সর্ব্বোচ্চ যে তলের উপর লোকে বাস করিবে বা রন্ধন করা যাইবে সেই তলের ছাদ কত উচ্চ ও গড়ানে হইবে তৎসম্বন্ধে ;

(চ) ভিত্তিমূলের মাটাম ও প্রশস্ততা, প্রথম তলের মাটাম ও নির্ম্মাণের দৃঢ়তা সম্বন্ধে ;

(ছ) বাড়ী যত তল হইবে এবং তলগুলি যত উচ্চ হইবে তৎসম্বন্ধে ;

(জ) আগুন লাগিলে বাড়ী হইতে বাহিরে আসিবার যে উপায় বিধান করিতে হইবে তৎসম্বন্ধে;

(ঝ) যদি বাড়ী কোন ষ্ট্রীটের ধারে থাকে তাহা হইলে নিকটবর্ত্তী বাড়ী সকলের সহিত ধরিয়া সম্মুখের লাইন বা রেখা সম্বন্ধে ;

(২) এই আইনের সহিত অসঙ্গত না হয় এই ধারানুযায়িক এমন সকল বিধি স্থানীয় গবর্ণমেণ্টের মঞ্জুরির অধীন হইবে এবং মঞ্জুর করা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রকার আদেশ করেন সেই প্রকারে প্রকাশিত করা যাইবে এবং আইনের ন্যায় প্রবল হইবে।

(৩) যদি কোন বাড়ী নির্ম্মাণ করিতে বা পুনরায় নির্ম্মাণ করিতে কিম্বা নির্ম্মাণ কার্য্য বা পুনর্নির্ম্মাণ কার্য্য চলিতে থাকিবার সময় এই ধারামত কোন বিধি লঙ্ঘন করা হয় তাহা হইলে কমিশনরেরা ঐ বিধি পালন করাইবার জন্য পনর দিনের মধ্যে যে নোটিস দিতে হইবে এমন নোটিস দিয়া ত্রিশ দিনের মধ্যে ঐ বিলডিঙ পরিবর্ত্তিত করিবার কিম্বা আবশ্যক হইলে ভাঙ্গিয়া ফেলিবার আদেশ করিতে পারিবেন।

(৪) স্থানীয় গবর্ণমেণ্ট সভাধিবিষ্ট কমিশনরগণের প্রার্থনামতে যাবৎ কোন মুনিসিপালিটীতে বিশেষ করিয়া এই ধারাটি প্রচলিত না করেন তাবৎ উহা তথায় কার্য্যকর হইবে না।"

৬৯ ধারা। ২৪২ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

২৪২ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

"২৪২ ধারা। যদি কমিশনরদের বিবেচনায় চালাঘর নয় এমন কোন বাড়ী দৃঢ় না হয় কিম্বা উহার নর্দ্দমার বা পাইখানার বন্দোবস্ত খারাপ হয় তাহা হইলে যাবৎ উহার দৃঢ়তা সম্পাদিত না হয় কিম্বা নর্দ্দমা বা পাইখানার বন্দোবস্তর ঐ সকল দোষ তাঁহাদের সন্তোষজনক রূপে সংশোধিত না হয় তাবৎ কমিশনরেরা ঐ বাড়ীর মালিককে উহা দখলের জন্য ভাড়া দিতে নিষেধ করিতে পারিবেন।"

যে বাড়ী দৃঢ় নয় বা যাহার ভাল নর্দ্দমা নাই কমিশনরদের তাহার ভাড়া দেওয়া নিষেধ করিতে পারিবার কথা।

৭০ ধারা। ২৪২ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

২৪২ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

"২৪২ক ধারা। (১) কোন ব্যক্তি —

কমিশনরদের আজ্ঞার উপর আপীলের কথা।

(ক) কমিশনরেরা ২৩৭ ধারানুসারে চালা ঘর নয় এমন কোন বাড়ীর নির্ম্মাণ বা পুনর্নির্ম্মাণ নিষেধ করিলে সেই নিষেধের দ্বারা, কিম্বা

(খ) কমিশনরেরা ২৩৮ ধারানুসারে কি ২৪১ ধারার (৩) প্রকরণানুসারে নোটিস দিয়া কোন বিলডিঙ পরিবর্ত্তন করিতে বা ভাঙ্গিয়া ফেলিতে আদেশ করিলে সেই নোটিসের দ্বারা, কিম্বা

(গ) ২৪২ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কমিশনরদের কৃত কোন আজ্ঞা দ্বারা

ক্ষতিগ্রস্ত হইলে —

সেই নিষেধ, নোটিস বা আজ্ঞার তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে কমিশনরদের নিকট আপীল করিতে পারিবেন এবং ঐরূপ প্রত্যেক আপীল কমিশনরেরা সভাধিবিষ্ট হইয়া তিন জনের অন্যূন যে কমিশনরদিগকে এতদর্থে নিযুক্ত করেন তাঁহারা শুনিবেন ও নিষ্পত্তি করিবেন এবং ঐরূপ আপীল করণ ভিন্ন অন্য কোন রকমে ঐরূপ কোন নিষেধ, নোটিস বা আজ্ঞা সম্বন্ধে আপত্তি করা যাইতে পারিবে না।

হইয়া সময়ে সময়ে আদেশ করেন সেই অংশ দিবার জন্য, আলো দিবার নিমিত্ত যে টাকা ঋণ করা হয় সেই টাকার সুদ দিবার ও তৎসম্বন্ধে যে সকল ঋণ করা হয় সেই সকল ঋণ পরিশোধ করিবার জন্য কিম্বা আলো দিবার সম্বন্ধে অপর কোন প্রয়োজনের জন্য কমিশনরগণ প্রয়োগ করিবেন।"

বেসরকারী পাইখানা ও মলমূত্রকুণ্ড পরিষ্কার করিবার কথা।

৩২০ ধারা সংশোধিত করিবার কথা।

৮৬ ধারা। ৩২০ ধারায় "সাধারণের ও" এই শব্দ দুইটি কাটিয়া দিতে হইবে এবং 'পাইখানা' শব্দের পরিবর্ত্তে "পাইখানা ও মলমূত্রকুণ্ড" এই শব্দগুলি বসাইতে হইবে।

৩২১ ধারা সংশোধিত করিবার কথা।

৮৭ ধারা। ৩২১ ধারায় প্রথম পারাগ্রাফে "যোতের" শব্দের পরিবর্ত্তে "যে সকল যোতে বসতবাটী আছে সেই সকল যোতের" এই শব্দগুলি বসাইতে হইবে।

৩২২ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৮৮ ধারা। ৩২২ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

ফী আদায় করিবার কথা।

"৩২২ ধারা। (১) যোতের উপস্থিত সময়ের দখীলকার কিম্বা দখীলকার না থাকিলে মালিক ত্রৈমাসিক কিস্তিতে উক্ত ফী দিবেন কিম্বা ঠিক পরবর্ত্তী ধারার বিধান অনুসারে উক্ত ফী দেওয়া যাইবে এবং এই আইনে যোতের মূল্যের উপর রেট আদায় করিবার জন্য যে প্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে উক্ত ফী সেই প্রণালী মতে আদায় করা যাইতে পারিবে এবং ১১০ ধারার বিধান খাটান যাইতে পারিবে।

(২) উক্ত ফীর প্রত্যেক কিস্তি যে তিন মাসের জন্য দেয় হয় সেই তিন মাসের প্রথম দিবসে দেনা হইয়াছে বলিয়া বিবেচনা করা যাইবে।

(৩) উক্ত ফী হইতে যে আয় হয় তাহা উক্ত শেরেস্তা রক্ষাকরণে এবং সাধারণতঃ এই পরিচ্ছেদের বিধান কার্য্যে পরিণত করণে প্রয়োগ করা যাইবে।

(৪) উক্ত ফীর ও উক্ত ফী দিবার দায়ী ব্যক্তিদের একটি তালিকা ৩৫৪ ধারার নির্দ্দেশমত প্রতি বৎসর একবার প্রকাশিত করা হইবে। কিন্তু যে দোকান ঘর বা কর্ম্ম স্থানের মধ্যে পাইখানা বা মলমূত্রকুণ্ড নাই একই মুনিসিপালিটীর মধ্যে সেই দোকান ঘর বা কর্ম্মস্থানের দখীলকারের নিকট তাঁহার বসত বাটী সম্বন্ধে এই পরিচ্ছেদ অনুযায়িক ফী আদায় করা হইলে সেই দোকান ঘর বা কর্ম্মস্থান সম্বন্ধে ঐরূপ কোন ফী আদায় করা যাইবে না।"

৩২৭ ও ৩২৮ ধারা রহিত করিবার কথা।

৮৯ ধারা। ৩২৭ ও ৩২৮ ধারা এতদ্দ্বারা রহিত করা গেল।

৩৩৭ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৯০ ধারা। ৩৩৪ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

জেল প্রভৃতি বাদ দিবার কথা।

"৩৩৪ ক ধারা। যে কোন জেল, চরিত্র সংশোধনালয় বা ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীতে তথাকার পাইখানা ও মলমূত্রকুণ্ড পরিষ্কার করিবার জন্য শেরেস্তা রক্ষিত হয় সেই জেল, চরিত্র সংশোধনালয় বা ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটী সম্বন্ধে এই পরিচ্ছেদের বিধান খাটিবে না।"

৩৩৯ ধারা সংশোধিত করিবার কথা।

৯১ ধারা। ৩৩৯ ধারায় "কমিশনরেরা" শব্দের পর "মুনিসিপালিটীতে এই পরিচ্ছেদ প্রচলিত হইবার সময়ে যে সকল বাজার আইনসঙ্গতরূপে স্থাপিত হয় তৎসম্বন্ধে বৎসর ২ ঐ লাইসেন্স দিবেন এবং অপর সকল স্থলে" এই শব্দগুলি বসাইতে হইবে।

৩৪৯ ধারার পর কয়েকটি নূতন ধারা বসাইবার কথা।

৯২ ধারা। ৩৪৯ ধারার পর নিম্নলিখিত ধারাগুলি বসাইতে হইবে :—

"একাদশ ক পরিচ্ছেদ।—অগ্নি নির্ব্বাপন ও নিবারণ বিষয়ক বিধি।

অগ্নি নির্ব্বাপক দল স্থাপন ও রক্ষা করিবার কথা।

"৩৪৯ ক ধারা।—অগ্নি নিবারণ ও নির্ব্বাপনের নিমিত্ত কমিশনরেরা সভাধিবিষ্ট হইয়া একটি অগ্নি নির্ব্বাপক দল স্থাপন ও রক্ষা করিবার নিমিত্ত এবং ঐ অগ্নিনির্ব্বাপক দল কর্ত্তৃক সুচারুরূপে আপন কর্ত্তব্য কর্ম্ম সম্পাদিত হইবার জন্য কমিশনরেরা যে কোন হাতিয়ার বা কলের বা সংবাদ দিবার উপায়ের বিধান করা আবশ্যক বিবেচনা করেন তাহার বিধান করিবার নিমিত্ত নির্দ্ধারণ করিতে পারিবেন।

অগ্নি নির্ব্বাপন করিবার নিমিত্ত অগ্নি নির্ব্বাপক দল ও অপর ব্যক্তিদের ক্ষমতার কথা।

"৩৪৯ খ ধারা। (১) কোন মুনিসিপালিটীর মধ্যে আগুন লাগিলে, কোন মাজিষ্ট্রেট, মুনিসিপল কমিশনর, কমিশনরদের সেক্রেটরী, কমিশনরদের রক্ষিত অগ্নি নির্ব্বাপক দলের যে কোন ব্যক্তি সেই স্থানে ও সেই সময়ে অগ্নি নির্ব্বাপকদলভুক্ত ব্যক্তিদের কার্য্যের অধ্যক্ষতা করেন তিনি, এবং (কোন মাজিষ্ট্রেট বা কোন মুনিসিপল কমিশনর আদেশ করিলে) কনষ্টাবলের উচ্চ পদস্থ কোন পোলীসের কর্ম্মচারী—

(ক) সেইস্থানে কোন ব্যক্তির উপস্থিত থাকা প্রযুক্ত অগ্নি নির্ব্বাপন কার্য্যের কিম্বা জীবন বা সম্পত্তি রক্ষাকরণ কার্য্যের ব্যাঘাত বা বাধা হইলে, সেই ব্যক্তিকে স্থানান্তর করিয়া দিতে বা তাহাকে স্থানান্তর করাইয়া দিবার আদেশ করিতে পারিবেন;

(খ) যে ষ্ট্রীট বা পথে বা যে ষ্ট্রীট বা পথের নিকটে আগুন জ্বলিতেছে সেই ষ্ট্রীট বা পথ বন্ধ করিতে পারিবেন ;

(গ) আগুন নিবাইয়া ফেলিবার জন্য কোন বাটীতে প্রবেশ করিতে বা বাটী দিয়া যাইতে বা গৃহাদি ভাঙ্গিয়া ফেলিতে কিম্বা নল বা অন্য সরঞ্জাম লইয়া যাইবার জন্য গৃহাদি ব্যবহার করিতে পারিবেন ;

(ঘ) আগুন যে স্থানে লাগে সেই স্থানে জল অধিক বেগে নির্গত হইতে পারে এই নিমিত্ত নগরের অন্য কোন অংশের বড় ও ছোট নল বন্ধ করাইয়া দিতে পারিবেন ;

(ঙ) দমকল যে ব্যক্তিদের জিম্মায় থাকে তাঁহাদের প্রতি সাধ্যমত সাহায্য করিবার আদেশ করিতে পারিবেন ;

(চ) সাধারণতঃ জীবন ও সম্পত্তি রক্ষা করিবার জন্য যে উপায় অবলম্বন করা আবশ্যক বোধ হয় তাহা অবলম্বন করিতে পারিবেন।

(২) কোন ব্যক্তি এই ধারার (১) প্রকরণমতে সরল মনে যে কোন কার্য্য করেন তজ্জন্য ক্ষতিপূরণ দিতে দায়ী হইবেন না।"

৩৫০ ধারা সংশোধিত করিবার কথা।

৯৩ ধারা। ৩৫০ ধারায় "এই আইনের উদ্দেশ্য সফল করিবার নিমিত্ত" এই শব্দগুলির পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসাইতে হইবে :—

"(ক) ট্রাফিকের ব্যবস্থা করণার্থ এবং রাস্তার উপর বা নিকট কোন বাধা ঘটান হইলে বা জমী চাপিয়া লওয়া হইলে ও কোন অনিষ্টকর কার্য্য করা হইলে তাহার নিবারণ করণার্থ ;

(খ) সর্ব্বসাধারণের জল সরবরাহ, স্নান করিবার ও গা ধুইবার স্থান, জলস্রোত, জল প্রণালী, পুষ্করিণী ও কূপের ব্যবহার সম্বন্ধে বিধান করণার্থ এবং তৎসম্বন্ধে অনিষ্টকর কার্য্য নিবারণ করণার্থ ;

(গ) মল, দুর্গন্ধজনক দ্রব্য, জন্তুর মৃতদেহ ও জঞ্জালের বিলি ব্যবস্থা করণার্থ এবং পাইখানা, নর্দ্দমা, মলমূত্রকুণ্ড ও মল নালার কার্য্য নির্ব্বাহার্থ ;

(ঘ) শব দাহ করিবার ও কবর দিবার ও মৃত দেহের বিলি ব্যবস্থা করণার্থ ;

(ঙ) সর্ব্ব সাধারণের স্বাস্থ্য, নিরাপত্তা ও সুবিধা সম্বন্ধে অনিষ্ট জনক বিষয় নিবারণার্থ, এবং

(চ) এই আইনের উদ্দেশ্য কার্য্যে পরিণত করণার্থ।"

৩৫০ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৯৪ ধারা। ৩৫০ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

পার্ব্বত্য মুনিসিপালিটীতে বিধি করিবার অতিরিক্ত ক্ষমতার কথা।

"৩৫০ ক ধারা। যে মুনিসিপালিটী সম্পূর্ণরূপে বা অংশতঃ কোন পার্ব্বত্য-স্থানে অবস্থিত সেই মুনিসিপালিটীর কমিশনরেরা সভাধিবিষ্ট হইয়া ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে যে সকল উপবিধি প্রণয়ন করেন তদতিরিক্ত নিম্নলিখিত সকল বা কোন কার্য্যের নিমিত্ত, অর্থাৎ—

(ক) জল সরবরাহ বজায় রাখিবার নিমিত্ত ;

(খ) মাটি রক্ষা করিবার নিমিত্ত ;

(গ) মাটি বসিয়া পড়া নিবারণার্থ ;

(ঘ) নিম্নভূমি বা স্রোত হইয়া পড়া নিবারণার্থ ;

(ঙ) ভূমি ক্ষয় হইতে রক্ষা করিবার নিমিত্ত কিম্বা ভূমির উপর যাহাতে বালি, কাঁকর বা প্রস্তর জমা হইতে না পারে তন্নিমিত্ত—

যে স্থলে বৃক্ষ বা গুল্মাদি কাটা বা নষ্ট করা কিম্বা খাদ করা কিম্বা মাটি লইয়া যাওয়া কিম্বা প্রস্তর খনন করার বিধান বা নিষেধ করা কমিশনরদের আবশ্যক বিবেচনা হয় সেই স্থলে ঐ ঐ কার্য্যের বিধান বা নিষেধ করিবার নিমিত্ত—উপবিধি প্রণয়ন, রহিত বা পরিবর্ত্তিত করিতে পারিবেন।"

৩৫১ ধারা সংশোধিত করিবার কথা।

৯৫ ধারা। ৩৫১ ধারার শেষ পারাগ্রাফটি কাটিয়া দিতে হইবে এবং ঐ ধারার শেষে নিম্নলিখিত পারাগ্রাফটি যোগ করিতে হইবে :—

স্থানীয় গবর্ণমেন্ট কোন উপবিধি দৃঢ় করিয়া থাকিলে সেই দৃঢ়করণ রহিত করিতে পারিবেন, সেই কথা।

"স্থানীয় গবর্ণমেন্ট ঐরূপ কোন উপবিধি দৃঢ় করিয়া থাকিলে সেই দৃঢ়ীকরণ রহিত করিতে পারিবেন ও তাহা হইলে সেই উপবিধি আর কার্য্যকর থাকিবে না।"

৩৫১ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৯৬ ধারা। ৩৫১ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

কাজকর্ম্মাদি সম্বন্ধে বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

"৩৫১ ক ধারা। (১) কমিশনরগণ সভাধিবিষ্ট হইয়া সময়ে সময়ে—

(ক) তাঁহাদের সভাধিবেশনের সময় ও স্থান সম্বন্ধে, সভায় যে কার্য্য করিতে হইবে তৎসম্বন্ধে, এবং যে প্রকারে সভা হইবার নোটিস দিতে হইবে তৎসম্বন্ধে;

(খ) সভায় কার্য্য চালাইবার সম্বন্ধে, কাহারো ভিন্ন মত হইলে তাহা ও বাদানুবাদ যথা-

(২) আপীল শুনিবার কর্ত্তৃপক্ষ যথেষ্ট কারণ থাকিলে এই ধারার (১) প্রকরণক্রমে প্রদত্ত আপীল শুনিবার কাল বাড়াইয়া দিতে পারিবেন।

(৩) যে নিষেধ, নোটিস বা আজ্ঞার বিরুদ্ধে আপীল হয় আপীল শুনিবার কর্ত্তৃপক্ষ তাহা দৃঢ় করিয়া, অন্যথা করিয়া বা পরিবর্ত্তিত করিয়া যে আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে।

কিন্তু যাবৎ আপেলাণ্ট ও কমিশনরেরা আপন আপন বক্তব্য জানাইবার যুক্তিযুক্ত সুযোগ প্রাপ্ত না হন তাবৎ ঐ নিষেধ, নোটিস বা আজ্ঞা পরিবর্ত্তিত বা অন্যথা করা যাইবে না।"

৭১ ধারা। ২৪৩ ধারায় "নোটিস" শব্দের পূর্ব্বে "এক মাস থাকিতে" এই শব্দগুলি বসাইতে হইবে।

২৪৩ ধারা সংশোধিত করিবার কথা।

৭২ ধারা। ২৫৬ ধারার পর নিম্নলিখিত ধারাগুলি বসাইতে হইবে:—

২৫৬ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

"২৫৬ ক ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে যখন কোন কবরস্থান বন্ধ করিবার অভিপ্রায়ের নোটিস দেওয়া যায় তখন ঐরূপ কবরস্থানের মধ্যে যে সকল বেসরকারী কবরের জায়গা থাকে তাহা সভাধিবিষ্ট কমিশনরেরা এতদর্থে যে সকল নিয়ম স্থাপন করেন তদধীনে ঐ নোটিস হইতে বাদ দিতে পারা যাইবে।

বেসরকারী কবরের জায়গা বাদ দিতে পারিবার কথা।

কিন্তু এমত স্থলে দেখিতে হইবে যে ঐ সকল কবরের জায়গার সীমা নির্দ্দিষ্ট থাকে এবং কেবল উহার অধিকারিদের পরিবারভুক্ত ব্যক্তিদের কবর দিবার নিমিত্তই উহা ব্যবহৃত হয়।

"২৫৬ খ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী দুইটি ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কৃত কমিশনরদের কোন আজ্ঞা দ্বারা ক্ষতিগ্রস্ত কোন ব্যক্তি মাজিস্ট্রেটের নিকট আপীল করিতে পারিবেন। ঐ মাজিস্ট্রেটের নিষ্পত্তিই চূড়ান্ত হইবে।"

২৫৬ ও ২৫৬ ক ধারানুযায়িক আজ্ঞার বিরুদ্ধে আপীলের কথা।

৭৩ ধারা। ২৬০ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে:—

২৬০ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

"২৬০ ক ধারা। (১) মৃত দেহ দাহ করিবার জন্য জ্বালানী কাষ্ঠ ও অপর যে সকল দ্রব্য ব্যবহৃত হয় শবদাহ স্থানে তাহা বিক্রয় করণার্থ যে ব্যক্তিরা লাইসেন্স প্রার্থনা করেন কমিশনরেরা সময়ে সময়ে তাঁহাদিগকে সেই লাইসেন্স দিতে পারিবেন এবং ঐরূপ কোন লাইসেন্স দেওয়া হইলে সভাধিবিষ্ট হইয়া ঐ সকল দ্রব্য বিক্রয়ার্থ একটি হারের তালিকা নির্দ্দেশ করিয়া দিবেন এবং ঐরূপ লাইসেন্সপ্রাপ্ত না হইয়া কোন ব্যক্তি ঐরূপ কোন শবদাহ স্থানের তিন শত গজের মধ্যে ঐরূপ কোন জ্বালানী কাষ্ঠ বা অপর দ্রব্য বিক্রয় করিলে বা বিক্রয় করিতে চাহিলে তাহার অনধিক পঞ্চাশ টাকা জরিমানা হইতে পারিবে।

শবদাহের স্থানে জ্বালানী কাষ্ঠাদির দোকানের লাইসেন্স দিবার ক্ষমতার কথা।

(২) কমিশনরেরা উপযুক্ত বিবেচনা করিলে উত্তম ও যথেষ্ট কারণ থাকিলে ঐরূপ কোন লাইসেন্স প্রত্যাহার করিতে বা উঠাইয়া লইতে পারিবেন এবং ঐরূপ কোন লাইসেন্সপ্রাপ্ত কোন ব্যক্তি ঐরূপ কোন দ্রব্য বিক্রয় জন্য ঐ তালিকায় ঐ দ্রব্যের যে হার ধার্য্য হইয়াছে তদপেক্ষা বেশী হার চার্জ করিলে, কমিশনরদের বিবেচনানুসারে তাহার লাইসেন্স রহিত হইতে পারিবে এবং দশ টাকার অনধিক জরিমানাও হইতে পারিবে।"

৭৪ ধারা। (১) ২৬১ ধারায় "মাংস বিক্রয়ের দোকান স্বরূপ" এই শব্দগুলির পর "ন্যাকড়া বা হাড় বা উভয়ই সঞ্চয় করিয়া রাখিবার স্থান স্বরূপ" এই শব্দগুলি বসাইতে হইবে।

২৬১ ধারা সংশোধিত করিবার কথা।

(২) ঐ ধারার শেষ পারাগ্রাফের পরিবর্ত্তে নিম্নলিখিত পারাগ্রাফটি বসাইতে হইবে:—

"ডিবিসনের কমিশনর ফীর যে ইস্কেলের অনুমোদন করিবেন কমিশনরেরা সভাধিবিষ্ট হইয়া সেই ইস্কেল অনুসারে ঐরূপ কোন লাইসেন্স দিবার ও নূতন করিয়া দিবার সম্বন্ধে একটী ফী আদায় করিতে পারিবেন এবং ঐরূপ কোন লাইসেন্স দিবার সম্বন্ধে যেরূপ নিয়ম আবশ্যক বিবেচনা করেন সেইরূপ নিয়ম স্থাপন করিতে পারিবেন।"

৭৫ ধারা। ২৬২ ধারায় নিম্নলিখিত নিয়ম বিধিটি যোগ করিতে হইবে:—

২৬২ ধারায় নিয়মবিধি যোগ করিবার কথা।

"কিন্তু ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে যে ফী আদায় করা হয় কমিশনরেরা এই স্থলে সেই ফীর এমন অংশ ফেরত দিবেন যাহা যে বৎসরের জন্য লাইসেন্স দেওয়া হইয়াছিল সেই বৎসরের অবশিষ্টাংশের অনুপাতে সমান হয়।"

৭৬ ধারা। ২৬২ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে:—

২৬২ ধারার পর নূতন ধারা যোগ করিবার কথা।

"২৬২ ক ধারা। কমিশনরগণ সভাধিবিষ্ট হইয়া যে স্থানীয় সীমা ধার্য্য করেন সেই সীমার মধ্যে বেসরকারী লোকের প্রয়োজনার্থ ইট, হাঁড়ি, টালি বা চূণ প্রস্তুত করিবার জন্য কোন স্থান ব্যবহৃত হইবে না।"

কমিশনরগণের বেসরকারী পাঁজা নিষেধ করিতে পারিবার কথা।

৭৭ ধারা। ২৬৩ ধারায় "দশটির অধিক" এই শব্দগুলি উঠাইয়া দিতে হইবে।

২৬৩ ধারা সংশোধিত করিবার কথা।

২৭০ ধারা সংশোধিত করিবার কথা।

৭৮ ধারা। ২৭০ ধারায় (চ) দফার পর নিম্নলিখিত দফাটি যোগ করিতে হইবে :—

"কিম্বা—

ঘাস প্রভৃতি দিয়া ছাদ বা দেয়াল করিবার কথা।

(ছ) ২৬৩ ধারার বিধান উল্লঙ্ঘন করিয়া ঘাস, পাতা, মাদুর বা অপর কোন আশু জ্বলনশীল দ্রব্য দিয়া কোন ছাদ বা দেয়াল প্রস্তুত বা মেরামত করিলে।"

২৭১ ধারা সংশোধিত করিবার কথা।

৭৯ ধারা। ২৭১ ধারায় "২২৫" এই অঙ্কগুলির পূর্ব্বে "২২৪" এই অঙ্কগুলি বসাইতে হইবে, '২২৫" এই অঙ্কগুলির পর "২২৭" এই অঙ্কগুলি বসাইতে হইবে এবং "বা ২৩১" এই শব্দও অঙ্কগুলির পরিবর্ত্তে "২৩১ বা ২৩৮" এই অঙ্কগুলি বা শব্দটি বসাইতে হইবে।

২৭৩ ধারা সংশোধিত করিবার কথা।

৮০ ধারা। ২৭৩ ধারার (১) দফায় "বা ২৪১" এই শব্দ ও অঙ্কগুলির পূর্ব্বে "২৩৮" এই অঙ্কগুলি বসাইতে হইবে এবং (২) দফায় নিম্নলিখিত শব্দগুলি যোগ করিতে হইবে :—

"২৬২ ক ধারার বিধান উল্লঙ্ঘন করিয়া কোন স্থান পাঁজা স্বরূপ ব্যবহার করিলে, কিম্বা"

২৭৯ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৮১ ধারা। ২৭৯ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

জলের রেট বসাইবার কথা।

"২৭৯ ধারা। (১) কোন মুনিসিপালিটীতে এই পরিচ্ছেদের বিধান ২২২ ধারার নির্দ্দিষ্ট প্রকারে প্রচলিত করা গেলে, কমিশনরেরা সভাধিবিষ্ট হইয়া যে রাস্তায় জল সরবরাহ করা হয় বাড়ী ও ভূমি সেই রাস্তার ধারে হইলে যোতের বার্ষিক মূল্যের উপর শতকরা ৭।।০ টাকার অনধিক হারে এবং যে রাস্তায় জল সরবরাহ করা হয় না বাড়ী ও ভূমি সেই রাস্তার ধারে হইলে শতকরা ৬৲ টাকার অনধিক হারে জলের রেট বসাইতে পারিবেন।

(২) রেটের টাকা ধার্য্য করিবার সময় এই নিয়মের প্রতি লক্ষ্য রাখিতে হইবে যে, বিশেষ চুক্তিক্রমে কি অন্য কোন রকমে জলের কল হইতে সরবরাহ করা জলের নিমিত্ত প্রাপ্ত টাকা হইতে যে আনুমানিক আয় হয় সেই আয় সমেত ট্যাক্স হইতে লব্ধ মোট নিট টাকা এই পরিচ্ছেদের অভিপ্রায়ানুসারে কার্য্য করণার্থ যত টাকা আবশ্যক তাহার যেন অধিক না হয়।

(৩) যোতের দখীলকারেরা অগ্রিম ত্রৈমাসিক কিস্তিতে ঐ জলের রেট দিবেন।

কিন্তু

(ক) স্থানীয় গবর্ণমেণ্ট প্রত্যেক মুনিসিপালিটীর নিমিত্ত সর্ব্বাপেক্ষা নিকটস্থ দাঁড়া কল হইতে বা সর্ব্ব সাধারণের ব্যবহারার্থ অপর যে জল সরবরাহের স্থান থাকে তাহা হইতে যে দূরত্ব ধার্য্য করেন যে কোন বাড়ী বা ভূমির কোন অংশ সেই দূরত্বের মধ্যে না থাকে সেই বাড়ী বা ভূমির উপর, কিম্বা

(খ) কেবলমাত্র কৃষিকার্য্যার্থ ব্যবহৃত ভূমির উপর—

ঐ জলের রেট আদায় করা হইবে না।

এবং স্থানীয় গবর্ণমেণ্ট যে দূরত্ব ধার্য্য করেন সেই দূরত্বের বাহিরে বাস করিতেছেন এমন কোন ব্যক্তির সহিত কমিশনরদের এই আইনের সহিত সঙ্গতি রক্ষা করিয়া বিশেষ বন্দোবস্ত করিবার পক্ষে এই ধারায় যাহা কিছু আছে তদ্দ্বারা কোন বাধা হইবে না।"

২৯০ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৮২ ধারা। ২৯০ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

জল আনিবার নলের কথা।

"২৯০ ধারা। কমিশনরেরা কার্য্যটি সুসাধ্য ও উপযুক্তরূপ জল সরবরাহ রক্ষা কার্য্যের সহিত সঙ্গত বিবেচনা করিলে, সভাধিবিষ্ট হইয়া এবং স্থানীয় গবর্ণমেণ্ট যে সকল বিধি প্রণয়ন ও নিয়ম স্থাপন করেন তদধীনে ইহার পূর্ব্ব লিখিত জলের রেটদায়ী মালিক ও দখীলকারদিগকে আপন আপন বাটীতে গৃহ কার্য্যার্থ জল লইয়া যাইবার নিমিত্ত কমিশনরদের জল সরবরাহ করিবার নল হইতে জল আনিবার নল বসাইবার অনুমতি দিতে পারিবেন।"

২৯৪ ধারা হইতে কথা উঠাইয়া দিবার কথা।

৮৩ ধারা। ২৯৪ ধারায় "জল পরিমাপক যন্ত্র দ্বারা" এই শব্দদুইটি কাটিয়া দিতে হইবে।

৩০৭ ধারা সংশোধিত করিবার কথা।

৮৪ ধারা। ৩০৭ ধারায় "খরচ শোধ করিবেন" এই শব্দগুলির পর "আদায় করিবার ও সাধারণ তত্ত্বাবধানের খরচের অনুপাতানুযায়িক যে অংশ কমিশনরেরা সভাধিবিষ্ট হইয়া সময়ে সময়ে আদেশ করেন সেই অংশ দিবেন" এই শব্দগুলি বসাইতে হইবে।

৩১৮ ধারার পর নূতন ধারা বসাইবার কথা।

৮৫ ধারা। ৩১৮ ধারার পর নিম্নলিখিত ধারাটি বসাইতে হইবে :—

আলো দিবার জন্য প্রাপ্ত রেট ও টাকার প্রয়োগের কথা।

"৩১৮ ক ধারা। আলো দিবার রেট ও আলো দিবার বা ওয়ার্ক সম্পাদিত করিবার জন্য বা তৎসম্বন্ধে যে সমস্ত টাকা তহশীল হয়, পাওয়া যায় বা আদায় করা হয় এবং তৎসংক্রান্ত কিম্বা কোন রকমে আলো সম্বন্ধীয় সমস্ত জরিমানার টাকা আলো দিবার কার্য্যপ্রণালী সম্পাদন, বিস্তার বা রক্ষাকরণের খরচ দিবার জন্য, আদায় করিবার ও সাধারণ তত্ত্বাবধানের খরচের অনুপাতানুযায়িক যে অংশ কমিশনরগণ সভাধিবিষ্ট

রীতি লিপিবদ্ধ করিবার সম্বন্ধে, এবং সভা মুলতবী রাখিবার সম্বন্ধে;

(গ) সাধারণ মোহর যাহার জিম্মায় থাকিবে তৎসম্বন্ধে;

(ঘ) কমিশনরদের মধ্যে কার্য্য বিভাগ করিয়া দিবার সম্বন্ধে, এবং যে সবকমিটী বা মেম্বরদের প্রতি বিশেষ বিশেষ কার্য্যের ভার অর্পণ করিয়া দেওয়া হয় তাহারা যে সকল ক্ষমতা পরিচালন করিবে তৎসম্বন্ধে;

(ঙ) যে ব্যক্তিরা এই আইন অনুসারে প্রাপ্ত টাকার নিমিত্ত রসীদ দিবেন তাঁহাদের সম্বন্ধে

(চ) বোর্ডের কর্ম্মচারী ও চাকরদের কর্ত্তব্য কর্ম্ম, নিয়োগ, ছুটী, কর্ম্ম হইতে স্থগিতকরণ ও অপসারণ সম্বন্ধে; এবং

(ছ) তদ্রূপ অন্যান্য বিষয় সম্বন্ধে—

বিধি প্রণয়ন, রহিত বা পরিবর্ত্তিত করিতে পারিবেন।

(২) এই আইনের সহিত সঙ্গতি রক্ষা করিয়া এই ধারানুসারে যে সকল বিধি প্রণীত হয় তাহা স্থানীয় গবর্ণমেন্টের মঞ্জুরির অধীন হইবে এবং স্থানীয় গবর্ণমেন্ট মঞ্জুর করিলে ঐ গবর্ণমেন্ট যে প্রকার আদেশ করেন সেই প্রকারে প্রকাশিত হইবে এবং আইনের ন্যায় প্রবল হইবে।"

কলিকাতা, }
১৮৯৪ সাল ১৪ই আগষ্ট। }

৩৫৩ ধারা সংশোধিত করিবার কথা।

১৭ ধারা। ৩৫৩ ধারায় যেখানে যেখানে "তিন" শব্দটি আছে তৎপরিবর্ত্তে সেখানে সেখানে "ছয়" শব্দটি বসাইতে হইবে।

৩৬৫ ধারায় যোগ করিবার কথা।

১৮ ধারা। ৩৬৫ ধারায় "এই আইনের" এই শব্দ দুইটির পর "কিম্বা এই আইন অনুসারে প্রণীত কোন উপবিধির" এই শব্দগুলি বসাইতে হইবে এবং ঐ ধারার শেষে নিম্নলিখিত শব্দগুলি যোগ করিতে হইবে:—

"মাসিক ১০ টাকার কম বেতন প্রাপ্ত হন না কমিশনরদের এমন কোন চাকর কমিশনরদের অনুরোধক্রমে জিলার মাজিষ্ট্রেট হইতে সাধারণ বা বিশেষ আজ্ঞাক্রমে তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত হইলে এই ধারানুসারে পোলীসের কর্ম্মচারির ক্ষমতা পরিচালন করিতে পারিবেন।"

পঞ্চম তফসীলে যোগ করিবার কথা।

১৯ ধারা। পঞ্চম তফসীলে—

"চারি চাকার ও এক যোড়ার কি ৪ ফুট ৪ ইঞ্চির কম উচ্চ এক যোড়া টাট্টুর প্রত্যেক গাড়ীর ... ৩,"

এই সকল শব্দ ও অঙ্কের পর নিম্নলিখিত শব্দ ও অঙ্কগুলি সন্নিবেশিত করিতে হইবে:—

"চারি চাকার ও ৪ ফুট ৪ ইঞ্চির কম উচ্চ একটি টাট্টুর প্রত্যেক গাড়ীর .. ২॥০

গর্ডন লীথ,
বঙ্গদেশের গবর্ণমেন্টের
ব্যবস্থা বিভাগের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 13, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ১৩ নবেম্বর ।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড ।

ইশতিহার প্রভৃতি ।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা বাকরগঞ্জ।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বাকরগঞ্জ জিলার অন্তর্গত নিম্ন-লিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৯৪ সনের ২৮শে সেপ্টেম্বর কিস্তির তলবি বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৪ সনের ২১শে ডিসেম্বর মোং ১৩০১ সনের ৭ই পৌষ রোজ শুক্রবার তারিখে বেলা ২ প্রহর সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৪। ৩০ অক্টোবর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৬৩১	রামপ্রসাদ তাং পং বোজরগোমেদ-পুর।	৬৫২৬৸৩ পাই।	......	এজমালী হিং ৸০ আনা অংশ নিলাম হইবেক— ১৬৩১নং ১নং হিং পৃথক ।০ আনা অংশ নিলাম হইবেক না।	রুহিণীকুমার সেন গং।	৪৮৯৫৴২ পাই।	......	৮০॥৴৭ পাই।
১৬৭৫	সৈদদ্দিন খাঁ ও বসারত খা ও বরহান খাঁ ও বাহুল্লা খাঁ তালুক পং বোজর-গোমেদপুর।	১৪৭৬১।৴০ আনা।	......	এজমালি হিং ৸০ আনা অংশ নিলাম হইবেক— ১৬৭৫নং ১নং হিং পৃথক হিসাব ।০ আনা অংশ নিলাম হইবেক না।	অন্নপূর্ণা দাসী গং	১১০৭০৸৶৯ পাই।	......	১১৬১৴৫ পাই।
১৬৭৮	সদমিরণ তালুক পং বোজরগো-মেদপুর।	১১৮৩৸৶৯॥ পাই।	সম্পূর্ণ মহাল	......	ব্রজেন্দ্রকুমার রায় চৌধুরী।	......	৩৫২৲	......
১৯৯৪	[illegible]নাথ সেন তাং পং খাঞ্জাবাহাদুর-নগর।	৫৭০।৶১১॥	সম্পূর্ণ মহাল	......	রাজকুমার সেন গং	......	৮৪৶৩॥	......

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৩১৯৪	রামনগর পরগনা হিং ৫০ আনা।	৩৬৬০৫৵৩ পাই।	......	এজমালী হিং ।৵৭।১৭ যব অংশ নিলাম হইবেক— ৩১৯৪নং ২নং হিং পৃথক ⁄১৮৷৷২ যব অংশ নিলাম হইবেক ৫০০৲ টাকা ন্যূন জমা বিধায় এস্থানে দেখান গেল না। ৩১৯৪নং ১নং হিং পৃথক ⁄১৮৷৷২ যব ও ৩১৯৪নং ৩নং হিং পৃথক ।⁄১৫৷৷৬ যব অংশ নিলাম হইবেক না।	কালীকৃষ্ণ পাল চৌধুরি।	১৪৫৭৷৷⁄।। পাই।	......	২৬৮৮⁄৭ পাই।
৩৮৪৬	শিলিমাবাদ পরগনা হিং ১২। গণ্ডা।	৩৬৮২৵৫ পাই।	......	এজমালি হিং ৷৷৵১০ আনা অংশ নিলাম হইবেক— ৩৮৪৬নং ১নং হিং পৃথক ⁄১০ আনা ও ৩৮৪৬নং ২নং হিং পৃথক ।০ আনা অংশ নিলাম হইবেক না।	বলরাম দাস ...	২৪১৬।৵২ পাই।	......	৮৫৭৷৷৵১০
৪৫৪৬	পদ্মা ওরফে রমজানপুর চর পং কাশিমপুর সেহলাপট্টী।	৫৩৮৩	সম্পূর্ণ মহালের মালিকীস্বত্ব।	......	অম্বিকাচরণ চক্রবর্ত্তী গং।	... ..	২০২৪	... .
৫২২২	কৃষ্ণপুরা চর ...	৩১২১৲	সম্পূর্ণ মহাল	......	আলফন্নেছা বিবি গং	......	১২১৮⁄২ পাই।	......

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৬৩৩৭	৩৬১৩ নং তালুক ফতেমা খানম ৩৫৭৫নং তালুক আবু রব্বি উল্লা ৪৫৩০নং পং রামনগরের অন্তর্গত ১২২৯নং থাক কোলচরি পাতার চর, ১২২৭নং থাক গঙ্গাধরদি ১২১৯ নং থাক চহিগাও খানমপুর ১২৩২ নং থাক চর খানমপুর ২২৩১নং থাক আবুপুর গঙ্গাপুর গং মৌজা হায়ের গত সরবের অতিরিক্ত ভূমি পং রামনগর।	৭৭২৲	সম্পূর্ণ মহালের মালিকী স্বত্ব।	......	আনন্দচন্দ্র রায় গং	......	২৮৯৲	......
৬৩৫৪	জিলা বাকরগঞ্জের তৌজিভুক্ত ৩০৫৭ নং চৌধুরাইন জিন্নতন্নেছা খাতুন মধ্যগত ১৩৮৪ নং থাক মৌজে কয়ারিয়ার গত সরবের অতিরিক্ত ভূমি পং কাশিমপুর সেহলাপট্টী।	৫৫৭৲	সম্পূর্ণ মহালের মালিকী স্বত্ব।	......	শ্রীমতী জমিরন্নেছা খাতুন গং।	......	১৩১৮/১১	......
৬৩৮২	জিলা বাকরগঞ্জের কলেক্টরীর তৌজীভুক্ত ৫২৩২নং মহাল জজিরাচর গাজিপুরা মধ্যগত ১৮৩৩নং থাক গাজিপুর চরের শেষ বন্দবস্তী নক্শার অতিরিক্ত ভূমি।	৬৮০৲	সম্পূর্ণ মহালের মালিকী স্বত্বের অংশ।	এজমালী হিং ৸০ আনা অংশ নিলাম হইবেক— ৬৩৮২নং ১নং ছিং পৃথক ।০ আনা অংশ নিলাম হইবেক না।	মনিরদ্দি পাটারি গং	৫১০৲	......	১০৭।০

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

H. LeMesurier,
Offg. Collector.

Cinchona Febrifuge.

Cinchona Febrifuge can be purchased by all Government officers and by any one taking *six pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, at the following rates: per four-ounce tin, *Rs.* 2, *ans.* 8; per eight-ounce tin, *Rs.* 5; per pound tin, *Rs.* 10. The general public can be supplied by the Superintendent, Botanic Gardens, *for cash only*, at the undernoted rates: per four-ounce tin, *Rs.* 3; per eight-ounce tin, *Rs.* 6; per pound tin, *Rs.* 12. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Four annas per 4 *oz.* tin, eight annas per 8 *oz.* tin, and twelve annas per pound tin, in addition to the foregoing rates

---

জ্বরঘ্ন সিন্‌কোনা।

কলিকাতাস্থ বোটানিকাল গার্ডনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ এবং অপর কোন ব্যক্তি এককালীন ছয় পৌণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে জ্বরঘ্ন সিন্‌কোনা পাইবেন অর্থাৎ চারি ঔন্স টিন ২॥০ টাকায়, আট ঔন্স টিন ৫৲ টাকায় ও এক পৌণ্ড টিন ১০৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ চারি ঔন্স টিন ৩৲ টাকায়, আট ঔন্স টিন ৬৲ টাকায় এবং এক পৌণ্ড টিন ১২৲ টাকায় পাইতে পারিবেন কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত দর ছাড়া চারি ঔন্স টিনের।০, আট ঔন্স টিনের॥০ ও এক পৌণ্ড টিনের ৷৷০ ডাক মাশুল দিতে হইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিন্‌কোনা আবাদে প্রস্তুত বিশুদ্ধ কুইনাইন।

এই কুইনাইনের নিম্নলিখিত মূল্য হইবে, যথা—

১ এক পৌণ্ড টিন	১৬৲	বা ডাক মাসুল বিনা	১৬৷৷০
॥ আধ ,, ,,	৮৲	বা ডাক মাসুল বিনা	৮॥০
। শিকি ,, ,,	৪৲	বা ডাক মাসুল বিনা	৪॥০

পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে এই কুইনাইন অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করা হইয়াছে। এবং ইহা যে সিন্‌কোনাইন ও সিন্‌কোনীডাইন নামক অপকৃষ্ট ক্ষারের সহিত ইচ্ছাপূর্ব্বক মিশান হয় নাই তাহার গারাণ্টী দেওয়া যাইতেছে। ইহা নগদ মূল্যে কেবল গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণের নিকট বিক্রয় করা যাইবে এবং কলিকাতার নিকটস্থ শিবপুরের কোম্পানির বাগানের সুপারিণ্টেণ্ডেণ্টের নিকট পাওয়া যাইতে পারিবে। ইহা শাদা বা পাটলবর্ণের পাওয়া যাইতে পারিবে।

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

For the Mufassal.	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum
Postage	2	8	0	,,
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	,,
Postage	1	0	0	,,
For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets of under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those of the mufassal, with the exception of the charge for postage.

E. N. BAKER,

Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে		টাকা।
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲
ডাকমাশুল	,,	২॥০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	,,	৪৲
ডাকমাশুল	,,	১৲
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য	,,	।০
ডাকমাশুল		৵০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)		৵০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর এক ২ আনা।
ডাকমাশুল		৵০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাকমাশুল লাগিবে না।

ই, এন, বেকার।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1887, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscriptions to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

12*th December* 1882.

NOTE —*Rates of advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half ,, ,, ...	10

Casual advertisements—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৮৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই২।—

	টাকা।
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
অর্দ্ধ পৃষ্ঠা	১০৲
কখন কখন ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	।০

For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law, and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N B—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজা বিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।/০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্ল্যানেড ওয়েষ্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেশে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

কলিকাতা প্রেসিডেন্সি জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্য শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 77 *a*—13-11-94—1801—180

Numb. 2886 [২৮৮৬]

REGISTERED No. 3.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 20, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ২০ নবেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART I.

Resolutions, Orders, and Notifications of the Government of India.

প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

GOVERNMENT OF INDIA.

FINANCE AND COMMERCE DEPARTMENT.

NOTIFICATION.

STATISTICS AND COMMERCE.
CUSTOMS.

Calcutta, the 9th November 1894.

No. 5577*S.R.*—In the exercise of the powers conferred by section 23 of the Sea Customs Act, VIII of 1878, the Governor-General in Council is pleased to exempt from the whole of the customs duties leviable thereon on importation under the Indian Tariff Act VIII of 1894—

Belting, of whatever material composed, for driving machinery (other than leather belting which is already free).

STEPHEN JACOB,
Offg. Secy. to the Govt. of India.

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

স্থিতি রীতি ও বাণিজ্য।

কষ্টম বিষয়ক।

বিজ্ঞাপন।

কলিকাতা, ১৮৯৪ সাল ৯ নবেম্বর।

৫৫৭৭ এস, আর, নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের ৮ আইনের ২৩ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে কার্য্য করিয়া তিনি, ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৯৪ সালের ৮ আইনমতে আমদানীক্রমে আদেয় কষ্টমের সমুদয় মাসুল হইতে—

চর্ম্ম নির্ম্মিত যে বেল্টিঙ্গের মাসুল নাই তদ্ভিন্ন কল চালাইবার নিমিত্ত যে কোন দ্রব্যে প্রস্তুত বেল্টিঙ্গ মুক্ত করিলেন।

ষ্টীফেন জেকব,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 20, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ২০ নবেম্বর ।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড ।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

JUDICIAL DEPARTMENT.

No. 5379A.

No. 5341*A.—The* 13*th November* 1894.—Babu Nagendra Chandra Mitra, Additional Munsif in the district of Birbhum, now on deputation at Rampur Hát, is appointed to act as Munsif in the same district, to be ordinarily stationed at Bolpur, and is vested temporarily with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 100, within the local limits of the Bolpur Munsifi, during the absence, on leave, of Babu Siti Kantha Mullik, or until further orders.

No. 4257*J.—The* 13*th November* 1894.—Babu Purno Chandra Roy Chowdhry is appointed to be an Honorary Magistrate of the Municipal Bench at Taki in the district of the 24-Parganas, and is vested with the powers of a Magistrate of the third class.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

REGISTRATION DEPARTMENT.

No. 5255*A.—The* 12*th November* 1894.—Babu Chandra Kanta Mazumdar is appointed to act as Rural Sub-Registrar of Sherpur in Bogra, during the absence, on deputation, of Munshi Kurbanalla, or until further orders.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৫৩৭৯ A, নম্বর।

৫৩৪১ এ, নং।—১৮৯৪ সাল ১৩ নবেম্বর।—শ্রীযুত বাবু শিতিকণ্ঠ মল্লিকের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় রাজকার্য্যার্থে এইক্ষণে রামপুরহাটে প্রেরিত বীরভূম জিলার আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু নগেন্দ্র চন্দ্র মিত্র উক্ত জিলায় মুনসেফের পদে নিযুক্ত হইয়া সামান্যতঃ বোলপুরে অবস্থাপিত হইবেন ও বোলপুর মুনসেফীর স্থান সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ১০০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে কিয়ৎকালের জন্যে ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

৪২৫৭ জে, নং।—১৮৯৪ সাল ১৩ নবেম্বর।—শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় চৌধুরী ২৪ পরগনা জিলার অন্তর্গত টাকিস্থ মুনিসিপল বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

রেজিষ্টরীকরণ সম্পর্কীয় কার্য্যবিভাগ।

৫২৫৫ এ, নং।—১৮৯৪ সাল ১২ নবেম্বর।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত মুন্শী কর্ব্বাহল্লার অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু চন্দ্রকান্ত মজুমদার বগুড়ার অন্তর্গত শেরপুরের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

এচ্, জে, এস কটন্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৯৪ সাল ২০ নবেম্বর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৯৪ সালের ১৮ই অক্টোবর তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রি-সভায় উপস্থিত করা হইয়াছিল।

১৮৯৪ সালের ১৫ নম্বর।

১৮৬১ সালের ৫ আইন (পুলিসের বিধান করিবার আইন) সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

যেহেতু ১৮৬১ সালের ৫ আইন (পুলিসের বিধান করিবার আইন) সংশোধন করা বিহিত; অতএব এতদ্দারা নিম্নলিখিত মত বিধান করা গেল:—

১৮৬১ সালের ৫ আইনের অর্থকরণ বিষয়ক ১ ধারায় যোগ করিবার কথা।

১ ধারা। উক্ত আইনের ১ ধারায় "পুলিসের সাধারণ এলাকা" এই শব্দগুলির এবং "সম্পত্তি" এই শব্দটীর অর্থকরণের মধ্যে নিম্নলিখিত শব্দগুলি সন্নিবেশিত হইবে, অর্থাৎ:—

"'ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট" এবং 'পুলিসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট' এই শব্দগুলিতে স্থানীয় গবর্ণমেণ্টের সাধারণ বা বিশেষ হুকুমানুসারে যে কোন আসিষ্টাণ্ট ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্টের বা অপর ব্যক্তির হাতে কোন ডিষ্ট্রিক্টের পুলিসের অধ্যক্ষতার ভার থাকে তাঁহাকেও বুঝাইবে।"

১৮৬১ সালের ৫ আইনের ৭ ধারায় ক্ষুদ্র দণ্ড সম্বন্ধে যোগ করিবার কথা।

২ ধারা। উক্ত আইনের ৭ ধারায় "কিম্বা পুলিসের যে কোন কর্ম্মকারক" এই শব্দগুলি হইতে আরম্ভ করিয়া ধারার শেষ পর্য্যন্ত যে শব্দগুলি আছে তাহার পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসাইতে হইবে, অর্থাৎ:—

'কিম্বা তাঁহাকে নিম্নলিখিত কোন দণ্ড দিতে পারিবেন, অর্থাৎ:—

(ক) এক মাসের বেতনের অধিক না হয় এমন যত টাকা জরিমানা।

(খ) দণ্ডস্বরূপ কাওয়াজ, অতিরিক্ত পাহারা, ক্লান্তিজনক শ্রম বা অপর কর্ত্তব্যকর্ম্ম সহ বা ব্যতিরেকে পনর দিনের অনধিক কালের নিমিত্ত পুলিস বাড়ীর সীমার মধ্যে আবদ্ধ করিয়া রাখা।

(গ) সচ্চরিত্রের বেতন হইতে বঞ্চিত করা।

(ঘ) কোন সম্ভ্রমের বা বিশেষ লাভজনক পদ হইতে অপসৃত করা।

India Bill No. XV of 1894.—A Bill to amend Act V of 1861 (an Act for the Regulation of Police).

সার্টফিকেট ও স্থগিদকরণ সম্বন্ধে ১৮৬১ সালের ৫ আইনের ৮ ধারার সংশোধন করিবার কথা।

৩ ধারা। উক্ত আইনের ৮ ধারার দ্বিতীয় পারাগ্রাফের পরিবর্ত্তে, অর্থাৎ যে পারাগ্রাফের প্রারম্ভে ‘ঐরূপ সার্টফিকেট যাহার নামে লেখা থাকে” এই শব্দগুলি আছে এবং শেষে “তাঁহার হাতে দিতে হইবে” এই শব্দগুলি আছে সেই পারাগ্রাফের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসাইতে হইবে, অর্থাৎ :—

“ঐ সার্টফিকেটের লিখিত ব্যক্তি যখন কোন কারণে আর পুলিস কর্ম্মচারী না থাকিবেন তখন ঐ সার্টফিকেট আর কার্য্যকর থাকিবে না এবং তিনি যখন আর ঐরূপ কর্ম্মচারী না থাকিবেন তখন তিনি অবিলম্বে ঐ সার্টফিকেট তাঁহার উপরিতন কর্ম্মচারীকে কিম্বা অপর যে কর্ম্মচারীকে উহা গ্রহণ করিবার ক্ষমতা দেওয়া যায় তাঁহাকে প্রত্যর্পণ করিবেন।

কর্ম্ম হইতে স্থগিদ হইবার দরুণ কোন পুলিস কর্ম্মচারী যে আর পুলিস কর্ম্মচারী থাকিবেন না তাহা নহে। পুলিস কর্ম্মচারী বলিয়া তাঁহাতে যে সকল ক্ষমতা, কর্ম্ম ও অধিকার থাকে তাহা ঐ রূপ স্থগিদ থাকিবার সময়ের মধ্যে স্থগিদ থাকিবে। কিন্তু স্থগিদ না হইলে তিনি যে সকল দায়িত্ব, শাসন ও দণ্ডের এবং কর্ত্তৃপক্ষের অধীন সেই সকল দায়িত্ব, শাসন ও দণ্ডের এবং কর্ত্তৃপক্ষের অধীন থাকিবেন।”

১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৪ ধারা। উক্ত আইনের ১৫ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী বসাইতে হইবে, অর্থাৎ :—

অশান্তিপূর্ণ বা বিপজ্জনক ডিষ্ট্রিক্টে অতিরিক্ত পুলিস নিযুক্ত করিবার কথা।

“১৫ ধারা। সাধারণ পুলিস ডিষ্ট্রিক্টের যে অংশ অশান্তিপূর্ণ বা বিপজ্জনক অবস্থায় দেখা যাইবে তথায় কিম্বা অধিবাসীদিগের অথবা তাহাদের মধ্যে কাহারও আচরণ দৃষ্টে সাধারণ পুলিস ডিষ্ট্রিক্টের যে অংশে পুলিসের সংখ্যা বৃদ্ধি করা পুলিসের ইন্সপেক্টর জেনরল সাহেব বিহিত বিবেচনা করেন তথায় স্থানীয় গবর্ণমেন্টের মঞ্জুরি লইয়া সাধারণ নির্দ্দিষ্ট পরিমাণের উপর কোন অতিরিক্ত পুলিসের দল নিযুক্ত করা পুলিসের ইন্সপেক্টর জেনরল সাহেবের পক্ষে আইনসঙ্গত কার্য্য হইবে। রাজকীয় গেজেটে ইস্তাহার দিয়া কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট অপর যে প্রকার আদেশ করেন সেই প্রকারে স্থানীয় গবর্ণমেন্টের মঞ্জুরি বিজ্ঞাপিত হইবে।

“জেলার মাজিষ্ট্রেটের আদেশানুসারে এইরূপ অতিরিক্ত পুলিসদলের খরচা -

(ক) বিজ্ঞাপনের বর্ণিত স্থানের অধিবাসীদিগকে কিম্বা বিজ্ঞাপনের বর্ণিত স্থানস্থিত ভূমিতে যে সকল ব্যক্তির স্বার্থ থাকে তাঁহাদিগকে কিম্বা উভয়কে দিতে হইবে। অথবা -

(খ) যে শান্তিভঙ্গের জন্য বা অপর কারণে অতিরিক্ত পুলিসদল নিযুক্ত করিতে হইয়াছে ঐ মাজিষ্ট্রেটের মতে উপরোক্তমত যে সকল অধিবাসী বা ব্যক্তি অথবা অধিবাসী বা ব্যক্তির শ্রেণী বা শ্রেণী সকল সেই শান্তিভঙ্গ বা অপর কারণ ঘটাইয়াছিল বা ঘটিবার যোগাড় করিয়াছিল তাহাদিগকে দিতে হইবে অথবা উভয়কেই দিতে হইবে। এবং মাজিষ্ট্রেটের মতে যে ব্যক্তি বা যে ব্যক্তির শ্রেণী নির্দ্দোষ ঐ খরচের কোন অংশ তাহার বা তাহাদের কর্ত্তৃক দেয় হইবে না।

এবং যে সকল অধিবাসী এবং অপর ব্যক্তি উপরোক্তমত ঐ খরচ দিতে দায়ী আবশ্যক হইলে তদন্ত করিয়া তাহার পর ঐ মাজিষ্ট্রেট তাহাদের প্রত্যেকের সঙ্গতি সম্বন্ধে তাঁহার যে বিবেচনা তদনুসারে তাহাদের মধ্যে ঐ খরচা বণ্টন করিয়া দিবেন।”

১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার পর নূতন ধারা যোগ করিবার কথা।

৫ ধারা। উক্ত আইনের ১৫ ধারার পর নিম্নলিখিত ধারাগুলি সন্নিবেশিত হইবে, অর্থাৎ :—

অধিবাসীদিগের কিম্বা ভূমিতে স্বার্থবিশিষ্ট ব্যক্তিদিগের দুষ্কর্ম্মের জন্য যাহারা ক্ষতিগ্রস্ত হয় তাহাদিগকে ক্ষতিপূরণ দিবার কথা।

১৫ ক ধারা। উপরোক্তমত সাধারণ পুলিস ডিষ্ট্রিক্টের যে অংশে ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার বিধানানুসারে অতিরিক্ত পুলিসদল নিযুক্ত করা হইতে পারিত যদি সেই অংশের অধিবাসীদিগের কিম্বা ভূমিতে স্বার্থবিশিষ্ট ব্যক্তিদিগের কিম্বা উভয়ের দুষ্কর্ম্মের জন্য মৃত্যু, গুরুতর আঘাত বা সম্পত্তির ক্ষতি ঘটিয়া থাকে এবং যদি অতিরিক্ত পুলিসদল তথায় নিযুক্ত হইয়া না থাকে তাহা হইলে অগ্রে স্থানীয় গবর্ণমেন্টের মঞ্জুরি লইয়া—

(ক) ঐরূপ দুষ্কর্ম্মের দ্বারা বা ঐরূপ দুষ্কর্ম্ম হইতে যে অনিষ্ট ঘটিয়াছে তজ্জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিদিগকে যে ক্ষতিপূরণ দিতে হইবে তাহার পরিমাণ ধার্য্য করিয়া আদেশপত্র করা।

(খ) উপরোক্তমত অংশের অধিবাসী কিম্বা তথাকার ভূমিতে স্বার্থবিশিষ্ট এমন যে সকল ব্যক্তি বা ব্যক্তির শ্রেণী বা শ্রেণী সমূহ কর্ত্তৃক এই রূপে ধার্য্য করা টাকা দেওয়া হইবে তাহাদিগকে অবধারিত করিয়া আদেশ করা; এবং

(গ) এই সকল ব্যক্তির বা শ্রেণী সমূহের প্রত্যেকের সঙ্গতি সম্বন্ধে জেলার মাজিষ্ট্রেটের যেরূপ বিবেচনা তদনুসারে তাহাদের প্রত্যেককে যে অনুপাতে ঐ টাকা দিতে হইবে তাহা ধার্য্য করিয়া আদেশ করা—

জেলার মাজিষ্ট্রেটের পক্ষে আইন সঙ্গত কাজ হইবে। কিন্তু যে ব্যক্তি বা ব্যক্তির শ্রেণীকে মাজিষ্ট্রেট সেই আদেশে দুষ্কর্ম্মে লিপ্ত ছিলেন না বলিয়া ব্যক্ত করিবেন

এইরূপে আদিষ্ট ক্ষতিপুরণের কোন অংশ তাহা দ্বারা দেয় হইবে না।

'১৫ খ ধারা। ১৫ ধারার (খ) দফানুসারে কৃত আদেশ কিম্বা ১৫ ক ধারানুসারে কৃত আদেশপত্র বা আদেশ বিভাগীয় কমিশনর কর্ত্তৃক অথবা যে খানে কমিশনর নাই সেখানে স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক দৃঢ়ীকৃত না হওয়া পর্য্যন্ত কার্য্যকর হইবে না।

১৫ ধারার (খ) দফা এবং ১৫ ক ধারা অনুযায়িক আদেশ ও আদেশপত্র দৃঢ় করিবার কথা।

"১৫ গ ধারা। ১৫ ক ধারানুসারে যে ধার্য্যকরণ হয় ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে তাহা দৃঢ়ীকৃত হইলে জরিমানার টাকা আদায় করিবার জন্য ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩৮৬ ও ৩৮৭ ধারায় যে প্রকার বিধান আছে সেই প্রকারে জেলার মাজিষ্ট্রেটের ওয়ারাণ্টক্রমে ধার্য্য টাকা আদায় করা যাইতে পারিবে।'

১৫ ক ধারানুসারে ধার্য্য টাকা আদায় করিবার কথা।

৬ ধারা। উক্ত আইনের ২৯ ধারায় "দুই মাস থাকিতে সম্বাদ না দিয়া আপন পদের কর্ম্ম ত্যাগ করে," এই শব্দগুলির পর "কিম্বা বিদায় লইয়া অনুপস্থিত থাকিয়া যুক্তিযুক্ত কারন ব্যতীত ঐ বিদায়ান্তে কর্ম্ম করিবার জন্য উপস্থিত হওয়ার রিপোর্ট না করে," এই শব্দগুলি যোগ করিতে হইবে।

বিদায়কাল ফুরাইলেও অনুপস্থিত থাকা সম্বন্ধে ১৮৬১ সালের ৫ আইনের ২৯ ধারায় যোগ করিবার কথা।

৭ ধারা। উক্ত আইনের ৩০ ধারায় নিম্নলিখিত শব্দগুলি যোগ করিতে হইবে, অর্থাৎ:—

১৮৬১ সালের ৫ আইনের ৩০ ধারায় যোগ করিবার কথা।

" এবং জেলার মাজিষ্ট্রেটের বিবেচনায় যে জনতা বা লোকযাত্রা নিয়ন্ত্রিত না হইলে শান্তিভঙ্গের সম্ভাবনা সেই জনতা বা লোকযাত্রা সম্বন্ধে কেবল মাত্র যে সকল নিয়মে জনতা বা লোকযাত্রা হইতে দেওয়া যাইবে তাহা নিরূপণ করণার্থ এবং অন্য রকমে এই ধারাটী কার্য্যকর করণার্থ লাইসেন্স দিতেও পারিবেন।'

৮ ধারা। উক্ত আইনের ৩১ ধারায় নিম্নলিখিত শব্দগুলি যোগ করিতে হইবে, অর্থাৎ:—

১৮৬১ সালের ৫ আইনের ৩১ ধারায় যোগ করিবার কথা।

" কোন মাজিষ্ট্রেট বা ইন্সপেক্টরের নিম্নপদস্থ নহেন এমন কোন পুলিস কর্ম্মচারী কোন লোকযাত্রা থামাইতে পারিবেন এবং ঐ লোকযাত্রাকে কিম্বা যে জনতা ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে প্রদত্ত লাইসেন্সের নিয়ম উল্লঙ্ঘন করে তাহাকে ভাঙ্গিয়া যাইবার আদেশ করিতে পারিবেন।"

৯ ধারা। উক্ত আইনের ৩৭, ৩৮, ৩৯ এবং ৪০ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী বসাইতে হইবে, অর্থাৎ:—

১৮৬১ সালের ৫ আইনের ৩৭, ৩৮, ৩৯ ও ৪০ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

" ৩৭ ধারা। মাজিষ্ট্রেটের সমক্ষে অপরাধ নির্ণয় হইলে এই আইনানুসারে যে সকল দণ্ড ও জরিমানা করা যায় তৎসম্বন্ধে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৬৪ হইতে ৭০ পর্য্যন্ত ধারার জরিমানা সম্বন্ধীয় বিধান এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৩৮৬, ৩৮৭ এবং ৩৮৯ ধারার জরিমানা সম্বন্ধীয় বিধান খাটিবে।

মাজিষ্ট্রেটদিগের কৃত দণ্ড ও জরিমানার টাকা আদায় করিবার কথা।

অভিপ্রায় ও হেতুর বিবরণ।

১৮৬১ সালের ৫ আইন (পুলিসের বিধান করিবার আইন) সংশোধন করা এই পাণ্ডুলিপি খানির উদ্দেশ্য। উত্তর পশ্চিম প্রদেশের গবর্ণমেণ্ট এবং পুলিসদলের সংস্কারার্থ ঐ প্রদেশে যে কমিটি নিযুক্ত হইয়াছিল সেই কমিটি যে সকল প্রস্তাব করিয়াছিলেন পাণ্ডুলিপিখানি অংশতঃ তদবলম্বনে প্রস্তুত করা হইয়াছে বিচারপতিরা ১৮৬১ সালের ৫ আইনের যে সকল ব্যাখ্যা করিয়াছেন তদ্দৃষ্টে ঐ আইনে যে যে দোষ থাকার কথা অবগত হওয়া গিয়াছে তাহার প্রতিকার করা এবং যে সকল ঘটনা সম্বন্ধে উক্ত আইনে এখন কোন বিধান নাই তজ্জন্য বিধান করাও ইহার অভিপ্রায়।

২। পুলিসের আসিষ্টাণ্ট ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্টে কিম্বা অপর যে ব্যক্তিকে কোন ডিষ্ট্রিক্টের পুলিসের ভার দেওয়া স্থানীয় গবর্ণমেণ্ট আবশ্যক দেখেন তাঁহাতে যে সকল আইনানুযায়িক ক্ষমতা থাকে তৎসম্বন্ধীয় সন্দেহ দূর করা পাণ্ডুলিপির ১ ধারার অভিপ্রায়।

৩। আইনের ৭ ধারায় যে সকল দণ্ডের উল্লেখ আছে ২ ধারায় তাহাতে উত্তর পশ্চিম প্রদেশ এবং অযোধ্যার পুলিস কমিটির প্রস্তাবিত কতকগুলি শাসনার্থ দণ্ড যোগ করিয়া দেওয়া হইয়াছে।

৪। দুইটী হাই কোর্ট এইরূপ নিষ্পত্তি করিয়াছেন যে একণে কোন পুলিসের লোক এমন কি অল্পদিনের জন্য সস্পেণ্ড হইলেও আর পুলিস দলের লোক স্বরূপ থাকেন না এবং ১৮৬১ সালের ৫ আইনের বিধানের

অধীনও আর থাকেন না। পাণ্ডুলিপির ৩ ধারায় এই বিধান করা হইল যে কোন পুলিস কর্ম্মচারী কর্ম্ম হইতে স্থগিত বা সস্পেণ্ড হইবার দরুণ যে আর পুলিস কর্ম্মচারী থাকিবেন না কিম্বা পুলিস কর্ম্মচারী স্বরূপ আর দায়িত্ব ও শাসনের অধীন থাকিবেন না তাহা নয়।

৫। যে সকল ব্যক্তির কার্য্যের জন্য অতিরিক্ত পুলিসদল নিযুক্ত করা আবশ্যক হয় কেবল মাত্র সেই সকল ব্যক্তির নিকট হইতে অতিরিক্ত পুলিস দলের খরচ আদায় করা বাঞ্ছনীয় বলিয়া স্বীকৃত হইয়াছে। ৪ ধারায় ঐ খরচ ঐ রূপে আদায় করিবার ক্ষমতা দেওয়া হইল। যে সকল ভূম্যধিকারী অশান্তিময় স্থানের অধিবাসী নহেন তাঁহাদিগকে যদি খরচ দিবার দায় হইতে নিষ্কৃতি দেওয়া না হয় তাহা হইলে তাঁহারাও খরচ দিবার জন্য দায়ী হইতে পারিবেন। ৫ ধারায় এইরূপ প্রস্তাব করা হইয়াছে যে যে সকল স্থলে অতিরিক্ত পুলিস মোতায়েন করা না হয় সেই সকল স্থলে যাহারা অতিরিক্ত পুলিসদল রক্ষা করিবার জন্য দায়ী হইত তাহারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদিগকে ক্ষতিপূরণ দিবে।

৬। যে কর্ম্মচারী বিনা অনুমতিতে কিম্বা দুই মাসের নুটিস না দিয়া আপন কর্ম্ম হইতে অবসৃত হয় তাহার সম্বন্ধে পুলিস বিষয়ক আইনের ২৯ ধারার দণ্ড সম্বন্ধীয় বিধান খাটে। বঙ্গদেশের গবর্ণমেণ্ট প্রস্তাব করিয়াছেন যে যে পুলিস কর্ম্মচারী বিদায়ান্তে আপন কর্ম্মে ফিরিয়া না আসে তাহাকে ঐ দণ্ড সম্বন্ধীয় বিধানের অধীন করা উচিত। এই প্রস্তাবটী ৬ ধারায় সন্নিবিষ্ট হইয়াছে।

৭। বাদ্য ব্যবহারের জন্য কিম্বা জনতা বা লোকযাত্রা পরিচালনার্থ পুলিসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট কিম্বা আসিষ্টাণ্ট ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট যে লাইসেন্স দেন যে ব্যক্তি তাঁহার নিয়ম ভঙ্গ করেন ১৮৬১ সালের ৫ আইনের ৩২ ধারানুসারে তাঁহার জরিমানা হইতে পারে। কিন্তু যে বিধান দ্বারা এই সকল কর্ম্মচারীকে লাইসেন্স দিবার ক্ষমতা দেওয়া হইয়াছে তাহা সুস্পষ্ট নহে। পাণ্ডুলিপির ৭ ধারায় উপরিতন পুলিস কর্ম্মচারীদিগকে স্পষ্ট ভাষায় এই ক্ষমতা দেওয়া হইল যে নিয়ন্ত্রিত করা আবশ্যক এমন কোন জনতা বা লোকযাত্রা করিতে হইলে যে যে নিয়মে উহা হইতে পারিবে তাহা নির্দ্দেশ করিয়া তাঁহারা লাইসেন্স দিবেন। ৮ ধারায় মাজিষ্ট্রেট'ক কিম্বা ইন্সপেক্টরের নিম্নপদস্থ নহেন এমন পুলিস কর্ম্মচারীকে এই ক্ষমতা দেওয়া হইল যে যে লোকযাত্রা বা জনতা উপরোক্তমত প্রদত্ত লাইসেন্সের নিয়ম লঙ্ঘন করে তাহাকে ভাঙ্গিয়া যাইবার আদেশ করিতে পারিবেন।

১৬। কোন্‌ং রায়ত দখলীস্বত্বশূন্য রাজস্ব কর্ম্মচারী ইহা নির্ণয় করিবেন এবং এতদর্থে তিনি ভূম্যধিকারী বা তাঁহার কর্ম্মকারককে তদীয় কথিতমতে দখলীস্বত্বশূন্য রায়তদের নামের একখান বর্ণনাপত্র উপস্থিত করিতে বলিতে পারিবেন। ঐ বর্ণনাপত্র উপস্থিত করা গেলে ঐ বর্ণনাপত্রে যেং রায়তদের নাম লেখা থাকে ও যাহাদের নাম দখলীস্বত্ববিশিষ্ট বা স্থিতিবান রায়ত বলিয়া পূর্ব্বে লেখা হয় নাই, তিনি তাহাদিগকে ঐ আইনের ২০ ধারার (৭) প্রকরণের অনুমানের ভাব বুঝাইয়া দিবেন। ঐরূপ বুঝাইয়া দিবার পর কোন রায়ত আপনাকে দখলীস্বত্বশূন্য রায়ত বলিয়া স্বীকার করিলে তাহাকে তদ্রূপ রায়ত বলিয়া লেখা যাইবে। কোন রায়ত দখলীস্বত্বশূন্য রায়ত বলিয়া স্বীকার না করিলে ঐ রায়ত সম্বন্ধে তিনি যে কথা বলেন তাহার প্রমাণ দিবার জন্য উক্ত ভূম্যধিকারির প্রতি রাজস্ব কর্ম্মচারী আদেশ করিবেন।

১৭। আবওয়াব লিপিবদ্ধ করা যাইবে না। আইনমতে যেং সেস লইবার অনুমতি আছে তাহা খতিয়ানে লিখিত খাজানাহইতে স্বতন্ত্ররূপে লিপিবদ্ধ করিতে হইবে।

১৮। রাজস্ব কর্ম্মচারী প্রজার বর্ত্তমান খাজানা সরাসরীমতে নির্ণয় করিয়া প্রজা যে ভূমি ভোগ করেন তৎসম্বন্ধে দেয় খাজানা বলিয়া খতিয়ানের উপযুক্ত ঘরে লিপিবদ্ধ করিবেন।

১৯। স্বত্বের ও বর্ত্তমান খাজানার লিখন প্রস্তুত করিয়া পুর্ব্বোক্ত ১১ অবধি ১৮ পর্য্যন্ত বিধির নির্দ্দিষ্টমতে তজদিক করা গেলে এবং রাজস্ব কর্ম্মচারী যে রূপ আদেশ করেন তদনুসারে কাগজপত্র সাজান ও সংশোধন করা গেলে তিনি কার্য্যবিবরণ লিপিবদ্ধ করিয়া তাহাতে গ্রামের কাগজপত্রের তজদিক সমাপ্ত করা গিয়াছে বলিয়া কবুলকারী করিবেন, এবং এক মাসের কম না হয় এমত সময় নির্দ্দিষ্ট করিয়া ও ঐ সময়ের মধ্যে ন্যায্য খাজানা ধার্য্য করিবার দরখাস্ত দাখিল করা যাইতে পারিবে বলিয়া গ্রামে একখান নোটিস প্রকাশ করিবেন, কিন্তু বিশেষ স্থলে রাজস্ব কর্ম্মচারী স্বেচ্ছামত উক্ত কালের পরও উক্ত পাণ্ডুলিপি প্রকাশ করণের সময় পর্য্যন্ত ঐ দরখাস্ত লইতে পারিবেন।

৫ম।—প্রজাস্বত্ববিষয়ক আইনের ১০৪ ধারামত ন্যায্য খাজানা ধার্য্য করণের কথা।

২০। ভূম্যধিকারী বা প্রজা ন্যায্য খাজানা ধার্য্য করিয়া দিবার জন্য প্রার্থনা করিলে, তিনি বাদী ও অন্যপক্ষ প্রতিবাদী বলিয়া জ্ঞান হইবে ও রাজস্ব কর্ম্মচারী পশ্চাল্লিখিত ২৪ হইতে ২৮ পর্য্যন্ত বিধির আদেশমতে কার্য্য করিতে প্রবৃত্ত হইবেন।

২১। আদালতের সম্মুখে দত্ত আইনসঙ্গত প্রমাণানুসারে যদি দেখা যায় যে, প্রজা যত খাজানা দেন তদপেক্ষা অধিক বা কম ভূমি ভোগ করেন, তাহা হইলে রাজস্ব কর্ম্মচারী ১০৪ ধারার (২) ও (৩) প্রকরণমতে যোতের উপযুক্ত ও ন্যায্য খাজানা ধার্য্য করিতে প্রবৃত্ত হইবেন।

২২। কোন মহাল বা মধ্য-স্বত্ব গবর্ণমেণ্টের হইলে বা কোর্ট অব ওয়ার্ডসের কার্য্যাধ্যক্ষতাধীনে থাকিলে, খাজানা লিপিবদ্ধ বা ধার্য্য করিবার জন্যে এই সকল বিধিতে যে কার্য্যপ্রণালী লেখা গিয়াছে সেই প্রণালী অবলম্বন করিতে হইবে। স্থল বিশেষে গবর্ণমেণ্ট কিম্বা ক্রমান্বয়ে মহালের বা মধ্য-স্বত্বের কার্য্যাধ্যক্ষ ভূম্যধিকারী বলিয়া গণ্য হইবেন।

২৩। (ক) প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০১ ধারার (২) প্রকরণের (ঘ) দফার সহিত ১০৪ ধারার (২) প্রকরণ পাঠ করিয়া তদনুসারে কোন ভূমি সম্বন্ধে ভূমির রাজস্ব ধার্য্য করা গেলে, রেবিনিউ বোর্ড যে পাঠ অনুমোদন করেন সেই পাঠে প্রত্যেক গ্রামের কার্য্যবিবরণ রাজস্ব কর্ম্মচারির লেখা কর্ত্তব্য। তিনি সকল মহাল, মধ্য-স্বত্ব বা যোত সম্বন্ধে ও উক্ত গ্রামের অন্তর্গত খাজানা ধার্য্য না করা ভূমির ন্যায্য খাজানা, নির্দ্দিষ্ট তারিখে ও নির্দ্দিষ্ট স্থানে ধার্য্য করিবেন এই কথা উক্ত কার্য্যবিবরণে লিখিবেন।

(খ) উক্ত কার্য্যবিবরণের সঙ্গে একখান তকসীল দেওয়া যাইবে. সেই তকসীলে গবর্ণমেণ্টে রাজস্ব বা খাজানা দায়ী সকল মহালের, মধ্য-স্বত্বের ও যোতের নাম ও নম্বর ও খাজানা ধার্য্য না থাকা যে ভূমির খাজানা ধার্য্য করিতে হইবে তাহার বিশেষ বিবরণ দিতে হইবে।

(c) Such proceeding shall be sufficient authority for making a settlement of all rents within such estates, tenures or holdings, and it shall not be necessary to state that Government or the Secretary of State is plaintiff, or to join any landlord as co-plaintiff, or to draw up any plaint or application.

(d) It shall not be necessary to register such proceeding as a plaint under section 58 of the Code of Civil Procedure, but applications made by landlords or tenants for settlement of fair rents shall be so registered.

Notices.

24. When (1) a landlord or tenant applies for the settlement of a fair rent, or (2) in any case in which a Revenue officer engaged in the settlement of the land revenue proposes to alter an existing rent, notice shall be given in the following manner to persons interested:—

(1) In the case of an application made by the landlord or tenant, notice shall be served on every person interested in the application, together with a copy of the application or extract therefrom or summary thereof so far as the application concerns such person.

(2) In the case of a settlement of the land revenue, a copy of the proceeding prescribed in rule 23 shall be served by proclamation and beat of drum, and by posting it in the presence of not less than two persons in some conspicuous place in the village comprising the lands under settlement. Proof of service of such notice at least one week previous to the date fixed for settlement of fair rents shall be sufficient notice to all persons concerned.

25. With the consent of the Revenue officer, any number of tenants occupying land under the same landlord in the same village may make a joint application for the settlement of rents, or may be joined as defendants in the same proceeding on a similar application by the landlord; or when settlement of the land revenue is being made under section 101(2) (d), the Revenue officer may of his own motion join all landlords and tenants in a village in one proceeding; provided that if at any time it shall appear to the Revenue officer that the question between any two of the parties of whom one is so joined with others cannot conveniently be so jointly tried, he may order a separate trial to be held of that question, or he may pass such other order, in accordance with the Civil Procedure Code, for the joint or separate disposal of the application as he may think fit.

26 (i) On the date fixed for settlement of fair rents other than those connected with settlements of the land revenue, or on any subsequent date to which the proceeding may be adjourned, the Revenue officer shall proceed to read, or cause to be read, aloud the name of each tenant whose rent has to be settled, the area of his tenancy, the existing rent, the rent applied for, if any, the ground stated for enhancement or reduction, and shall ask the landlord and tenant, if they are present, whether the new rent applied for is accepted.

(ii) In the case of settlement of rents in connection with a settlement of the land revenue on the date fixed, or on any subsequent date to which the proceeding may be adjourned, the Revenue officer shall proceed to read, or cause to be read, aloud the name of each tenant whose rent has to be settled, the area of his tenancy, and the existing rent, and shall propose a rent for the acceptance of the landlord and tenant concerned, and shall ask them, if they are present, whether the new rent proposed is accepted.

(iii) In cases under both (i) and (ii)—

(a) if the landlord and tenant be present, and if both accept, in case (i) the rent applied for, in case (ii) the rent proposed, the Revenue officer shall record their acceptance, and if in his opinion that rent be fair and equitable and in accordance with the provisions of the Tenancy Act, he shall settle it accordingly. If the Revenue officer does not consider the rent fair and equitable, he shall proceed to fix a fair and equitable rent;

(গ) উক্ত কার্য্যবিবরণই উক্ত সকল মহালের, মধ্য-স্বত্বের ও যোতের খাজানা ধার্য্য করণার্থ যথেষ্ট ক্ষমতা হইবে, এবং গবর্ণমেণ্টকে কিম্বা ষ্টেট সেক্রেটরী সাহেবকে বাদী কিম্বা কোন ভূম্যধিকারীকে সহবাদী স্বরূপ যোগ কিম্বা কোন আরজি কি দরখাস্ত করিবার আবশ্যক হইবে না।

(ঘ) উক্ত কার্য্যবিবরণ, দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫৮ ধারামত আরজিস্বরূপ রেজিষ্টর করিবার আবশ্যক নাই কিন্তু ভূম্যধিকারী বা প্রজা ন্যায্য খাজানা ধার্য্য করিবার নিমিত্ত যে দরখাস্ত করেন তাহা তদ্রূপে রেজিষ্টরী করা যাইবে।

নোটিসের কথা।

২৪। যে স্থলে (১) ভূম্যধিকারী বা প্রজা ন্যায্য খাজানা ধার্য্য হইবার প্রার্থনা করেন, কিম্বা (২) অথবা যে স্থলে রাজস্ব কর্ম্মচারী ভূরাজস্ব ধার্য্য করিতে প্রবৃত্ত হইয়া বর্ত্তমান খাজানা পরিবর্ত্তন করিবার প্রস্তাব করেন সেই স্থলে স্বার্থযুক্ত ব্যক্তিদিকে নিম্নলিখিত রূপে নোটিস দেওয়া যাইবে,—

(১) ভূম্যধিকারীর বা প্রজার দরখাস্ত করণস্থলে, দরখাস্তে স্বার্থযুক্ত প্রত্যেক ব্যক্তির উপর নোটিস দেওয়া যাইবে, তদ্ভিন্ন তাহার সঙ্গে দরখাস্তের নকল, কিম্বা উক্ত দরখাস্তের যতদূর উক্ত ব্যক্তির সঙ্গে সম্পর্ক রাখে ততদূর তাহার উদ্ধৃত অংশ বা চুম্বক দিতে হইবে।

(২) ভূরাজস্ব ধার্য্যকরণ স্থলে, ২৩ বিধির নির্দ্দিষ্ট কার্য্য বিবরণের নকল ঘোষণা করিয়া ও ঢেড়রা দিয়া যে গ্রামের ভূমির রাজস্ব ধার্য্য করা যাইবে সেই গ্রামের কোন প্রকাশ্য স্থানে অন্যূন দুই জনের সাক্ষাতে লাগাইয়া দিয়া জারী করা যাইবে। ন্যায্য খাজানা ধার্য্য করণের তারিখের অন্যূন এক সপ্তাহ পূর্ব্বে উক্ত নোটিস জারী করণের প্রমাণ সম্পর্কযুক্ত সকল ব্যক্তির উপর যথেষ্ট নোটিস বলিয়া গণ্য হইবে।

২৫। একই গ্রামে একই ভূম্যধিকারির অধীনে যে প্রজারা ভূমি দখল করেন রাজস্ব কর্ম্মচারির সম্মতিক্রমে তন্মধ্যে কোন সংখ্যক ব্যক্তি খাজানা ধার্য্য করিবার জন্য একত্রে প্রার্থনা করিতে পারিবেন অথবা ভূম্যধিকারির ঐরূপ প্রার্থনাক্রমে একই আনুষ্ঠানিক কার্য্যে তাঁহাদিগকে প্রতিবাদী বলিয়া সংযুক্ত করা যাইতে পারিবে অথবা ১০১ ধারার (২) প্রকরণের (ঘ) দফামতে ভূরাজস্ব ধার্য্য করিবার সময়ে রাজস্ব কর্ম্মচারী নিজ প্রবৃত্তিমতে গ্রামের সমুদয় ভূম্যধিকারি ও প্রজাকে একই আনুষ্ঠানিক কার্য্যে সংযোগ করিতে পারেন। কিন্তু যদি কোন সময়ে রাজস্ব কর্ম্মচারীর বোধ হয় যে উভয় পক্ষের মধ্যে যে দুই ব্যক্তির এক জন অন্যের সঙ্গে সংযুক্ত থাকায়, ঐ উভয়ের মধ্যগত কোন প্রশ্ন ঐরূপ সংযুক্ত ভাবে বিচার করা সুবিধা নহে তাহা হইলে তিনি উক্ত প্রশ্নের স্বতন্ত্র বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন, অথবা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন অনুসারে প্রার্থনাপত্র সংযুক্ত ভাবে, বা স্বতন্ত্রভাবে বিচার করিবার জন্য যে আজ্ঞা করা উচিত বোধ করেন সেই আজ্ঞা করিতে পারিবেন।

২৬। (১) ভূরাজস্ব ধার্য্য করণের সহিত সম্পর্ক শূন্য ন্যায্য খাজানা ধার্য্য করিবার জন্য নির্দ্ধারিত দিনে অথবা আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখিয়া অন্য যে দিন ধার্য্য করা যায় সেই দিনে রাজস্ব কর্ম্মচারী যে প্রজার খাজানা ধার্য্য করা যাইবে তাহার নাম, তাহার যোতের পরিমাণ, বর্ত্তমান খাজানা, যত খজানা প্রার্থনা করা গিয়াছে তাহা, খজানা বৃদ্ধি বা কম করিবার যে হেতু লেখা গিয়াছে তাহা উচ্চৈঃস্বরে পড়িতে বা পড়াইতে প্রবৃত্ত হইবেন, এবং ভূম্যধিকারী বা প্রজা উপস্থিত থাকিলে নূতন যে খাজানা প্রার্থনা করা গিয়াছে তাহা তাঁহারা গ্রাহ্য করেন কি না ইহা তাঁহাদিকে জিজ্ঞাসা করিবেন।

(২) ভূরাজস্ব ধার্য্যকরণ সম্পর্কে খাজানা ধার্য্যকরণ স্থলে নির্দ্ধারিত দিনে অথবা আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখিয়া অন্য যে দিন ধার্য্য করা যায় সেই দিনে রাজস্ব কর্ম্মচারী, যে প্রজার খাজানা ধার্য্য করা যাইবে তাহার নাম তাহার যোতের পরিমাণ ও বর্ত্তমান খাজানা উচ্চৈঃস্বরে পাঠ করিতে বা করাইতে প্রবৃত্ত হইবেন এবং সম্পর্কযুক্ত ভূম্যধিকারী ও প্রজার গ্রাহ্য করণার্থে যে খাজানার প্রস্তাব করেন তাঁহারা উপস্থিত থাকিলে সেই প্রস্তাবিত নূতন খাজানা তাঁহারা গ্রাহ্য করেন কি না ইহা তাঁহাদিগকে জিজ্ঞাসা করিবেন।

(৩) (১) ও (২) এই উভয়স্থলে—

(ক) ভূম্যধিকারী বা প্রজা উপস্থিত থাকিলে, যদি উভয়েই (১) স্থলে প্রার্থিত খাজানা, (২) স্থলে প্রস্তাবিত খাজানা গ্রাহ্য করেন তাহা হইলে, রাজস্ব কর্ম্মচারী তাঁহাদের সেই গ্রাহ্য করণের কথা লিপিবদ্ধ করিবেন ও তাঁহার বিবেচনায় যদি সেই খাজানা প্রজাস্বত্ববিষয়ক আইনের বিধানানুসারে উপযুক্ত ও ন্যায্য বলিয়া বোধ হয় তাহা হইলে তিনি তদনুসারে তাহাই ধার্য্য করিবেন। উক্ত খাজানা যদি রাজস্ব কর্ম্মচারির উপযুক্ত ও ন্যায্য বলিয়া বোধ না হয় তাহা হইলে তিনি উপযুক্ত ও ন্যায্য খাজানা ধার্য্য করিতে প্রবৃত্ত হইবেন।

(b) where landlord or tenant does not attend after due service of notice has been proved, the procedure will be *ex parte;*

(c) where a landlord or tenant appears and does not accept, in case (i) the rent applied for, in case (ii) the rent proposed, the Revenue officer shall record evidence in the manner prescribed in clause (f) of section 148 of the Bengal Tenancy Act for trial of rent suits, and shall settle a fair and equitable rent according to law; provided that in important cases the Revenue officer may in his discretion record evidence at length.

(iv) Provided that when, in connection with a settlement of the land revenue, a Revenue officer proposes to alter an existing rent, and the parties have not attended in compliance with the general notice prescribed in rule 24(2), the Revenue officer shall serve each person interested with a special notice, and the *ex parte* proceeding, referred to in sub-rule (iii) (b), shall not be held until after due service of such special notice has been proved.

27. It shall not be necessary for a Revenue officer to draw up a separate decree with regard to the fair rent settled; but the entry made in his decision or schedule attached thereto with regard to the fair rent settled shall be held to be a decree.

28. When a fair and equitable rent has been fixed under the preceding rules, it shall be entered in the khatian as the rent payable in respect of the holding.

VI.—Draft Publication of the Record of Rights.

29. (a) When the period prescribed by the notification issued under rule 19 has elapsed, and when all proceedings for settlement of fair rents have been completed in the manner laid down in rules 20 to 28, a notice shall be posted up at the landlord's office in the village or in the presence of not less than two persons, in some conspicuous place in the village, stating that the draft of the record will be published in the village on a day to be specified, not less than a week from the date of such notice, and calling on all persons interested to attend on the date so specified.

(b) On the date fixed for draft publication, the Revenue officer shall either proceed to the village himself, and read the contents of the record in the presence of the parties who attend, or he shall depute an officer, not below the rank of kanungo, who shall read out the contents of the record in the presence of so many of the parties as attend, and the Revenue officer or officer deputed by him, as the case may be, shall at the same time inform the parties who attend that the draft record will be open for inspection for not less than one month in the office of the Revenue officer, or in such other convenient place as the Revenue officer may determine. The Revenue officer shall receive and consider any objection which may be made to any entry during the period named.

VII.—Disposal of objections and trial of disputes under Sections 105 and 106 of the Tenancy Act.

30. (a) When an objection is made before the expiry of the period of publication of the draft record prescribed under rule 29(b) above, regarding the correctness of an entry or as to the propriety of any omission, notice of the objection shall be served on all persons whose interests may, in the opinion of the Revenue officer, be affected thereby, and they shall be called upon to attend at such time and place as the Revenue officer may fix for the disposa[l] of the objection. If no person attends to contest the objection, the record may be amende[d] accordingly, or the person who made the objection may, if the Revenue officer thinks [it], be called upon to produce evidence in support of his objection, which shall in that cas[e be] dealt with summarily.

(b) When a dispute arises before the final publication of the draft record as [to the] correctness of an entry (not being an entry of a rent settled under section 104 of the

(খ) নোটিস জারী হওয়া প্রমাণ হইলেও যেস্থলে ভূম্যধিকারী বা প্রজা উপস্থিত না হন সেই স্থলে কার্য্যানুষ্ঠান এক তরফা হইবে।

(গ) ভূম্যধিকারী বা প্রজা যে স্থলে উপস্থিত হন, (১) স্থলে প্রার্থিত খাজানা ও (২) স্থলে প্রস্তাবিত খাজানা গ্রাহ্য না করেন সেই স্থলে রাজস্ব কর্ম্মচারী খাজানার মোকদ্দমা বিচারার্থে বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১৪৮ ধারার (চ) প্রকরণের নির্দ্দিষ্টমতে প্রমাণ লিপিবদ্ধ করিবেন এবং আইন অনুসারে উপযুক্ত ও ন্যায্য খাজানা ধার্য্য করিবেন। কিন্তু রাজস্ব কর্ম্মচারী গুরুতর মোকদ্দমায় স্বেচ্ছামতে প্রমাণ সবিস্তারে লিপিবদ্ধ করিতে পারিবেন।

(৪) পরন্তু ভূরাজস্ব ধার্য্যকরণ সম্পর্কে রাজস্ব কর্ম্মচারী বর্ত্তমান খাজানা পরিবর্ত্তন করিবার প্রস্তাব করিলে ২৪ বিধির (২) দফার নির্দ্দিষ্ট সাধারণ নোটিস অনুসারে পক্ষেরা উপস্থিত না হইলে রাজস্ব কর্ম্মচারী সম্পর্কযুক্ত প্রত্যেক ব্যক্তির উপর বিশেষ নোটিস জারী করিবেন ও (৩) (খ) দফার উক্ত বিশেষ নোটিস উপযুক্তমতে জারী হওয়ার প্রমাণ না হওয়া পর্য্যন্ত (৩) (খ) দফার উল্লিখিত এক তরফা আনুষ্ঠানিক কার্য্য করা যাইবে না।

২৭। ধার্য্য হওয়া ন্যায্য খাজানা সম্বন্ধে রাজস্ব কর্ম্মচারির স্বতন্ত্র ডিক্রী লিখিবার আবশ্যক হইবে না, কিন্তু তাঁহার নিস্পত্তিতে অথবা তৎসংযুক্ত তফসীলে ধার্য্য হওয়া ন্যায্য খাজানা সম্বন্ধে যাহা লিপিবদ্ধ করিয়াছেন তাহা ডিক্রী বলিয়া গণ্য হইবে।

২৮। পূর্ব্বোক্ত কএক বিধিমতে উপযুক্ত ও ন্যায্য খাজানা ধার্য্য করা গেলে যোত সম্পর্কে সেই খাজানা দেয় বলিয়া খতিয়ানে লিপিবদ্ধ করা যাইবে।

৬ষ্ঠ।—স্বত্বের লিখনের পাণ্ডুলেখ্য প্রকাশ করণের কথা।

২৯। (ক) ১৯ বিধিমতে প্রচারিত নোটিসের নির্দ্দিষ্ট সময় অতীত হইলে ও ২০ অবধি ২৮ পর্য্যন্ত বিধির লিখিতমত ন্যায্য খাজানা ধার্য্য করণের সমস্ত কার্য্যানুষ্ঠান শেষ হইলে, গ্রামে ভূম্যধিকারীর কাছারীতে অথবা গ্রামের কোন প্রকাশ্য স্থানে অন্যূন দুই ব্যক্তির সাক্ষাতে একখান নোটিস লাগান যাইবে, উক্ত নোটিসের তারিখ অবধি এক সপ্তাহের কম না হয় এমত কোন নির্দ্দিষ্ট দিনে উক্ত গ্রামে লিখনের পাণ্ডুলিপি প্রকাশ করা যাইবে লিখিয়া স্বার্থযুক্ত সকল ব্যক্তিকে উক্ত নির্দ্দিষ্ট দিনে উপস্থিত হইবার জন্য ঐ নোটিসে আদেশ করিতে হইবে।

(খ) উক্ত পাণ্ডুলেখ্য প্রকাশ করনের নির্দ্ধারিত দিনে রাজস্ব কর্ম্মচারী হয় স্বয়ং সেই গ্রামে গিয়া পক্ষদের মধ্যে যাঁহারা উপস্থিত থাকেন তাঁহাদের সমক্ষে উক্ত লিখনের কথাগুলি পাঠ করিবেন, না হয় কানুনগোর নিম্নপদস্থ না হন এমত কোন কার্য্যকারককে পাঠাইবেন, তিনি, পক্ষদের মধ্যে যত জন উপস্থিত থাকে তাহাদের সম্মুখে লিখনের কথাগুলি উচ্চৈঃস্বরে পাঠ করিবেন। এবং রাজস্ব কর্ম্মচারী অথবা স্থলবিশেষে তাঁহার প্রেরিত কার্য্যকারক সেই সময়ে যাঁহারা উপস্থিত থাকেন তাঁহাদের সকলকে জানাইবেন যে, উক্ত লিখনের পাণ্ডুলেখ্য, এক মাসের কম না হয় এমত কালের জন্য রাজস্ব কর্ম্মচারির আফিসে অথবা রাজস্ব কর্ম্মচারী সুবিধামত অন্য যে স্থান স্থির করেন সেই স্থানে দেখিবার জন্য খোলা থাকিবে। উক্ত কালের মধ্যে কোন লিখন সম্বন্ধে কোন আপত্তি করা গেলে রাজস্ব কর্ম্মচারী তাহা গ্রহন ও বিবেচনা করিবেন।

৭ম।—প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০৫ ও ১০৬ ধারামতে আপত্তির মীমাংসা ও বিবাদের বিচার করণের কথা।

৩০। (ক) লিখনের শুদ্ধতা বিষয়ে কিম্বা কোন বিষয় ত্যাগকরণের ঔচিত্য সম্বন্ধে ২৯ (খ) বিধিমতে নির্দ্দিষ্ট লিখনের পাণ্ডুলিপি প্রকাশ করণের কাল অতীত হইবার পূর্ব্বে আপত্তি করা গেলে, রাজস্ব কর্ম্মচারির বিবেচনায় তদ্দ্বারা যে সকল ব্যক্তির স্বার্থের ব্যতিক্রম হইতে পারে তাঁহাদের সকলের উপর ...পত্তির নোটিস জারী করা যাইবে, এবং উক্ত আপত্তি মীমাংসা করণার্থে রাজস্ব কর্ম্মচারী যে সময় ...স্থান নির্দ্দিষ্ট করেন তাঁহাদিগকে সেই সময়ে ও স্থানে উপস্থিত হইবার আদেশ করিবেন। উক্ত ...ত্তির প্রতিবাদ করিতে কোন ব্যক্তি উপস্থিত না হইলে তদনুসারে লিপি সংশোধন করিতে কিম্বা ...পত্তি করিয়াছেন তাঁহাকে রাজস্ব কর্ম্মচারী উচিত বোধ করিলে তাঁহার সেই আপত্তির পোষ... নিমিত্ত প্রমাণ উপস্থিত করিবার আদেশ করিতে পারিবেন, তদ্রূপ স্থলে তাহা লইয়া সরাসরী ...র্য্য করা যাইবে।

স্বত্বের লিখনের পাণ্ডুলিপি চূড়ান্তরূপে প্রকাশ করণের পূর্ব্বে আইনের ১০৪ ধারাতে ধার্য্য ...নার লেখা ছাড়া কোন লেখার শুদ্ধতা সম্বন্ধে অথবা কোন বিষয় বাদ দিবার ঔচিত্য সম্বন্ধে

or as to the propriety of an omission, the proceeding shall be dealt with as a suit between the parties under section 106 of the Tenancy Act, in which the person objecting to the entry or to the omission which the Revenue officer has made or proposes to make or to maintain shall be plaintiff and the other parties defendants.

VIII.—Final Publication.

31. When all applications for settling a fair rent have been disposed of, and all objections and disputes of the nature mentioned in rule 30 have been decided by the Revenue officer, he shall make in the appropriate columns of the khewat or khatian such corrections and additions as are required to carry out the orders passed in regard to those applications, objections and disputes. He shall then finally frame the record and cause it to be published by notifying that its contents will be read out in the village on a date to be specified not less than a week from the date of such notice, and by reading it out himself or causing it to be read in the village on the date so specified, in the manner prescribed in rule 29(*b*), in the presence of the parties or of so many of them as attend.

Provided that it shall be open to the Revenue officer in his discretion to publish finally such part of the record as is not affected by any dispute, the remainder of the record being published when the disputes have been disposed of.

Supply of copies of the record of rights to parties interested.

32. (*a*) The Revenue officer having completed the record shall cause copies of it to be made, one of which, or extracts from which, will be made over to the landlord concerned or, where there are more landlords than one, to their common agent or common manager, as the case may be, and one to the Collector of the district.

(*b*) An extract from the khatian relating to his tenancy shall be given to every tenant under the seal of the Revenue officer and under the signature of an officer duly authorized by the Revenue officer to give copies.

(*c*) Copies of records supplied to landlords and tenants under this rule shall be given free or on payment according as in the case of each local area the Local Government may direct. When payment is required, the sums so recovered shall be adjusted against the expenses incurred on account of survey and settlement.

Final Reports.

33 The Local Government may, if it thinks fit, direct that a final report be written in English for each village and each local area under survey. The report for the village will show—

(*a*) The number of tenants of each class with the area held and rental paid by them.

(*b*) The area and classification of the village lands.

(*c*) The rental before settlement and according to settlement, and the number of fair rents settled judicially, with explanation of increase or decrease.

(*d*) When settlement of land revenue is being made, the amount of Government revenue, before and after resettlement, grounds of assessment, and comparison of gross assets with new assessment.

(*e*) The rates of rent prevailing.

(*f*) Proximity to markets, and facilities for irrigation.

(*g*) Village customs, including customs as to payment of village officials.

(*h*) Arrangements made for maintenance of records.

(*i*) Other matters deserving of notice which have been excluded from the record of rights.

The report for the whole area under survey will contain the following particulars :—

I.—General description of the tract.

II.—Its fiscal history.

কোন বিবাদ উত্থিত হইলে ঐ আনুষ্ঠানিক কার্য্য পক্ষদিগের মধ্যে প্রজাস্বত্ব বিষয়ক আইনের ১০৬ ধারামত মোকদ্দমা বলিয়া গণ্য হইবে, রাজস্ব কর্ম্মচারী যে কথা লিখিয়াছেন বা যে কথা লিখিবার বা রাখিবার প্রস্তাব করেন তৎসম্বন্ধে অথবা রাজস্ব কর্ম্মচারী যে কথা বাদ দিয়াছেন বা বাদ দিবার কি রাখিবার প্রস্তাব করেন তৎসম্বন্ধে যে ব্যক্তি আপত্তি করেন তিনি ঐ মোকদ্দমায় বাদী ও অন্য পক্ষ প্রতিবাদী হইবেন।

৮।—চূড়ান্তরূপে প্রকাশ করণের কথা।

৩১। রাজস্ব কর্ম্মচারী ন্যায্য খাজানা ধার্য্য হইবার সমুদয় প্রার্থনা এবং ৩০ বিধির উল্লিখিত ভাবের সকল আপত্তি ও বিবাদ নিস্পত্তি করিলে খেবটের বা খতিয়ানের উপযুক্ত ঘরে ঐ২ প্রার্থনা, আপত্তি ও বিবাদ সম্বন্ধে যে২ হুকুম হইয়াছে তাহা কার্য্যে পরিণত করণার্থ প্রয়োজনীয় সংশোধন ও সংযোজন করিবেন। পরে তিনি চূড়ান্তরূপে লিখন প্রস্তুত করিবেন এবং নোটিসের তারিখ হইতে এক সপ্তাহের কম না হয় এমত কোন নির্দ্ধারিত দিনে গ্রামে তাহার লেখা কথা পাঠ করা যাইবে, এই মর্ম্মে নোটিস দিয়া এবং উক্ত গ্রামে উক্ত নির্দ্ধারিত দিনে ২৯ (খ) বিধির নির্দ্দিষ্টমতে পক্ষদের বা তাঁহাদের যত জন উপস্থিত থাকেন তাঁহাদের সাক্ষাতে তিনি স্বয়ং তাহা পাঠ করিয়া বা পাঠ করাইয়া ঐ লিখন প্রচার করাইবেন।

পরন্তু লিখনের যে অংশ সম্বন্ধে কোন বিবাদ নাই সেই অংশ চূড়ান্তরূপে প্রকাশ করা রাজস্ব কর্ম্মচারীর স্বেচ্ছাধীন, লিখনের অবশিষ্টাংশ বিবাদ নিস্পত্তি হইলে পর প্রকাশ করা যাইবে।

স্বার্থযুক্ত পক্ষদিগকে স্বত্বের লিখনের নকল দিবার কথা।

৩২ (ক)। রাজস্ব কর্ম্মচারী লিখন সম্পূর্ণ করিয়া তাহার নকল প্রস্তুত করাইবেন, সেই নকলের একখান বা তাহার উদ্ধৃত অংশ সম্পর্কযুক্ত ভূম্যধিকারীকে দিবেন, কিম্বা একের অধিক ভূম্যধিকারী থাকিলে তাঁহাদের সাধারণ গোমাস্তাকে বা বিষয় বিশেষ সাধারণ কার্য্যাধ্যক্ষকে এবং একখানি জিলার কালেক্টর সাহেবকে দিবেন।

(খ) প্রত্যেক প্রজাকে তাঁহার প্রজাস্বত্ব সম্বন্ধীয় খতিয়ানের উদ্ধৃত অংশ রাজস্ব কর্ম্মচারীর মোহরাঙ্কিত করিয়া এবং রাজস্ব কর্ম্মচারীদ্বারা নকল দিতে উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকের স্বাক্ষরযুক্ত করিয়া দেওয়া যাইবে।

(গ) স্থানীয় গবর্ণমেন্ট প্রত্যেক স্থান সীমা সম্বন্ধে যেরূপ স্থির করেন তদনুসারে ভূম্যধিকারী-দিগকে ও প্রজাদিগকে এই বিধিমতে লিখনের যে নকল দেওয়া যায় তাহার খরচ না লইয়া অথবা লইয়া দেওয়া যাইবে। খরচ লইবার প্রয়োজন হইলে যে টাকা আদায় হয় তাহা জরীপ ও বন্দোবস্ত করণের খরচের হিসাবে জমার ঘরে লেখা যাইবে।

চূড়ান্ত রিপোর্টের কথা।

৩৩। স্থানীয় গবর্ণমেন্ট উচিত বোধ করিলে এইরূপ আজ্ঞা করিতে পারিবেন যে, জরীপ কার্য্যাধীন প্রত্যেক গ্রামের ও স্থানের জন্য চূড়ান্ত একখানি রিপোর্ট ইংরাজিতে লেখা যাইবে। গ্রামের রিপোর্টে নিম্নলিখিত বিষয় প্রদর্শিত হইবে।

(ক) প্রত্যেক শ্রেণীর প্রজাদের সংখ্যা ও তাঁহারা যত ভূমি ভোগ করেন ও যত খাজানা দেন।

(খ) গ্রামের অন্তর্গত ভূমির পরিমাণ ও শ্রেণী বিভাগ।

(গ) বন্দোবস্তের পূর্ব্বে ও বন্দোবস্ত অনুসারে হস্তবুদ, ও বিচারক্রমে যতগুলি ন্যায্য খাজানা ধার্য্য করা গেল, ইহার সঙ্গে হ্রাস বা বৃদ্ধির কৈফিয়ৎ।

(ঘ) ভূমির রাজস্ব ধার্য্য করা গেলে পুনঃবন্দোবস্ত করণের পূর্ব্বে বা পরে গবর্ণমেন্টের রাজস্বের পরিমাণ, ধার্য্যকরণের হেতু ও নূতন ধার্য্যকরণের সহিত মোট আয়ের তুলনা।

(ঙ) প্রচলিত খাজানার হার।

(চ) বাজারের কিরূপ নিকট ও জলসেচনের সুবিধা।

(ছ) গ্রামের প্রথা, গ্রাম্য কর্ম্মচারীদের বেতন দিবার প্রথা সমেত।

(জ) কাগজপত্র রক্ষার নিমিত্ত ব্যবস্থা।

(ঝ) উল্লেখ যোগ্য অন্যান্য যে২ বিষয় স্বত্বের লিখনে ধরা না হইয়া থাকে।

জরীপ কার্য্যাধীন সমগ্র স্থানের নিমিত্ত রিপোর্টে নিম্নলিখিত কথা থাকিবে।

প্রথম।—ঐ স্থানের সাধারণ বর্ণনা।

দ্বিতীয়।—উহার রাজস্ব সংক্রান্ত ইতিবৃত্ত।

III.—Statistical results.

IV.—Comparison of condition of the tract as regards rentals before and after survey.

V.—Financial results, including approximate division of expenses under the heads—

(a) Survey.

(b) Record of rights.

(c) Preparation and distribution of records.

APPLICATIONS UNDER SECTION 103 FOR SURVEY AND RECORD OF RIGHTS.

34. These applications shall be made to the Collector of the district.

35. The application shall specify—

(a) The status of the applicant, viz., whether he is a proprietor or a tenure-holder, and the particulars in respect of which the application is made.

(b) The number of tenants (so far as the applicant is able to state it) occupying the estate or tenure, or part thereof in respect of which the application is made, the total rent payable by them at the time, and the estimated area covered by the application

36. If the application is made by a proprietor, it shall not be admitted unless the name of the applicant and the extent of his interest are registered under Act VII (B.C.) of 1876.

37. On receipt of the application, the Collector shall forward it to the Commissioner with any remarks which he may think necessary.

38. The Commissioner may call for further information, or may require the application to be amended.

39. If the Commissioner considers that the application cannot be granted with advantage to the interests of all persons concerned, he may reject it. If he approves it he shall forward the application with an expression of his opinion for the orders of the Board of Revenue.

40. A Commissioner rejecting an application shall record his reasons for doing so, and the applicant, if dissatisfied with the order, may appeal within one month to the Board of Revenue.

41. When an application is referred to the Board under rule 39, or an appeal preferred under rule 40, the board shall pass such orders as it may think fit for allowing or rejecting the application.

42. The Board, when allowing an application, shall report to Government with a view to the deputation of an officer and the conferment of the necessary powers upon him.

43. As soon as an application is allowed, the Collector shall call upon the applicant to deposit eight annas per acre of the estimated extent of the estate or tenure or part thereof in respect of which the application has been allowed. If the Collector is unable to estimate the area, he shall require a deposit at the rate of Rs. 2 for each tenant. If the amount does not exceed Rs. 500, the applicant must deposit the whole amount in advance. If it exceeds Rs. 500, the applicant shall deposit the sum of Rs. 500, and shall give such security as the Collector may require for the payment of the balance of the deposit in such instalments as the Collector may from time to time demand.

If the amount deposited as above proves more than sufficient to cover the cost of the proceedings, the unexpended balance will be refunded on their termination.

If the amount deposited proves insufficient to cover the cost, the applicant shall, when required by the Collector, deposit from time to time such further sums as the Collector may think necessary for the completion of the proceedings. If he shall fail to do so, the proceedings may be stopped and the order allowing the application cancelled.

44. In conducting the operations, the Revenue officer shall proceed in accordance with the rules for the guidance of officers acting under orders made under section 101.

C. E. BUCKLAND,
Secy. to the Govt. of Bengal.

তৃতীয় ।—সংখ্যাদি সম্বলিত কল ।

চতুর্থ ।—জরীপ হইবার পূর্ব্বে ও পরে স্বত্বদ সম্পর্কে ঐ স্থানের অবস্থার তুলনা ।

পঞ্চম ।—যতদূর সম্ভব নিম্নলিখিত নক্সা অনুসারে খরচ ভাগ করিয়া রাজস্বসংক্রান্ত কল ।

(ক) জরীপ ।

(খ) স্বত্বের লিখন ।

(গ) লিখন প্রস্তুত ও বণ্টন করণ ।

জরীপের ও স্বত্বের লিখনের নিমিত্ত ১০৩ ধারামতে প্রার্থনার কথা ।

৩৪ । এই সকল প্রার্থনাপত্র জিলার কালেক্টর সাহেবের নিকট দিতে হইবে ।

৩৫ । প্রার্থনাপত্রে এইং কথা লেখা থাকিবে,—

(ক) প্রার্থকের পদ অর্থাৎ তিনি ভূস্বামী কি মধ্য-স্বত্বাধিকারী এবং যেং বিশেষ কথা সম্বন্ধে প্রার্থনা করা যায় ।

(খ) যে মহাল বা মধ্য-স্বত্ব বা মহালের বা মধ্য-স্বত্বের অংশ সম্বন্ধে প্রার্থনা করা যায় তাহা যত জন প্রজার দখলে থাকে (প্রার্থক যত দূর নির্দ্দেশ করিতে পারেন) ও তৎকালে তাঁহাদের মোট যে খাজানা দিতে হয় এবং অনুমান যে পরিমাণ ভূমি সম্বন্ধে প্রার্থনা হয় ।

৩৬ । কোন ভূস্বামী প্রার্থনাপত্র দিলে যদি প্রার্থকের নাম ও স্বত্বের পারিমাণ ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমতে রেজিষ্টরী করা না হইয়া থাকে, তবে ঐ প্রার্থনাপত্র গ্রহণ করা যাইবে না ।

৩৭ । প্রার্থনাপত্র পাইলে কালেক্টর সাহেব যে কোন মন্তব্য আবশ্যক বিবেচনা করেন, তৎ-সমেত ঐ প্রার্থনাপত্র কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইবেন ।

৩৮ । কমিশনর সাহেব আরো সন্ধান চাহিতে পারিবেন অথবা প্রার্থনাপত্র সংশোধন করিবার আদেশ করিতে পারিবেন ।

৩৯ । কমিশনর সাহেব যদি এমত বিবেচনা করেন যে, সম্পর্কযুক্ত সকল ব্যক্তির স্বার্থের অসুবিধা না করিয়া ঐ প্রার্থনা গ্রাহ্য করা যাইতে পারে না তাহা হইলে সেই প্রার্থনা অগ্রাহ্য করিবেন। তিনি তাহা গ্রাহ্য করিলে নিজের মতসহিত তাহা রেবিনিউ বোর্ডের আজ্ঞার নিমিত্ত পাঠাইবেন ।

৪০ । কমিশনর সাহেব কোন প্রার্থনাপত্র অগ্রাহ্য করিলে তাহা করিবার তাঁহার যেং হেতু থাকে সেইং হেতু লিপিবদ্ধ করিবেন এবং প্রার্থক ঐ আজ্ঞা সম্বন্ধে অসন্তুষ্ট হইলে এক মাসের মধ্যে রেবিনিউ বোর্ডে আপীল করিতে পারিবেন ।

৪১ । কোন প্রার্থনাপত্র ৩৯ বিধি অনুসারে বোর্ডের নিকট অর্পণ করা গেলে অথবা ৪০ বিধি-মত আপীল করা গেলে, বোর্ড যেরূপ উচিত বোধ করেন প্রার্থনাপত্র গ্রাহ্য বা অগ্রাহ্য করিবার সেইরূপ আজ্ঞা করিবেন ।

৪২ । বোর্ড কোন প্রার্থনাপত্র গ্রাহ্য করিলে কোন কর্ম্মচারীকে উপযুক্ত ক্ষমতা দিয়া প্রেরণ করণাভিপ্রায়ে গবর্ণমেণ্ট রিপোর্ট করিবেন ।

৪৩ । কোন প্রার্থনাপত্র গ্রাহ্য করিবামাত্র মহাল বা মধ্য-স্বত্ব বা তাহার অংশ সম্বন্ধে প্রার্থনাপত্র গ্রাহ্য করা গেল সেই মহাল বা মধ্য-স্বত্ব বা তাহার অংশের আনুমানিক একর প্রতি ॥০ আট আনা হারে খরচ আমানত করিবার নিমিত্তকালেক্টর সাহেব প্রার্থকের প্রতি আদেশ করিবেন । কালেক্টর সাহেব ভূমির পরিমাণ অনুমান করিতে না পারিলে তিনি প্রজাপ্রতি ২৲ টাকা হিসাবে খরচ আমানত করিবার আদেশ করিবেন । ৫০০৲ টাকার অধিক না হইলে প্রার্থক সমস্ত টাকা অগ্রিম আমানত করি-বেন । ৫০০৲ টাকার অধিক হইলে প্রার্থক ৫০০৲ টাকা আমানত করিবেন এবং কালেক্টর সাহেব আমানতের বাকী টাকা সময়েং যত কিস্তিতে দাওয়া করেন তাহা দিবার জন্যে যেরূপ জামিন দিবার আদেশ করেন প্রার্থকের সেইরূপ জামিন দিতে হইবে ।

আনুষ্ঠানিক কার্য্যের ব্যয় অপেক্ষা উপরোক্তমতে যদি অধিক টাকা আমানত করা গিয়াছে প্রমাণ হয়, তাহা হইলে কার্য্য শেষ হইলে পর খরচ না হওয়া বাকী টাকা ফেরত দেওয়া যাইবে ।

আমানত করা টাকাতে যদি খরচ না কুলায় তাহা হইলে আনুষ্ঠানিক কার্য্য সমাপ্ত করিবার জন্যে কালেক্টর সাহেবের বিবেচনায় আর যত টাকা আমানত করা আবশ্যক প্রার্থক সময়েং তত টাকা আমানত করিবেন, আমানত করিতে ক্রটি করিলে আনুষ্ঠানিক কার্য্য বন্ধ করা যাইতে পারিবে ও প্রার্থনাপত্র গ্রাহ্য হওনের আদেশ রহিত করা যাইবে ।

৪৪ । ১০১ ধারামত আজ্ঞাক্রমে যে সকল কর্ম্মচারী কার্য্য করেন তাঁহাদের কার্য্যপদ্ধতি প্রদর্শনার্থ যে কোন বিধি থাকে রাজস্ব কর্ম্মচারী কার্য্য চালাইবার সময়ে তদনুসারে চলিবেন ।

সি, ই, বকুলাণ্ড,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী ।

JUDICIAL DEPARTMENT.

No. 5710A.

No. 4548*J.*—*The* 26*th November* 1894.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Naihati in the district of the 24-Parganas, and are vested with the powers of a Magistrate of the 3rd class:—

Babu Shama Charan Mukerji. | Babu Syam Lal Mukerji.

No. 4583*J.*—*The* 27*th November* 1894.—The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Tangail, in the district of Mymensingh, and are vested with the powers of a Magistrate of the third class:—

Babu Kali Kumar Sen Chowdhury. | Mr. Abu Ahmed Ghuznavi.

No. 4589J.—*The* 27*th November* 1894.—Mr. Sidney James Bazalgette is appointed to be an Honorary Magistrate at Hiranpur in the district of the Sonthal Parganas and is vested with the powers of a Magistrate of the third class.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 4488J.

The 22*nd November* 1894.—Under section 3, Act I (B.C.) of 1876 (an Act to provide for the voluntary registration of Muhammadan marriages and divorces), the Lieutenant-Governor has been pleased to grant a license to Maulvi Bahauddin, authorizing him temporarily to register Muhammadan marriages and divorces, and to exercise the other functions of a Muhammadan Registrar within thanas Midnapore and Salbani in the district of Midnapore, during the absence, on leave, of Maulvi Reazuddin Ahmed.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 4489J.

The 22*nd November* 1894.—Under section 2, Act XII of 1880 (an Act for the appointment of persons to the office of Kazi), the Lieutenant-Governor has been pleased to grant a sanad (license) to Maulvi Bahauddin, appointing him temporarily to be Kazi of thanas Midnapore and Salbani in the district of Midnapore for the celebration of marriages and the performance of other rites and ceremonies, when application is made to him to perform any such functions, during the absence, on leave, of Maulvi Reazuddin Ahmed.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION—No. 4502J.

The 22*nd November* 1894.—It is hereby notified for general information that the Lieutenant-Governor, in pursuance of the power conferred by section 34 of Act V of 1861 (an Act for the Regulation of Police), has extended the said section to the town of Debiganj, in the district of Jalpaiguri, within the boundaries specified below:—

North—Taher Mahomed Patwari's *Dara* or *khal* as far as Bil Mekumari.

East—The boundary runs from Bil Mekumari along Taher Mahomed Patwari's *khal* as far as the bridge on the Bagdogra road, and then along Bil Bhully, commonly called Doobasari Bil, as far as the masonry bridge on the Debidoba khal; it then turns towards the west along the Debiganj Dowar road as far as the *khal* where the new road from the Karotaya *ghat* meets the above-named road; the boundary then runs along this *khal* beyond the Nayabandar as far as Debidoba *khal*.

South—The boundary extends from the point where the eastern boundary meets Debidoba *khal* as far as the old bank of the Karotaya river.

West—The boundary starts from this last point on the Karotaya river, and then runs along the old bank of the Karotaya and the east bank of the Rangapani till it meets Taher Mahomed Patwari's *khal* or *Dara*.

H. J. S. COTTON,
Chief Secy. to the Govt. of Bengal.

জুডিশ্যাল ডিপার্টমেন্ট।

৫৭১০ A, নম্বর।

৪৫৪৮ জে. নং।—১৮৯৪ সাল ২৬ নবেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনা জিলার অন্তর্গত নৈহাটীস্থ স্বাধীনবেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু শ্যামাচরণ মুখোপাধ্যায়। | শ্রীযুত বাবু শ্যামলাল মুখোপাধ্যায়।

৪৫৮৩ জে নং।—১৮৯৪ সাল ২৭ নবেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা ময়মনসিংহ জিলার অন্তর্গত তাঙ্গৈলস্থ স্বাধীনবেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু কালীকুমার সেন চৌধুরী। | শ্রীযুত আবু আহম্মদ গজনবি।

৪৫৮৯ জে, নং।—১৮৯৪ সাল ২৭ নবেম্বর।—শ্রীযুত সিডনি জেমস বাজালগেট সাহেব সাঁওতাল পরগনা জিলার অন্তর্গত হিরন্‌পুরে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

এচ্‌, জে, এস্‌ কটন্‌,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

৪৪৮৮ জে, নং—বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ২২ নবেম্বর।—শ্রীযুত মৌলবী রেয়াজুদ্দিন আহম্মদের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মৌলবী বাহাউদ্দিনকে লাইসেন্স দিয়া মেদিনীপুর জিলার অন্তর্গত মেদিনীপুর ও শালবনি থানার এলাকার মধ্যে কিয়ৎকালের জন্য মুসলমানদের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্ট্রারের অন্যান্য ক্ষমতামতে কার্য্য করিবার ক্ষমতা দিলেন।

এচ্‌, জে, এস্‌, কটন্‌,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

৪৪৮৯ জে, নং—বিজ্ঞাপন

১৮৯৪ সাল ২২ নবেম্বর।—শ্রীযুত মৌলবী রেয়াজুদ্দীন আহম্মদের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কাজীর পদে লোক নিয়োগ করণার্থ ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে শ্রীযুত মৌলবী বাহাউদ্দীনকে মেদিনীপুর জিলার অন্তর্গত মেদিনীপুর ও শালবনি থানায় কিয়ৎকালের জন্য কাজীর পদে নিযুক্ত করিয়া তাঁহাকে সনদ (লাইসেন্স) দিলেন। তাঁহার নিকট বিবাহ ও অন্যান্য ক্রিয়াকাণ্ড সম্পাদন করিবার প্রার্থনা করা গেলে তিনি উক্ত ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

এচ, জে, এস্‌, কটন্‌,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

৪৫০২ জে, নং—বিজ্ঞাপন।

১৮৯৪ সাল ২২ নবেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি পোলীসের বিধান করণার্থ ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে তিনি উক্ত ধারার বিধান জলপাইগুড়ি জিলার অন্তর্গত দেবীগঞ্জ নগরের নিম্ন নির্দ্দিষ্ট সীমার মধ্যে প্রচলিত করিলেন।

উত্তর সীমা।—বিল মেকুমারী পর্য্যন্ত তাহের মহম্মদ পাটওয়ারির দরো বা খাল।

পূর্ব্ব সীমা।—উক্ত সীমা বিল মেকুমারীহইতে তাহের মহম্মদ পাটয়ারির খালের সঙ্গে২ বাগদোগরা পথের সাঁকো পর্য্যন্ত যায়, ও পরে সামান্যতঃ ডুবাসরি বিল নামে খ্যাত বিলভুল্লীর সঙ্গে২ দেবীডোবা খালের পাকা সেতু পর্য্যন্ত যায় পরে উহা যে স্থনে পশ্চিম মুখে ফিরিয়া উক্ত খালের করতোয়া ঘাট হইতে নূতন পল দেবীগঞ্জ দোওয়ার পথের সঙ্গে২ মিলে সেই স্থান পর্য্যন্ত যায়, এই সীমা পরে এই খালের সঙ্গে২ দেবাডোবা খাল পর্য্যন্ত নয়া বন্দরের ওদিকে যায়।

দক্ষিণ সীমা।—এই সীমা পূর্ব্ব সীমা যে স্থানে দেবাডোবা খালে মিলে সেই স্থান হইতে করতোয়া নদীর পুরাতন তট পর্য্যন্ত বিস্তৃত।

পশ্চিম সীমা।—উক্ত সীমা কয়তোয়া নদীর এই শেষ স্থান হইতে উত্থিত হইয়া করতোয়া নদীর পুরাতন তটের ও রাঙ্গাপানির পূর্ব্ব তটের সঙ্গে২ তাহের মহম্মদ পাটওয়ারির খালে না মিলন পর্য্যন্ত যায়।

এচ্‌, জে, এস্‌, কটন্‌,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 4, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ৪ ডিসেম্বর ।

PART VIII.

ADVERTISEMENT.

অষ্টম খণ্ড ।

ইশ্তিহার প্রভৃতি ।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

জিলা বাকরগঞ্জ।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বাকরগঞ্জ জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৯৪ সনের ২৮শে সেপ্টেম্বর কিস্তির তলবি বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৪ সনের ২১শে ডিসেম্বর মোং ১৩০১ সনের ৭ই পৌষ রোজ শুক্রবার তারিখে বেলা ২ প্রহর সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৪। ৩০ অক্টোবর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
১৬৩১	রামপ্রসাদ তাং পং বোজরগোমেদপুর।	৬৫২৬৸৩ পাই।	......	এজমালী হিং ৸০ আনা অংশ নিলাম হইবেক— ১৬৩১নং ১নং হিং পৃথক ।০ আনা অংশ নিলাম হইবেক না।	কহিনীকুমার সেন গং।	৪৮৯৫/২ পাই।	......	৮০॥/৭ পাই।
১৬৭৫	সৈদদ্দিন খাঁ ও বসারত খাঁ ও বরহান খাঁ ও বাহুল্লা খাঁ তালুক পং বোজরগোমেদপুর।	১৪৭৬১।/০ আনা।	......	এজমালি হিং ৸০ আনা অংশ নিলাম হইবেক— ১৬৭৫নং ১নং হিং পৃথক ।০ আনা অংশ নিলাম হইবেক না।	অন্নপূর্ণা দাসী গং	১১০৭০৸৶৯ পাই।	......	১১৬১/৫ পাই।
১৬৭৮	সৈদমিরণ তালুক পং বোজরগোমেদপুর।	১১৮৩৸৶৯॥ পাই।	সম্পূর্ণ মহাল	......	ব্রজেন্দ্রকুমার রায় চৌধুরী।	......	৩৫২)	......
১৯৯৪	বিশ্বনাথ সেন তাং পং খাঞ্জাবাহাদুরনগর।	৫৭০।৶১১॥	সম্পূর্ণ মহাল	......	রাজকুমার সেন গং	......	৮৪৶৩॥	......

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
৩১৯৪	রামনগর পরগনা হিং ৫০ আনা।	৩৬৬০৫৶৩ পাই।	……	এজমালী হিং ।৶৭।১৭ যব অংশ নিলাম হইবেক— ৩১৯৪নং ২নং হিং পৃথক ⁄১৮॥২ যব অংশ নিলাম হইবেক ৫০০৲ টাকা ন্যূন জমা বিধায় এস্থানে দেখান গেল না। ৩১৯৪নং ১নং হিং পৃথক ⁄১৮॥২ যব ও ৩১৯৪নং ৩নং হিং পৃথক ।⁄১৫॥৬ যব অংশ নিলাম হইবেক না।	কালীকৃষ্ণ পাল চৌধুরি গং।	১৪৫৭॥⁄॥ পাই।	……	২৬৮৮৶৭ পাই।
৩৮৪৬	শিলিমাবাদ পরগনা হিং ১২। গণ্ডা।	৩৬৮২৶৫ পাই।	……	এজমালি হিং ॥৶১০ আনা অংশ নিলাম হইবেক— ৩৮৪৬নং ১নং হিং পৃথক ⁄১০ আনা ও ৩৮৪৬নং ২নং হিং পৃথক ।০ আনা অংশ নিলাম হইবেক না।	বলরাম দাস ..	২৪১৬।৶২ পাই।	……	৮৫৭॥৶১০
৪৫৪৬	পদ্মা ওরফে রমজানপুর চর পং কাশিমপুর সেহলাপট্টী।	৫৩৮৩	সম্পূর্ণ মহালের মালিকীস্বত্ব।	……	অম্বিকাচরণ চক্রবর্ত্তী গং।	……	২০২৪	..
৫২২২	কৃষ্ণপুরা চর …	৩১২১৲	সম্পূর্ণ মহাল	……	আলকমেছা বিবি গং	……	১২১৮⁄২ পাই।	……

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী
৬৩৩৭	৩৬১৩ নং তালুক ফতেমা খানম ৩৫৭৫নং তালুক আবু রব্বি উল্লা ৪৫৩০নং পং রামনগরের অন্তর্গত ১২২৯নং থাক কোলচরি পাতার চর, ১২২৭নং থাক গঙ্গাধরদি ১২১৯ নং থাক চহিগাও খানমপুর ১২৩২ নং থাক চর খানমপুর ২২৩১নং থাক আবুপুর গঙ্গাপুর গং মৌজা হায়ের গত সরবের অতিরিক্ত ভূমি পং রামনগর।	৭৭২৲	সম্পূর্ণ মহালের মালিকী স্বত্ব।	......	আনন্দচন্দ্র রায় গং	......	২৮৯৲	.....
৬৩৫৪	জিলা বাকরগঞ্জের তৌজিভুক্ত ৩০৫৭ নং চৌধুরাইন জিম্মতন্নেছা খাতুন মধ্যগত ১৩৮৪ নং থাক মৌজে কয়ারিয়ার গত সরবের অতিরিক্ত ভূমি পং কাশিমপুর সেহলাপট্টী।	৫৫৭৲	সম্পূর্ণ মহালের মালিকী স্বত্ব।	....	শ্রীমতী জমিরন্নেছা খাতুন গং।	......	১৩১৸১১	.....
৬৩৮২	জিলা বাকরগঞ্জের কলেক্টরীর তৌজীভুক্ত ৫২৩২নং মহাল জজিরাচর গাজিপুরা মধ্যগত ১৮৩৩ নং থাক গাজিপুর চরের শেষ বন্দবস্তী নকশার অতিরিক্ত ভূমি।	৬৮০৲	সম্পূর্ণ মহালের মালিকী স্বত্বের অংশ।	এজমালী হিং ৸০ আনা অংশ নিলাম হইবেক— ৬৩৮২নং ১নং হিং পৃথক ।০ আনা অংশ নিলাম হইবেক না।	মনিরদ্দি পাটারি গং	৫১০৲	......	১০৭।

টীকা।—যে স্থলে উপরের লিখিত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশমাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ইহা বুঝিতে হইবে যে অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

H. LeMesurier,
Offg. Collector.

জিলা ফরিদপুর।

জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে ফরিদপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৪। ২৮ ডিসেম্বর তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭, ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১৮৯৪। ১৪ নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২৭৯৩	পং জালালপুর, হিঃ আমানউল্লা।	১৯৩৯॥৯৸	...	১। ৪ নং হিস্যে পৃথক খাজ্ঞা বাহাদুরনগর ৶১০ আনা ও জোং শাখারপাড় ।৴১০ আনা চাকলে কবিরাজপুর ।৵১৬৷৭৬ তিল ও শ্রীনন্দী হাসনকান্দী ।৴১০ আনা ও সাকতাবাদ ॥২৸৭২ তিল জোং ধুড়ি আইল ।৴১০ আনা ও জোং কাবিলপুর ।৴১০ আনা ও চাকলে আরজবেগী ।৴১০ আনা চাকলে হরিণা ।৴১০ আনা ও চর ডুবাইল ।৴১০ আনা ও শারদী চর ।৴১০ আনা জোওয়ার আবদুল্লাবাদ ।৴১০ আনা জোং কাফরপুর ।৴১০ আনা।	গৌরমোহন চক্রবর্ত্তী ও শিবসুন্দরী দেব্যা গং।	৬৬৬॥৶৭৸	...	৯৮৸৬৷
৫৫৮২	পং রাজনগর হিঃ কেবলরাম সেন।	১৮৫৫॥৵৯॥	...	১ নং হিঃ পৃঃ ॥০ আনী।	খাজে আবদুল্লা ...	৯২৭৸৴৪৸	...	১৫২৶২৷
৫৫৮২	পং রাজনগর হিঃ কেবলরাম সেন।	১৮৫৫॥৵৯॥	...	১ নং হিঃ পৃথক মালিক খাজে আবদুল্লা হিঃ ॥০ আনী সদর জমা ৯২৭৸৴৪৸ পাই ও ২ নং হিঃ পৃথক মালীক সাহাজাদী ওরফে খএরন্নেছা বেগম মৌজে চোকামখোলা গয়রহ ॥০ আনী সদর জমা ৫৭।০ আনা ও ৩ নং হিঃ পৃঃ মালীক রাজকুমার মজুমদার কিশমত পরাশরদী গং হিঃ ॥০ আনী সদর জমা ২১৪॥০ আনা বাদে অবশিষ্ট মহাল।	চন্দ্রকান্ত গঙ্গোপাধ্যায় ও মৃজা মাহামুদ জোওয়াদ গং।	৬৫৬৴৪৸	...	১৭৬৷৶৩৷
৬২২০	পং রাজনগর হিঃ নিলমণি সেন।	৫৯৭৸৩	ষোল আনা	......	হরিমোহন, রাধিকা মোহন রায় ও রাজকুমার পাল গয়রহ।	...	৪৩৷৴৯॥	...
৬৩৬৯	পং বিরাহীমপুর ফকিরাবাদ মহাল।	১৩২৩,	ঐ	......	রায় পার্ব্বতিশঙ্কর রায় চৌধুরী, রায় প্রাণশঙ্কর চৌ- চৌধুরী গয়রহ।	...	৩০৬৷৶০	...
৬৩৮৯	পং রাজনগর চাকলে আমিরাবাদ মহাল হোশনাবাদ।	৭৯৪,	ঐ	......	প্রসন্ন কুমার চৌধুরী	...	২০০,	...

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজীর নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, তাহার বাকী।
৬৪৪৮	পং জালালপুর মহাল তাজপুর।	১১৭১৲	ষোল আনা	.....	আমীনদ্দি হাওলাদার জলধর ঘোষ গয়রহ।	......	২৯৩৲	...
৬৫১৩	পং মুরুল্লাপুর গোপালপুরের অতিরিক্ত মহাল।	৮০১৲	ঐ	.....	প্রসন্ন কুমার সেন...	......	২০০৲	...
৬৫১৮	পং হাভেলী মামুদপুর শালেপুরের অতিরিক্ত মহাল।	১০৪৭৲	ঐ	.....	ঐ	......	২৬২৲	...

JUGGO BANDHU KHAN,
Dy. Collector in charge.

জিলা যশোহর।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যশোহর জেলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জেলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৯৪ সালের ২৮ সেপ্টেম্বর তলবী বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৪ সালের ২১ ডিসেম্বর মোং ১৩০১ সালের ৭ পৌষ রোজ শুক্রবার তারিখে বেলা দুই প্রহর সময় নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থানে ঐ অংশের নিমিত্ত ও স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগণার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
২৬৮নং তৌজির ১ হিস্যা।	শ্রীরামপুর পঃ ইশবপুর।	৯৩৯৴৬	.. .	১ হিস্যা ...	হরিভূষণ ঘোষ, সুরেন্দ্রনাথ ঘোষ, শশীভূষণ ঘোষ।	৬২৬৴০	... ..	৮১৷৷১১
৫০৭৩নং তৌজির ১ হিস্যা।	ভবানীপুর পঃ কাগলায়া।	৬২২১৷৵৭	......	১ হিস্যা ...	ঈশানকালী দেবী দামিনী দাসী চৌধুরাণী একজিকিউট্রিক্স জানেবে প্রমথনাথ, সত্যপ্রসাদ, ললিতমোহন পাল চৌধুরী।	১০৩৬৸৵৩৷৷	......	১৮২৷৶৬৷৷
৫০৭৩নং তৌজির ২ হিস্যা।	ভবানীপুর পঃ কাগলায়া।	৬২২১৷৵৭	... .	২ হিস্যা ...	শ্যামাচরণ বল্লভ উপেন্দ্রনাথ সাউ।	৩১১০৷৷৶৩৷৷	......	৩০৪৵১১৷৷

JESSORE COLLECTOR'S OFFICE,
Dated 20th November 1894

C. J. STEVENSON-MOORE, *Collector.*

জিলা চট্টগ্রাম।

জমিদারী বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৪ ইং ২১এ ডিসেম্বর তারিখে নীলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।	কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।	কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।
				প্রথম শ্রেণীর কায়মি মহাল —				
৩১৯ / ১৬৯৪ / ২১৫৭	ফাঁড়ি রাঙ্গনীয়া — তরফ রূমকরণ ...	৫৬১॥/৬	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে।	....	শিবরত্ন হাজারি ...	...	১৬৬॥৶১	...

১৮৯৪ ইং ২৫ সেপ্টেম্বর শেষ তারিখের বাকী পড়া।

J D. ANDERSON, *Collector.*

জিলা বীরভূম। জমীদারি বিক্রয়ের বিজ্ঞাপন ক।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বীরভূম জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি এবং মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী আইনানুসারে বাকী রাজস্বের ন্যায় আদায়ের যোগ্য তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৯৫। ৭ই জানুয়ারি বাঙ্গলা ১৩০১। ২৪শে পৌষ সোমবার তারিখে বেলা ১২ টার সময় নিলামে বিক্রয় করা যাইবে। ১৮৯৪। ১০ই নবেম্বর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
ত্রিপুরা জিলার অন্তর্গত চান্দিনার গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত ঠাকুর শরচ্চন্দ্র সিংহ, উক্ত জিলার অন্তর্গত চৌদ্দগ্রামের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

ত্রিপুরা জিলার অন্তর্গত চৌদ্দগ্রামের গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু রাজকুমার সেন, উক্ত জিলার অন্তর্গত লাক্ষামের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

এচ্, জে, এস্, কটন্,
বঙ্গদেশের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটরী।

TUESDAY, DECEMBER 18, 1894.

মঙ্গলবার, ১৮৯৪ সাল ১৮ ডিসেম্বর।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

No. 5670 *M.—The 8th December* 1894.—It is hereby notified for general information that, in the exercise of the power conferred on him by section 86 of the Bengal Municipal Act, III of 1884, as amended by Act IV of 1894, and in accordance with the recommendation of the Commissioners of the Raniganj Municipality, in the district of Burdwan, made at a meeting, the Lieutenant-Governor intends to sanction the levy by the Commissioners, under section 131 of the Act, of a tax on carriages and on horses and other animals mentioned in the fifth schedule of the Act, at rates not exceeding those mentioned in the said schedule, unless good reasons are shown to the contrary within one month from the date of publication of this notification within the Municipality.

J. A. Bourdillon,
Offg. Secy. to the Govt. of Bengal.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

৫৬৭০ এম, নং।—১৮৯৪ সাল ৮ ডিসেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বর্দ্ধমান জিলার অন্তর্গত রাণীগঞ্জ মুনিসিপালিটীতে এই বিজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে যুক্তিসিদ্ধ বিপক্ষ কারণ দর্শান না গেলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৯৪ সালের ৪ আইন দ্বারা সংশোধিত বঙ্গদেশের মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের ৩ আইনের ৮৬ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে তিনি, উক্ত আইনের পঞ্চম তফসীলের লিখিত গাড়ী, ঘোড়া ও অন্যান্য জন্তুর উপর উক্ত তফসীলের লিখিত হারের অনধিক হারে উক্ত আইনের ১৩১ ধারামতে উক্ত কমিশনরদের দ্বারা টাক্স আদায় হইবার অনুমতি দিতে কল্পনা করিয়াছেন।

জে, এ বুর্ডিলং,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার ১৮৯৪ সাল ১৮ই ডিসেম্বর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৯৪ সালের ১২ই অক্টোবর তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিপ্রাপ্ত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত করা গেল।

১৮৯৪ সালের ১২ আইন।

ভারতবর্ষের যুদ্ধের আর্টিকেল সংশোধন করণার্থ ১৮৯৪ সালের আইন।

সূচী।

ধারা।

১১। ২৪ আর্টিকেল সংশোধন করিবার কথা।

১২। ২৫ ও ২৬ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

১৩। ৩১ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

১৪। ৩৯ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

১৫। ৪০ আর্টিকেল সংশোধন করিবার কথা।

১৬। ৪৭ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

১৭। ৫৭ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

১৮। ৬৫ আর্টিকেল সংশোধন করিবার কথা।

১৯। ৬৬ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

২০। ৬৯ আর্টিকেল সংশোধন করিবার কথা।

২১। ৭১ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

২২। ৭২ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

২৩। ৭৩ ও ৭৪ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

সাধারণ সামরিক আদালত আহ্বান করিবার ক্ষমতার কথা।

জেনরল সামরিক আদালতের গঠনের কথা।

২৪। ৭৫, ৭৭, ৭৮ ও ৭৯ ধারা রহিত করিবার কথা।

২৫। আর্টিকেল সংশোধন করিবার কথা।

২৬। ৮০ ও ৮১ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

ডিষ্ট্রিক্ট সামরিক আদালতের গঠনের কথা।

২৭। ৮২ আর্টিকেল সংশোধন করিবার কথা।

২৮। ঐ আর্টিকেল আরও সংশোধন করিবার কথা।

২৯। ৮২ আর্টিকেলের পর নূতন আর্টিকেল সন্নিবেশিত করিবার কথা।

বেশী সংখ্যা পাওয়া যাইতে পারে কি না আহ্বান করিবার আদেশে তাহা লিখিত হইবার কথা।

৩০। ৮৩ ৮৪ ও ৮৫ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

রেজিমেন্টের সামরিক আদালত নিযুক্ত করিবার কথা।

রেজিমেন্টের সামরিক আদালত গঠন করিবার কথা।

ঐ আদালতের ক্ষমতার কথা।

ঐরূপ আদালতের দণ্ডাজ্ঞা সম্বন্ধে ক্ষমতার কথা।

ধারা।

৩১। ৮৬ হইতে ৮৯ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

কখন দেশীয় ও বৃটিশ আফিসর মনোনীত করিতে হইবে সেই কথা।

জজ-এডবোকেটের কথা ও দেশীয় সামরিক আদালতের নিমিত্ত তত্ত্বাবধায়ক আফিসর নিযুক্ত করিবার কথা।

অধ্যক্ষের কথা।

নিষ্পত্তি ও দাণ্ডাজ্ঞা দৃঢ়ীকৃত না হইলে অসিদ্ধ হইবার কথা।

কাহা দ্বারা নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা দৃঢ়ীকৃত হইতে পারিবে বা নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা সম্বন্ধে অন্য রকম বিলি ব্যবস্থা হইতে পারিবে সেই কথা।

যে আফিসর দৃঢ় করেন তাঁহার দণ্ডাজ্ঞা কম করিবার রেহাই দিবার ও বদল করিবার ক্ষমতার কথা।

৩২।—৯০ হইতে ৯৭ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

সরাসরি জেনরল সামরিক আদালত আহ্বান করিবার কথা।

সরাসরি জেনরল সামরিক আদালত গঠন করিবার কথা।

সরাসরি জেনরল সামরিক আদালতের ক্ষমতার কথা।

সরাসরি সামরিক আদালত আহ্বান করিবার ও গঠন করিবার কথা এবং ঐ আদালত কর্ত্তৃক বিচার্য্য ব্যক্তিদিগের কথা।

সরাসরি সামরিক আদালত দ্বারা বিচার্য্য অপরাধের কথা।

সরাসরি সামরিক আদালতের ক্ষমতার কথা।

সরাসরি সামরিক আদালতের নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞার কথা।

সরাসরি সামরিক আদালতের কার্য্য বিবরণ প্রেরণ করিবার কথা।

৩৩। ১০০ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

দোষী ব্যক্তিকে গ্রেপ্তার বা অবরুদ্ধ করিবার কথা।

৩৪। ১০১ আর্টিকেল রহিত করিবার কথা।

৩৫। ১০২ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

দ্বিভাষীর কথা।

৩৬। ১০৩ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

আদালত ভাঙ্গিবার কথা।

আদালত হইতে লোক সরাইয়া দিবার কথা।

ধারা।

অপরাধী সমর্পণের নিমিত্ত ফৌজদারী আদালতের আদেশ করিবার ক্ষমতার কথা।

৭২। ১৭৬ হইতে ১৭৯ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

মৃত, পলাতক ও ক্ষিপ্ত ব্যক্তিদের সম্পত্তির কথা।

প্রবেট প্রভৃতি হাজির না করিলেও কোনং সম্পত্তি সম্বন্ধে বিলিব্যবস্থা করিবার কথা।

১৭৬ আর্টিকেলে পলায়নের অর্থের কথা।

১৭৬ আর্টিকেল ক্ষিপ্তব্যক্তিদের সম্বন্ধে খাটিবার কথা।

৭৩। ৩য় ভাগের পরিবর্ত্তে নূতন ভাগ বসাইবার কথা।

দ্বিতীয়বার বিচার নিষিদ্ধ হইবার কথা।

ঋণের জন্য গ্রেপ্তার হইতে মুক্তির কথা।

সম্পত্তি ক্রোক হইতে মুক্ত হইবার কথা।

ঠিক পূর্ব্ববর্ত্তী দুইটী আর্টিকেল রিজার্ব সেনাদলের লোকদিগের সম্বন্ধে খাটিবার কথা।

ধারা।

যে সকল মোকদ্দমায় দেশীয় আফিসর বা সৈনিকেরা সংসৃষ্ট থাকে আদালতের সেই সকল মোকদ্দমা আগে শুনিবার কথা।

পলাতকদিগের গ্রেপ্তারের কথা।

সামরিক অপরাধীগণকে গ্রেপ্তার করিবার কথা।

স্বাক্ষর সম্বন্ধে যেরূপ অনুমান করিতে হইবে তাহার কথা।

আর্ম্মি কমাণ্ডের অধীন সেনাদলের অংশের কথা।

ভারতবর্ষের শ্রীযুক্ত প্রধান সেনাপতি সাহেবের ক্ষমতা বাঁচাইবার কথা।

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

ভারতবর্ষের গবর্ণমেন্টের অধীন কোনং সেনাদলের প্রতি এই সকল আর্টিকেল খাটাইবার ক্ষমতার কথা।

৭৪। আর্টিকেল সমূহে দ্বিতীয় ক্রোড়পত্র সংযোগ করিবার কথা।

তফসীল।—৭৪ ধারা দেখ।

শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় সেনাদল শাসনার্থ যুদ্ধের আর্টিকেল সংশোধন করণার্থ আইন।

শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় সেনাদল শাসনার্থ যুদ্ধের আর্টিকেল সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত মত বিধান করা গেল।

নাম এবং আরম্ভ হইবার কথা।

১ ধারা। (১) এই আইনটীকে ভারতবর্ষের যুদ্ধের আর্টিকেল সংশোধন করণার্থ ১৮৯৪ সালের আইন বলা যাইতে পারিবে। এবং

(২) ইহা প্রচলিত হইবার পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া যে তারিখ ধার্য্য করিবেন ইহা সেই তারিখে প্রচলিত হইবে।

ভারতবর্ষের যুদ্ধের আর্টিকেলের প্রথম ভাগের (c) দফা রহিত করিবার কথা।

২ ধারা। (অতঃপর যাহাকে "উক্ত আর্টিকেল সকল" বলা হইয়াছে) ভারতবর্ষের সেই যুদ্ধের আর্টিকেলের প্রথম ভাগের (c) দফা এতদ্দ্বারা রহিত করা গেল।

প্রথম ভাগের (d) দফার পরিবর্ত্তে নূতন দফা বসাইবার কথা।

৩ ধারা। উক্ত আর্টিকেল সকলের প্রথম ভাগের (d) দফার পরিবর্ত্তে নিম্নলিখিত দফা বসাইতে হইবে, অর্থাৎ :—

"(d) .—আর্টিকেল খাটিবার কথা।

(a) যে সকল ব্যক্তির সম্বন্ধে এই সকল আর্টিকেল প্রকৃতপক্ষে এক্ষণে খাটে সেই সকল ব্যক্তির সম্বন্ধে ;

(b) যে সকল ব্যক্তি শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় সেনাদলের দেশীয় আফিসর বলিয়া কমিশন প্রাপ্ত বা গেজেটে বিজ্ঞাপিত হয়েন কিম্বা ওয়ারাণ্ট আফিসর বলিয়া গেজেটে বিজ্ঞাপিত হয়েন সেই সকল ব্যক্তির সম্বন্ধে ;

(c) অধস্তন ডাক্তারদিগের সম্বন্ধে ;

(d) এই সকল আর্টিকেল অনুসারে পরীক্ষিত ব্যক্তিদিগের সম্বন্ধে ;

(e) অপরীক্ষিত রঙ্গরুটদিগের সম্বন্ধে ;

(f) এই সকল আর্টিকেল অনুসারে রোলভুক্ত হওয়া ব্যক্তিদিগের সম্বন্ধে ;

(g) যে সকল ব্যক্তি অন্য কোন প্রকারে সামরিক আইনের অধীন না হইয়া যুদ্ধে নিযুক্ত থাকিবার কালে তাঁবুতে, কুচ করিয়া যাইবার সময় কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক বিজ্ঞাপনক্রমে এতৎপক্ষে নির্দ্দিষ্ট কোন সীমান্ত আড্ডায় শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় সেনা দলের দ্বারা নিযুক্ত হয়, কিম্বা তাহাদের চাকরীতে থাকে কিম্বা তাহাদের পশ্চাদ্গামী দলভুক্ত হয় কিম্বা তাহাদের কোন অংশের সঙ্গে যায়-সেই সকল ব্যক্তির সম্বন্ধে ;—

এই সকল আর্টিকেল খাটিবে।

কিন্তু নিম্নলিখিত মত বিধান করা গেল যে যদি কোন ব্যক্তি এমন কোন শ্রেণীর অন্তর্গত বলিয়া দাবী করেন যাহার সম্বন্ধে সেনা বিষয়ক আইন খাটিতে পারে কিন্তু এই সকল আর্টিকেল খাটিতে পারে না তাহা হইলে তিনি সেই শ্রেণীর অন্তর্গত ইহা প্রমাণ করিবার ভার তাঁহার।

প্রথমভাগের (e) দফার পরিবর্ত্তে নূতন দফা বসাইবার কথা।

৪ ধারা। উক্ত আর্টিকেল সকলের প্রথমভাগের (e) দফার পরিবর্ত্তে নিম্নলিখিত দফাটী বসাইবে হইবে, অর্থাৎ :—

"(e) ।—অর্থনির্দ্দেশ।

"বিষয় বা পূর্ব্বাপর বাক্যাবলীতে বিপরীত রকমের কিছু না থাকিলে এই সকল আর্টিকেলে—

(১) 'বিজ্ঞাপন' বলিতে রাজকীয় গেজেটে প্রকাশিত বিজ্ঞাপন বুঝাইবে।

(২) 'নির্দ্দিষ্ট' বলিতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত কিম্বা তাঁহা হইতে এতৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ত্তৃপক্ষের প্রণীত বিধি দ্বারা নির্দ্দিষ্ট বুঝাইবে।

(৩) 'বৃটিশ আফিসর' বলিতে শ্রীশ্রীমতীর স্থল সেনাদলে কমিশন রাখেন এমন কর্ম্মচারী বুঝাইবে কিন্তু কোন অবৈতনিক কমিশনপ্রাপ্ত আফিসর বুঝাইবে না।

(৪) 'দেশীয় আফিসর' বলিতে যে কর্ম্মচারী শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় সেনা দলে দেশীয় পদ রাখেন বলিয়া কমিশনপ্রাপ্ত হন কিম্বা গেজেটে বিজ্ঞাপিত হন সেই কর্ম্মচারী বুঝাইবে।

(৫) 'আফিসর' বলিতে বৃটিশ আফিসর অথবা দেশীয় আফিসর বুঝাইবে কিন্তু ওয়ারাণ্ট আফিসর বা অপ্রাপ্তকমিশন আফিসর বুঝাইবে না।

(৬) 'অধস্তন ডাক্তার' বলিতে পদজ্যেষ্ঠ হাঁস্পাতাল আসিষ্টাণ্ট, প্রথম, দ্বিতীয় বা তৃতীয় শ্রেণীর হাঁস্পাতাল আসিষ্টাণ্ট এবং সব-হাঁস্পাতাল আসিষ্টাণ্ট বুঝাইবে কিন্তু আফিসর বুঝাইবে না।

(৭) এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তির সম্বন্ধে ব্যবহৃত হইলে 'উপরিতন আফিসর' বলিতে ওয়ারাণ্ট আফিসর, অপ্রাপ্ত কমিশন আফিসর এবং একটিন্ অপ্রাপ্ত কমিশন আফিসরকেও বুঝাইবে।

(৮) 'সৈনিক' বলিতে অপ্রাপ্ত কমিশন আফিসর এবং শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় সেনাদলে কর্ত্তব্যকর্ম্ম করিতেছে এমন যে কোন সশস্ত্র ব্যক্তিকেও বুঝাইবে।

(৯) 'রঙ্গরুট' বলিতে কোন কোরে বা ডিপার্টমেণ্টে সৈনিকস্বরূপ রোলভুক্ত হইবার নিমিত্ত লিষ্টিভুক্ত হওয়া ব্যক্তি বুঝাইবে।

(১০) 'কোর' বলিতে অধ্যক্ষতার অবিভাজ্য পরিমাণ বুঝাইবে, যথা, অশ্বারোহী সেনার এক রেজিমেণ্ট, পদাতিক সেনার এক রেজিমেণ্ট বা বাটালিয়ন

কামানাদির এক বেটারি এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক এই সকল আর্টিকেলের প্রয়োজনার্থ সাধারণ বা বিশেষ হুকুমক্রমে অপর যে কোন পৃথক সেনাদলকে কোর বলিয়া ব্যক্ত করা হয় সেই সেনাদল এবং সৈনিক হাঁস্পাতাল কোর এবং ট্রান্সপোর্ট কোরও বুঝাইবে।

(১১) 'ডিপার্টমেণ্ট' বলিতে কোন ডিপার্টমেণ্টের কোন বিভাগ বা শাখাও বুঝাইবে।

(১২) 'সামরিক পুরস্কার' বলিতে দীর্ঘচাকরী বা সচ্চরিত্রের নিমিত্ত কোন পুরস্কার বা বৃত্তি বুঝাইবে এবং সচ্চরিত্রের নিমিত্ত বেতন বা পেন্সন এবং অন্য কোন আর্থিক পুরস্কারও বুঝাইবে।

(১৩) 'শত্রু বলিতে সমস্ত সশস্ত্র সৈনিক বিদ্রোহী, সশস্ত্র বিদ্রোহী, সশস্ত্র দাঙ্গাকারী এবং জলদস্যুও বুঝাইবে।

(১৪) যে ব্যক্তি এই সকল আর্টিকেলের অধীন তাহার সম্বন্ধে প্রযুক্ত হইলে 'যুদ্ধে নিযুক্ত থাকিবার কাল' বলিতে যে সেনাদল কোন শত্রুর বিরুদ্ধে কোন কার্য্যে নিযুক্ত আছে কিম্বা যে দেশ বা স্থান কোন শত্রু কর্ত্তৃক সম্পূর্ণরূপে বা অংশতঃ অধিকৃত হইয়াছে সেই দেশে সামরিক কার্য্যে নিযুক্ত আছে কিম্বা সেই দেশে কুচ করিয়া যাইবার পথে রহিয়াছে কিম্বা কোন বিদেশ সামরিক প্রণালীতে অধিকার করিয়া রাখিয়াছে যে সময় সেই ব্যক্তি সেই সেনাদলসংলগ্ন থাকেন বা সেই সেনাদলের অন্তর্গত থাকেন সেই সময় বুঝাইবে।

(১৫) 'ভারতবর্ষ' এই কথায় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের দ্বারা কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত কোন গবর্ণর সাহেবের দ্বারা কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অধীনস্থ অপর কর্ম্মচারী দ্বারা পরিচালিত শ্রীশ্রীমতীর আধিপত্যের অধীন কোন রাজা বা চীফের রাজাধিকার সুদ্ধ বৃটিশ ভারতবর্ষ বুঝাইবে। এবং 'বৃটিশ ভারতবর্ষ এই কথায় শ্রীশ্রীমতীর রাজ্যের অন্তর্গত যে সমস্ত রাজাধিকার ও স্থান উপস্থিত সময়ে শ্রীশ্রীমতী কর্ত্তৃক মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের হাত দিয়া কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত কোন গবর্ণর সাহেব বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অপর অধস্তন কর্ম্মচারীর হাত দিয়া শাসন করা হয় তাহা বুঝাইবে।

(১৬) 'কমাণ্ডের জেনরল আফিসর' এই কথায় যে জেনরল আফিসর কোন কমাণ্ডের সেনাদলের অধ্যক্ষতা করেন তাঁহাকে বুঝাইবে। এবং 'কমাণ্ড' এই কথায় ভারতবর্ষের সৈন্য উপস্থিত সময়ে যে কয়টী প্রধান অংশে বিভক্ত থাকে তন্মধ্যে একটী বুঝাইবে।

(১৭) এই সকল আর্টিকেলের কোন বিধানে শ্রীশ্রীমতীর সেনাদলের কোন পৃথক অংশ সম্বন্ধে কিম্বা কোন ডিপার্টমেণ্ট সম্বন্ধে 'কমাণ্ডিং আফিসর' এই কথা ব্যবহৃত হইলে ভারতবর্ষের সৈন্য বিষয়ক ব্যবস্থানুসারে অথবা ঐরূপ কোন ব্যবস্থা না থাকিলে সর্ব্বিসের রীতি অনুসারে সেনাদলের ঐ অংশ সম্বন্ধে অথবা ঐ ডিপার্টমেণ্ট সম্বন্ধে ঐ বিধানের লিখিত প্রকারের বিষয় সম্বন্ধে 'কমাণ্ডিং আফিসরের' কার্য্য নির্ব্বাহ করা যে বৃটিশ কর্ম্মচারির কর্ত্তব্যকর্ম্ম তাঁহাকে বুঝাইবে।

(১৮) 'সামরিক হাজত' বলিতে সর্ব্বিসের রীত্যনুসারে কোন ব্যক্তিকে গ্রেপ্তার করা বা আবদ্ধ করা বুঝাইবে।

(১৯) 'সামরিক আদালত' বলিতে এই সকল আর্টিকেল অনুসারে অধিবিষ্ট সামরিক আদালত বুঝাইবে।

(২০) 'ফৌজদারী আদালত' বলিতে বৃটিশ ভারতবর্ষস্থিত কোন সাধারণ ফৌজদারী বিচারালয় কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমত্যনুসারে অন্য কোন স্থানে স্থাপিত বা রাখিয়া দেওয়া সাধারণ ফৌজদারী বিচারালয় বুঝাইবে।

(২১) 'সিবিল অপরাধ' বলিতে যে অপরাধ বৃটিশ ভারতবর্ষে করা হইলে ফৌজদারী আদালত কর্ত্তৃক বিচার্য্য হয় সেই অপরাধ বুঝাইবে।

(২২) 'অপরাধ বলিতে যে কার্য্য করা বা না করা এই সকল আর্টিকেল অনুসারে দণ্ডনীয় তাহা করা বা না করা বুঝাইবে এবং ইতিপূর্ব্বের অর্থনির্দ্দেশানুযায়িক সিবিল অপরাধও বুঝাইবে। এবং

(২৩) যে সকল কথা ভারতবর্ষের দণ্ডবিধির আইনে আছে এবং এই সকল আর্টিকেলে ব্যবহার করা হইয়াছে এবং এই আইনে যাহার অন্য অর্থ নির্দ্দেশ করা হয় নাই উক্ত দণ্ডবিধির আইনে সেই সকল কথার যথাক্রমে যে যে অর্থ নির্দ্দিষ্ট হইয়াছে উহাদের সেই সেই অর্থ হইবে।"

প্রথম ভাগের (*f*) দফার পরিবর্ত্তে নূতন দফা বসাইবার কথা।

৫ ধারা। উক্ত আর্টিকেল সকলের প্রথম ভাগের (*f*) দফার পরিবর্ত্তে নিম্নলিখিত দফা বসাইতে হইবে অর্থাৎঃ—

"(*f*)।—কোন কোন ব্যবস্থা বাঁচাইবার কথা।

"যে সকল ব্যবস্থা দ্বারা কাণ্টনমেণ্ট মাজিস্ট্রেটদিগের এবং কাণ্টনমেণ্টস্থিত পোলীসের ভারপ্রাপ্ত কর্ম্মচারীদিগের আপন আপন পদ ও ক্ষমতা নির্দ্দিষ্ট ও নিয়মিত হয় এই সকল আর্টিকেলে যাহা কিছু আছে তদ্দ্বারা তাহার কোন ব্যতিক্রম হইবে না।"

দ্বিতীয় ভাগের প্রথম টাইটেলের পরিবর্ত্তে নূতন টাইটেল বসাইবার কথা।

৬ ধারা। উক্ত আর্টিকেল সকলের দ্বিতীয় ভাগের প্রথম টাইটেলের পরিবর্ত্তে নিম্নলিখিত টাইটেল বসাইতে হইবে, অর্থাৎ :—

"প্রথম টাইটেল।—রোলভুক্ত করিবার, পরীক্ষা করিবার, ছাড়াইয়া দিবার এবং ছাড়িয়া দিবার কথা।

রোলভুক্ত ও পরীক্ষিত করিবার কথা।

"১ আর্টিকেল।—(১) কোন্ কোন্ ব্যক্তি বা কোন্ কোন্ শ্রেণীর ব্যক্তিকে যথাক্রমে কেবল মাত্র রোলভুক্ত করা যাইবে অথবা রোলভুক্ত

ও পরীক্ষিত দুইই করা যাইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিজ্ঞাপন দিয়া তাহা ব্যক্ত করিতে পারিবেন।

রোলভুক্ত করিবার পদ্ধতির কথা।

(২) কোন ব্যক্তির নাম তাঁহার সম্মতি সহকারে শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় সেনাদলের কোন কোর বা ডিপার্টমেন্টের লিষ্টিতে নির্দ্দিষ্ট প্রকারে লিখিত হইলে তিনি এই সকল আর্টিকেল অনুসারে রোলভুক্ত হইয়াছেন বলিয়া বিবেচিত হইবেন।

পরীক্ষা করিবার পদ্ধতির কথা।

(৩) যে ব্যক্তিকে এই সকল আর্টিকেল অনুসারে পরীক্ষা করিতে হইবে রঙ্গরুট সম্বন্ধে এই আর্টিকেলের বিধানের অধীনের তাহাকে নির্দ্দিষ্ট সিবিল বা সামরিক কর্ম্মচারীর সমক্ষে লইয়া যাওয়া হইবে এবং সেই কর্ম্মচারী পরীক্ষার নির্দ্দিষ্ট ফারমের লিখিত প্রশ্ন এবং অন্য বিষয় নির্দ্দিষ্ট হইলে তাহা তাহাকে পড়িয়া বুঝাইয়া দিবেন কিম্বা আপনার সাক্ষাতে পড়াইয়া বুঝাইয়া দেওয়াইবেন এবং পরীক্ষার ফারমের লিখিত কোন প্রশ্নের মিথ্যা উত্তর দিলে এই সকল আর্টিকেলের বিধানানুসারে তাহার দণ্ড হইতে পারে তাহাকে এইরূপ সতর্ক করিয়া প্রত্যেক প্রশ্নের উত্তর লিপিবদ্ধ করিবেন এবং তাঁহার যদি এরূপ হৃদবোধ হয় যে ঐ ব্যক্তি প্রশ্নগুলি সম্পূর্ণরূপে বুঝিয়াছে এবং প্রত্যেক প্রশ্নের গায়ে উহার উত্তর ঠিক করিয়া লিপিবদ্ধ করা হইয়াছে এবং তিনি যদি কোন বাধা না দেখেন তাহা হইলে তিনি ঐ ব্যক্তিকে নির্দ্দিষ্ট ফারমে প্রতিজ্ঞা বা শপথ করাইবেন।

(৪) এই আর্টিকেল অনুসারে প্রতিজ্ঞা বা শপথের যে ফারম নির্দ্দিষ্ট করা হয় তাহাতে এইরূপ একটী অঙ্গীকার থাকিবে যে যে ব্যক্তিকে পরীক্ষা করা হইবে সে শ্রীশ্রীমতীর, তাঁহার ওয়ারিসানদিগের এবং উত্তরাধিকারীদিগের বিশ্বস্ত হইয়া থাকিবেন এবং সে শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় সেনাদলে কর্ম্ম করিবে এবং স্থলপথে বা সমুদ্রপথে যেখানেই তাহাকে যাইতে আদেশ করা যাইবে সেই খানেই যাইবে এবং যে কোন কর্ম্মচারীকে তাহার উপরে স্থাপন করা যায় আপন জীবনকে বিপন্ন করিয়াও সে তাঁহার সমস্ত আদেশ পালন করিবে।

(৫) কর্ত্তব্য কর্ম্মের উপযুক্ত বলিয়া কোন রঙ্গরুট সম্বন্ধে রিপোর্ট করা গেলে কোরের সামনে কিম্বা কোরের যে অংশ অথবা ডিপার্টমেন্টের যে সকল লোক উপস্থিত থাকিবে তাহাদের সামনে কমাণ্ডিং আফিসর তাহাকে নির্দ্দিষ্ট প্রকারে ঐ ফারমে প্রতিজ্ঞা বা শপথ করাইবেন।

(৬) প্রতিজ্ঞা বা শপথ করাইবার পর ঐ আফিসর আপন নাম স্বাক্ষর করিয়া পরীক্ষার কাগজ প্রমাণীকৃত করিবেন এবং ঐ ব্যক্তি তখন পরীক্ষিত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে।

রোলভুক্ত করা ও পরীক্ষা করা কোন কোন স্থলে সমান ফলপ্রদ বলিয়া ব্যবহৃত হইবার কথা।

(৭) যে কোন বিধি নির্দ্দিষ্ট হয় তদধীনে ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেব কিম্বা কমাণ্ডের জেনরল আফিসর এইরূপ আদেশ করিতে পারিবেন যে পরীক্ষিত বলিয়া যে সকল ব্যক্তির সম্বন্ধে এই সকল আর্টিকেল খাটে এই সকল আর্টিকেলের প্রয়োজনার্থ সেই সকল ব্যক্তিকে রোলভুক্ত বলিয়া বিবেচনা করা যাইবে এবং রোলভুক্ত বলিয়া যে সকল ব্যক্তির সম্বন্ধে এই সকল আর্টিকেল খাটে এই সকল আর্টিকেলের প্রয়োজনার্থ সেই সকল ব্যক্তিকে পরীক্ষিত বলিয়া বিবেচনা করা যাইবে।

পদ ও অধীনতার কথা।

"২ আর্টিকেল।—(১) সেনাবিষয়ক আইনের বিধানের অধীনে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিজ্ঞাপন দিয়া এইরূপ আদেশ করিতে পারেন যে কোন শ্রেণীর যে সকল ব্যক্তি এই সকল আর্টিকেলের অধীন তাহাদিগকে এই সকল আর্টিকেলের কোন প্রয়োজনার্থ দেশীয় আফিসর, ওয়ারাণ্ট আফিসর বা অপ্রাপ্তকমিশন আফিসর বলিয়া বিবেচনা করা যাইবে। এবং

(২) উপরোক্তমত অধীন হইয়া কোন নির্দ্দিষ্ট কর্ত্তৃপক্ষ এইরূপ কোন ব্যক্তির সম্বন্ধে অদ্রূপ কোন আদেশ করিয়া হুকুম দিতে পারিবেন।

(৩) এই আর্টিকেল অনুসারে যে কোন বিজ্ঞাপন বা হুকুম দেওয়া হয় যে কর্ত্তৃপক্ষ উহা দেন তাঁহাদ্বারা উহা রহিত হইতে পারিবে। এবং

(৪) উক্ত শ্রেণী সকলের যে ব্যক্তি সম্বন্ধে এরূপ কোন বিজ্ঞাপন বা হুকুম প্রবল নাই উপরোক্তমত অধীন হইয়া তাহাকে এই সকল আর্টিকেলের সমস্ত প্রয়োজনার্থ যতদূর হইতে পারে অপ্রাপ্তকমিশন আফিসরের নিম্নপদস্থ বলিয়া বিবেচনা করা যাইবে।

(৫) এই সকল আর্টিকেলের অধীন অন্য কোন ব্যক্তির পদ সম্বন্ধে কোন প্রশ্ন উঠিলে কিম্বা এরূপ কোন ব্যক্তি কোন নির্দ্দিষ্ট পদের ঊর্দ্ধ পদস্থ কি নিম্নপদস্থ এরূপ কোন প্রশ্ন উঠিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সে সম্বন্ধে যে নিষ্পত্তি করিবেন তাহা চূড়ান্ত হইবে।

(৬) এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তি কোন কোর বা ডিপার্টমেন্টের লোক হইলে এই সকল আর্টিকেলের প্রয়োজনার্থ তাঁহাকে সেই কোর বা ডিপার্টমেন্টের কমাণ্ডিং আফিসরের অধীনস্থ বলিয়া বিবেচনা করা যাইবে এবং কোন কোর বা ডিপার্টমেন্টের লোক না হইলে ঐ ব্যক্তি উপস্থিত সময়ে যে সেনা দলে কর্ম্ম করিতেছেন সেই সেনাদলের অধ্যক্ষতাকারী জেনরল বা অপর আফিসর তাঁহার উপস্থিত সময়ের কমাণ্ডিং আফিসর বলিয়া যে আফিসরের নাম করিয়া দেন তাঁহাকে তাঁহার অধীনস্থ বলিয়া কিম্বা অন্য কোন নির্দ্দিষ্ট আফিসরের অধীনস্থ বলিয়া

বিবেচনা করা যাইবে অথবা যদি এরূপ আফিসরের নাম করিয়া দেওয়া না হয় বা এরূপ আফিসর নির্দ্দিষ্ট না হয়েন তাহা হইলে তাঁহাকে উক্ত অধ্যক্ষতাকারী জেনরল বা অপর আফিসরের অধীনস্থ বলিয়া বিবেচনা করা যাইবে।

কিন্তু যে স্থানে কোন ব্যক্তি থাকেন তথায় যদি তাঁহার অপেক্ষা উচ্চ পদের এমন কোন আফিসর থাকেন যাঁহার অধীনে তাঁহাকে রাখা যাইতে পারে তাহা হইলে অধ্যক্ষতাকারী জেনরল বা অপর আফিসর তাঁহার সরকারী পদের নিকৃষ্ট সরকারী পদস্থ কোন আফিসরের অধীনে তাঁহাকে স্থাপন করিবন না।

কমিশনপ্রাপ্ত আফিসরদিগকে ছাড়াইয়া ও ছাড়িয়া দিবার কথা।

"৩ আর্টিকেল।—(১) প্রত্যেক দেশীয় আফিসরকে সাধারণ সামরিক আদালতের দণ্ডাজ্ঞাক্রমে সর্ব্বিস হইতে ছাড়াইয়া দেওয়া যাইতে পারিবে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের হুকুমক্রমে কিম্বা ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেবের হুকুমক্রমে কিম্বা তিনি যে কমাণ্ডে থাকেন তাহার জেনরল আফিসরের হুকুমক্রমে ছাড়াইয়া বা ছাড়িয়া দিতে পারা যাইবে।

(২) যে দেশীয় আফিসরকে এই সকল আর্টিকেল অনুসারে ছাড়াইয়া দেওয়া হয় তাঁহার পেন্সনের সমস্ত দাবী নষ্ট হইবে।

অপর ব্যক্তিদিগকে ছাড়াইয়া ও ছাড়িয়া দিবার কথা।

"৪ আর্টিকেল।—(১) দেশীয় আফিসর হইতে ভিন্ন যে ব্যক্তি এই সকল আর্টিকেলের অধীন—

(ক) তাঁহার বিচার করিবার জন্য যে সামরিক আদালতকে ক্ষমতা দেওয়া যায় সেই সামরিক আদালতের দণ্ডাজ্ঞাক্রমে তাঁহাকে সার্ব্বিস হইতে ছাড়াইয়া দেওয়া যাইতে পারিবে। এবং

(খ) তাঁহাকে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের হুকুমক্রমে কিম্বা ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেবের হুকুমক্রমে কিম্বা তিনি যে কমাণ্ডের অন্তর্গত তাহার জেনরল আফিসরের হুকুমক্রমে কিম্বা তিনি যে ডিবিজন বা ডিষ্ট্রিক্টে কর্ম্ম করিতেছেন তথাকার অধ্যক্ষতাকারী আফিসরের হুকুমক্রমে কিম্বা কোন কমাণ্ড সংস্কৃষ্ট নহে তিনি যদি এমন কোন সেনাদলের লোক হয়েন তবে সেই সেনাদলের অধ্যক্ষতাকারী আফিসরের হুকুমক্রমে সর্ব্বিস হইতে ছাড়াইয়া বা ছাড়িয়া দিতে পারা যাইবে।

(২) এইরূপে ছাড়াইয়া দেওয়া প্রত্যেক ব্যক্তির পেন্সনের সমস্ত দাবী নষ্ট হইবে।

ছাড়াইয়া দেওয়া বা ছাড়িয়া দেওয়া ব্যক্তির পুনরায় সিপাইভুক্ত হইবার অথবা পরীক্ষার সময় মিথ্যা উত্তর দিবার কথা।

"৫ আর্টিকেল।—(১) অপ্রাপ্তকমিশন আফিসরের পদস্থ বা নিম্নপদস্থ যে পরীক্ষিত ব্যক্তিকে সার্ব্বিস হইতে ছাড়াইয়া বা ছাড়িয়া দেওয়া হইয়াছে এবং যে সর্ব্বিসে পুনঃপ্রবেশ করিবার সময় তাহাকে ছাড়াইয়া বা ছাড়িয়া দিবার কথা না বলিয়া কিম্বা তাহাকে ছাড়াইয়া বা ছাড়িয়া দিবার সার্টিফিকেট না দেখাইয়া পরে সর্ব্বিসে পুনঃপ্রবেশ করে যে কোর বা ডিপার্টমেণ্টের সঙ্গে সে কর্ম্ম করিতেছে তাহার অধ্যক্ষতাকারী আফিসর তাহাকে সর্ব্বিস হইতে ছাড়াইয়া দিতে পারিবেন।

(২) অপ্রাপ্তকমিশন আফিসরের পদস্থ বা নিম্নপদস্থ যে পরীক্ষিত ব্যক্তি পরীক্ষিত হইবার অভিপ্রায়ে যে আফিসরের নিকট উপস্থিত হয় সেই আফিসরের দ্বারা কিম্বা তাঁহার আদেশমত পরীক্ষার কাগজের লিখিত যে প্রশ্ন তাহাকে করা হয় সে ইচ্ছা করিয়া তাহার মিথ্যা উত্তর দিয়াছে এরূপ প্রকাশ হইলে সামরিক আদালতে তাহার অপরাধ নির্ণয় হইলে তাহাকে (কঠিন পরিশ্রম সহ এবং নির্জ্জন অবরোধ সহ বা ব্যতীত) কারা দণ্ড কিম্বা এই সকল আর্টিকেলে তদপেক্ষা যে কম দণ্ড উক্ত হইয়াছে তাহা ভোগ করিতে হইতে পারে।

ছাড়াইয়া বা ছাড়িয়া দেওয়া ব্যক্তিকে সার্টিফিকেট দিবার কথা।

"৬ আর্টিকেল।—যে পরীক্ষিত ব্যক্তিকে সর্ব্বিস হইতে ছাড়াইয়া বা ছাড়িয়া দেওয়া হয় তাহাকে তাহার কমাণ্ডিং আফিসর ইংরাজি ভাষায় এবং (ঐ ব্যক্তির মাতৃভাষা ইংরাজি না হইলে) তাহার মাতৃভাষায় নিম্নলিখিত কথাগুলি লিখিয়া একখানি সার্টফিকেট দিবেন—

(ক) কোন্ কর্ত্তৃপক্ষ তাহাকে ছাড়াইয়া বা ছাড়িয়া দিতেছেন!

(খ) তাহাকে ছাড়াইয়া বা ছাড়িয়া দিবার কারণ এবং

(গ) সেনাদলে তাহার চাকরীর পূর্ণ সময়।"

৭ আর্টিকেলের এক অংশ বর্জ্জিত করিবার কথা।

৭ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৭ আর্টিকেলের ১ বাক্যে "in any regiment, corps, detachment or guard" এই শব্দগুলি এতদ্দ্বারা উঠাইয়া দেওয়া গেল।

সেই আর্টিকেলের তৃতীয় বাক্যের পরিবর্ত্তে নূতন বাক্য বসাইবার কথা।

৮ ধারা। শেষোক্ত আর্টিকেলের তৃতীয় বাক্যের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসাইতে হইবে, অর্থাৎ :—

"or who, knowing or having reason to believe in the existence of any mutiny or

sedition, or of any intention to mutiny or create sedition, or of any conspiracy against the State."

৯ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৮ আর্টিকেলে "under any circumstances in which the superior officer is distinguishable as such in any manner" এই শব্দগুলির পরিবর্ত্তে "knowing or having reason to believe him to be such" এই শব্দগুলি বসাইতে হইবে।

৮ আর্টিকেল সংশোধন করিবার কথা।

১০ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১০ ও ১১ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেল দুইটী বসিবে অর্থাৎ:—

১০ ও ১১ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

"পলায়ন করা।

"১০ আর্টিকেল। যে সর্ব্বিস হইতে পলাইয়া যায় বা পলাইয়া যাইবার চেষ্টা করে।—কিম্বা

"ছাড়িয়া দেওয়া না হইয়া পুনরায় লিষ্টিভুক্ত হওয়া।

"১১ আর্টিকেল।—যে অগ্রে আপন কোর বা ডিপার্টমেণ্ট হইতে রীতিমত খালাস না পাইয়া অন্য কোন কোরে বা ডিপার্টমেণ্টে আপনাকে লিষ্টিভুক্ত বা রোলভুক্ত করে।—কিম্বা"

১১ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ২৪ আর্টিকেলের শেষ পারাগ্রাফের পরিবর্ত্তে নিম্নলিখিত পারাগ্রাফটী বসাইতে হইবে, অর্থাৎ:—

২৪ আর্টিকেল সংশোধন করিবার কথা।

"যদি কোন ব্যক্তির বিরুদ্ধে এমন কোন অপরাধ নির্ণীত হয় যাহা ৭ আর্টিকেলে লিখিত আছে এবং যে জন্য এই আর্টিকেল অনুসারে মৃত্যুদণ্ড হইতে পারে তাহা হইলে তাহার সমস্ত স্থাবর ও অস্থাবর সম্পত্তি গবর্ণমেণ্টে জব্দ হইবে।"

১২ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ২৫ ও ২৬ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেল দুইটী বসাইতে হইবে, অর্থাৎ:—

২৫ ও ২৬ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

"অযোগ্য আচরণ।

"২৫ আর্টিকেল।—যে আফিসর, অধস্তন ডাক্তার বা ওয়ারাণ্ট আফিসর আপন পদ ও চরিত্রের অযোগ্য হয় এ প্রকার আচরণ করেন।—এবং এই সকল আর্টিকেলের অধীন যে ব্যক্তি—

"কর্ম্ম করিবার সময় মাতাল হওয়া।

"২৬ আর্টিকেল।—কোন কর্ম্ম করিতে থাকিবার সময় কিম্বা কোন কর্ম্ম করিবার জন্য আদেশ পাইবার পর, কিম্বা প্যারেডের সময়, কিম্বা কুচ করিয়া যাইবার সময় যে মাতাল হয়।—কিম্বা"

১৩ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৩১ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলটী বসাইতে হইবে, অর্থাৎ:—

৩১ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

"পুনরায় কর্ম্মে না আসা।

"৩১ আর্টিকেল।—তাহার কোর বা ডিপার্টমেণ্ট কার্য্য করিতে আদিষ্ট হইয়া ছুটীতে থাকার সময়, উপযুক্ত কর্ত্তৃপক্ষের নিকট হইতে এই সংবাদ পাইয়া যে প্রচুর কারণ ব্যতীত অবিলম্বে পুনরায় কর্ম্মে না আসে।—কিম্বা"

১৪ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৩৯ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলটী বসাইতে হইবে, অর্থাৎ:—

৩৯ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

"প্রবোষ্ট মার্শালকে বাধা দেওয়া।

৩৯ আর্টিকেল।—যে কোন প্রবোষ্ট-মার্শালকে কিম্বা কোন আসিষ্টাণ্ট প্রবোষ্ট-মার্শালকে কিম্বা কোন প্রবোষ্ট-মার্শালের অধীনে বা পক্ষে আইনানুসারে কর্ত্তৃত্ব করিতেছেন এমন কোন আফিসরকে বা অপ্রাপ্তকমিশন আফিসরকে বা অপর ব্যক্তিকে বাধা দেয় কিম্বা প্রবোষ্ট-মার্শালকে, আসিষ্টাণ্ট প্রবোষ্ট-মার্শালকে কিম্বা ঐ রূপ কোন আফিসরকে, অপ্রাপ্ত কমিশন আফিসরকে বা অপর ব্যক্তিকে তাঁহার কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনে সাহায্য করিতে আদিষ্ট হইয়া সাহায্য করিতে অস্বীকার করে।—কিম্বা"

১৫ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৪০ আর্টিকেলে "person" এই শব্দ এবং "attested" এই শব্দের মধ্যে "enrolled or" এই শব্দ দুইটী সন্নিবেশিত করিতে হইবে।

৪০ আর্টিকেল সংশোধন করিবার কথা।

১৬ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৪৭ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলটী বসাইতে হইবে, অর্থাৎ:—

৪৭ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

"রেজিমেণ্টের আবশ্যক দ্রব্য সরাইয়া ফেলা।

"৪৭ আর্টিকেল।—যে—

(ক) ইচ্ছা করিয়া কিম্বা অবহেলাক্রমে আপন ঘোড়া মারিয়া ফেলে, জখম করে, অপসারিত করে কিম্বা হারাইয়া ফেলে কিম্বা সরকারী সর্ব্বিসে ব্যবহৃত কোন জন্তুর প্রতি নিষ্ঠুর আচরণ করে।—কিম্বা

(খ) শঠতা বা প্রতারণা পূর্ব্বক আপন অস্ত্র, বস্ত্র, যন্ত্র, বাদ্যযন্ত্র বা ডাক্তারি অস্ত্র, সরঞ্জাম, বারুদাদি, সাজসজ্জা বা রেজিমেণ্টের

আবশ্যক দ্রব্যাদি কিম্বা এই রূপ যে কোন দ্রব্য তাহাকে জিম্মা করিয়া দেওয়া হয় কিম্বা অন্য কোন ব্যক্তির অধিকৃত হয় তাহা লুকাইয়া রাখে বা কোন ব্যক্তিকে দেয় কিম্বা ইচ্ছা করিয়া বা অবহেলাক্রমে খারাপ করে বা হারাইয়া ফেলে।—কিম্বা

(গ) যুদ্ধক্ষেত্রে ভাল কর্ম্মের নিমিত্ত কিম্বা সর্ব্ব-রকমে সচ্চরিত্রের নিমিত্ত শ্রীশ্রীমতীর অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আদেশে তাহাকে যে পদক বা অলঙ্কার দেওয়া হইয়াছে তাহা বিক্রয় করে, বন্ধক দেয়, নষ্ট করিয়া ফেলে বা অক্ষরাদি ভুলিয়া বিকৃত করে।—কিম্বা"

৫৭ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

১৭ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৫৭ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্ন-লিখিত আর্টিকেলটি বসাইতে হইবে, অর্থাৎ :—

"৫৪, ৫৫ এবং ৫৬ আর্টিকেলের লিখিত অপরাধের দণ্ড।

"৫৭ আর্টিকেল।—কোন জেনরল সামরিক আদালত কর্ত্তৃক অপরাধী বলিয়া নির্ণীত হইলে তাহার প্রতি সর্ব্বিস হইতে ছাড়াইয়া দিবার এবং ছাড়াইয়া দিবার সময় তাহার বেতন ও বৃত্তির যত পাওনা বাকী থাকে তাহা জব্দ হইবার দণ্ডাজ্ঞা হইবে এবং তাহার (কঠিন পরিশ্রমসহ বা ব্যতীত এবং নির্জ্জন অবরোধ সহ বা ব্যতীত) দুই বৎসর পর্য্যন্ত কারাদণ্ডও হইতে পারিবে, এবং ডিষ্ট্রিক্ট সামরিক আদা-লত কর্ত্তৃক অপরাধী নির্ণীত হইলে ঐরূপ আদালত যে সকল দণ্ড দিতে পারেন তাহার সেই সমস্ত দণ্ড বা তন্মধ্যে যে কোন দণ্ড হইতে পারিবে।"

৬৫ আর্টিকেল সংশোধন করিবার কথা।

১৮ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৬৫ আর্টিকেলে "other" এই শব্দটী তুলিয়া দিতে হইবে।

৬৬ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

১৯ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৬৬ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্ন-লিখিত আর্টিকেলটী বসাইতে হইবে, অর্থাৎ :—

'৫৮ হইতে ৬৫ পর্য্যন্ত আর্টিকেলের লিখিত অপরাধের দণ্ড।

"৬৬ আর্টিকেল।—কোন জেনরল বা ডিষ্ট্রিক্ট সাম-রিক আদালত কর্ত্তৃক অপরাধী বলিয়া নির্ণীত হইলে ঐ সামরিক আদালত যে সকল দণ্ড দিতে সমর্থ মৃত্যু ও দ্বীপান্তর বাস দণ্ড ছাড়া তাহার অপর সমস্ত দণ্ড বা তন্মধ্যে যে কোন দণ্ড হইতে পারিবে।"

৬৯ আর্টিকেল সংশোধন করিবার কথা।

২০ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৬৯ আর্টিকেলে "such punishments as" এই শব্দগুলি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত যত শব্দ আছে তাহার পরিবর্ত্তে "any or all of the punishments, other than death or transportation, which the court-martial is competent to award" এই শব্দগুলি বসাইতে হইবে।

৭১ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

২১ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৭১ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্ন-লিখিত আর্টিকেলটী বসাইতে হইবে, অর্থাৎ :—

"সহায়তা করা।

"৭১ আর্টিকেল।—এই সকল আর্টিকেল অনুসারে যে অপরাধ দণ্ডনীয় যে ব্যক্তি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের অর্থানুসারে তাহার সহায়তা করে এই সকল আর্টিকেলে ইতিপূর্ব্বে সেই অপরাধের জন্য যে দণ্ডের বিধান করা হইয়াছে তাহার সেই দণ্ড হইতে পারিবে।"

৭২ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

২২ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৭২ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্ন-লিখিত আর্টিকেলটী বসাইতে হইবে, অর্থাৎ :—

"৭২ আর্টিকেল।—এই সকল আর্টিকেলের প্রয়ো-জনার্থ পাঁচ প্রকার সামরিক আদালত থাকিবে, অর্থাৎ :—

(১) জেনরল সামরিক আদালত। (২) ডিষ্ট্রিক্ট সামরিক আদালত। (৩) রেজিমেণ্টের সামরিক আদালত।	অতঃপর সাধারণ সামরিক আদালত বলা হইল।"
(৪) সরাসরি জেনরল সামরিক আদালত। (৫) সরাসরি সামরিক আদালত।	অতঃপর অসাধারণ সামরিক আদালত বলা হইল।"

৭৩ ও ৭৪ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

২৩ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৭৩ ও ৭৪ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেল দুইটী বসাইতে হইবে, অর্থাৎ :—

"সাধারণ সামরিক আদালত।

সাধারণ সামরিক আদালত আহ্বান করিবার ক্ষমতার কথা।

"৭৩ আর্টিকেল।—(১) নিম্নলিখিত কর্ত্তৃপক্ষদিগের জেনরল বা ডিষ্ট্রিক্ট সামরিক আদালত আহ্বান করিবার ক্ষমতা থাকিবে, অর্থাৎ :—

(ক) ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেব।

(খ) কমাণ্ডের জেনরল আফিসর।
(গ) ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেবের কিম্বা কমাণ্ডের জেনরল আফিসরের ওয়ারাণ্টক্রমে যে আফিসরকে তৎপক্ষে ক্ষমতা দেওয়া হয়।

(২) ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেব কিম্বা কমাণ্ডের যে জেনরল আফিসর (১) দফার (গ) উপদফানুসারে জেনরল বা ডিস্ট্রিক্ট সামরিক আদালত আহ্বান করিবার ক্ষমতা প্রদান করেন তিনি যে সকল সীমা-নির্দ্দেশ করা, হাতে রাখা, বাদ দেওয়া ও নিয়ম করা উপযুক্ত মনে করেন তাহার অধীন করিয়া ঐ ক্ষমতা প্রদান করা যাইতে পারিবে।

(৩) জেনরল বা ডিস্ট্রিক্ট সামরিক আদালত সমূহ বা তন্মধ্যে যে কোনটী আহ্বান করণার্থ এই আর্টিকেলানুযায়িক ওয়ারাণ্ট কোন আফিসরের নাম ধরিয়া বা তাঁহার পদের নাম ধরিয়া কিম্বা অংশতঃ এক রকমে এবং অংশতঃ অপর রকমে তাঁহার নামে লেখা যাইতে পারিবে এবং উহার মধ্যে ব্যবহৃত শব্দ সকল ও ঠিকানা লিখিবার প্রণালী বিবেচনায় যে আফিসরের নামোল্লেখ করা হয় তাঁহাতে সম্বদ্ধ করিয়া দেওয়া হইতে পারিবে বা পারিবে না অথবা যে ব্যক্তি উপস্থিত সময়ে ঐ আফিসরের কার্য্য করিতে থাকেন তাঁহাতে কিম্বা কমাণ্ড সম্বন্ধে ঐ আফিসরের উত্তর পদধারীদিগেতে প্রসারিত হইতে পারিবে বা পারিবে না।

জেনরল সামরিক আদালতের গঠনের কথা।

"৭৪ আর্টিকেল।—কোন জেনরল সামরিক আদালত বৃটিশ ভারতবর্ষে বসান হইলে তাহাতে অন্যূন সাত জন আফিসর থাকিবেন। কিন্তু সরকারী সর্ব্বিসের প্রতি যথাযথ দৃষ্টি রাখিয়া যদি ঐ সংখ্যা পাওয়া না যায় তাহা হইলে ঐ আদালতে অন্যূন পাঁচ জন আফিসর থাকিবেন।"

৭৫, ৭৭, ৭৮ ও ৭৯ ধারা রহিত করিবার কথা।

২৪ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৭৫, ৭৭, ৭৮ ও ৭৯ আর্টিকেল এতদ্দ্বারা রহিত করা গেল।

আর্টিকেল সংশোধন করিবার কথা।

২৫ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৭৬ আর্টিকেলে "reduction to the ranks" এই শব্দগুলির পরিবর্ত্তে "reduction to a lower grade or to the ranks" এই শব্দগুলি বসাইতে হইবে।

৮০ ও ৮১ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

২৬ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৮০ ও ৮১ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেল দুইটী বসাইতে হইবে, অর্থাৎ :—

ডিস্ট্রিক্ট সামরিক আদালতের গঠনের কথা।

"৮০ আর্টিকেল।—ডিস্ট্রিক্ট সামরিক আদালতে অন্যূন পাঁচজন আফিসর থাকিবেন। কিন্তু সরকারী সর্ব্বিসের প্রতি যথাযথ দৃষ্টি রাখিয়া যদি ঐ সংখ্যা পাওয়া না যায় তাহা হইলে ঐ আদালতে অন্যূন তিন জন আফিসর থাকিবেন।

"৮১ আর্টিকেল। অভিযুক্ত ব্যক্তি যে কোর বা ডিপার্টমেণ্টের লোক আবশ্যক হইলে শুদ্ধ সেই কোর বা ডিপার্টমেণ্টের আফিসর লইয়া ডিস্ট্রিক্ট সামরিক আদালত গঠিত হইতে পারিবে।"

৮২ আর্টিকেল সংশোধন করিবার কথা।

২৭ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৮২ আর্টিকেলে "or garrison" এই দুইটী শব্দ এবং 'other than mutiny" এই শব্দগুলি তুলিয়া দিতে হইবে।

ঐ আর্টিকেল আরও সংশোধন করিবার কথা।

২৮ ধারা। শেষোক্ত আর্টিকেলে "one year" এই দুইটী শব্দের পরিবর্ত্তে "two years" এই দুইটী শব্দ বসাইতে হইবে এবং "reduction to the ranks" এই শব্দগুলির পরিবর্ত্তে "reduction to a lower grade or to the ranks" এই শব্দগুলি বসাইতে হইবে।

৮২ আর্টিকেলের পর নূতন আর্টিকেল সন্নিবেশিত করিবার কথা।

২৯ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৮২ আর্টিকেলের পর নিম্নলিখিত আর্টিকেলটী সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ :—

বেশী সংখ্যা পাওয়া যাইতে পারে কি না আহ্বান করিবার আদেশে তাহা লিখিত হইবার কথা।

"৮২ ক আর্টিকেল।—যখন কোন জেনরল বা ডিস্ট্রিক্ট সামরিক আদালত ৭৪ বা ৮০ আর্টিকেলের লিখিত কম সংখ্যক আফিসর দ্বারা গঠিত করিবার আদেশ করা হয় তখন যে আদেশ দ্বারা ঐ আদালত আহ্বান করা যায় তাহাতে স্পষ্ট করিয়া এই কথা লিখিতে হইবে যে সরকারী সর্ব্বিসের প্রতি যথাযথ দৃষ্টি রাখিয়া বেশী সংখ্যক আফিসর পাওয়া যাইতে পারে না। এবং ঐ লেখা এই রূপে লিখিত বৃত্তান্তের সিদ্ধান্ত প্রমাণ হইবে।

৮৩, ৮৪ ও ৮৫ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

৩০ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৮৩, ৮৪ ও ৮৫ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলগুলি বসাইতে হইবে, অর্থাৎ :—

রেজিমেণ্টের সামরিক আদালত নিযুক্ত করিবার কথা।

"৮৩ আর্টিকেল।—যে আফিসর কোন কোর বা ডিপার্টমেণ্ট বা উহার কোন ডিটাচমেণ্টের অধ্যক্ষতা করেন তাঁহাদ্বারা অথবা কোন আফিসর দুই বা তদধিক কোর বা ডিপার্টমেণ্ট বা তাহার ডিটাচমেণ্টের অধ্যক্ষতায় থাকিলে তাঁহা দ্বারা রেজিমেণ্টের সামরিক আদালত নিযুক্ত হইতে পারিবে।

রেজিমেণ্টের সামরিক আদালত গঠন করিবার কথা।

"৮৪ আর্টিকেল।—রেজিমেণ্টের সামরিক আদালতে অন্যূন তিন জন আফিসর থাকিবে।

"৮৫ আর্টিকেল।—(ক) ৭ হইতে ২৩ পর্য্যন্ত আর্টিকেল অনুসারে, ৫৪ হইতে ৬৫ পর্য্যন্ত আর্টিকেল অনুসারে অথবা ১৭১ হইতে ১৭৩ পর্য্যন্ত আর্টিকেল অনুসারে যে অপরাধ দণ্ডনীয় তাহা ছাড়া অন্য যে অপরাধ এই সকল আর্টিকেল অনুসারে সামরিক আদালত কর্ত্তৃক বিচার্য্য তজ্জন্য, এবং

ঐ আদালতের ক্ষমতার কথা।

(খ) এই রূপে বাদ দেওয়া কোন অপরাধের জন্য অগ্রে নির্দ্দিষ্ট কর্ত্তৃপক্ষের মঞ্জুরি লইয়া:—

অপ্রাপ্তকমিশন আফিসরের উপরের পদস্থ নহে এমন যে সকল ব্যক্তি এই সকল আর্টিকেলের অধীন রেজিমেণ্টের সামরিক আদালতের তাহাদের সকলকে বিচার করিবার ক্ষমতা থাকিবে।

"৮৫ ক আর্টিকেল।—কোন ডিষ্ট্রিক্ট সামরিক আদালত কোন অপরাধের জন্য পদ, বেতন ও বৃত্তি হইতে সম্পেণ্ড করা ছাড়া যে দণ্ডাজ্ঞা দিতে পারিতেন রেজিমেণ্টের সামরিক আদালত সেইরূপ অপরাধের জন্য সেই দণ্ডাজ্ঞা দিতে পারিবেন।

এইরূপ আদালতের দণ্ডাজ্ঞা সম্বন্ধে ক্ষমতার কথা।

কিন্তু কোন রেজিমেণ্টের সামরিক আদালত ছয় মাসের অধিক কালের কারাবাসের দণ্ডাজ্ঞা কিম্বা ১৩৫ আর্টিকেলের লিখিত কোন অতিরিক্ত দণ্ডের আজ্ঞা দিবেন না।"

৩১ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৮৬ হইতে ৮৯ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলগুলি বসাইতে হইবে, অর্থাৎ:—

৮৬ হইতে ৮৯ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

"৮৬ আর্টিকেল।—(১) অতঃপর যেরূপ বিধান করা হইয়াছে সেই রূপ বিধানের স্থল ভিন্ন অন্য স্থলে যে সকল আফিসর লইয়া পূর্ব্ববর্ত্তী বিধানানুসারে আহূত সামরিক আদালত গঠিত হইবে তাঁহারা দেশীয় আফিসর হইবেন।

কখন দেশীয় ও বৃটিশ আফিসর মনোনীত করিতে হইবে সেই কথা।

(২) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেব কিম্বা কমাণ্ডের জেনরল আফিসর কিম্বা ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেবের বা কমাণ্ডের জেনরল আফিসরের ওয়ারাণ্টক্রমে তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন আফিসর এই রূপ আদেশ করিতে পারিবেন যে এই সকল আর্টিকেল অনুসারে আহূত কোন সামরিক আদালত দেশীয় আফিসর লইয়া গঠিত না হইয়া বৃটিশ আফিসর লইয়া গঠিত হইবে।

(৩) এই সকল আর্টিকেলের অধীন যে ব্যক্তির কোন সামরিক আদালতে বিচার হইবার আদেশ হইয়াছে সে বৃটিশ আফিসর দ্বারা বিচারিত হইবার দাবী করিতে পারিবে।

(৪) যে ব্যক্তির বিচার হইবার আদেশ হইয়াছে আদালত আহূত হইবার পূর্ব্বে কমাণ্ডিং আফিসর কিম্বা তাঁহাদ্বারা এতৎপক্ষে নিযুক্ত কোন আফিসর সকল স্থলেই তাহাকে এইরূপ দাবী করিবার অধিকারের কথা বুঝাইয়া দিবেন এবং এইরূপ দাবী করা হইলে আদালত তদনুসারে গঠিত হইবে।

(৫) যে সামরিক আদালত যে কোন বৃটিশ কোর বা ডিটাচমেণ্টে কাজ করে এই সকল আর্টিকেলের অধীন এমন কোন ব্যক্তির বিচারার্থ আহ্বান করা হয় যে আফিসর সেই সামরিক আদালত আহ্বান করেন যদি তাঁহার মতে সরকারী সর্ব্বিসের প্রতি যথাযথ দৃষ্টি রাখিয়া ঐ আদালতে কাজ করিবার জন্য দেশীয় আফিসর পাওয়া না যায় তাহা হইলে উহা বৃটিশ আফিসর লইয়া গঠিত হইতে পারিবে। যে আদেশক্রমে আদালত আহ্বান করা হয় তাহাতে এই মত প্রকাশ করিতে হইবে এবং ঐ মত চূড়ান্ত হইবে।

জজ-এডবোকেটের কথা ও দেশীয় সামরিক আদালতের নিমিত্ত তত্ত্বাবধায়ক আফিসর নিযুক্ত করিবার কথা।

৮৭ আর্টিকেল।—(১) প্রত্যেক জেনরল সামরিক আদালতে এক জন করিয়া জজ-এডবোকেট উপস্থিত থাকিবেন।

(২) জজ-এডবোকেট-জেনরলের ডিপার্টমেণ্টের কোন আফিসরকে যদি না পাওয়া যায় তাহা হইলে বিচারকালে জজ-এডবোকেটের কার্য্য করিবার নিমিত্ত আদালত আহ্বানকারী আফিসর একজন উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিবেন।

(৩) যে ব্যক্তির কোন সামরিক আদালতে বিচার হইবার আদেশ হইয়াছে কিম্বা বিচার হইতেছে সে যে ব্যক্তি জজ-এডবোকেট স্বরূপ কাজ করিতেছে বা কাজ করিতেছে বলিয়া প্রকাশ করিতেছে আদালতের অনুমতি না লইয়া তাহার বিরুদ্ধে আপত্তি করিতে পারিবে না।

(৪) দেশীয় আফিসর লইয়া গঠিত এমন যে সামরিক আদালতে জজ-এডবোকেট উপস্থিত না থাকেন তাহার কার্য্য তত্ত্বাবধান করিবার নিমিত্ত অন্যূন চারি বৎসর কাল চাকরী করিয়াছেন এমন একজন বৃটিশ আফিসর নিযুক্ত করিতে হইবে। ঐ আফিসরকে অতঃপর তত্ত্বাবধায়ক আফিসর বলা হইল।

"৮৮ আর্টিকেল।—(১) প্রত্যেক সামরিক আদালতে পদজ্যেষ্ঠ আফিসর অধ্যক্ষ রূপে বিশেষ ভাবে নিযুক্ত না হইয়াও অধ্যক্ষ স্বরূপ বসিবেন।

অধ্যক্ষের কথা।

(২) অধ্যক্ষের মৃত্যু হইলে কিম্বা অনিবার্য্যকারণে অনুপস্থিতি ঘটিলে ঠিক পরের পদ জ্যেষ্ঠ আফিসর বিশেষ ভাবে অধ্যক্ষ নিযুক্ত না হইয়াও অধ্যক্ষের স্থান গ্রহণ করিবেন এবং এই সকল আর্টিকেল অনুসারে আদালতে যে স্বল্পতম সংখ্যক আফিসর থাকা আবশ্যক যদি তখনও তাহাতে সেই স্বল্পতম সংখ্যক আফিসর থাকে তাহা হইলে বিচার চলিতে থাকিবে।

"৮৯ আর্টিকেল।—কোন জেনরল, ডিষ্ট্রিক্ট বা রেজিমেন্টের সামরিক আদালতের কোন নিষ্পত্তি বা দণ্ডাজ্ঞা এই সকল আর্টিকেলের বিধানানুসারে যে পর্য্যন্ত দৃঢ়ীকৃত হয় সেই পর্য্যন্ত সিদ্ধ হইবে, তদরিক্ত সিদ্ধ হইবে না।

নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা দৃঢ়ীকৃত না হইলে অসিদ্ধ হইবার কথা।

"৮৯ ক আর্টিকেল।—(১) নিম্নলিখিত কর্তৃপক্ষগণের জেনরল ও ডিষ্ট্রিক্ট সামরিক আদালতের নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা দৃঢ় করিবার ক্ষমতা থাকিবে:—

কাহা দ্বারা নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা দৃঢ়ীকৃত হইতে পারিবে বা নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা সম্বন্ধে অন্য রকম বিলি ব্যবস্থা হইতে পারিবে সেই কথা।

(ক) ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেব।
(খ) কমাণ্ডের জেনরল আফিসরের অধীন সৈন্য যেখানেই থাকুক, তাহাদের সম্বন্ধে কমাণ্ডের জেনরল আফিসর।
(গ) কোন কমাণ্ড সংস্পৃষ্ট নয় এমন কোন সেনাদলের অধ্যক্ষতাকারী আফিসর।
(ঘ) ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেবের কিম্বা কমাণ্ডের জেনরল আফিসরের ওয়ারান্টক্রমে তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্ম্মচারী।

কিন্তু যুদ্ধে নিযুক্ত থাকিবার কালে কিম্বা ভারতবর্ষের সীমার বাহিরে ভিন্ন অন্য স্থলে এই আর্টিকেল অনুসারে প্রদত্ত কোন ওয়ারান্ট সম্বন্ধে এরূপ বিবেচনা করা যাইবে না যে উহাতে কোন আফিসরকে কোন আফিসর অধস্তন ডাক্তার বা ওয়ারান্ট আফিসর সম্বন্ধে কোন নিষ্পত্তি বা দণ্ডাজ্ঞা অথবা যে কোন স্থলে কোন মৃত্যু দণ্ডাজ্ঞা, দ্বীপান্তর বাস বা সাত বৎসরের অধিক কালের নিমিত্ত কারাবাস দণ্ডাজ্ঞা দৃঢ় করিবার ক্ষমতা প্রদান করে।

(২) ৭৩ আর্টিকেলের (২) ও (৩) দফার বিধান আবশ্যকমত পরিবর্ত্তিত হইয়া এই আর্টিকেল অনুসারে প্রদত্ত ওয়ারান্ট সম্বন্ধে খাটিবে।

(৩) যে আফিসর রেজিমেন্টের সামরিক আদালত আহ্বান করেন অথবা রেজিমেন্টের সামরিক আদালতের নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা অর্পিত হইবার তারিখে যে আফিসরের ঐরূপ সামরিক আদালত আহ্বান করিবার ক্ষমতা থাকে তাঁহার ঐ নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা দৃঢ় করিবার ক্ষমতা থাকিবে।

"৮৯ খ আর্টিকেল।—কোন সামরিক আদালতের দণ্ডাজ্ঞা দৃঢ় করিবার সময় যে আফিসর দৃঢ় করেন তিনি ঠিক পূর্ব্ববর্ত্তী আর্টিকেল অনুসারে প্রদত্ত ওয়ারান্টে যে সমস্ত সীমা নির্দ্দিষ্ট থাকে তাহা মানিয়া ঐ দণ্ডাজ্ঞায় যে দণ্ড দেওয়া হইয়াছে তাহা কম করিয়া দিতে বা রেহাই দিতে পারিবেন কিম্বা সেই দণ্ডাজ্ঞার বদলে সামরিক আদালত অপরাধীর যে কম দণ্ডের বা যে সকল কম দণ্ডের আজ্ঞা দিতে পারিবেন সেই কম দণ্ডের বা সেই সকল কম দণ্ডের আজ্ঞা দিতে পারিবেন।

যে আফিসর দৃঢ় করেন তাঁহার দণ্ডাজ্ঞা কম করিবার রেহাই দিবার ও বদল করিবার ক্ষমতার কথা।

কিন্তু কোন দ্বীপান্তর বাসের দণ্ডাজ্ঞার বদলে যে সময়ের নিমিত্ত আদালত কর্ত্তৃক দ্বীপান্তর বাসের আজ্ঞা দেওয়া হইয়াছে তাহার অধিক সময়ের নিমিত্ত কারাবাসের দণ্ডাজ্ঞা দেওয়া হইবে না।"

৩২ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ৯০ হইতে ৯৭ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলগুলি বসাইতে হইবে, অর্থাৎ:—

৯০ হইতে ৯৭ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

"অসাধারণ সামরিক আদালত।

"৯০ আর্টিকেল।—নিম্নলিখিত কর্ত্তৃপক্ষগণের সরাসরি জেনরল সামরিক আদালত আহ্বান করিবার ক্ষমতা থাকিবে এবং এরূপ সামরিক আদালত—

সরাসরি জেনরল সামরিক আদালত আহ্বান করিবার কথা।

(ক) বৃটিশ ভারতবর্ষের ভিতরেই হউক আর বাহিরেই হউক যে কোন স্থানে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কিম্বা ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেবের কিম্বা কমাণ্ডের জেনরল আফিসরের আদেশক্রমে এতৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন আফিসরের দ্বারা;
(খ) যে আফিসর যুদ্ধে নিযুক্ত হইবার কালে শ্রীশ্রীমতীর সৈন্যে কোন খণ্ডিতাংশ কমাণ্ড করেন তাঁহার যদি এরূপ মত হয় যে শাসনকার্য্য ও সর্ব্বিসের নানা প্রয়োজনের প্রতি যথাযথ দৃষ্টি রাখিয়া সাধারণ জেনরল সামরিক আদালত কর্ত্তৃক কোন অপরাধের বিচার হওয়া সম্ভব নহে তাহা হইলে তাঁহা দ্বারা—

আহূত হইতে পারিবে।

"৯১ আর্টিকেল। (১) সরাসরি জেনরল সামরিক আদালতে অন্যূন তিন জন আফিসর থাকিবেন এবং যে আফিসর ঐ আদালত আহ্বান করেন তিনি যেরূপ উপযুক্ত বিবেচনা করেন তদনুসারে ঐ সকল আফিসর হয় বৃটিশ নয় দেশীয় নয় বৃটিশ ও দেশীয় উভয়বিধ আফিসর হইবেন।

সরাসরি জেনরল সামরিক আদালত গঠন করিবার কথা।

(২) এই সকল আর্টিকেলের দ্বিতীয় ক্রোড়পত্রে যে ফারম আছে প্রত্যেক মোকদ্দার অবস্থা বিবেচনায় তাহাতে যে পরিবর্ত্তন আবশ্যক হয় সেই ফারম সেইরূপ পরিবর্ত্তিত করিয়া তদনুসারে এইরূপ আদালত আহূত হইতে পারিবে এবং উহার কার্য্য সকল লিপিবদ্ধ করা যাইতে পারিবে।

কিন্তু আহ্বানকারী আফিসর এইরূপ আদালত দ্বারা এইরূপ কোন বিচার সম্বন্ধে বন্দীর সাফাই সাক্ষ্য সহ প্রমাণ সম্পূর্ণরূপে লিখিয়া রাখিবার জন্য বিশেষ আদেশ দিতে পারিবেন।

"১২ আর্টিকেল।—সরাসরি জেনরল সামরিক আদালতের জেনরল সামরিক আদালতের সমস্ত ক্ষমতা থাকিবে এবং যে আদেশক্রমে আদালত আহ্বান করা হয় তাহাতে যে উপদেশ থাকে তাহার অধীনে উহার দণ্ডাজ্ঞা সিদ্ধ হইবে এবং ডিষ্ট্রিক্ট সামরিক আদালতের যে দণ্ডাজ্ঞা দিবার ক্ষমতা আছে উহা যদি তাহার বেশী না হয় তাহা হইলে উহা অবিলম্বে কার্য্যে পরিণত করা হইবে এবং অন্য কোন স্থলে যে কর্ত্তৃপক্ষ আদালত আহ্বান করেন তাঁহার দ্বারা দৃঢ়ীকৃত হইলে উহা কার্য্যে পরিণত করা হইবে।

সরাসরি জেনরল সামরিক আদালতের ক্ষমতার কথা।

সরাসরি সামরিক আদালত আহ্বান করিবার ও গঠন করিবার কথা এবং ঐ আদালত কর্ত্তৃক বিচার্য্য ব্যক্তিদিগের কথা।

"১৩ আর্টিকেল।—(১) সরাসরি সামরিক আদালত—

(ক) শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় সেনাদলের কোন কোরের বা ডিপার্টমেণ্টের কিম্বা ঐ সকল সেনাদলের কোন ডিটাচ্‌মেণ্টের কম্যাণ্টাণ্ট আফিসর হয়েন এমন কমাণ্ডিং আফিসর দ্বারা;

(খ যে বৃটিশ কোর বা ডিটাচ্‌মেণ্টে এই সকল আর্টিকেলের অধীন দেশীয় কম্যাণ্টাণ্ট ডিটেল সংযুক্ত থাকে তাহার কমাণ্ডিং আফিসর দ্বারা—

বসান যাইতে পারিবে।

(২) কোন সরাসরি সামরিক আদালতে যে আফিসর বিচার করেন কেবল তাঁহাকে লইয়া সেই আদালত হইবে, কিন্তু গোড়া হইতে শেষ পর্য্যন্ত আদালতের সমস্ত কার্য্যে বৃটিশ হউক বা দেশীয় হউক, আর দুইটা আফিসর উপস্থিত থাকিবেন কিন্তু উপস্থিত থাকিবেন বলিয়া তাঁহাদিগকে প্রতিজ্ঞা বা শপথ করান হইবে না।

(৩) আদালতের কার্য্যবিবরণ ইংরাজি ভাষায় লিখিত হইবে এবং শেষ হইলে পর যে আফিসর বিচার করেন তাঁহার দ্বারা স্বাক্ষরিত হইবে এবং যে সকল আফিসর বিচারে উপস্থিত থাকেন তাঁহাদের দ্বারা স্বাক্ষরিত হইবে।

(৪) আফিসর, অধস্তন ডাক্তার কিম্বা ওয়ারাণ্ট আফিসর ছাড়া যে কোন ব্যক্তি এই সকল আর্টিকেলের অধীন এবং যে আফিসর আদালত বসান তাঁহার অধীন সরাসরি সামরিক আদালত তাহার বিচার করিতে পারিবেন।

(৫) কোন সৈনিক হাঁস্পাতাল কোরের কোন লোক যে ডিবিজন, ডিষ্ট্রিক্ট, ব্রিগেড বা ষ্টেশনের অন্তর্গত তাহার অধ্যক্ষতাকারী আফিসর যে আফিসরকে এতৎপক্ষে ক্ষমতা দেন তাঁহা দ্বারা সরাসরি সামরিক আদালতে কথিত অপরাধীর বিচার হইতে পারিবে।

"১৪ আর্টিকেল।—এই সকল আর্টিকেলের মধ্যে কোন আর্টিকেল অনুসারে যে অপরাধ দণ্ডনীয় সরাসরি সামরিক আদালত তাহার বিচার করিতে পারিবেন।

সরাসরি সামরিক আদালত দ্বারা বিচার্য্য অপরাধের কথা।

কিন্তু যে স্থলে তৎপর কার্য্য করিবার পক্ষে গুরুতর হেতু না থাকে এবং শাসন শৃঙ্খলার হানি না করিয়া উপরিতন কর্ত্তৃপক্ষকে জিজ্ঞাসা করা যাইতে পারে সে স্থলে সরাসরি সামরিক আদালত এইরূপ জিজ্ঞাসা না করিয়া নিম্নলিখিত অপরাধগুলির মধ্যে কোনটীর বিচার করিবেন না, অর্থাৎ :—

(ক) ৭ হইতে ২৩ পর্য্যন্ত আর্টিকেলের মধ্যে কোন আর্টিকেল অনুসারে দণ্ডনীয় কোন অপরাধ, কিম্বা ৫৪ হইতে ৬৫ পর্য্যন্ত আর্টিকেলের মধ্যে কোন আর্টিকেল অনুসারে দণ্ডনীয় কোন অপরাধ, কিম্বা ১৭১ আর্টিকেল অনুসারে দণ্ডনীয় কোন অপরাধ।

(খ) যে আফিসর আদালত বসান তাঁহার বিরুদ্ধে কোন অপরাধ।

"১৫ আর্টিকেল।—(১) কোন কোর বা ডিপার্টমেণ্টের কমাণ্ডিং আফিসর যে সামরিক আদালত বসান সেই আদালত মৃত্যুদণ্ড বা দ্বীপান্তর বাসের দণ্ড কিম্বা এক বৎসরের অধিক কালের জন্য কারাদণ্ড ছাড়া এই সকল আর্টিকেলানুসারে যে কোন দণ্ডের আদেশ করিতে পারা যায় সেই দণ্ডের আদেশ করিতে পারিবেন।

সরাসরি সামরিক আদালতের ক্ষমতার কথা।

(২) অপর কোন আফিসর যে সামরিক আদালত বসান সেই আদালত মৃত্যুদণ্ড বা দ্বীপান্তর বাসের দণ্ড বা ছয় মাসের অধিক কালের জন্য কারাদণ্ড ছাড়া এই সকল আর্টিকেলানুসারে যে কোন দণ্ডের আদেশ করিতে পারা যায় সেই দণ্ডের আদেশ করিতে পারিবেন।

"১৬ আর্টিকেল।—(১) সরাসরি সামরিক আদালতের নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা দৃঢ়ীকৃত হওয়া আবশ্যক হইবে না, অবিলম্বে কার্য্যে পরিণত করা যাইতে পারিবে।

সরাসরি সামরিক আদালতের নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞার কথা।

কিন্তু যে আফিসর বিচার করেন তাঁহার সর্ব্বিস যদি পাঁচ বৎসরের কম হয় তাহা হইলে যুদ্ধে নিযুক্ত থাকিবার কালে ভিন্ন অন্য কোন স্থলে কোরের অপেক্ষা ছোট নহে এমন কোন সেনাদলের যে উপরিতন মিলিটরী আফিসর অধ্যক্ষতা করেন তাঁহার অনুমোদন প্রাপ্ত না হওয়া পর্য্যন্ত তিনি কোন দণ্ডাজ্ঞা কার্য্যে পরিণত করিবেন না।

"৯৭ আর্টিকেল।—যে ডিষ্ট্রিক্ট অথবা ডিবিজন বা ব্রিগেডের মধ্যে বিচার হইয়াছে তাহার অধ্যক্ষতাকারী আফিসরের নিকট কিম্বা নির্দ্দিষ্ট অফিসরের নিকট প্রত্যেক সরাসরি সামরিক আদালতের কার্য্যবিবরণ অবিলম্বে প্রেরণ করিতে হইবে। এবং ঐ আফিসর কিম্বা ভারতবর্ষের শ্রীযুক্ত প্রধান সেনাপতি সাহেব কিম্বা কমাণ্ডের জেনরল আফিসর অথবা যে স্থলে আদালত এমন সেনাদলে বসান হয় যাহা কোন কমাণ্ড-সংস্পৃষ্ট নহে সে স্থলে ঐ সেনাদলের অধ্যক্ষতাকারী আফিসর মোকদ্দমার গুণাগুণ মূলক হেতুতে কার্য্য রহিত করিয়া দিতে পারিবেন কিন্তু কেবলমাত্র কূট তর্কমূলক হেতুতে পারিবেন না।

সরাসরি সামরিক আদালতের কার্য্য বিবরণ প্রেরণ করিবার কথা।

৭৩ ধারা। উক্ত আর্টিকেল সকলে মধ্যে ১০০ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলটী বসাইতে হইবে অর্থাৎ:—

১০০ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসান কথা।

"১০০ আর্টিকেল।—(১) এই সমস্ত আর্টিকেলের অধীন কোন ব্যক্তি যদি এরূপ কোন অপরাধে অভিযুক্ত হন যাহা তাঁহার কমাণ্ডিং বা অন্য উপরিতন আফিসর সামরিক আদালত দ্বারা বিচারিত হওয়া উচিত বলিয়া বিবেচনা করেন তাহা হইলে ঐ আফিসর যতক্ষণ পর্য্যন্ত না অভিযুক্ত ব্যক্তি কোন সামরিক আদালত দ্বারা বিচারিত হইতে পারেন বা উপযুক্ত কর্ত্তৃপক্ষ দ্বারা মুক্ত হন ততক্ষণ পর্য্যন্ত তাঁহাকে সামরিক হাজতে রাখিতে আদেশ দিবেন।

দোষী ব্যক্তিকে গ্রেপ্তার বা অবরুদ্ধ করিবার কথা।

(২) ঐরূপ কোন ব্যক্তিকে সুবিচারার্থ যতক্ষণ প্রয়োজন তাহার অধিকক্ষণ সামরিক হাজতে আটক করিয়া রাখা যাইবে না।"

৭৪ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১০১ আর্টিকেল এতদ্দ্বারা রহিত করা গেল।

১০১ আর্টিকেল রহিত করিবার কথা।

৭৫ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১০২ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলটী বসাইতে হইবে অর্থাৎ:—

১০২ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

১০২ আর্টিকেল।—(১) প্রত্যেক সামরিক আদালতে এক জন দ্বিভাষী নিযুক্ত করিতে হইবে।

দ্বিভাষির কথা।

(২) যে ষ্টেশন বা স্থানে সামরিক আদালত বসে সেই ষ্টেশন বা স্থানে যদি কোন উপযুক্তরূপ যোগ্যতা-বিশিষ্ট দ্বিভাষী না পাওয়া যায় তাহা হইলে যে আফিসর আদালত নিযুক্ত করেন বা যে জেলার মধ্যে বা যে স্থানে বিচার হইবে সেই জেলা বা স্থানে যে আফিসর অধ্যক্ষতা করেন তিনি কোন উপযুক্ত ব্যক্তিকে দ্বিভাষির কার্য্য করিতে নিযুক্ত করিবেন।

(৩) অন্য কোন উপযুক্ত বা কার্য্যক্ষম লোক না পাওয়া গেলে, তত্ত্বাবধানকারী আফিসর বা ইউরোপীয় আদালতের স্থলে, উহার অধ্যক্ষ, দ্বিভাষীর কার্য্য করিবেন।

(৪) সরাসরি সামরিক বিচারালয় কর্ত্তৃক বিচার স্থলে বিচারকারী আফিসর অথবা বিচারালয়ে উপস্থিত আফিসরদিগের মধ্যে একজন অন্য কোন কার্য্যক্ষম দ্বিভাষী না পাওয়া গেলে দ্বিভাষীর কার্য্য করিতে পারিবেন।

(৫) কোন দ্বিভাষিরই দ্বিভাষী স্বরূপ কোন বিষয়ে ভোট থাকিবে না।"

৭৬ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১০৩ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলগুলি বসাইতে হইবে অর্থাৎ:—

১০৩ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

"১০৩ আর্টিকেল। (১) এই সকল আর্টিকেল অনুসারে সামরিক আদালত যে স্বল্পতম সংখ্যক আফিসর লইয়া সংগঠিত হওয়া আবশ্যক, বিচার আরম্ভ হইবার পরে ঐ আদালতের আফিসরের সংখ্যা তদপেক্ষা কম হইয়া গেলে আদালত ভাঙ্গিয়া গিয়াছে জ্ঞান করিতে হইবে।

আদালত ভাঙ্গিবার কথা।

(২) যদি নিষ্পত্তির পূর্ব্বে বন্দির অসুস্থতা নিবন্ধন বিচার চালান অসম্ভব হয় তাহা হইলে সামরিক আদালত ভাঙ্গিয়া ফেলিতে হইবে।

(৩) এই আর্টিকেল অনুসারে সামরিক আদালত ভাঙ্গিয়া গেলে বন্দির পুনর্ব্বার বিচার করা যাইতে পারিবে।

"১০৩ ক আর্টিকেল।—কোন সামরিক আদালতের অধ্যক্ষ, ঐ আদালতের সভ্যদিগের মধ্যে কোন পরামর্শ কালে আদালত হইতে অন্য সকল লোক সরাইয়া দিতে পারিবেন।

আদালত হইতে লোক সরাইয়া দিবার কথা।

"১০৩ খ আর্টিকেল।—উপযুক্ত বিবেচনা করিলে আদালত যে কোন স্থান দেখিতে পারিবেন।

স্থান দেখিবার ক্ষমতার কথা।

৭৭ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১০৪ আর্টিকেলে "General Court-Martial appointed under an Order in Council, or of any other" এই শব্দগুলি এবং "under article 96 or 97" এই কএকটী শব্দ ও সংখ্যা উঠাইয়া দিতে হইবে।

১০৪ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৭৮ ধারা। উক্ত আর্টিকেল সমূহের ১০৭ আর্টিকেলে "Courts-Martial, other than Courts-Martial appointed under an Order in Council or Summary" এই শব্দগুলির পরিবর্ত্তে "ordinary" এই শব্দটী বসাইতে হইবে।

১০৭ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৩৯ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১০৮ আর্টিকেলের পর নিম্নলিখিত আর্টিকেলটী সন্নিবেশিত করিতে হইবে অর্থাৎ :

১০৮ আর্টিকেলের পর নূতন আর্টিকেল সন্নিবেশিত করিবার কথা।

"১০৮ A আর্টিকেল।—সরাসরি সামরিক আদালতে দ্বিভাষী কেবল 'published by authority' এইশব্দগুলি পর্য্যন্ত প্রতিজ্ঞা বা শপথ করিবেন।"

দ্বিভাষির প্রতিজ্ঞা বা শপথের কথা।

৪০ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১১৪ আর্টিকেল এতদ্দ্বারা রহিত করা গেল।

১১৪ আর্টিকেল রহিত করিবার কথা।

৪১ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১১৬ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলটী বসাইতে হইবে, অর্থাৎ :—

১১৬ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

"১১৬ আর্টিকেল।—(১) সামরিক আদালতের সম্মুখে পলায়ন অপরাধে অভিযুক্ত কোন বন্দি পলায়নের চেষ্টা করিবার বা বিনা ছুটিতে অনুপস্থিত থাকার অপরাধে অপরাধী বলিয়া নির্ণীত হইতে পারিবে।

এক অপরাধের অভিযোগে অন্য অপরাধ নির্ণয় অনুমোদিত হইবার কথা।

(২) সামরিক আদালতের সম্মুখে পলায়নের চেষ্টা করিবার অপরাধে অভিযুক্ত কোন ব্যক্তি পলায়ন বা বিনা ছুটিতে অনুপস্থিত থাকা অপরাধে অপরাধী বলিয়া নির্ণীত হইতে পারিবেন।

(৩) সামরিক আদালতের সম্মুখে নিম্নলিখিত অপরাধগুলির মধ্যে অর্থাৎ চৌর্য্য, কুটিলভাবে অবিহিতরূপে ব্যবহার বা দ্রব্য আপন কর্ম্মে ব্যবহারকরণ, অপরাধভাবে বিশ্বাসঘাতকতা, চোরা দ্রব্য কুটিলভাবে গ্রহণ করা কি রাখা এইগুলির মধ্যে যে কোন একটী অপরাধে অভিযুক্ত বন্দি ঐ অপরাধগুলির মধ্যে অপর যে কোন অপরাধে অপরাধী বলিয়া নির্ণীত হইতে পারিবেন।

(৪) সামরিক আদালতের সম্মুখে এই সকল আর্টিকেলানুযায়ী অপর কোন অপরাধে অভিযুক্ত বন্দি যেরূপ অবস্থায় অপরাধ করা গেলে গুরুতর দণ্ড হইতে পারে সেইরূপ অবস্থায় অপরাধ কৃত হইবার কথা প্রমাণ না হইলে যেরূপ অবস্থায় অপরাধ কৃত হইলে লঘুতর দণ্ড হইতে পারে সেই রূপ অবস্থায় ঐ অপরাধে অপরাধী বলিয়া নির্ণীত হইতে পারিবেন।

৪২ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১১৭ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলটী বসাইতে হইবে, অর্থাৎ :—

১১৭ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

'১১৭ আর্টিকেল। (১)—এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তি কোন সামরিক আদালত কর্ত্তৃক কোন অপরাধে অপরাধী বলিয়া নির্ণীত হইলে ঐরূপ সামরিক আদালত পূর্ব্বে কোন সামরিক আদালত বা ফৌজদারী আদালত কর্ত্তৃক ঐ রূপ ব্যক্তির কোন অপরাধ নির্ণীত হওন সম্বন্ধে অনুসন্ধান করিবেন এবং সাক্ষ্য গ্রহণ ও লিপিবদ্ধ করিবেন এবং ঐরূপ ব্যক্তির মোটের উপর চরিত্র সম্বন্ধেও অনুসন্ধান করিয়া সেই চরিত্র লিপিবদ্ধ করিবেন।

পূর্ব্বে অপরাধ নির্ণীত হওন ও মোটের উপর চরিত্র সম্বন্ধে সাক্ষ্যের কথা।

(২) এই আর্টিকেলানুসারে গৃহীত সাক্ষ্য মৌখিক কিম্বা সামরিক আদালতের বহির কিম্বা অপর সরকারী রিকার্ডের লেখার কিম্বা সার্টিফিকেটযুক্ত উদ্ধৃতাংশের আকারে হইতে পারিবে। এবং ঐরূপ সার্টিফিকেটযুক্ত উদ্ধৃতাংশে যে স্বাক্ষর থাকে তাহা প্রমাণ করা আবশ্যক হইবে না এবং যে ব্যক্তির বিচার হয় ইতিপূর্ব্বে তাঁহার অপরাধ নির্ণীত হওন সম্বন্ধে কিম্বা তাঁহার চরিত্র সম্বন্ধে যে সাক্ষ্য লওয়া হইবে ইহার নুটিস বিচারের পূর্ব্বে ঐ ব্যক্তিকে দিতে হইবে না।

(৩) সরাসরি সামরিক আদালতে বিচারকারী কমাণ্ডিং আফিসর উপযুক্ত বিবেচনা করিলে অপরাধীর ইতি পূর্ব্বে অপরাধ নির্ণীত হওন ও মোটের উপর তাঁহার চরিত্র এই আর্টিকেলের পূর্ব্ববর্ত্তী বিধানানুসারে প্রমাণ করিবার আদেশ না করিয়া নিজের জানিত বলিয়া অপরাধীর ঐ রূপ কোন অপরাধ নির্ণীত হওনের কথা বা তাঁহার চরিত্র লিপিবদ্ধ করিতে পারিবেন।

১১৭ ক আর্টিকেল।—ঠিক পূর্ব্ববর্ত্তী আর্টিকেলের বিধানের অধীনে ভারতবর্ষীয় সাক্ষ্যবিষয়ক ১৮৭২ সালের আইন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেব বিজ্ঞাপন দিয়া উহার যে পরিবর্ত্তনের এবং সাক্ষ্য সম্বন্ধে যে অতিরিক্ত নিয়মের নির্দ্দেশ করেন তদধীনে সামরিক আদালতের সম্মুখে সকল অনুষ্ঠান সম্বন্ধে খাটিবে।

সাক্ষ্য সম্বন্ধে সাধারণ নিয়ম।

৪৩ ধারা।—উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১১৯ ও ১২০ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত দুইটী আর্টিকেল বসাইতে হইবে :—

১১৯ ও ১২০ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

"১১৯ আর্টিকেল। কোন সামরিক আদালতের সভ্যগণের অন্ততঃ তিন ভাগের দুই ভাগের ঐক্যমত্য ব্যতীত ঐ আদালত কর্ত্তৃক মৃত্যু দণ্ডের আজ্ঞা প্রদত্ত হইতে পারিবে না।

মৃত্যু দণ্ডাজ্ঞার পক্ষে অধিক সংখ্যক সভ্যের মত আবশ্যক হইবার কথা।

১২০ আর্টিকেল।—যে আফিসর কার্য্যবিবরণের সম্বন্ধে বিলিব্যবস্থা করিতে ক্ষমতাপ্রাপ্ত তাঁহার আজ্ঞাক্রমে যে কোন সামরিক আদালতের নিষ্পত্তি বা দণ্ডাজ্ঞা একবার পুনরালোচিত হইতে পারিবে এবং তৎকর্ত্তৃক অতিরিক্ত সাক্ষ্য গ্রহণ করিতে আদিষ্ট হইলে আদালত ঐরূপ পুনরালোচনার সময় অতিরিক্ত সাক্ষ্য গ্রহণ করিবেন।

নিষ্পত্তি বা দণ্ডাজ্ঞার পুনরালোচনার কথা।

(২) প্রথম নিষ্পত্তি প্রদত্ত হইবার সময় যেং আফিসর উপস্থিত ছিলেন তাঁহাদের কেহ যদি অনিবার্য্য কারণ বশতঃ অনুপস্থিত না হন তাহা হইলে পুনরালোচনার সময় আদালত সেইং আফিসর লইয়াই গঠিত হইবে।

(৩) ঐরূপ অনিবার্য্য কারণে অনুপস্থিতির স্থলে কার্য্যবিবরণে উহার কারণের বিষয় যথারীতি সার্টিফিকেট দিতে হইবে এবং ঐ সকল আর্টিকেলানুসারে স্বল্পতম সংখ্যক যত জন আফিসর লইয়া সামরিক আদালত গঠিত হওয়া আবশ্যক তথাপিও আদালতে তত জন আফিসর থাকিলে আদালত পুনরালোচনা কার্য্য চালাইবেন।

৪৪ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১২২ হইতে ১২৪ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলগুলি বসাইতে হইবে, অর্থাৎ :—

১২২ হইতে ১২৪ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

"১২২ আর্টিকেল। (১)—জেনরল সামরিক আদালতের বেলায় জজ এডবোকেট এবং অপর কোন সামরিক আদালতের বেলায় বিচারের আদেশ প্রদানকারী আফিসর স্বীয় স্বাক্ষরিত সমন দ্বারা কোন ব্যক্তিকে সাক্ষ্য দিবার নিমিত্ত কিম্বা কোন দলীল বা অপর বস্তু উপস্থিত করিবার নিমিত্ত সমনে লিখিত সময়ে ও স্থানে আদালতের সম্মুখে উপস্থিত হইতে আদেশ করিতে পারিবেন।

সাক্ষী তলব এবং দলীল উপস্থিত করিবার কথা।

(২) সামরিক কর্ত্তৃত্বাধীন কোন সাক্ষীর বেলায় সাক্ষী যে কোর, ডিপার্টমেণ্ট বা ডিটাচমেণ্টভুক্ত যে আফিসর প্রকৃতপক্ষে সেই কোর ডিপার্টমেণ্ট বা ডিটাচমেণ্টের অধ্যক্ষতা করেন সেই আফিসরের নিকট সমন পাঠাইতে হইবে এবং ঐরূপ আফিসর তদনুসারে ঐ সমন ঐ সাক্ষীর উপর জারি করিবেন।

(৩) অপর কোন সাক্ষীর বেলায় যে মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে তিনি থাকেন বা বাস করেন সেই মাজিষ্ট্রেটের নিকট সমন পাঠাইতে হইবে এবং ঐরূপ মাজিষ্ট্রেট ঐরূপ মাজিষ্ট্রেটের আদালতে ঐ সাক্ষীর প্রয়োজন হইলে যে প্রকারে সমন কলবৎ করিতেন সেই প্রকারে সমন কলবৎ করিবেন।

(৪) যখন কোন সাক্ষীকে তাঁহার দখলে বা ক্ষমতায় স্থিত কোন দলীল বা অপর বস্তু উপস্থিত করিতে আদেশ করা যায় তখন সমনে ঐ দলীল ও বস্তু সুবিধাজনক নৈশ্চিত্য সহকারে বর্ণনা করিতে হইবে।

(৫) এই ধারায় যাহা কিছু থাকে তাহাতে যে ভারতবর্ষীয় সাক্ষ্য বিষয়ক ১৮৭২ সালের আইনের ১২৩ ও ১২৪ ধারার ব্যত্যয় হইল কিম্বা তাহা যে ডাক বা টেলিগ্রাফ বিভাগের কর্ত্তৃপক্ষদের হেফাজতে স্থিত কোন পত্র পোষ্টকার্ড, টেলিগ্রাফ বা অপর দলীল সম্বন্ধে খাটিবে এমন জ্ঞান করিতে হইবে না।

(৬) ঐরূপ হেফাজতে স্থিত কোন দলীল কোন জিলার মাজিষ্ট্রেট, প্রধান প্রেসিডেন্সি মাজিষ্ট্রেট, হাই কোর্ট বা সেশন আদালতের মতে কোন সামরিক আদালতের প্রয়োজনার্থ আবশ্যক বোধ হইলে ঐরূপ মাজিষ্ট্রেট বা আদালত ডাকবিভাগের বা স্থলভেদে টেলিগ্রাফ বিভাগের কর্ত্তৃপক্ষগণকে সেই দলীল ঐরূপ মাজিষ্ট্রেট বা আদালত যে ব্যক্তিকে নির্দ্দেশ করেন সেই ব্যক্তিকে সমর্পণ করিবার জন্য আদেশ করিতে পারিবেন।

(৭) অপর কোন মাজিষ্ট্রেটের কিম্বা পুলিসের কোন কমিশনর বা পুলিসের কোন ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্টের মতে ঐরূপ কোন দলীল ঐরূপ কোন প্রয়োজনার্থ আবশ্যক বোধ হইলে তিনি ডাক বা স্থলভেদে টেলিগ্রাফ বিভাগকে ঐরূপ কোন জিলার মাজিষ্ট্রেট, প্রধান প্রেসিডেন্সি মাজিষ্ট্রেট বা আদালতের আদেশের অপেক্ষায় ঐরূপ দলীলের নিমিত্ত তল্লাস করাইতে ও উহা আটকাইয়া রাখিতে আদেশ করিতে পারিবেন।

"১২৩ আর্টিকেল।—(১) যথারীতি তলব করা কোন সাক্ষী এবং যে ব্যক্তি কোন সামরিক আদালতের সম্মুখে আদালতের অবমাননাসূচক কোন কার্য্য করেন কিম্বা ৫৬, ৫৭ বা ৫৮ আর্টিকেলের বর্ণিত কোন অপরাধ করেন তিনি এই সকল আর্টিকেলের অধীন হইলে তাঁহাদের বিরুদ্ধে আদালতের আদেশমত কার্য্য হইবে।

আদালতের অবমাননার কথা।

(২) ঐরূপ কোন সাক্ষী বা ব্যক্তি তদ্রূপ অধীন না হইলে সামরিক আদালতের অধ্যক্ষ যে মাজিষ্ট্রেটের এলাকার স্থান সীমার মধ্যে ঐ অপরাধ কৃত হয় সেই মাজিষ্ট্রেটকে স্বীয় স্বাক্ষরক্রমে ঐ অপরাধের সার্টিফিকেট দিতে পারিবেন এবং তদনন্তর ঐ মাজিষ্ট্রেট ঐ মোকদ্দমা আমলে আনিতে পারিবেন এবং অভিযুক্ত ব্যক্তি যাহা কিছু বলিতে ইচ্ছা করেন তাহা শুনিয়া অপরাধ যেন ঐরূপ মাজিষ্ট্রেটের আদালতে কোন অনুষ্ঠানে কৃত হইয়াছে এই ভাবে ঐ মোকদ্দমার নিষ্পত্তি করিতে পারিবেন।

"১২৪ আর্টিকেল।—কোন সামরিক আদালতে যাইবার বা হাজির থাকিবার সময় বা সামরিক আদালত হইতে ফিরিয়া আসিবার সময় দেওয়ানী বা রাজস্ব পরওয়ানাক্রমে সামরিক আদালতের কোন অধ্যক্ষ বা সভ্যকে, জজ-এডবোকেটকে, তত্ত্বাবধায়ক আফিসরকে, সামরিক আদালতের সম্মুখে উপস্থিত করা কোন অনুষ্ঠানের কোন পক্ষকে কিম্বা তাঁহার আইন ব্যবসায়িকে বা এজেণ্টকে এবং সামরিক আদালতে উপস্থিত হইবার সমনের আদেশানুযায়ী কার্য্যকারী কোন সাক্ষীকে ধৃত করিতে পারা যাইবে না।

যে সকল ব্যক্তি সামরিক আদালতে হাজির হন তাঁহাদের অধিকারের কথা।

(২) ঐরূপ কোন ব্যক্তি ঐরূপ কোন পরওয়ানাক্রমে ধৃত হইলে সামরিক আদালতের আজ্ঞাক্রমে তাঁহাকে ছাড়িয়া দিতে পারা যাইবে।”

১২৫ হইতে ১২৯ পর্য্যন্ত আর্টিকেল রহিত করিবার কথা।

৪৫ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১২৫ হইতে ১২৯ পর্য্যন্ত আর্টিকেল এতদ্দ্বারা রহিত করা গেল।

১৩০ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৪৬ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৩০ আর্টিকেলের (d) দফার প্রথম বাক্যে “one year” এই শব্দগুলির পরিবর্ত্তে “two years” এই শব্দগুলি বসাইতে হইবে।

১৩১ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

৪৭ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৩১ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলটী বসাইতে হইবে, অর্থাৎ:—

পদচ্যুতির কথা।

“ ১৩১ আর্টিকেল।—সামরিক আদালত কর্ত্তৃক অপর যে দণ্ডাজ্ঞা প্রদত্ত হয় তাহার সহিত পদচ্যুতির আজ্ঞাও করা যাইতে পারিবে।

১৩২ আর্টিকেলে শব্দ সন্নিবেশিত করিবার কথা।

৪৮ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৩২ আর্টিকেলে “reduced” এই শব্দটির পর “to a lower grade or” এই শব্দগুলি সন্নিবেশিত করিতে হইবে

১৩৩ হইতে ১৩৭ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

৪৯ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৩৩ হইতে ১৩৭ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলগুলি সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ:—

নির্জ্জন অবরোধের কথা।

“ ১৩৩ আর্টিকেল।—নির্জ্জন অবরোধের দণ্ডাজ্ঞা পালন করিবার সময় ঐরূপ অবরোধ কোন এক বারে চৌদ্দ দিনের অধিক কালের জন্য হইবে না এবং নির্জ্জন অবরোধের দুইটী কালের মধ্যে অন্যূন ঐরূপ কালের ব্যবধান থাকিবে এবং যেখানে প্রদত্ত কারাদণ্ডের কাল তিন মাসের অধিক হইবে সেখানে প্রদত্ত কারাদণ্ডের সমস্ত কালের কোন এক মাসে সাত দিনের অধিক কালের জন্য নির্জ্জন অবরোধদণ্ড হইতে পারিবে না এবং নির্জ্জন অবরোধের দুইটী কালের মধ্যে অন্যূন ঐরূপ কালের ব্যবধান থাকিবে।

অপ্রাপ্তকমিশন আফিসরগণের সামান্য সৈনিকের পদে অবনত হইবার কথা।

“ ১৩৪ আর্টিকেল।—সামরিক আদালত কর্ত্তৃক অপ্রাপ্ত কমিশন যে আফিসরের ১৩২ আর্টিকেলের দ্বিতীয় পারাগ্রাফের উল্লিখিত কোন দণ্ডের আজ্ঞা হয় সেই আফিসর সামান্য সৈনিকের পদে অবনত হইলেন বলিয়া জ্ঞান করিতে হইবে।

বেতন ও পেন্সন জব্দ হইবার কথা।

“ ১৩৫ আর্টিকেল।—কোন অপরাধ নির্ণীত হইলে কোন জেনরল, সরাসরী জেনরল বা ডিষ্ট্রিক্ট সামরিক আদালত ঐ আদালত অপর যে কোন দণ্ড প্রদান করিতে ক্ষমতাপ্রাপ্ত সেই দণ্ডাজ্ঞা ছাড়া অপরাধীর পূর্ব্ব চাকরির দৈর্ঘ্য বা তাব বশতঃ অতিরিক্ত বেতন বা পেন্সনের দাবী সম্বন্ধে যে সুবিধা জন্মিতে পারিত অপরাধী মুক্তির পর সেই সুবিধায় বঞ্চিত হইবেন কিম্বা ঐরূপ সমস্ত সুবিধায় সম্পূর্ণরূপে বঞ্চিত হইবেন (উহা পূর্ব্বের চাকরি হইতেই জন্মাইয়া থাকুক বা পরের চাকরি হইতেই জন্মাইতে পারুক) কিম্বা পদোন্নতি, বর্দ্ধিত বেতন, বা পেন্সন কিম্বা অপর কোন নির্দ্দিষ্ট প্রয়োজনের পক্ষে চাকরিতে বঞ্চিত হইবেন কিম্বা সামরিক কোন অলঙ্কারে বা পুরস্কারে বঞ্চিত হইবেন এই মর্ম্মের আদেশ করিতে পারিবেন।

অপরাধ নির্ণীত হইলে সচ্চরিত্রের নিমিত্ত বেতন বন্ধ হইবার কথা।

“ ১৩৬ আর্টিকেল।—এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তি সামরিক আদালত কর্ত্তৃক অপরাধী বলিয়া নির্ণীত হইলে অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরি লইয়া সময়ে সময়ে যে বিধি প্রণীত বা আদেশ প্রদত্ত হয় তদধীনে তাঁহার সচ্চরিত্রের নিমিত্ত বেতন বন্ধ হইবে।

বাকী বেতন জব্দ হইবার কথা।

“ ১৩৭ আর্টিকেল।—কোন অপরাধ নির্ণীত হইলে অপরাধীর যদি পদচ্যুতির দণ্ডাজ্ঞা হয় কিম্বা ঐরূপ পদচ্যুতি যদি তাঁহার দণ্ডাজ্ঞার আনুষঙ্গিক ফল স্বরূপ হয় তাহা হইলে আদালত আদেশ করিলে তিনি

(ক) তাঁহার পদচ্যুতি কালে বেতন ও বৃত্তির যে সকল বা যে কোন বাকা টাকা বা অপর সরকারী যে টাকা তাঁহার পাওনা থাকে তাহাতে কিম্বা

(খ) তাঁহার অপরাধোত্থিত যে লোকসান বা ক্ষতি প্রমাণ হয় তাহা পূরণের জন্য উহার যে অংশ আবশ্যক হয় সেই অংশে

বঞ্চিত হইবেন তাঁহার এই দণ্ডাজ্ঞাও হইতে পারিবে।”

১৩৮ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৫০ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৩৮ আর্টিকেলের প্রথম পারাগ্রাফ এবং সেই আর্টিকেলের দ্বিতীয় পারাগ্রাফের গোড়ায় স্থিত “and” শব্দটী এতদ্দ্বারা রহিত করা গেল।

১৩৯ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৫১ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৩৯ আর্টিকেলে “in the case of an officer, two-thirds, or, in the case of any other person, one-half of his” এই শব্দগুলির পরিবর্ত্তে “one-half of the offender's” এই শব্দগুলি বসাইতে হইবে।

৫২ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৪২ হইতে ১৪৯ পর্য্যন্ত আর্টিকেল এতদ্দ্বারা রহিত করা গেল।

১৪২ হইতে ১৪৯ পর্য্যন্ত আর্টিকেল রহিত করিবার কথা।

৫৩ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৫০ ও ১৫১ আর্টিকেলে "the offender shall" এই শব্দগুলির পর "as soon as may be convenient" এই শব্দগুলি সন্নিবেশিত করিতে হইবে এবং "the nearest jail" এই শব্দগুলির পরিবর্তে "a jail" এই শব্দগুলি সন্নিবেশিত করিতে হইবে।

১৫০ ও ১৫১ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৫৪ ধারা। শেষোল্লিখিত আর্টিকেলটিতে নিম্নলিখিত নিয়মবিধিটী যোগ করিতে হইবে, অর্থাৎ:—

১৫১ আর্টিকেলে যোগ করিবার কথা।

"কিন্তু তিন মাসের অনধিক কালের জন্য ঐরূপ কারাবাসের দণ্ডাজ্ঞার স্থলে দৃঢ়কারী বা উপরিতন কর্তৃপক্ষ কিম্বা সরাসরী সামরিক আদালতের বেলায় বিচারকারী কমাণ্ডিং আফিসর এই আদেশ করিতে পারিবেন যে সামরিক হাজতে ঐ দণ্ড ভোগ করিতে হইবে।"

৫৫ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৫২ আর্টিকেলের গোড়ায় "subject to the control of the Commander-in-Chief in India" এই শব্দগুলি সন্নিবেশিত করিতে হইবে এবং "the Commander-in-Chief of a Presidency" এই শব্দগুলির পরিবর্তে নিম্নলিখিত শব্দগুলি, অর্থাৎ "the General Officer of the Command" এই শব্দগুলি বসাইতে হইবে।

১৫২ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৫৬ ধারা। শেষোল্লিখিত আর্টিকেলের দ্বিতীয় পারাগ্রাফের গোড়ায় "subject as aforesaid" এই শব্দগুলি সন্নিবেশিত করিতে হইবে এবং পারাগ্রাফে "any Presidency" এই শব্দগুলির পরিবর্তে "a command" এই শব্দগুলি বসাইতে হইবে।

ঐ আর্টিকেল আরও সংশোধন করিবার কথা।

৫৭ ধারা।—উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৫৫ আর্টিকেলে "from the date of such sentence" এই শব্দগুলির পর "or, if an appeal be preferred against such sentence and fail, from the date of the disposal of such appeal" এই শব্দগুলি সন্নিবেশিত করিতে হইবে।

১৫৫ আর্টিকেলে নূতন শব্দ সন্নিবেশিত করিবার কথা।

৫৮ ধারা। শেষোল্লিখিত আর্টিকেলে, নিম্নলিখিত শব্দগুলি যোগ করিতে হইবে, অর্থাৎ:—

ঐ আর্টিকেলে যোগ করিবার কথা।

কিন্তু যে আফিসর বিচারের কার্য্যবিবরণ দৃঢ় করিতে বা তৎসম্বন্ধে অন্যরূপ বিনিব্যবস্থা করিতে এই সকল আর্টিকেলানুসারে ক্ষমতাপ্রাপ্ত তাঁহার আদেশক্রমে যুদ্ধে নিযুক্ত থাকিবার কালে ঐরূপ কোন ব্যক্তিকে সামান্য সৈনিকের দলে কার্য্য করিবার জন্য রাখা যাইতে পারিবে এবং তাঁহার ঐ দলে চাকরি, তাঁহার দ্বীপান্তর বাসের বা কারাবাসের কালের অংশস্বরূপ বলিয়া গণ্য হইবে।"

৫৯ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৫৬ হইতে ১৫৯ পর্য্যন্ত আর্টিকেল এতদ্দ্বারা রহিত করা গেল।

১৫৬ হইতে ১৫৯ পর্য্যন্ত আর্টিকেল রহিত করিবার কথা।

৬০ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৬০ আর্টিকেলের পরিবর্তে নিম্নলিখিত আর্টিকেলটী বসাইতে হইবে, অর্থাৎ:—

১৬০ আর্টিকেলের পরিবর্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

"১৬০ আর্টিকেল।—এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তি সামরিক আদালত কর্তৃক কোন অপরাধে অপরাধী বলিয়া নির্ণীত হইলে—

ক্ষমা ও রেয়াতের কথা।

(ক) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা

(খ) ঐ ব্যক্তি সিবিল অপরাধ হইতে ভিন্ন কোন অপরাধে অপরাধী বলিয়া নির্ণীত হইলে ভারতবর্ষস্থ শ্রীযুত প্রধান সেনাপতি সাহেব কিম্বা কমাণ্ডের জেনরল আফিসর,

(১) ঐ ব্যক্তিকে ক্ষমা করিতে পারিবেন,

(২) তাঁহাকে প্রদত্ত কোন দণ্ড সম্পূর্ণরূপে বা আংশিক ভাবে রেয়াত করিতে পারিবেন।

(৩) তাঁহার দণ্ডাজ্ঞাক্রমে জব্দ কোন চাকরি বা অপর সুবিধা তাঁহাকে প্রত্যর্পিত হইবার আদেশ করিতে পারিবেন, কিম্বা

(৪) তাঁহাকে চাকরি হইতে ছাড়াইয়া দেওয়া হইয়া থাকিলে তাঁহাকে পুনরায় চাকরিতে লইতে পারিবেন।

কিন্তু (১) কোন ব্যক্তির দণ্ডাজ্ঞা হইবার সময় সেই ব্যক্তি যদি কমাণ্ডের জেনরল আফিসরের কর্তৃত্বাধীন না থাকিয়া থাকেন এবং

(ক) সে ব্যক্তি যদি তখনও চাকরিতে না থাকেন কিম্বা সেই ব্যক্তিকে চাকরি হইতে ছাড়াইয়া দেওয়া হইয়া থাকিলে তাঁহাকে যে কোর বা ডিপার্টমেণ্ট

হইতে ছাড়াইয়া দেওয়া হয় সেই কোর বা ডিপার্টমেন্ট যদি তাহার পর পূর্ব্বের ন্যায় ঐ কর্ম্মচারির কর্তৃত্বাধীনে না থাকিয়া থাকে,

তাহা হইলে ঐ কর্ম্মচারী সেই ব্যক্তি সম্বন্ধে এই আর্টিকেলের প্রদত্ত ক্ষমতা পরিচালন করিবেন না।

১৬১ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৬১ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৬১ আর্টিকেলে "or to the Government of Fort St. George, or to the Government of Bombay," এই শব্দগুলি উঠাইয়া দিতে হইবে এবং "Commander-in-Chief of any Presidency or of the Officer Commanding any force not attached to a Presidency" এই শব্দগুলির পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসাইতে হইবে, অর্থাৎ :—"Commander-in-Chief in India or the General Officer of the Command, or of the Officer Commanding any force not attached to a Command."

১৬১ আর্টিকেলের পর নূতন আর্টিকেল যোগ করিবার কথা।

৬২ ধারা।—উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৬১ আর্টিকেলের পর নিম্নলিখিত আর্টিকেলটী সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ :—

"কার্য্য বিবরণ রক্ষা করিবার কথা।

সামরিক আদালতের কার্য্যবিবরণ রক্ষা করিবার কথা।

"১৬১ ক আর্টিকেল।—সমস্ত জেনরল সামরিক আদালতের কার্য্য বিবরণ নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা জজ এডবোকেড জেনরল কর্ত্তৃক দৃঢ়ীকৃত হইবার তারিখ হইতে অন্যূন সাত বৎসর কালের জন্য এবং সরাসরি জেনরল সামরিক আদালতের এবং ডিষ্ট্রিক্টের সামরিক আদালতের কার্য্যবিবরণী ঐ তারিখ হইতে অন্যূন তিন বৎসর কালের জন্য রক্ষিত হইবে।

(২) রেজিমেন্টের ও সরাসরি সামরিক আদালতের কার্য্যবিবরণ বন্দি যে কোর বা ডিপার্টমেন্টভুক্ত ছিল সেই কোর বা ডিপার্টমেন্টের রিকার্ডের সহিত তিন বৎসর কাল রক্ষিত হইবে।

(৩) সামরিক আদালত কর্ত্তৃক বিচারিত প্রত্যেক ব্যক্তি যে স্থলে নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা দৃঢ়ীকৃত হওয়া আবশ্যক সে স্থলে ঐরূপ দৃঢ়ীকরণের পর এবং কার্য্যবিবরণ নষ্ট করিয়া ফেলিবার পূর্ব্বে দাওয়া করিলে যে আফিসর বা ব্যক্তির জিম্মায় কার্য্যবিবরণ থাকে তাঁহার নিকট হইতে পুনরালোচনার কার্য্যবিবরণ থাকিলে পুনরালোচনায় কার্য্যবিবরণ সমেত ঐ কার্য্যবিবরণের একখানি নকল ঐ নকলের জন্য নির্দ্দিষ্ট হারে টাকা দিয়া পাইতে স্বত্ববান হইবেন।

১৬২ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

৬৩ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৬২ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলটী সন্নিবেশিত করিতে হইবে, অর্থাৎ :—

আর্টিকেলাধীন ব্যক্তির অনুপস্থিতি সম্বন্ধে অনুসন্ধানের কথা।

"১৬২ আর্টিকেল।—(১) এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তি উপযুক্ত অনুমতি ব্যতীত ষাইট দিন কাল স্বীয় কর্ত্তব্য কর্ম্মে অনুপস্থিত থাকিলে যত শীঘ্র সম্ভব একটী অনুসন্ধান আদালত সমবেত করিতে হইবে এবং নির্দ্দিষ্ট প্রকারে প্রতিজ্ঞা বা শপথ প্রদত্ত হইবার পর ঐ আদালত ঐ ব্যক্তির অনুপস্থিতি সম্বন্ধে এবং তাঁহার জিম্মায় সমর্পিত গবর্ণমেন্টের কোন সম্পত্তির কিম্বা তাঁহার অস্ত্র বারুদাদি, সরঞ্জাম যন্ত্রাদি বস্ত্র বা আবশ্যকীয় দ্রব্যাদির কোন কমতি হইলে তৎসম্বন্ধে অনুসন্ধান করিবেন এবং উপযুক্ত অনুমতি বা অপর উপযুক্ত কারণ ব্যতীত ঐ ব্যক্তি অনুপস্থিত থাকা সম্বন্ধে প্রতীতি জন্মিলে ঐ আদালত উক্ত অনুপস্থিতি, তাহার কাল এবং কমতি থাকিলে উক্তরূপ কমতির কথা ব্যক্ত করিবেন এবং ঐ ব্যক্তি যে কোর বা ডিপার্টমেন্টভুক্ত সেই কোর বা ডিপার্টমেন্টের কমাণ্ডিং আফিসর ঐ কোর বা ডিপার্টমেন্টের সামরিক আদালত বহীতে ঐ ব্যক্ত করণ রিকার্ড করিয়া রাখিবেন।

(২) যে ব্যক্তিকে অনুপস্থিত বলিয়া ব্যক্ত করা যায় তিনি যদি পরে আত্মসমর্পণ না করেন বা গ্রেপ্তার না হন তাহা হইলে পলায়ন অপরাধ নির্ণীত হওনের আইনমত যে ফল হয় ঐ রিকার্ডের সেই ফল হইবে।

(৩) যে ব্যক্তিকে অনুপস্থিত বলিয়া ব্যক্ত করা যায় তিনি যদি আত্মসমর্পণ করেন বা গ্রেপ্তার হন তাহা হইলে পলায়নের জন্য ঐ ব্যক্তির বিচারের সময় ঐ রিকার্ড বা যাহাতে সামরিক আদালত বহি রাখিবার ভারপ্রাপ্ত আফিসরের স্বাক্ষর আছে বলিয়া প্রতীয়মান ঐ রিকার্ডের এইরূপ একখানি নকল ঐ রিকার্ডের লিখিত বিষয়ের অনুমানসিদ্ধ প্রমাণ হইবে এবং বন্দিও রিকার্ডোল্লিখিত ব্যক্তি যে একই ব্যক্তি ইহা প্রমাণ হইলে তিনি পলায়নের এবং রিকার্ডে কোন কমতির কথা লেখা থাকিলে সেই কমতির অপরাধে অপরাধী বলিয়া নির্দ্দিষ্ট হইতে পারিবেন।

১৬৩ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৬৪ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৬৩ আর্টিকেলের শেষ পারাগ্রাফের পরিবর্ত্তে নিম্নলিখিত পারাগ্রাফটী বসাইতে হইবে, অর্থাৎ :—

"ঐরূপ সুপারিষ ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেব কর্ত্তৃক কিম্বা কমাণ্ডের জেনরল আফিসর কর্ত্তৃক কিম্বা যে আফিসর আপনি যে কমাণ্ডভুক্ত সেই কমাণ্ড সংসৃষ্ট নহে এমন কোন সেনাদলের অধ্যক্ষতা

করেন সেই আফিসর কর্ত্তৃক কিম্বা ঐ ব্যক্তি যাহার অধীনে কর্ম্ম করিতেছেন এমন কোন জেনরল আফিসর কর্ত্তৃক যথারীতি দৃষ্টাক্ত হইলে তিনি ঐরূপ বাকী টাকা পাইতে ও তদনুসারে চাকরির কালের হিসাব করিতে স্বত্ববান হইবেন।

১৬৪ আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

৬৫ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৬৪ আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলটী বসাইতে হইবে অর্থাৎ :—

নিম্নতর গ্রেডে বা সামান্য সৈনিকের পদে অবনত করিবার কথা।

১৬৪ আর্টিকেল।—ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেব, কমাণ্ডের জেনরল আফিসর, কমাণ্ড সংসৃষ্ট নহে এমন কোন সেনাদলের অধ্যক্ষতাকারী আফিসর এবং কোন ডিষ্ট্রিক্টের বা ডিপার্টমেন্টের বা ব্রিগেডের অধ্যক্ষতাকারী আফিসর আপন আপন অধীনস্থ অপ্রাপ্ত কমিশন আফিসরদিগকে নিম্নতর গ্রেডে বা সামান্য সৈনিকের পদে অবনত করিতে পারিবেন।

১৬৫ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৬৬ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৬৫ আর্টিকেলে "no such minor punishment shall be awarded by a Court-Martial," এই শব্দগুলি হইতে ঐ আর্টিকেলের শেষ পর্য্যন্ত শব্দগুলির পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি সন্নিবেশিত করিতে হইবে :—

"উক্ত প্রধান সেনাপতি সাহেব বিশেষ করিয়া অন্য প্রকার বিধান না করিলে কোন দেশীয় আফিসর অধস্তন ডাক্তার বা ওয়ারাণ্ট আফিসরের ঐরূপ কোন ক্ষুদ্র দণ্ড হইতে পারিবে না।

"ক্ষুদ্র দণ্ড প্রদত্ত হইলেই যে সচ্চরিত্রের নিমিত্ত বেতনও জব্দ হইবে এমন নহে। কিন্তু ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেবের সাধারণ আদেশে সময়ে২ যেরূপ নির্দ্দিষ্ট হয় তদনুসারে কমাণ্ডিং আফিসরের আজ্ঞাক্রমে ঐ বেতন জব্দ হওনের দণ্ড আসল দণ্ডস্বরূপ প্রদত্ত হইতে পারিবে।

"সচ্চরিত্রের বেতন জব্দ হওনের দণ্ড অপর কোন ক্ষুদ্র দণ্ডের সহিত অতিরিক্ত দণ্ডস্বরূপ প্রদত্ত হইতে পারিবে।

১৬৬ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৬৭ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৬৬ আর্টিকেলে "the Governor of Fort St. George in Council, the Governor of Bombay in Council, or any other Local Government" এই শব্দগুলি উঠাইয়া দিতে হইবে।

১৬৮ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৬৮ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৬৮ আর্টিকেলে "the Commander-in-Chief of the Presidency" এই শব্দগুলির পরিবর্ত্তে "the Commander-in-Chief in India or the General Officer of the Command" এই শব্দগুলি বসাইতে হইবে।

১৬৯ আর্টিকেল সংশোধন করিবার কথা।

৬৯ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৬৯ আর্টিকেলের দ্বিতীয় পারাগ্রাফে "Warrant Officer" এই শব্দদ্বয়ের পরিবর্ত্তে "Non-Commissioned Officer" এইশব্দগুলি বসাইতে হইবে।

১৭০ আর্টিকেলের এক অংশ রহিত করিবার কথা।

৭০ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৭০ আর্টিকেলের দ্বিতীয় ও তৃতীয় পারাগ্রাফ এতদ্দ্বারা রহিত করা গেল।

১৭১ হইতে ১৭৫ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

৭১ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৭১ হইতে ১৭৫ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলগুলি বসাইতে হইবে, অর্থাৎ :—

"সিবিল অপরাধ।

সিবিল অপরাধ সম্বন্ধে সামরিক বিচারাধিকারের কথা।

"১৭১ আর্টিকেল।—এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তি বৃটিশ ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে কোন সিবিল অপরাধ করিলে তাঁহাকে সামরিক আইনের বিরুদ্ধে অপরাধী বলিয়া গণ্য করা যাইবে এবং তিনি এই আর্টিকেল অনুসারে ঐ অপরাধে অভিযুক্ত হইলে ঐ অপরাধের জন্য তাঁহার এই সকল আর্টিকেলের বিধানের অধীনে বৃটিশ ভারতবর্ষের অন্তর্ব্বর্ত্তী বা বহির্ভূত কোন স্থানে সামরিক আদালতের দ্বারা বিচার হইতে পারিবে এবং অপরাধ নির্ণীত হইলে তাঁহার নিম্নলিখিত প্রকারে দণ্ড হইতে পারিবে অর্থাৎ :—

(ক) যে অপরাধে বৃটিশ ভারতবর্ষের আইনানুসারে মৃত্যু দণ্ড বা দ্বীপান্তর বাস দণ্ড বা তিন বৎসরের অধিক কালের জন্য কারাদণ্ড হইতে পারে অপরাধ সেই অপরাধ হইলে বৃটিশ ভারতবর্ষের আইন দ্বারা উক্ত অপরাধের জন্য যে দণ্ড নির্দ্দিষ্ট হয় সেই দণ্ড হইতে পারিবে এবং

(খ) অপরাপর স্থলে বৃটিশ ভারতবর্ষের আইন দ্বারা ঐ অপরাধের জন্য যে দণ্ড নির্দ্দিষ্ট হয় তাঁহার সেই দণ্ড কিম্বা দুশৃঙ্খলা বা সামরিক শাসনের বিরোধী কোন কার্য্যের জন্য এই সকল আর্টিকেল অনুসারে তাঁহার যে দণ্ড হইতে পারিত সেই দণ্ড হইতে পারিবে।

১৭১ আর্টিকেল কোন২ সিবিল অপরাধ সম্বন্ধে খাটাইবার কথা।

"১৭২ আর্টিকেল।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিজ্ঞাপন দিয়া ঠিক পূর্ব্ববর্ত্তী আর্টিকেলটী এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তির বৃটিশ ভারতবর্ষে যুদ্ধে নিযুক্ত থাকিবার কালে কৃত সিবিল অপরাধ কিম্বা কোন শ্রেনীর সিবিল অপরাধ সম্বন্ধে খাটাইতে পারিবেন এবং তদ্রূপ বিজ্ঞাপন রহিত করিতে পারিবেন।

কোন কোন অপরাধ কখন সামরিক আইনানুসারে বিচার্য্য হইবে তাহার কথা।

"১৭৩ আর্টিকেল।—এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তি বৃটিশ ভারতবর্ষের ভিতরে বা বাহিরে সামরিক আইনের অধীন কোন ব্যক্তির বিরুদ্ধে নিম্নলিখিত কোন অপরাধ,অর্থাৎ জ্ঞানকৃত বধ, অপরাধযুক্ত নরহত্যা কিম্বা ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৩২৩ হইতে ৩৩৫ পর্য্যন্ত কোন ধারা কিম্বা ৫০৬ ধারানুসারে দণ্ডনায় কোন অপরাধ করিলে বা করিতে চেষ্টা করিলে বা ঐরূপ অপরাধ করণের সহায়তা করিলে তিনি সামরিক আইনের বিরুদ্ধে অপরাধে অপরাধী বলিয়া গণ্য হইবেন এবং এই আর্টিকেল অনুসারে ঐরূপ কোন অপরাধে অভিযুক্ত হইলে তাঁহার এই সকল আর্টিকেলের বিধানের অধীনে বৃটিশ ভারতবর্ষের অন্তর্ব্বর্ত্তী বা বহির্ভূত কোন স্থানে সামরিক আদালত দ্বারা বিচার হইতে পারিবে এবং অপরাধ নির্ণীত হইলে উক্ত দণ্ডবিধির আইনক্রমে ঐ অপরাধের জন্য নির্দ্দিষ্ট দণ্ড হইতে পারিবে।

কোন কোন অপরাধ সম্বন্ধে বিচারাধিকারের কথা।

"১৭৪ আর্টিকেল। পূর্ব্ববর্ত্তী কোন আর্টিকেল অনুসারে ফৌজদারী আদালত ও সামরিক আদালত এই দুইয়ের প্রত্যেকেরই কোন অপরাধ সম্বন্ধে বিচারাধিকার থাকিলে কোন্ আদালতের সম্মুখে অনুষ্ঠান রুজু করিতে হইবে ইহার নিষ্পত্তি করা নির্দ্দিষ্ট সামরিক কর্ত্তৃপক্ষের বিবেচনাধীন হইবে এবং অনুষ্ঠান সামরিক আদালতের সম্মুখে রুজু করিতে হইবে উক্ত কর্ত্তৃপক্ষ এই নিষ্পত্তি করিলে তিনি স্বীয় বিবেচনাধীনে ঐ অভিযুক্ত ব্যক্তিকে সামরিক হাজতে রাখিবার আদেশ করিতে পারিবেন।

অপরাধী সমর্পণের নিমিত্ত ফৌজদারী আদালতের আদেশ করিবার ক্ষমতার কথা।

"১৭৫ আর্টিকেল।—বিচারাধিকারসম্পন্ন কোন ফৌজদারী আদালত যদি এরূপ বিবেচনা করেন যে কোন কথিত অপরাধ সম্বন্ধে অনুষ্ঠান তাঁহারই সম্মুখে রুজু করা উচিত তাহা হইলে তিনি লিখিত নুটিস দিয়া অনুষ্ঠানকারী কর্ত্তৃপক্ষকে বা নির্দ্দিষ্ট সামরিক কর্ত্তৃপক্ষকে ইচ্ছামত হয় অপরাধীর বিরুদ্ধে আইনানুসারে কার্য্য চলিবার জন্য তাঁহাকে সর্ব্বাপেক্ষা নিকটস্থ মাজিষ্ট্রেটের নিকট সমর্পণ করিবার নিমিত্ত না হয় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব জিজ্ঞাসা করিবার অপেক্ষায় অনুষ্ঠান স্থগিত রাখিবার নিমিত্ত আদেশ করিতে পারিবেন।

(২) এইরূপ প্রত্যেক স্থলে উক্ত কর্ত্তৃপক্ষ হয় অপরাধীকে উক্ত আদেশক্রমে সমর্পণ করিবেন না হয় কোন্ আদালতের সম্মুখে অনুষ্ঠান রুজু করিতে হইবে এই প্রশ্ন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিষ্পত্তির জন্য অবিলম্বে প্রেরণ করিবেন। ঐরূপ জিজ্ঞাসা করণ সম্বন্ধে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের হুকুম চূড়ান্ত হইবে।

১৭৬ হইতে ১৭৯ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নূতন আর্টিকেল বসাইবার কথা।

৭২ ধারা। উক্ত আর্টিকেল সকলের মধ্যে ১৭৬ হইতে ১৭৯ পর্য্যন্ত আর্টিকেলের পরিবর্ত্তে নিম্নলিখিত আর্টিকেলগুলি বসাইতে হইবে অর্থাৎ :—

ষষ্ঠ টাইটেল।—মৃত ব্যক্তি ও পলাতকদিগের সম্পত্তির কথা।

মৃত, পলাতক ও ক্ষিপ্ত ব্যক্তিদের সম্পত্তির কথা।

"১৭৬ আর্টিকেল।—এই সকল আর্টিকেলের অধীন কোন শ্রেণীর অন্তর্গত যে ব্যক্তি মরিয়া যান বা যুদ্ধক্ষেত্রে হত হন বা পলায়ন করেন তাঁহার সম্পত্তির বিলিব্যবস্থা সম্বন্ধে নিম্নলিখিত বিধি প্রণীত হইল :—

(১) কমাণ্ডিং আফিসর সেই স্থান স্থিত সমস্ত অস্থাবর সম্পত্তি সংগ্রহ করিয়া তাহার একখানি নির্ঘণ্টপত্র প্রস্তুত করাইবেন এবং মৃত ব্যক্তির বা পলাতকের যে বেতন বা বৃত্তি পাওনা থাকে তাহা আনাইবেন।

(২) যে মৃত ব্যক্তি কোন গবর্ণমেণ্ট সেবিং ব্যাঙ্কে (যে নামেই অভিহিত হউক না কেন পোষ্ট আফিস সেবিং ব্যাঙ্কও ইহার মধ্যে গণ্য) একহাজার টাকার অনধিক আমানত রাখিয়া যান তাঁহার বেলায় কমাণ্ডিং আফিসর উপযুক্ত বিবেচনা করিলে ব্যাঙ্কের সেক্রেটরীকে বা অপর উপযুক্ত কর্ম্মচারিকে বিভাগীয় বিধিতে যাহা কিছু থাকে তাহা সত্ত্বেও ঐ আমানত তাঁহাকে অবিলম্বে প্রদান করার জন্য আদেশ করিতে পারিবেন এবং ঐরূপ আদেশক্রমে ঐ আমানত প্রাপ্ত হইলে পরে যেরূপ বিধান করা হইল সেই বিধানানুসারে ভিন্ন কোন ব্যক্তির সেই আমানত সম্বন্ধে কোন স্বত্ব থাকিবে না।

(৩) কোন মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত ব্যক্তি সেই স্থানে থাকিলে এবং মৃত ব্যক্তির কোন রেজিমেণ্ট সম্বন্ধীয় ঋণ থাকিলে সেই ঋণ পরিশোধার্থ জামিন দিয়া থাকিলে কমাণ্ডিং আফিসর ঐ সম্পত্তি এবং এই আর্টিকেলের ২ দফানুসারে কোন আমানতের টাকা পাওয়া গিয়া থাকিলে সেই আমানতের টাকা ঐ স্থলাভিষিক্ত ব্যক্তিকে দিবেন।

(৪) যে মৃত ব্যক্তির সম্পত্তি সম্বন্ধে এই আর্টিকেলের ৩ দফামতে বিলিব্যবস্থা না করা হয় তাঁহার বেলায় এবং কোন পলাতকের বেলায় কমাণ্ডিং আফিসর ঐ সম্পত্তি প্রকাশ্য নীলামে বিক্রয় করাইবেন এবং ঐ

নীলামোৎপন্ন টাকা এবং এই আর্টিকেলের (২) দফামতে কোন আমানতের টাকা পাওয়া গিয়া থাকিলে সেই আমানতের টাকা হইতে কোন রেজিমেণ্ট সম্বন্ধীয় ঋণ বা তাঁবু বা আবাস স্থানে অপর কোন ঋণ থাকিলে সেই ঋণ ও মৃত ব্যক্তির বেলায় তাঁহার অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যয় দিবেন।

(৫) উদ্বৃত্ত টাকা থাকিলে উহা মৃত ব্যক্তির বেলায় তাঁহার স্থলাভিষিক্ত থাকিলে সেই স্থলাভিষিক্তকে প্রদত্ত হইবে কিম্বা মৃত্যুর পর বার মাসের মধ্যে ঐরূপ উদ্বৃত্ত টাকা সম্বন্ধে কোন দাওয়া স্থাপিত না হইলে ঐ টাকা নির্দ্দিষ্ট আফিসরের নিকট প্রেরিত হইবে।

(৬) কোন পলাতকের সম্পত্তি নীলামের স্থলে কমাণ্ডিং আফিসরের হস্তে যে টাকা থাকে তাহা অবিলম্বে নির্দ্দিষ্ট আফিসরের নিকট পাঠাইতে হইবে।

প্রবেট প্রভৃতি হাজির না করিলেও কোন২ সম্পত্তি সম্বন্ধে বিলিব্যবস্থা করিবার কথা।

"১৭৭ আর্টিকেল।—ঠিক পূর্ব্ববর্ত্তী আর্টিকেল অনুসারে কোন মৃত ব্যক্তির স্থলাভিষিক্তকে যে সম্পত্তি ও টাকা দেয় হয় তাহার মোট মূল্য বা পরিমাণ যদি এক হাজার টাকার অধিক না হয় ও নির্দ্দিষ্ট আফিসর যদি উপযুক্ত বিবেচনা করেন তাহা হইলে সেই সম্পত্তি ও টাকা যে ব্যক্তি ঐ টাকা পাইতে বা মৃত ব্যক্তির সম্পত্তির ধনাধ্যক্ষতা করিতে স্বত্ববান্ বলিয়া তাঁহার বোধ হয় সেই ব্যক্তিকে কোন প্রবেট, ধনাধ্যক্ষতাপত্র, সার্টিফিকেট বা স্বত্বের তদ্রূপ অপর সিদ্ধান্ত প্রমাণ হাজির করিবার আদেশ না করিয়া সমর্পিত বা প্রদত্ত হইতে পারিবে। এবং তদ্রূপ সমর্পণ বা প্রদান যাঁহারা ঐ সমর্পণ বা প্রদানের আদেশ দেন বা ঐরূপে সমর্পণ বা প্রদান করেন তাঁহাদের পক্ষে ও মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত সেক্রেটরী অব এষ্টেট সাহেবের পক্ষে ঐ সম্পত্তি বা টাকা সম্বন্ধে অপর সমস্ত দায়িত্ব হইতে সম্পূর্ণ নিষ্কৃতি স্বরূপ হইবে। কিন্তু এই আর্টিকেলে যাহা থাকে তাহাতে যে ব্যক্তিকে ঐরূপে সম্পত্তি ও টাকা প্রদত্ত বা সমর্পিত হইয়াছে তাঁহার বিরুদ্ধে কোন মৃত ব্যক্তির এক্জিকিউটরের, ধনাধ্যক্ষের বা অপর স্থলাভিষিক্তের বা কোন পাওনাদারের স্বত্বের ব্যত্যয় হইবে না।

১৭৬ আর্টিকেলে পলায়নের অর্থের কথা।

"১৭৮ আর্টিকেল।—যে ব্যক্তি পলায়নাপরাধে অপরাধী বলিয়া নির্ণীত হইয়াছেন বা যে ব্যক্তি ষাইট দিন কাল বেআইনিভাবে কর্ত্তব্যকর্ম্মে অনুপস্থিত থাকিয়াছেন এবং পরে আত্মসর্পণ করেন নাই বা গ্রেপ্তার হন নাই সেই ব্যক্তি ১৭৬ আর্টিকেলের অর্থানুসারে পলায়ন করিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

১৭৬ আর্টিকেল ক্ষিপ্ত ব্যক্তিদের সম্বন্ধে খাটিবার কথা।

"১৭৯ আর্টিকেল।—শেষোক্ত আর্টিকেলের বিধান যতদূর খাটান যাইতে পারে ততদূর এই সকল আর্টিকেলের অধীন যে ব্যক্তি ক্ষিপ্ত হন তাঁহার সম্বন্ধে খাটিবে এবং ক্ষিপ্তমনা সেনা বিষয়ক ১৮৭৭ সালের আইনে যেরূপ অনুমতি আছে তাঁহার ভরণপোষণের জন্য সেইরূপ বৃত্তি প্রদত্ত হইবে।

৩য় ভাগের পরিবর্ত্তে নূতন ভাগ বসাইবার কথা।

৭৩ ধারা। উক্ত আর্টিকেল সকলের ৩য় ভাগের পরিবর্ত্তে নিম্নলিখিত ভাগটী বসাইতে হইবে:—

"৩য় ভাগ—বিবিধ বিষয়ের কথা।

দ্বিতীয়বার বিচার নিষিদ্ধ হইবার কথা।

১৮০ আর্টিকেল।—এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তি কোন সামরিক আদালত বা ফৌজদারী আদালত কর্ত্তৃক কোন অপরাধে অপরাধী বলিয়া নির্ণীত বা কোন অপরাধে দোষী নয় বলিয়া ব্যক্ত হইয়া থাকিলে কিম্বা তাঁহার বিরুদ্ধে কোন অপরাধের নিমিত্ত ১৬৫ বা ১৬৬ আর্টিকেল অনুসারে সরাসরিমতে কার্য্য হইয়া থাকিলে তাঁহার সেই অপরাধের নিমিত্ত পুনরায় কোন সামরিক আদালত কর্ত্তৃক বিচার হইতে পারিবে না কিম্বা তৎসম্বন্ধে তাঁহার বিরুদ্ধে পূর্ব্বোক্ত আর্টিকেল দ্বয়ের কোনটী অনুসারে সরাসরি মতে কার্য্য হইতে পারিবে না।

ঋণের জন্য গ্রেপ্তার হইতে মুক্তির কথা।

"১৮১ আর্টিকেল।—(১) এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তি যতদিন শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় সেনাদলের অন্তর্ভুক্ত থাকিবেন ততদিন তাঁহাকে কোন দেওয়ানী বা রাজস্ব আদালত বা রাজস্ব কর্ম্মচারী কর্ত্তৃক বাহির করা বা তাঁহাদের অনুমতিক্রমে বাহির করা কোন পরওয়ানাক্রমে ঋণের জন্য গ্রেপ্তার করিতে পারা যাইবে না।

(২) ঐরূপ কোন ব্যক্তিকে এই আর্টিকেলের বিধানের বিরুদ্ধে গ্রেপ্তার করণ সম্বন্ধে ঐরূপ ব্যক্তি বা তাঁহার উপরতন আফিসর কর্ত্তৃক যে অভিযোগ উপস্থিত করা হয় তৎসম্বন্ধে তদ্রূপ কোন আদালতের জজ অনুসন্ধান করিতে পারিবেন এবং তাঁহার স্বাক্ষরিত ওয়ারাণ্টক্রমে ঐ ব্যক্তিকে ছাড়িয়া দিতে পারিবেন এবং অভিযোক্তাকে যুক্তি সঙ্গত খরচা দিবার নিমিত্ত আদেশ করিতে পারিবেন। যে ব্যক্তি পরওয়ানা পান তাঁহার বিরুদ্ধে ডিক্রীক্রমে অভিযোক্তাকে কোন খরচা দিবার আদেশ হইলে অভিযোক্তা সেই খরচা যে প্রকারে আদায় করিতে পারিতেন এই খরচাও সেই প্রকারে আদায় করিতে পারিবেন।

(৩) তদ্রূপ খরচা আদায়ের জন্য অভিযোক্তাকে আদালতে কোনও ফী দিতে হইবে না।

সম্পত্তি ক্রোক হইতে মুক্ত হইবার কথা।

"১৮২ আর্টিকেল।—এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তির অস্ত্র, বস্ত্র, সরঞ্জাম, সাজ সজ্জা বা আবশ্যকীয় দ্রব্য কিম্বা তাঁহার কর্ত্তব্যকর্ম্ম সম্পাদনার্থ তিনি যে জন্তু ব্যবহার করেন সেই জন্তু কিম্বা তদ্রূপ কোন ব্যক্তির বেতন বা বৃত্তি বা তাহার কোন অংশ কোন দেওয়ানী বা রাজস্ব

আদালতের বা কোন রাজস্ব কর্ম্মচারীর আদেশক্রমে ঐ ব্যক্তির বিরুদ্ধে জারি করিতে পারা যায় এমন ডিক্রী বা হুকুমের লিখিত টাকার পরিশোধার্থ ক্রোক করিতে পারা যাইবে না।

ঠিক পূর্ব্ববর্ত্তী দুইটী আর্টিকেল রিজার্ব সেনাদলের লোকদিগের সম্বন্ধে খাটিবার কথা।

"১৮৩ আর্টিকেল।—ভারতবর্ষীয় রিজার্ব সেনাদলের অন্তর্ভুক্ত প্রত্যেক ব্যক্তি আফিসর বা সৈনিক স্বরূপ শিক্ষা বা কার্য্যের জন্য আহূত হইবার সময় কিম্বা শিক্ষা বা কার্য্যে নিযুক্ত থাকিবার সময় কিম্বা শিক্ষা বা কার্য্য হইতে ফিরিয়া আসিবার সময় ঠিক পূর্ব্ববর্ত্তী দুইটী আর্টিকেলক্রমে এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তিকে যে সকল অধিকার প্রদত্ত হইয়াছে সেই সকল অধিকার পাইতে স্বত্ববান হইবেন।

যে সকল মোকদ্দমায় দেশীয় বা আফিসর সৈনিকেরা সংসৃষ্ট থাকে আদালতের সেই সকল মোকদ্দমা আগে শুনিবার কথা।

"১৮৪ আর্টিকেল।—(১) কোন আদালতে কোন মোকদ্দমা বা অপর অনুষ্ঠান চালাইবার বা তাহার প্রতিবাদ করিবার জন্য এই সকল আর্টিকেলের অধীন কোন আফিসর বা সৈনিক ছুটী পাইয়াছে বা ছুটীর জন্য দরখাস্ত করিয়াছে উপযুক্ত সামরিক কর্ত্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত এই মর্ম্মের একখানি সার্টিফিকেট ঐরূপ কোন আফিসর বা সৈনিক কর্ত্তৃক বা ঐরূপ কোন আফিসর বা সৈনিকের পক্ষে ঐ আদালতে দাখিল করা গেলে ঐ আদালত ঐরূপ আফিসর বা সৈনিকের প্রার্থনায় যতদূর সম্ভব ঐরূপ প্রদত্ত বা প্রার্থিত ছুটীর কালের মধ্যে ঐ মোকদ্দমা বা অন্য অনুষ্ঠান শুনিবার ও চূড়ান্তরূপে নিষ্পত্তি করিবার বন্দোবস্ত করিবেন।

(২) উপযুক্ত সামরিক কর্ত্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত সার্টিফিকেটে ছুটী বা অভিপ্রেত ছুটীর প্রথম ও শেষ দিনের উল্লেখ এবং যে মোকদ্দমা সম্বন্ধে ঐ ছুটী প্রদত্ত বা প্রার্থিত হইয়াছে তাহার বর্ণনা থাকিবে।

(৩) ঐরূপ কোন সার্টিফিকেট দাখিল সম্পর্কে বা ঐরূপ কোন আফিসর বা সৈনিকের মোকদ্দমা আগে শুনিবার জন্য ঐরূপ আফিসর বা সৈনিক কর্ত্তৃক বা ঐরূপ আফিসর বা সৈনিকের পক্ষে যে দরখাস্ত প্রদত্ত হয় তৎসম্পর্কে আদালতে কোনও ফী দেয় হইবে না।

(৪) যে স্থলে আদালত উপরোক্ত ছুটী বা অভিপ্রেত ছুটীর কালের মধ্যে মোকদ্দমা বা অপর অনুষ্ঠান শুনিবার এবং তাহা চূড়ান্তরূপে নিষ্পত্তি করিবার বন্দোবস্ত করিতে সক্ষম না হন সেই স্থলে আদালত ঐরূপ না করিতে পারিবার হেতু লিপিবদ্ধ করিবেন এবং ঐরূপ আফিসর বা সৈনিকের প্রার্থনায় ঐরূপ আফিসর বা সৈনিকের নিকট হইতে ঐ লিপিবদ্ধ হেতুর নকলের জন্য দরখাস্ত সম্পর্কে বা ঐ নকল সম্পর্কে কিছু না লইয়া তাঁহাকে উহার একখানি নকল দেওয়াইবেন।

(৫) ঠিক কোন্ সামরিক কর্ত্তৃপক্ষ পূর্ব্বোক্ত সার্টিফিকেট দিতে ক্ষমতাবান কোনও স্থলে এই প্রশ্ন উত্থিত হইলে আদালত ঐ প্রশ্ন অবিলম্বে সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী কোরের অধ্যক্ষতাকারী আফিসরকে প্রেরণ করিবেন এবং ঐ আফিসরের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

পলাতকদিগের গ্রেপ্তারের কথা।

"১৮৫ আর্টিকেল।—(১) এই সকল আর্টিকেলের অধীন কোন ব্যক্তি পলাইলে ঐ ব্যক্তি যে কোর, ডিপার্টমেণ্ট বা ডিটাচমেণ্টের অন্তর্ভুক্ত সেই কোর, ডিপার্টমেণ্ট বা ডিটাচমেণ্টের কমাণ্ডিং-আফিসর তাঁহার মতে যে সকল সিবিল, পোলিটিক্যাল বা পুলিস কর্ত্তৃপক্ষ পলাতকের গ্রেপ্তারে সহায়তা করিতে সক্ষম হইতে পারেন তাঁহাদিগকে ঐ পলায়নের লিখিত সংবাদ দিবেন এবং তদনন্তর ঐ সকল কর্ত্তৃপক্ষ উক্ত পলাতকের গ্রেপ্তারের জন্য যেন কোন মাজিষ্ট্রেট কর্ত্তৃক ওয়ারাণ্ট বাহির হইয়াছে এই ভাবে তাঁহার গ্রেপ্তারের জন্য উপায় অবলম্বন করিবেন এবং গ্রেপ্তার হইলে পর ঐ পলাতককে সামরিক হাজতে সমর্পণ করিবেন।

(২) ঐরূপ কর্ত্তৃপক্ষগণ আরও যে সকল ব্যক্তিকে যুক্তিযুক্ত হেতুতে এই সকল আর্টিকেলের অধীন বলিয়া বিশ্বাস করা যায় কর্ত্তব্যকর্ম্ম উপলক্ষে না হইলে কিম্বা ছুটীর বা ছাড়িয়া দিবার সার্টিফিকেট না থাকিলে সেই সকল ব্যক্তির তাঁহাদের এলাকাধীন স্থানের মধ্য দিয়া ভ্রমণ করা নিবারণের পক্ষে তাঁহাদের যাহা সর্ব্বোৎকৃষ্ট উপায় বলিয়া বোধ হয় সেই উপায়ে তাহাদের তদ্রূপ ভ্রমণ নিবারণ করিবেন।

(৩) কোন ব্যক্তি এই সকল আর্টিকেলের অধীন এবং অনুমতি বিনা ভ্রমণ করিতেছেন যুক্তিযুক্ত কারণে এইরূপ বিশ্বাস হইলে যে কোন পুলিস কর্ম্মচারী সেই ব্যক্তিকে বিনা ওয়ারাণ্টে গ্রেপ্তার করিতে পারিবেন এবং তাঁহার সম্বন্ধে আইনানুসারে কার্য্য হইবার জন্য অবিলম্বে তাঁহাকে সর্ব্বাপেক্ষা নিকটস্থ মাজিষ্ট্রেটের নিকট কিম্বা কোন মাজিষ্ট্রেটের নিকট সহজে উপস্থিত হইবার উপায় না থাকিলে সর্ব্বাপেক্ষা নিকটস্থ সামরিক কমাণ্ডিং আফিসরের সম্মুখে উপস্থিত করিবেন।

সামরিক অপরাধীগণকে গ্রেপ্তার করিবার কথা।

"১৮৬ আর্টিকেল।—কোন সামরিক অপরাধে অভিযুক্ত হইয়াছেন এই সকল আর্টিকেলের অধীন এমন কোন ব্যক্তি কোন সিবিল, পোলিটিক্যাল বা পুলিস কর্ম্মচারীর এলাকার মধ্যে থাকিলে ঐরূপ কর্ম্মচারী সেই ব্যক্তিকে গ্রেপ্তার করিয়া সামরিক হাজতে সমর্পণ করা হয় সেই ব্যক্তির কমাণ্ডিং আফিসরের স্বাক্ষরিত এই মর্ম্মের একখানি লিখিত দরখাস্ত পাইবার পর সেই ব্যক্তির গ্রেপ্তারকরণ ও সামরিক হাজতে সমর্পণে সহায়তা করিবেন।

সাক্ষ্য সম্বন্ধে যেরূপ অনুমান করিতে হইবে তাহার কথা।

"১৮৭ আর্টিকেল।—এই সকল আর্টিকেল অনুসারে কোন অনুষ্ঠানে গবর্ণমেণ্টের সিবিল বা মিলিটরি সর্ব্বিসস্থ কোন কর্ম্মচারী কর্ত্তৃক স্বাক্ষরিত বলিয়া প্রতীয়মান কোন দরখাস্ত, সার্টিফিকেট, ওয়ারাণ্ট, প্রত্যুত্তর বা অপর

কাগজ দাখিল করা গেলে যতক্ষণ পর্য্যন্ত বিরুদ্ধ প্রমাণ উপস্থিত না করা যায় ততক্ষণ উহা যে ব্যক্তি কর্ত্তৃক যে পদধারী বলিয়া স্বাক্ষরিত বলিয়া প্রতীয়মান সেই ব্যক্তি কর্ত্তৃক সেই পদধারী বলিয়া স্বাক্ষরিত বলিয়া ধরিয়া লওয়া যাইবে।

আর্ম্মি কমাণ্ডের অধীন সেনাদলের অংশের কথা।

"১৮৮ আর্টিকেল।—(১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আদেশ করিতে পারিবেন যে এই সকল আর্টিকেলের প্রয়োজনের নিমিত্ত।

(ক) কোন কমাণ্ডের অন্তর্ভুক্ত শ্রীশ্রীমতীর ভারতবর্ষীয় সেনাদলের কোন অংশ কমাণ্ডের সাধারণ সীমার বহির্ভাগে কার্য্য করিবার সময় পূর্ব্বের ন্যায় কমাণ্ডের জেনরল আফিসরের কর্ত্তৃত্বাধীন থাকিবে; কিম্বা

(খ) কোন কমাণ্ডের অনন্তর্ভুক্ত ঐরূপ সেনাদলের কোন অংশ কোন কমাণ্ডভুক্ত হইবে এবং ঐ কমাণ্ডের জেনরল আফিসরের কর্ত্তৃত্বাধীন হইবে।

(২) এই আর্টিকেলের (১) দফানুসারে আদেশের স্থল ভিন্ন উক্ত সেনাদলের কোন অংশ কোন কমাণ্ডে কার্য্য করিবার সময় এই সকল আর্টিকেলের প্রয়োজনের নিমিত্ত ঐ কমাণ্ডের জেনরল আফিসরের কর্ত্তৃত্বাধীন হইবে।

ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেবের ক্ষমতা বাঁচাইবার কথা।

"১৮৯ আর্টিকেল।—পার্লিয়ামেন্টের কোন আইনক্রমে কিম্বা রয়াল ওয়ারান্ট বা কমিশনক্রমে ভারতবর্ষের শ্রীযুত প্রধান সেনাপতি সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে এই সকল আর্টিকেলের কোন কথা দ্বারা তাহার কোন ব্যত্যয় হইল বলিয়া জ্ঞান করিতে হইবে না।

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

"১৯০ আর্টিকেল।—(১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিজ্ঞাপন দিয়া এই সকল আর্টিকেলের সহিত সঙ্গতি রক্ষা করিয়া সামরিক আদালতের এবং এই সকল আর্টিকেল অনুসারে যে মিলিটরি, সিবিল বা পোলিটিকাল কর্ম্মচারিদের কোন কর্ত্তৃত্বাধিকার বা ক্ষমতা থাকে তাঁহাদের কার্য্যপ্রণালী নিয়ন্ত্রিত করণার্থ এবং এই সকল আর্টিকেল অনুসারে বিচার্য্য অপরাধের অনুসন্ধান, বিচার ও দণ্ডের সহিত যতদূর সম্বন্ধ থাকে ততদূর এই সকল আর্টিকেল আমলে আনয়নার্থ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

(২) এই আর্টিকেলানুযায়ী বিধিতে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধেও বিধান করিতে পারা যাইবে ঃ—

(ক) অনুসন্ধানকারী আদালতের সমবেত হওন ও কার্য্যপ্রণালী সম্বন্ধে,—

(খ) সামরিক আদালত আহ্বান ও গঠন সম্বন্ধে;

(গ) সামরিক আদালতের বন্ধ থাকন, ভাঙ্গিয়া যাওয়া ও অধিবেশন সম্বন্ধে;

(ঘ) বিচার কালে সামরিক আদালতের অনুসরণীয় কার্য্যপ্রণালী সম্বন্ধে;

(ঙ) সামরিক আদালতের নিষ্পত্তির ও দণ্ডাজ্ঞার দৃঢ়ীকরণ ও পুনরালোচনা সম্বন্ধে;

(চ) সামরিক আদালতের প্রদত্ত দণ্ডাজ্ঞা পালন করণ সম্বন্ধে;

(ছ) সামরিক আদালত, দ্বীপান্তর বাস ও কারাবাস বিষয়ক আজ্ঞা এই সকল আর্টিকেলের বিধানানুসারে যে যে কারমে দিতে হইবে তৎসম্বন্ধে।

(৩) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এইরূপ কোন বিধি দ্বারা কোন সামরিক আদালত বা আফিসরের প্রতি (কোন ব্যক্তির বিচার করিবার বা দণ্ডাজ্ঞা প্রদান করিবার ক্ষমতা হইতে ভিন্ন) ফৌজদার মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনক্রমে কোন সরেণও বিচারাধিকার প্রাপ্ত আদালতকে প্রদত্ত কোন ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

ভারতবর্ষের গবর্ণমেন্টের অধীন কোন কোন সেনাদলের প্রতি এই সকল আর্টিকেল খাটাইবার ক্ষমতার কথা।

"১৯১ আর্টিকেল।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেব বিজ্ঞাপন দিয়া এই সকল আর্টিকেলের সমস্ত বা যে কোন বিধান মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে ভারতবর্ষে সংগৃহীত ও রক্ষিত কোন সেনাদল সম্বন্ধে খাটাইতে পারিবেন ও তদ্রূপ কোন বিজ্ঞাপন রহিত বা পরিবর্ত্তন করিতে পারিবেন।

(২) যৎকালে এই সকল আর্টিকেলের কোন বিধান ঐরূপ কোন সেনাদল সম্বন্ধে খাটিবে তৎকালে ঐ সকল বিধানের কার্য্যচলনের আনুষঙ্গিক কোন কর্ত্তৃত্বাধিকার, ক্ষমতা বা কর্ত্তব্যকর্ম্ম ঐ সেনাদল সম্বন্ধে কোন্ কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক পরিচালিত বা পালিত হইবে তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিজ্ঞাপন দিয়া নির্দ্দেশ করিতে পারিবেন।

আর্টিকেল সমূহে দ্বিতীয় ক্রোড়পত্র সংযোগ করিবার কথা।

৭৪ ধারা।—উক্ত আর্টিকেল সমূহের ক্রোড়পত্রের পর এই আইনের তফসীলে প্রদত্ত দ্বিতীয় ক্রোড়পত্রটী যোগ করিতে হইবে।

ভারতবর্ষেয় যুদ্ধের আর্টিকেল সংশোধন করণার্থ ১৮৯৪ সালের আইন।

(তফসীল।)

তফসীল।

(৭৪ ধারা দেখ।)

দ্বিতীয় ক্রোড়পত্র।

(৯১ আর্টিকেল দেখ।)

সরাসরী জেনরল সামরিক আদালতের সমবেত হওনের ও কার্য্যবিবরণের ফারম।

কার্য্যবিবরণ।

* ———— এ, অদ্য ১৮৯ সালের ———— মাসের ———— দিবসে।

* স্থানের নাম উল্লেখ করিতে হইবে।

ক। আদালত আহ্বানের আদেশ।

যেহেতু এতৎসংযুক্ত তফসীলের নামোল্লিখিত সামরিক আইনাধীন ব্যক্তিগণ উক্ত তফসীলের উল্লিখিত অপরাধ করিয়াছে বলিয়া আমার বোধ হয় এবং যেহেতু নিম্নলিখিত স্বাক্ষরকারী ও এক্ষণে ———— যুদ্ধে ———— নিযুক্ত ————র কমাণ্ডিং আফিসর আমার মতে সরকারী সর্ব্বিসের প্রতি যথাযথ দৃষ্টি রাখিয়া উক্ত অপরাধ সকলের বিচারের জন্য একটী সাধারণ সামরিক আদালত আহ্বান করা († কিম্বা উপস্থিতন উপযুক্ত আফিসরকে জিজ্ঞাসা করিবার জন্য বিচারে বিলম্ব করা) অসম্ভব অতএব আমি উক্ত ব্যক্তিগণের বিচারার্থে একটী সরাসরি জেনরল সামরিক আদালত আহ্বান করিতেছি। সেই সামরিক আদালত নিম্নলিখিত ব্যক্তিগণ লইয়া গঠিত হইবে :—

† যে স্থলে আহ্বানকারী আফিসর কমাণ্ডিং আফিসর নহেন ও ফীল্ড আফিসরের নিম্নপদস্থ তদ্ভিন্ন অপর সকল স্থলে এই কথাগুলি উঠাইয়া দিতে হইবে।

অধ্যক্ষ।

পদ।	নাম।	রেজিমেণ্ট।
————	————	————

সভ্য।

পদ।	নাম।	রেজিমেণ্ট।
————	————	————
————	————	————
————	————	————

আমি এই সার্টিফিকেট দিতেছি যে উপরোক্ত আদালত ———— মাসের ———— দিবসে সমবেত হইয়া উক্ত তফসীলে নামোল্লিখিত ব্যক্তিগণের যথারীতি বিচার করিয়াছিল এবং ঐ তফসীলের তৃতীয় ও চতুর্থ ঘরে ঐরূপ প্রত্যেক ব্যক্তি সম্বন্ধে যে জবাব, নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা প্রদত্ত হইয়াছে তাহাই তাহাদের সম্বন্ধে জবাব, নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা।

খ।—কার্য্যবিবরণ সম্বন্ধে অধ্যক্ষের সার্টিফিকেট।

অদ্য ১৮৯ সালের ———— মাসের ———— দিবসে স্বাক্ষরিত।

গ ———— ঘ ————,

সামরিক আদালতের অধ্যক্ষ।

দৃঢ়ীকরণ।

উপরোক্ত তকসীলের শেষ ঘরের কথিত প্রকারে আমি নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা সম্বন্ধে কার্য্য করিয়াছে এবং সেখানে আমি যাহা বলিয়াছি তদধীনে আমি এতদ্দ্বারা উপরোক্ত নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা দৃঢ় করিতেছি। তকসীলোল্লিখিত সরাসরি দণ্ডের আজ্ঞা সম্বন্ধে আমার এই মত যে সরকারী সর্ব্বিসের প্রতি যথাযথ দৃষ্টি রাখিয়া কারাবাসের দণ্ডাজ্ঞা কার্য্যে পরিণত করা যাইতে পারে না। (* এবং আমার মতে সরকারী সর্ব্বিসের যথাযথ দৃষ্টি রাখিয়া কোন উপরিতন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক দৃঢ়ীকৃত হওয়ার জন্য মোকদ্দমা মুলতবি রাখা অসম্ভব)।

* যে স্থলে বিধি অনুসারে সাধারণতঃ মোকদ্দমা মুলতবী রাখাই দৃঢ়কারী আফিসরের কর্ত্তব্য সে স্থলভিন্ন অন্যস্থলে এই কথাগুলি উঠাইয়া দিতে হইবে।

অদ্য ১৮৭ সালের ———————— মাসের ———————— দিবসে স্বাক্ষরিত।

ঙ ———————— চ ————————,

সেনাদলের (বা অধ্যক্ষতাকারী) ফীল্ড (বা জেনরল) আফিসর।

মুলতবি রাখা দণ্ডাজ্ঞার দৃঢ়ীকরণ।

তকসীলের শেষ ঘরের কথিত প্রকারে আমি মুলতবি রাখা নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা সম্বন্ধে কার্য্য করিয়াছি এবং আমি সেখানে যাহা বলিয়াছি তদধীনে এতদ্দ্বারা উক্ত মুলতবি রাখা নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা দৃঢ় করিতেছি।

অদ্য ১৮৭ সালের ———————— মাসের ———————— দিবসে স্বাক্ষরিত।

ছ ———————— জ ————————,

সেনাদলের জেনরল (ফীল্ড) আফিসর।

মৃত্যু দণ্ডের বা দণ্ডরূপ পরিশ্রম দণ্ডের আজ্ঞা দৃঢ়ীকরণ।

আমি তকসীলের শেষ ঘরে যাহা বলিয়াছি তদধীনে এতদ্দ্বারা ———————— ————————র সম্বন্ধে (নিষ্পত্তি ও) মৃত্যুদণ্ডের আজ্ঞা এবং ———————— ————————র সম্বন্ধে দ্বীপান্তর বাসের দণ্ডাজ্ঞা দৃঢ় করিতেছি († এবং উপরোক্ত মৃত্যু দণ্ডের আজ্ঞা সম্বন্ধে আমার এই মত যে ‡ ———————— বশতঃ সরকারী সর্ব্বিসের প্রতি যথাযথ দৃষ্টি রাখিয়া আমার উপরিতন কোন উপযুক্ত আফিসর কর্তৃক দৃঢ়ীকৃত হওয়ার জন্য মোকদ্দমা মুলতবি রাখা অসম্ভব)।

† যে স্থলে অধ্যক্ষতাকারী প্রধান আফিসর কর্তৃক দৃঢ়ীকৃত হয় সেই স্থলে এই কথাগুলি উঠাইয়া দিতে হইবে।

‡ এই খানে অবস্থানুসারে দেশের প্রাকৃতিক ভাব বা বহুদূরত্ব বা শত্রুদলের কার্য্যাদি লিখিতে হইবে।

অদ্য ১৮৭ সালের ———————— মাসের ———————— দিবসে স্বাক্ষরিত।

ঞ ———————— ট ————————,

সেনাদলের অধ্যক্ষতাকারী প্রধান জেনরল (ফীল্ড) আফিসর।

ভারতবর্ষের যুদ্ধের আর্টিকেল সংশোধন করণার্থ ১৮৯৪ সালের আইন।

(তফসীল)।

তারিখ————————১৮৯ সাল। নং————

কথিত অপরাধীর নাম।*	যে অপরাধের অভিযোগ হয়।	জবাব।	নিষ্পত্তি এবং অপরাধ নির্ণীত হইলে দণ্ডাজ্ঞা।	দৃঢ়কারী আফিসর যেরূপ কার্য্য করিলেন।
১	২	৩	৪	৫
রাম বক্স (বেণিয়া) ...	দেশবাসীর শরীর সম্বন্ধে অপরাধ।	দোষী ...	দোষী।—র জন্য কঠিন পরিশ্রম সহ কারাদণ্ড।	দৃঢ়ীকৃত হইল। আমি——রেয়াত করিলাম। ঙ—— চ——
২৬২, সিপাহী বুন্দ সিংহ, ১৬৭ রেজিমেণ্ট।	লুটের তল্লাসে বলপূর্ব্বক গৃহে প্রবেশ করা।	নির্দ্দোষী	দোষী। দুই মাসের জন্য কঠিন পরিশ্রম সহ কারাদণ্ড।	দৃঢ়ীকৃত হইল না। ঙ———চ———
৫৬৪, সওয়ার হোসেন খাঁ, ১৬ রেজিমেণ্ট।	হুদ্দায় মাতাল হওয়া।	নির্দ্দোষী	দোষী। মৃত্যুদণ্ড। দয়ার জন্য সুপারিশ করা হইল।†	মুলতবি রাখা হইল বা দৃঢ়ীকৃত হইল কিন্তু দণ্ড বদল করিয়া————র জন্য কঠিন পরিশ্রম সহ কারাদণ্ড করা হইল। ঙ—— চ—— দৃঢ়ীকৃত হইল কিন্তু দণ্ড বদল করিয়া——বৎসরের জন্য দ্বীপান্তর বাসের দণ্ড করা হইল। ঞ—— ট——
সেনাদলের সমভিব্যহারে গামী ব্যক্তি (নাম জানা নাই), শাদা কোর্ত্তা ও ইজের, ডাইন গালে ক্ষতচিহ্ন।	প্রবোষ্ট-মার্শালকে বাধা দেওয়া।	নির্দ্দোষী	নির্দ্দোষী ...	
৬৭ রেজিমেণ্টের ইউনিফরম পরিহিত সিপাহী (নাম জানা নাই)।	দেশবাসীর সম্পত্তি সম্বন্ধে অপরাধ।	নির্দ্দোষী	দোষী।—র জন্য কঠিন পরিশ্রম সহ কারাদণ্ড।	মুলতবী রাখা হইল। ঙ———চ——— দৃঢ়ীকৃত হইল। ছ———জ———
ত। থ। আহ্বানকারী আফিসর ...		গ। ঘ। অধ্যক্ষ ...		

* অভিযুক্ত ব্যক্তির নাম জানা না থাকিলে তাঁহাকে অজ্ঞাত বলিয়া বর্ণনা করিয়া যাহাতে তাঁহাকে চেনা যায় এরূপ কথা যোগ করিতে পারা যাইবে।

† দয়ার জন্য সুপারিশ এই ঘরে সন্নিবেশিত করিতে হইবে।

জে, এম্, ম্যাক্‌ফার্সন্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৯৪ সাল ১৮ ডিসেম্বর।

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র।

বঙ্গদেশের অন্তর্গত ফোর্ট উইলিয়মস্থ হাই কোর্টের আদেশমতে প্রচারিত।

দেওয়ানী।

৬ নং বিধি। তারিখ ২৭এ সেপ্টেম্বর ১৮৯৪ সাল।

(দেওয়ানী) সাধারণ বিধি ও সরকুলর অর্ডরের ৩৭ পৃষ্ঠায় ১ অধ্যায়ের ২৭ বিধির (গ) দফার পর নিম্নলিখিত বিধিটী সন্নিবেশিত করিতে হইবে:—

২৭ ক। [দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩১৬ ধারা।—নীলামের সার্টি-ফিকেট—১৮৯৪ সালের ২৭এ সেপ্টেম্বর তারিখের ৬ নং বিধি।]—কোন নীলাম চূড়ান্ত করা হইলেই মোকদ্দমার নথি জিলার মহাফেজখানায় পাঠাইবার পূর্ব্বে নির্দ্দিষ্ট ছাপা কারমে নীলামের সার্টিফিকেটের একখানি খসড়া প্রস্তুত করিতে হইবে। ঐরূপ সকল খসড়া সুবিধাজনক আকারের বাণ্ডিলভুক্ত হইয়া সেরেস্তাদারের হেফাজতে আদালতের আফিসে থাকিবে। সার্টিফিকেটের জন্য দরখাস্ত করা গেলে এবং দরখাস্ত গ্রাহ্য করা হইলে মূল সার্টিফিকেট খসড়া হইতে প্রস্তুত করিতে হইবে এবং তদনন্তর ঐ খসড়া যে মোকদ্দমার নথির অন্তর্গত সেই মোকদ্দমার নথির সহিত ফাইল করিয়া রাখা যাইবে। নিয়মিত কালানন্তর নথি প্রেরণ বিষয়ক হাই কোর্টের বিধি অনুসারে নথি জিলার মহাফেজখানায় প্রেরিত হইয়া থাকিলে মূল সার্টিফিকেট প্রস্তুত হইবার পর খসড়াটীও ঐ নথির সহিত ফাইল করিয়া রাখিবার জন্য মহাফেজখানায় পাঠাইতে হইবে। খসড়া সার্টিফিকেটের সহিত যে নীলামের সম্বন্ধ থাকে যে সকল মোকদ্দমায় সেই নীলাম মঞ্জুর হইবার তারিখ হইতে ছয় বৎসরের মধ্যে সার্টিফিকেটের জন্য দরখাস্ত করা না যায় সেই সকল মোকদ্দমা সম্পর্কীয় খসড়া সার্টিফিকেট উক্ত কাল অতীত হইবার পর নষ্ট করিয়া ফেলিতে পারা যাইবে। ৬ বৎসর কাল অতীত হইবার ও খসড়া নষ্ট করিয়া ফেলিবার পর সার্টিফিকেটের জন্য দরখাস্ত করা গেলে সার্টিফিকেট প্রস্তুত করিবার জন্য জিলার মহাফেজ খানা হইতে মোকদ্দমার মূল নথি তলব করিতে হইবে। সার্টিফিকেট পাইবার কোন দরখাস্ত সম্বন্ধে কোন সন্দেহ বা গোলযোগ উপস্থিত হইলেও এই শেষোক্ত কার্য্য প্রণালী অনুসৃত হইবে।

১৮৯৪ সালের ১৯ সেপ্টেম্বর তারিখের কলিকাতা গেজেটের ১ খণ্ডের ৯৯৭ পৃষ্ঠায় এবং ঐ মাসের ২২ তারিখের আসাম গেজেটের ৩ খণ্ডের ৯১৭ পৃষ্ঠায় প্রকাশিত।

দেওয়ানী।

৭ নং বিধি। তারিখ ২৭এ অক্টোবর ১৮৯৪ সাল।

১। (দেওয়ানী) সাধারণ বিধি ও সরকুলর অর্ডরের ৩৭৯ পৃষ্ঠায় ৭ অধ্যায়ের ১ বিধির (৫) উপবিধির ৩য় দফার পর নিম্নলিখিত দফাটী সন্নিবেশিত করিতে হইবে:—

৪র্থ।—হাই কোর্টের আপীল বিভাগের মোক্তার বলিয়া এক্ষণে যাঁহার নাম লেখা আছে এবং যিনি ঐ বিভাগে মোক্তারী করিতেছেন এমন কোন ব্যক্তি হাই কোর্টের অধীনস্থ দেওয়ানী আদালত সমূহে মোক্তারী করিতে পারিবেন অর্থাৎ মোক্তারস্বরূপ কার্য্য করিতে পারিবেন, কিন্তু ফৌজদারী আদালত সমূহে মোক্তারী করিতে পারিবেন না। এবং পরে ৩৯১ পৃষ্ঠায় ৫ ক বিধিতে যেং কার্য্য, ক্ষমতা ও কর্ত্তব্যকর্ম্ম উল্লিখিত হইয়াছে ঐরূপ দেওয়ানী আদালতেও তাঁহার কেবল সেইং কার্য্য, ক্ষমতা ও কর্ত্তব্যকর্ম্ম নির্দ্দিষ্ট থাকিবে।

২। উক্ত পুস্তকের ৩৯১ পৃষ্ঠায় ৫ বিধির পর নিম্নলিখিত বিধিটী সন্নিবেশিত করিতে হইবে:—

৫ ক। [হাই কোর্টের যে সকল মোক্তার হাই কোর্টের অধীনস্থ দেওয়ানী আদালত সমূহে মোক্তারি করেন তাঁহাদের কার্য্য প্রভৃতি সম্বন্ধে বিধি, ১৮৭৯ সালের ১৮ আইনের ১১ ধারা,—১৮৯৪ সালের অক্টোবর মাসের ৭ নং বিধি।]

(১) হাই কোর্টের যে সকল মোক্তার হাই কোর্টের অধীনস্থ দেওয়ানী আদালত সমূহে মোক্তারি করেন স্বীয় স্বীয় মক্কেলদের উপদেশের অধীনে তাঁহাদের নিম্নলিখিত কার্য্য, ক্ষমতা ও কর্ত্তব্যকর্ম্ম নির্দ্দিষ্ট হইল:—

তাঁহার মক্কেলের সহিত খবরাখবর রাখা।

মক্কেলের মোকদ্দমার বিচার চলিবার সময় আডবোকেট, উকীল, প্লীডর বা আটর্নিদিগকে পরামর্শ দেওয়া।

যে সকল প্রার্থনা আদালতের কোন কর্ম্মচারির নিকট করিতে পারা যায় কিন্তু আদালতের নিকট করিতে পারা যায় না সেই সকল প্রার্থনা করা। কিন্তু তিনি রিকার্ড দেখিবার প্রার্থনা করিতে পারিবেন না।

আদালতে টাকা দেওয়া বা আমানত করা এবং মোক্তারনামাক্রমে বিশেষরূপে ক্ষমতা প্রাপ্ত হইলে আদালতের বাহিরে যে টাকা দেওয়া হয় তাহা গ্রহণ করা ও তজ্জন্য রসীদ দেওয়া।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৫৪৯ ধারানুসারে আদেশ করা গেলে জামিনের টাকা আমানত করা।

